ইতি ভাব: ॥৬৭॥ ব্যবহাবদ্বস্থ সূত্য: পূর্ব্বোক্তমের পবিহাবসাহ—তত্মাদিতি। দোবেণ যুক্তা-বিতি শেব:। গস্তব্যা জ্ঞাতব্যো। বো হি বাগাদিমান হস্তি স পাপেন লিপাতে তং প্রতি শাস্ত্রং প্রবর্জতে যম্ব ন তথা নাসে) দোব ভাগ ভবতি। বথোকং ভগবতা—"যক্ত নাংস্কৃতো ভাবো বৃদ্ধিতান লিপাতে। হম্বাপি স ইমাল্লোকার হস্তি ন নিবধাত" ইতি ॥৬৮॥ প্রাণিকর্মান্তরোধাৎ সদস্বা কলং দদদীশবক্তংগ্রম্কা অক্তে বা ন বৈষ্মাদিভাজো ভবন্তীত্যাহ—অথেতাদিনা। ধর্মপ্রার্থকলং তত্ত বিষয়ে সর্বন্ত কর্ত্ত্যং প্রবশ্বাদধর্মবন্ধর্মোইণি কিং ফলং দদাতি ন বেতি সংশব্ধ চেছত্তব্যে অব্রবীৎ কালঃ ॥৬০॥ স্পিনাদেয় ধর্মাণর্মকলং ভবতি ন স্কৃত্বিনামন্ত্রাক

অত এব ব্যাধ। আমরা ছইজনই কালের অধীন এবং কালনিদ্দিষ্ট কার্য্যাই করিয়া থাকি। স্থতরাং তুমি কথনত জামাদিগকে দোষী বলিয়া মনে করিতে পার না'॥৬৮॥

ভীম বলিলেন—'ভাগাব পব কাল সেই আধ্যমন্দেচস্থলে উপস্থিত হইয়া, স্প্, মৃত্যু ও ব্যাধ অৰ্জুনকে বলিলেন—॥৬৯॥

'কাল বলিলেন—ব্যাধ। অ।মি বা এই মৃত্যু কিংবা এই সপ' আমর। এই প্রাণীর মৃত্যুবিষয়ে অপরাধী নহি এবং আমরা প্রযোজকও নচি ॥৭০॥ যদনেন কৃতং কর্মা তেনায়ং নিধনং গতঃ।
বিনাশহেতুঃ কর্মাস্থ সর্বের কর্মাবশা বয়য়ৄ॥৭২॥
কর্মানায়াদবাল্লোকঃ কর্মাসমন্ধলক্ষণঃ।
কর্মানি চোদয়ন্তীহ যথান্থোহস্থাং তথা বয়য়ৄ॥৭৩॥
যথা মূৎপিণ্ডতঃ কর্ত্তা কুরুতে যদ্যদিচছতি।
এবমাত্মকতং কর্মা মানবঃ প্রতিপত্ততে ॥৭৪॥
যথা ছোয়াতপো নিত্যং সুসংবদ্ধে নিরন্তরম্।
তথা কর্মা চ কর্ত্তা চ সম্বদ্ধাবাত্মকর্মভিঃ ॥৭৫॥

ভারতকোসুদী

উক্তমেবার্থং দাট্যার্থং পুনবাহ যদিতি। অয়ং বালকঃ ॥৭२॥

কর্মেতি। লোক: সর্বেধা জন:, কর্মেব দায়াদ: পুজাদিবস্থান্তীতি স: পুজাদিবৎ কর্ম লোকমছ-সরতীতার্থ:; কর্মেব সম্বন্ধ স্থাত্যথবোগস্ত লক্ষণ: নিষামক: যক্ত স:। ইহ জগতি কর্মাণি অক্টোইজং নাশ্যনাশকাদিকং যথা চোদয়ন্তি প্রেব্যন্তি, বয়ম্পি তথা কর্মণেব চোদিতা ইতি শেব: ॥৭৩॥

ষণেতি। বদ্ধং ঘটশরাবাদিকন্। মানবঃ আত্মক্কভং কর্ম্ম এবং সর্ম্ককারকত্বন প্রতিপছতে প্রাপ্নোতি ॥ १৪॥

যথেতি। ছায়া অন্ধকার: আতপঃ প্রকাশন্ত তৌ, যণা নিভ্যং নিবস্তরমব্যবধানঞ্চ স্থসংবদ্ধৌ বুক্ষাদিতলে অতীব মিলিভৌ, তথা কর্মা চ কর্ত্তা চ আত্মকর্মডিঃ সন্নিধানৈঃ সহদ্ধৌ ॥৭৫॥

ভারতভাবদীপ:

মিত্যাশগ্ৰবানাহ—ন হীতি ॥१०—१२॥ কথ্যিব দায়াদঃ পুত্ৰবস্তাবকং তথান্, কৰ্মসম্বনঃ কৰ্মমল-

অর্জুনক। এই বালক যে কর্ম করিয়াছিল, সেই কর্মই আমানিগকে প্রেরণ করিয়াছে। স্কুতবাং সেই কর্মই ইহার বিনাশেব কাবণ; কিন্তু অন্ত নহে। অতএব আপন কর্মই ইহাকে বধ করিয়াছে ॥৭১॥

এই বালক যে কর্ম্ম করিয়াছিল, সেই কর্ম্মের প্রভাবেই এ নিধন প্রাপ্ত হইয়াছে। স্কুতরাং কর্ম্মই ইহার বিনাশের কারণ। এইনপ আমরা সকলেই কর্ম্মের অধীন ॥৭২।

কর্মই প্রাণিগণের পুত্রপৌত্রাদিস্থানীয়, অর্থাৎ কর্ম, পুত্র-পৌত্রাদির স্থায় সকলের অনুসরণ কবে; কর্মেব ফলেই লোকেব স্থুখ ও ছঃখ হয় এবং এই জগতে কর্মিই যেমন, পরস্পারকে প্রেরণ কবে, তেমন কর্মাই আমাদিগকে প্রেবণ কবিয়াছে ॥৭৩॥

কর্ত্তা যেমন এক মৃৎপিও হইতে যাহা যাহা ইচ্ছা কবে, তাহা তাহাই করে তেমন মানুষ নিজকৃত কর্মকে সর্নকারকত্বপে প্রাপ্ত হয় ॥৭৪॥ এবং নাহং ন বৈ মৃত্যুর্ন দর্পো ন তথা ভবান্। ন চেয়ং ব্রাহ্মণী বৃদ্ধা শিশুরেবাত্র কারণম্॥৭৬॥ তস্মিংস্তথা ব্রুবাণেতু ব্রাহ্মণী গোতমী নৃপ।। স্বকর্ম-প্রত্যয়াল্লোকামত্বার্চ্জ্নকমত্রবীৎ॥৭৭॥

গোত্যুবাচ।

নৈব কালো ন ভুজগো ন মৃত্যুরিহ কারণম্।
স্বকর্মভিরয়ং বালঃ কালেন নিধনং গতঃ ॥৭৮॥
ময়া চ তৎ কৃতং কর্ম যেনায়ং মে মৃতঃ ভুতঃ।
যাতু কালন্তথা মৃত্যুমুঞ্চার্জ্জনক। পদ্মগম্॥৭৯॥

ভীশ্ব উবাচ।

ততো যথাগতং জগ্মু মূ ত্যুঃ কালোহথ পদ্ধগঃ। অভূদিশোকোহজু নকো বিশোকা চৈব গৌতমী॥৮০॥

ভারতকোমূদী

এবনিতি। ভবান্ সুরক:, ইয়া আন্ধানী গোডনী চেত্যস্তধানিদ্ধানোকজিকদাসীনমাত্র-নিষেধার্থা। অত্য মৃত্যো অয়ং শিশুবেব স্বকর্মদাবা কারণম্॥१৬॥

তিমিমিতি। স্কর্মপ্রত্যয়ান্ নিজক্তকর্মাধীনান্ "প্রত্যয়োহধীনশ্পথজ্ঞানবিখাসহেত্যু" ইতামর: ॥৭ গা

নেতি। ইহ বিনাশে। কালেন বাল্যবয়সা॥१৮॥

মরেভি। তৎ পাপাত্মকগ্॥৭১॥

ভারতভাবদীপঃ

रमानः ज्ञान नक्यार भूनाभागवखाळाभकः यञ्च छला ॥१७—१७॥ कर्टमान व्यक्तामः कान्नार त्यसार

ছায়া ও আতপ বেমন সর্ববদা অব্যবধানে পরস্পার সম্বদ্ধ থাকে, তেমন কর্দ্ম ও কর্ত্তা সর্ববদা সন্নিধানে পরস্পার সম্বর্দ্ধ হইয়। চলে ॥৭৫॥

এই জন্ম এই বিনাশবিষয়ে আমি, মৃত্যু, সপ', তুমি এবং এই বুদ্ধা ব্রাহ্মণী ইহার কেহই কারণ নইে, কিন্তু এই শিশুই আপন কর্মদারা কারণ ॥৭৬॥

রাজা। কাল সেইবাগ বলিতে থাকিলে, প্রাণিগণ নিজকৃত কর্শ্বেরই অধীন ইহা মনে করিয়া, বাহ্মণী গোভমী ব্যাধ অর্জুনকে বলিলেন—॥৭৭॥

'গোঁতমী কহিলেন কাল, সর্গ ও মৃত্যু এই বিনাশের কারণ নহেন , কিন্তু এই বালক আপন কম দারাই বাল্য বয়সে নিধন প্রাপ্ত হইয়াছে ॥৭৮॥

আমিও সেইরপ কর্ম করিয়াছিলাম, বাহাতে আমার এই পুত্র মরিয়া গেল। অতএব অর্জুন। কালও মৃত্যু চলিযা যাউন, তুমিও সাপটীকে ছাড়িয়া দাও ॥৭৯॥ এতচ্ছু দ্বা শনং গচ্ছ মা ভূঃ শোকপরো নৃপ!।
স্বক্র্পপ্রত্যরাল্পৌকান্ সর্বে গচ্ছন্তি বৈ নৃপ!॥৮১॥
নৈব ত্বয়া কৃতং কর্মা নাপি ছুর্য্যোধনেন বৈ।
কালেনৈতৎ কৃতং বিদ্ধি নিহতা যেন পার্থিবাঃ॥৮২॥
বৈশম্পায়ন উবাচ।

ইত্যেতদ্বচনং শ্রুত্বা বভূব বিগতজ্বঃ। যুধিষ্ঠিরো সহাতেজাঃ পপ্রচেছদঞ্চ ধর্মবিৎ ॥৮৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাসমুশাসন্পর্কাণ দানধর্দ্যে গৌতমী-লুব্ধক-ব্যালয়ত্যুকাল-সংবাদে প্রথমোহধ্যায়ঃ. ||০|| *

ভারতকৌমূদী

তত ইতি। বথা আগতং তথৈব জগ্মু: ন তেষাং পাচিদ্বিত্বতিবভূৎ ইত্যর্থ: ॥৮॰॥
এতদিতি। শমন্ শান্তিম্। স্বৰ্গ্যপ্ৰত্যিনান্ লোকান্ স্থানিরকাদীন্॥৮১॥

নেতি। কর্ম বাৰগণমরণকারণীভূতম্ ॥৮২॥

ইতীতি। বিগতো অরঃ শোক: সস্তাপো বস্ত সঃ। ইদং পরাধ্যারে বক্ষ্যমাণ্য ॥৮০॥ ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্ব্য-শ্রীহরিদাসনিকান্ধবাগীশভট্টাচার্য্যবিবচিতারাং মহাভারতনীকারাং ভারতকোম্দীসমাধ্যায়ামমূশাসনপর্ববি দানধর্মে প্রথমোহধ্যারঃ॥•॥

ভারতভাবদীপঃ

ভান্ লোকান্ স্বৰ্গনির্ ৷ ৷ ৷ ৷ ৷ ৷ ভং কর্ম পুত্রোকপ্রাদ্ ৷৷ ৷ ৷ ৷ ভাৰ্যা দিক৷
ক্রমাহ বাস্তান্—এভদিভি ৷ ৮১—৮০৷

ইতি শ্রীনহাভারতে অহশাসনপর্বাণ দানধর্মে নৈলক্তীয়ে ভারতভাবদীপে প্রথমোহধায়:।।১।।

ভীম বলিলেন—'তাহার পর কাল, মৃত্যু ও সপ বেমন আসিরাছিলেন, তেমনই চলিয়া গেলেন, আর ব্যাধ এবং গৌডমীও শোকশৃত্য হইলেন ॥৮০॥

রাজা। ইহা শুনিয়া শান্তি লাভ কর, শোকার্ত হইও না। কারণ, নবনাথ। সকলেই আপন আপন কম্মীরুসারে স্বর্গ ও নরকাদি ভোগ করিয়া থাকে ॥৮১॥

যে কম'দারা রাজগণ নিহত হইয়াছেন, তাহা তুমিও কর নাই; তুর্য্যোধনও করে নাই; কিন্তু কালই তাহা করিয়াছে, ইহা অবগত হও ॥৮২॥

বৈশস্পায়ন বলিলেন—'মহাতেজা ও ধন্ম জ্ঞ যুধিষ্ঠির এই সকল কথা শুনিয়া সম্ভাপশৃত্য হইলেন এবং পুনরায এই প্রশ্ন করিলেন ॥৮৩॥

দ্বিতীয়োহধ্যায়ঃ

—ઃઃ—

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ ! সর্বাশান্ত্রবিশারদ ! ।
শ্রুতং মে মহদাখ্যানমিনং মতিমতাং বর ! ॥>॥
ভূয়স্ত শ্রোত্মিচ্ছামি ধর্মার্থসহিতং নূপ ! ।
কথ্যমানং ছয়া কিঞ্চিত্রমে ব্যাখ্যাতুমহ সি ॥২॥
কেন মৃত্যুগ্ হস্থেন ধর্মমাশ্রিত্য নির্ভিত্তঃ ।
ইত্যেতৎ সর্বমাচক্ষ্ব তত্ত্বেনাপি চ পার্থিব ! ॥৩॥

ভীন্ম উধাচ।

অত্তাপুগোহরন্তীমমিতিহাসং পুরাতনম্। যথা মৃত্যুগু'হস্থেন ধর্মমান্ত্রিত্য নির্ছিতঃ 18॥

ভারতকৌমূদী

পিতেতি। মে ময়া। হে মতিমতাং বব বৃদ্ধিমতাং প্রধান। ॥১॥

ভূম ইতি। হে নৃপ নৃপবৎ ক্তিমপ্রধান। ভীম্মত বাদ্যাভাবাৎ ॥২॥

কেনেভি। ভত্তেন ধাপার্থোন, ১৯ পার্থিব ! ক্ষরিণশ্রেষ্ঠ । ॥৩॥

অত্তেতি। উদাহবস্তীতি ঐতিহ সিকা ঈভি শেষ: ॥৪॥

ভারতভাবদীশঃ

অনিবার্যপ্রাণি মৃত্যের্জিয়ম্র্বেকা: কবেণিত গৃহস্থতি থিডজৈব তং অন্ধতীত্যাতিধা প্রশংসার্থে।হর্মধ্যায়: গিতামকেত্যাদি: ॥১॥ ধর্মেনৈবার্ম: প্রয়োজনং যত্ত তাদৃশর। কথা সহিতং কিঞ্চিদাখ্যানং শ্রোত্মিছানীতার্থ: ॥২॥ তত্তেন বাধাতথ্যেন নম্বাত্ত্বেশ্বনাদিবদম্ভার্থ-

যুধিষ্ঠির বলিলেন—'বুদ্ধিনৎ প্রধান, মহাপ্রাজ্ঞ সর্ববশাস্ত্রাবশারদ পিতামহ।
আমি এই উত্তম উপাধ্যান শ্রবণ করিলাম ॥১॥

ক্ষত্তিয়শ্রেষ্ঠ ! আমি পুনরায় আপনার নিকট শর্মার্থযুক্ত কোন বিষয় ওনিতে ইচ্ছা করি। অভএব তাহা আপনি আমার নিকট বিশেষভাবে বলুন ॥২॥

ক্ষত্রিয় প্রধান ! কোন্ গৃহস্থ, ধর্ম তাবলম্বন করিয়া মৃত্যুকে জয় করিয়া-ছিলেন ; এই সকল কথাই আপনি বথায়থভাবে বলুন ॥৩॥ মনোঃ প্রজাপতে রাজনিক্ষ্বাক্রভা স্থতঃ।
তক্ম পুরশতং জজে নৃপতে। সূর্য্যবর্চসঃ॥।।
দশমস্তক্ষ পুরস্ত দশাখো নাম ভারত।।
মাহিম্মত্যামভূদ্রাজা ধর্মাত্মা সত্যবিক্রমঃ॥।।
দশাখক্ষ সূতস্থাসীদ্রাজা পরমধান্মিকঃ।
সত্যে তপদি দানে চ যক্ষ নিত্যং রতং মনঃ॥।
মাদিরাশ্ব ইতি থ্যাতঃ পৃথিব্যাং পৃথিবীপতিঃ।
থকুর্বেদে চ বেদে চ নিরতো যোহভবৎ সদা ॥।।
মাদিরাশ্বক্ষ পুরস্ত তুতিমান্নাম পার্থিবঃ।
মহাভাগো মহাতেজা মহাসন্থো মহাবলঃ॥।।
পুরো তুতিসতস্থাসীদ্রাজা পরমধান্মিকঃ।
সর্বলোকেষ্ বিখ্যাতঃ স্থধীরো নাম নামতঃ।
ধন্মাত্মা কোষবাংশ্চাপি দেবরাজ ইবাপরঃ॥১॥।

ভারতকোমূদী

দনোরিতি। ক্থাতের বর্জন্তেরো বস্ত তক্ত ॥ ।।

দশম ইতি। মাহিমতাাং মাহিমতীনামিকায়াং নগর্থায় ॥ ৬॥

দশেতি। রত্য আসক্তমাসীং ॥ १॥

মদিরাশ্ব ইতি। নিবতো ব্যাপ্তঃ ৮॥

মদিরেতি। মহৎ সম্ভযধ্যবসায়ো যক্ত সঃ ৮৯॥

ভীন্ম বলিলেন—'গৃহস্ত, ধর্ম অবলম্বন করিয়া, যে, মৃত্যুকে জয় করিয়াছিলেন, সেই প্রাচীন বুত্তান্ত ইতিহাসজ্ঞেরা এই স্থানেও উল্লেখ করিয়া থাকেন ॥৪॥

রাজা। প্রজাপতি সমুর ইক্ষ্বাকুনাসে এক পুত্র হইয়াছিল এবং সুর্যোর স্থায় তেজস্বী সেই ইক্ষ্বাকু বাজার এক শত পুত্র জন্মিয়াছিল ॥৫॥

ভরতনন্দন। সেই ইক্ষুকুর দশম পুত্রের নাম ছিল—'দশাশ্ব'। ধর্মাত্মা ও যথার্থ বিক্রমশালী, সেই দশাশ্ব মাহিম্মতী নগরীতে থাকিয়া রাজ্ব করিতেন ॥৬॥

দশাখেব পুত্র পরম ধার্মিক বাজা হইয়াছিলেন। যাঁহার মন সর্ব্বদাই সভ্য, তপস্থা ও দানে নিরত থাকিত ॥৭॥

তিনি পৃথিবীতে মদিরাখ- !মে বিখ্যাত ছিলেন ; যে রাজা সর্বদাই ধুমুর্বেদে ও বেদে নিরত থাকিতেন মদ্য

মদিরাখেব পুত্র ছাতিমান্; তিনি মহাভাগ্যশালী, মহাডেজা, মহোগ্রমী ও মহাবল রাজা ছিলেন ॥১॥ সুবীরস্থ তু প্রোহভূৎ দর্বদংগ্রামন্তর্জয়ঃ।
সুর্জুজয় ইতি থ্যাত দর্বশাস্তভূতাং বরঃ॥১১॥
নুর্জ্জয়ম্বেজ্রবপুষঃ পুরোহিয়দদশন্ত্যতিঃ।
নুর্যোধনো নাম মহান রাজা রাজর্ষিসভ্তমঃ॥১২॥
তত্তেজ্বসমবীয়্যন্ত সংগ্রামেম্বনিবর্তিনঃ।
বিষয়ে বাসবস্তস্ত সম্যুগেব প্রবর্ষতি॥৯৩॥
রক্তের্ধ নৈশ্চ পশুভিঃ শন্তৈশ্শতাপি পৃথিয়িধৈঃ।
নগরং বিষয়শ্চাম্য প্রতিপূর্ণস্তদাভবৎ॥১৪॥
ন তন্ত্য বিষয়ে চাভূৎ কুপাণে। নাপি দুর্গতঃ।
ব্যাধিতো বা কুশো বাপি তিস্ময়াভূয়য়ঃ কচিৎ॥১৫॥
সুদক্ষিণো মধুরবাগনসূমুর্জিতেজ্রিয়ঃ।
ধর্মাজ্যা চানৃশংসশ্চ বিক্রান্তোহ্বাবিকত্থনঃ॥১৬॥

ভারতকৌমুদী

পুঁঅ ইতি। নাম প্রশিদ্ধা, নামভো নামা। কোষবান্ ধনাধাববান্। বট্পাদা প্রোক্ষ ॥১০॥
অবীরভেতি। সর্বেধ্বে সংগ্রামেষু ত্র্জন্ম ইতি সং ॥১১॥
ত্র্জেন্সভি। ইক্সভেব বপু: সকলং শ্রীরং বস্ত তক্ত ॥ ১॥
ত্র্জেভি। বিষয়ে রাজ্যে, বাসব ইক্সং ॥১০॥
রাষ্ট্রেবিভি। পৃথিবিধনানাপ্রকাটির:। বিষয়ে বাজ্যে ॥১৪॥
নেভি। কুপণোব্যমকুঠঃ তুর্গভো দীনঃ ॥১৫॥

দেই ছ্যাভিসানের পুত্র ছিলেন স্থীর, ভিনি পরম ধার্শ্মিক সর্বলোকবিখ্যাভ এবং দিতীয় দেবরাজের স্থায় ধনবান্ হইয়াছিলেন ॥১০॥

স্থীরের তৃর্জ্যুনামে একটা পুত্র হইয়াছিল, সেই পুত্র কালক্রমে সকল অস্ত্র-ধারীর মধ্যে শ্রেষ্ঠ এবং সকল যুদ্ধেই তৃর্জ্জয় হইযাছিলেন ॥১১॥

ইন্দ্রের স্থায় সবলদেহ তুর্জ্জয়ের একটা পুত্র উৎপন্ন হইয়াছিল , তাঁহাব নাম ছিল তুর্যোধন ; তিনি অগ্নির স্থায় তেজস্বী, রাজর্বিশ্রেষ্ঠ ও মহারাজ হইয়াছিলেন ॥১২॥

ইন্দ্রের ক্যায় বলবান্ ও যুদ্ধে অপলায়ী সেই ছর্মোধনের বাজ্যে,ইন্দ্র যথানিয়মে বর্ষণ করিতেন ॥১৩॥

তৎকালে ত্র্যোধনের নগর ও রাক্ষ্য নানাবিধ ধন, রত্ন, পশু ও শস্তে পরিপূর্ণ থাকিত ॥১৪॥

তাঁহার রাজ্যে কখনকোন মামুষ কুপণ, দবিজ, রোগী কিংবা কুশ ছিল না ॥১৫॥

যজ্জা চ দান্তো মেধাবী জ্ঞাণ্যঃ সভ্যসঙ্গরঃ।
ন চাব্যস্তা দাতাচ বেদবেদাঙ্গপারগঃ ॥১৭॥ (যুগ্যক্ষ্)
তং নর্মদা দেবনদী পুণ্যা শীতজলা শিবা।
চক্ষে পুরুষব্যান্তং স্বেন ভাবেন ভারত ! ॥১৮॥
তত্যাং জজ্জে তদা নতাং কত্যা রাজীবলোচনা।
নামা স্থাননা রাজন্ । রূপেণ চ স্থাননা ॥১৯॥
ভাদৃগ্রপা ন নারীষ্ ভূতপূর্বা যুধিন্তির !।
ছুর্য্যোধনস্থতা যাদৃগভব্দর্বার্ণনী ॥২০॥
ভামগ্রিশ্চক্রে সাক্ষাদ্রাজক্ত্যাং স্থাদানাম্।
ভূদ্বা চ ব্রাহ্মণো রাজন্ । বর্য়ামান তং নৃপম্ ॥২১॥

ভারতকোমূদী

খিতি। স্থানিকণ: জতীবোদার:। জবিকখন: জনাজ্যপ্লাদাকারী। ফ্লা যাগকর্তা, দান্ত: ইস্কিন্দ্রননীল:, ব্রহ্মণ্য: বেদহিতকব:, সভ্যসন্তর: সভ্যপ্রতিজ্ঞ:; ন চাব্যস্তা কণ্ডাণি নাবজ্ঞা-কারী ভদীয়বাজ্যে নর জাসীদিতি শেব: ॥১৬—১৭॥

ভমিতি। শিবা মগলকাবী। চকমে বমণায়াভিললাৰ, ভাবেন অন্তরাগেন ॥১৮॥ ভভামিতি। বাজীবলোচনা পদ্মনয়না॥১৯॥ ভালৃগিতি। বরবানী উত্তমা ॥২০॥ ভামিতি। বরবামান প্রার্থয়ামান ॥২১॥

আর সেই দেশের সকল মানুষই অত্যস্ত উদাব, মধুরভাষী, অসুয়াশৃক্ত, জিতে-ব্রিয়, ধার্মিক, দ্য়ালু, বিক্রমী, অনাজ্মাঘাঝারী, যাগকর্তা, বহিরিক্রিক্রজয়ী, মেধাবী, বেদহিতৈষী, সত্যপ্রতিজ্ঞ, লোকের গৌরবকারী, দাতা এবং বেদবেদাল-পারদর্শী ছিল ॥১৬—১৭॥

ভরতনন্দন ৷ পবিত্রা, শীতলজলা ও গুভকারিণী দেবনদী নম্ম দা নিজের অমু-রাগেই সেই পুকষশ্রেষ্ঠ তুর্যোধনকে একদা কামনা করিয়াছিল ॥১৮॥

রাজ।। তখন সেই নম্ম দার গর্ভে ত্র্যোধনের একটা পল্পনয়না কন্সা জলিয়া-ছিল; সেই কক্সাটী নামেও ছিল স্মুদর্শনা বাপেও ছিল স্মুদর্শনা ॥১৯॥

যুধিষ্ঠির। সেই ছর্যোধনকন্তা যেকপ উত্তমাঙ্গনা হইয়াছিল; নারীজাতিব মধ্যে, সেকপ উত্তমাঙ্গনা আর পূর্বের হয় নাই ॥২০॥

⁽২১) ইভ: পরং বহব এব শ্লোকা দাক্ষিণাত্যপুত্তকৈ অধিকা দৃশ্রস্তে। নাদিৎসত স্থতাং ভব্দৈ—গি।

দরিদ্রেশ্চাসবর্ণশ্চ স্নায়সিতি পার্থিবঃ
ন দিৎসতি স্থতাং তিস্মে তাং বিপ্রায় স্থদর্শনাম্ ॥২২॥
ততোহস্থ বিততে যজ্ঞে নফোহভূদ্ধব্যবাহনঃ।
ততঃ স্পত্নংখিতো রাজা বাক্যসাহ দ্বিজাংস্তদা ॥২৩॥
প্রস্কুতং সম কিং মু স্থান্তবতাং বা দ্বিজর্মতাঃ।
যেন নাশং জগামাগ্রিঃ কুতঃ কুপুরুষেষিব ॥২৪॥
ন অল্লং প্রস্কুতং নোহস্তি সেনাগ্রিনাশমাগতঃ।
ভবতাং চাথবা মহাং তত্ত্বৈতদ্ বিষ্ণুতাম্ ॥২৫॥
তত্র রাজ্যো বচঃ প্রান্থা বিপ্রাস্তে ভরতর্মভ !।
নিয়তা বাগ্যতাশৈচব পাবকং শরণং যয়ুঃ॥২৩॥

ভারতকোমুবী

দরিজ ইতি। অন্ধ বিঞাং মন অসবর্ণ ইতি ন দিংসতি দাতৃং নেচ্ছতি স।২২॥
তত ইতি। বিততে আব্দে, নটো নির্বাণ্ডেনাদৃশুঃ॥২৩॥
ত্ত্তুত্তি। কৃত্যুপকৃত্যু॥২৭॥
নহীতি। না অস্থাক্ষ্য স্থাং গ্যা। বিষ্কৃত্তাং অনুস্কীয়তাম্।২৫॥
তল্তে । নিম্ভাং সংঘ্ডাং। শ্বণং বৃষ্ণ দুয়া॥২৬॥

ভাবতভাবদীপঃ

বেন।৩—১৪॥ হুর্গডো দরিত্র: ॥১৫—২০॥ চকনে ক।মরামাস।২১॥ অসবর্ণোহকজির:, ন রাজা। অগ্নিদেব সেই বাজকতা। সুদর্শনাকে কামনা কবিলেন এবং তিনি ব্রাহ্মণ ২টায়া, রাজার নিকট প্রার্থনা জানাইলেন॥২১॥

এই ব্রাহ্মণ দরিজ এবং আমার অসবর্ণ ইং। মনে করিয়া বাজা, সেই ব্রাহ্মণের হজ্ঞে কন্তা অুদর্শনাকে দান করিবার ইচ্ছ। করিলেন না ॥২২॥

ভদনন্তর রাজার যজ্ঞ আরম্ভ করিলে, অগ্নি অদৃশ্য হটয়। গেলেন। ভাহাতে রাজা অভ্যস্ত হুঃখিত হইয়া, ব্রাহ্মণগণকে এই কথা বলিলেন—॥২৩॥

বাহ্মণশ্রেষ্ঠগণ ! আমার বা আপনাদের কি ক্রটি হইল , যাহাতে চ্র্জ্জনের উপকার করার স্থায় অগ্নি বিনষ্ট হইলেন ॥২৪॥

আমার ভ অল্পও ত্রুটি হয় নাই যে, অগ্নি নির্বান্ হইলেন। সে যাহা হউক, আপনারা যথাযথভাবে আপনাদের বা আমার ত্রুটির বিষয় অনুসন্ধান ককন ॥২৫॥

ভরতভ্রেষ্ঠ ৷ তখন বাজার বাক্য শুনিয়া সেই ব্রাহ্মণেবা, সংয্ত ও মৌনী ইটয়া অগ্নির শ্রণপির ইইলেন ॥২৬॥ তান্ দর্শয়ায়াস তদা ভগবান্ হব্যবাহনঃ।

য়ররপং দীপ্তিমৎ কৃত্বা শরদর্কসমত্যতি ॥২৭॥

ততে! মহাত্মা তানাহ দহনো ব্রাহ্মণর্ষভান্।

বরয়ায়্যাত্মনোহর্থায় তুর্যোধনস্থতামিতি ॥২৮॥

ততত্তে কল্যমুখায় তব্মৈ রাজ্যে অবেদয়ন্।

ব্রাহ্মণা বিস্মিতাঃ সর্বে যত্তকং চিত্রভাত্মনা ॥২৯॥

ততঃ স রাজা তচ্ছুত্বা বচনং ব্রহ্মবাদিনাস্।

অবাপ্য পরমং হর্ষং তথেতি প্রাহ বুদ্ধিমান্ ॥০০॥

অবাপ্য পরমং হর্ষং তথেতি প্রাহ বুদ্ধিমান্ ॥০০॥

অবাত্ত চ তং শুল্কং ভগবন্তং বিভাবসুম্।

নিত্যং সামিধ্যমিহ তে চিত্রভানো। ভবেদিতি ॥০১॥

ভারতকৌমূদী

তানিতি। শ্বদর্কস্থ স্থা ত্লা হাতির্বস্থ তং ।২৭॥
তত ইতি। দৃহনো বহিং। সর্থায় প্রয়োজনায় ।২৮॥
তত ইতি। কল্যং প্রাতঃ। চিত্রভান্তনা অগ্নিনা ॥২৯॥
তত ইতি। ব্লবাদিনা বাল্গানাম্। তথা অগ্নয়ে কন্যাং দাস্থামি॥৩০॥
অবাচতেতি। শুবং প্রতিদানম্। ইহ মাহিম্মতীপূর্যাম্॥৩১॥

ভারতভাবদীপঃ

দিৎসতি ন দাত্মিচ্চতি ॥২২॥ বিভতে ত্ৰেতাগ্নিসাধ্যে, নাষ্টাচদর্শনং গতঃ ॥২৩—২৮॥ কল্যং

তখন ভগবান্ অগ্নি নিজেব কাণ্টাকে শারৎকালের সুর্য্যের স্থায় তেজ্জী ও উজ্জ্বল কবিয়া, তাহা ব্রাহ্মণগণকে স্বপ্নে দেখাইলেন ॥২৭॥

তাহার পর মহাত্মা তাগ্নি সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে বলিলেন, আমি নিজের জন্তই রাজা তুর্যোধনের কল্যাটীকে প্রার্থনা কবি ॥২৮॥

তদনস্তর সেই ব্রাক্ষণেরা সকলে বিস্মিত হইয়া, প্রভাত কালে গাত্রোখান করিয়া যাইয়া, তারি যাহা বলিয়াছিলেন ভাহা বাজাকে জানাইলেন ॥২৯॥

তাহার পর সেই বৃদ্ধিমান্ বাজা, ব্রাহ্মণগণের সেই কথা শুনিয়া অত্যস্ত আনন্দ লাভ করিয়া বলিলেন—তাহাই হইবে ॥৩০॥

অগ্নিদেব। আমার এই মাহিমতীপুরীতে সর্ব্বদা আপনার সন্ধিধান হইবে; এইবপ প্রতিদান সেই ভগবান্ অগ্নিদেবেব নিকট বাজা প্রার্থনা কবিলেন ॥৩১॥

⁽২৭) স্থং রূপন্ —পি, শবদর্কসমন্থ্যতি:—পি বন্ধ।

তমাহ ভগবানগ্নিরেবমস্থিতি পার্থিবম্।
ততঃ সামিধ্যমতাপি মাহিম্মত্যাং বিভাবসোঃ।
দৃষ্টং ই সহদেবেন দিশং বিজয়তা তদা ॥৩২॥
ততন্তাং সমলস্কৃত্য কন্সামাহতবাসসম্।
দদৌ তুর্য্যোধনো রাজা পাবকায় মহাত্মনে।।
প্রতিজ্ঞাহ চাগ্নিস্ত রাজকন্তাং স্কর্দর্শনাম্।
বিধিনা বেদদৃষ্টেন বসোধারামিবাধ্বরে॥৩৪॥
তন্তা রূপেন শীলেন কুলেন বপুষা জ্রিয়া।
অভবং প্রীতিমানগ্রির্গর্ভে চান্সা মনো দধে॥৩৫॥
তন্তাং সমভবং পুরো নাম্নাগ্রেয়ঃ স্কর্দনিঃ।
স্কর্দর্শনস্ত রূপেণ পূর্ণেন্দুসদৃশোপমঃ।
শিশুরেবাধ্যগাৎ সর্ব্বং পরং ব্রহ্ম সনাতনম্॥৩৬॥

ভারতকোমুদী

ভিষিতি। বিভাবসোরধা:। তদা বাজস্মকালে। বট্ণাদ: শ্লোক:॥৫২॥
ভত ইতি। আহত: পাবিভাষিক: বানো বস্তা গুান্। তদাহ সার্তপ্ততা স্বৃতি: "ঈবদ্ধেতি:
নবং শুদ্রং সদশং বন্ধ ধাবিত্রন্। আহত: তবিজ্ঞানীয়াৎ সর্ব্ব কর্মস্থ পাবনন্" ॥৩৬॥
গুড়ীতি। বসোশ্চেদিরাঞ্চবসোক্ষেশে ধাবাং স্বত্যাবনিব ॥৩৪॥
ভক্তা ইতি। শীলেন স্বভাবেন। গর্ভে পর্ভোৎপাদনে ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রাতঃ ॥২৯—৩১॥ দিশং দিশণাং বিজয়তা বিজ্ঞাস্থিত। আহতং নবং বাসো বস্থা তথন ভগবান্ অগ্নিদেব, রাজা ত্র্যোধনকৈ বলিলেন যে, এইকপই ইইবে। সেই জন্তই অভাপি মাহিশ্বতীপুরীতে অগ্নির সনিধান বহিয়াছে। রাজস্মযুক্তের সময়ে দিশ্বিজয়কারী সহদেব তাহা দেখিয়াছেন ॥৩২॥

ভাহাব পর রাজা তুর্ব্যোধন, মহাত্মা অগ্নিদেবকে অলঙ্কৃতা ও নব্বস্ত্রপরিহিতা সেই কন্তাটী দান কবিলেন ॥৩৩॥

অগ্নিদেবও বেদবিধানে যজ্ঞে বস্থারার স্থায় সেই রাজকন্স। স্থার্শনাকে গ্রহণ করিলেন ॥৩৪॥

স্থদর্শনার রূপে, স্বভাবে, বংশে, শরীরে ও সৌন্দর্য্যে অগ্নিদেব সম্ভষ্ট হইলেন এবং তাহার গর্ভোৎপাদনে মনোনিবেশ করিলেন ॥৩৫॥

⁽७७) भाक्ष्ठराममभ्...रहे, भाक्ष्ठराममभ्...नि ।

অথোঘবানাম নৃপো নৃগস্থানীৎ পিতামহঃ।
তম্মাথোঘবতী কন্থা পুত্রশ্চেষরথোহতবৎ । ৩৭॥
তামোঘবান্ দদৌ তস্মৈ স্বয়মোঘবতীং স্থতাম্।
স্থদর্শনায় বিত্বে ভার্যার্থে দেবরূপিণীম্ ॥৩৮॥
স গৃহস্থাপ্রমরতস্তয়া-সহ স্থদর্শনাঃ।
কুরুক্তেব্বসন্দোজন্মোঘবত্যা সমন্বিতঃ ॥৩৯॥
গৃহস্থশ্চাবজেয়ানি মৃত্যুসিহত্যব স প্রভো!।
প্রতিজ্ঞাসকরোদ্ধীমান্ দীপ্ততেজা বিশাম্পতে ॥৪০॥

ভাবতকৌমুদী

তন্তানিতি। "আয়েবপতাং আয়ের, নামা হদশন:। প্রেন্সদৃশী উপনা প্রতিমা কাষ্টির্যন্ত না। অধ্যাণ অধীতবান্, ব্রহ্ম বেদ্যু; অথবা অধ্যাণ জাতবান্ ব্রহ্মা আআনন্, "বেদছত্বং তপো ব্রহ্ম" ইত্যানঃ। বটুপাদঃ শ্লোক: ১৬৬১

অণেতি। নৃগত তদাখাত প্রসিদ্ধত বাজঃ তেশা তামিতি। ওবধান্নাম স রাজা ॥৩৮॥ স ইতি। সমন্বিতা গৃহস্বধর্মেণ যুক্তঃ ॥৩৯॥ গৃহস্ক ইতি। দীপ্রতেজা উজ্জনপ্রভাব: ।৪০॥

ভাবতভাবদীপঃ

ন্তান্তেও। বসোধাবাং সম্ভাং স্বভনাবাস্তি।। গর্ভে প্রপ্রদানে তে৫—৩৬॥ দৃশাভ্যাং দুগ**্ডাং সহিতং সদৃশ**্বজুং পূর্ণেন্দাবেব বক্তে, উপনাসাদৃখ্যং বক্ত পূর্ণেন্সুসদৃশোপমঃ ১৩৭—৪০॥

সেই ভার্যাব গর্ভে শারিব একটা পুত্র জন্মিন, তাহার নাম হইল স্থাপনি। সেই স্থাপনি বাপে পূর্ণচন্দ্রেব ক্যায় হইয়াছিলেন এবং তিনি শৈশব অবস্থাতেই সমস্ত সনাতন প্রম বেদ অধ্যয়ন করিয়াছিলেন ॥৩৬॥

প্রসিদ্ধ বাজা নৃগের প্রিভাসহ ওঘবান্ নামে এক রাজা ছিলেন। তাঁহাব ওঘবতীনামে একটা কন্তা এবং ওঘবথনামে একটা পুত্র হইয়াছিল ॥৩৭॥

ওঘবান্ রাজা সেই বিদ্বান্ স্থলর্শনেব হস্তে দেবকন্তাসদৃশী, সেই ওঘবতীনামী কন্তাটীকে নিজেই দান করেন ॥৩৮॥

রাজা ! সেই স্থদর্শন সেই ওঘবতীর সহিত গৃহস্থাশ্রমে নিরত থাকিয়া, গৃহস্থ-ধর্মাসমন্বিত হইয়া, কুকক্ষেত্রে বাস কবেন ॥৩৯॥

নরনাথ ব'জা। জ্ঞানী ও তেজস্বী সুদর্শন এইবাপ প্রতিজ্ঞা করিলেন যে, আমি গৃহস্থ থাকিয়াই মৃত্যুকে জয় করিব ॥৪০॥

(৩৭) ওববভী ডক্ত কতা-- পি।

তামথোষবতীং রাজন্ ! স পাবকস্থতোহব্রবীৎ ।
অতিথেঃ প্রতিকূলং তে ন কর্ত্তব্যং কথঞ্চন ॥৪১॥
ধেন ধেন চ তুষ্যেত নিত্যমের স্বয়াতিথিঃ ।
অপ্যাক্ষনঃ প্রদানেন ন তে কার্য্যা বিচারণা ॥৪২॥
এতদ্ব্রতং মম সদা ছদি সম্পরিবর্ত্ততে ।
গৃহস্থাণাঞ্চ সুজোণি ! নাতিথের্বিহৃততে পরম্ ॥৪০॥
প্রমাণং যদি বামোরু ! বচস্তে মম শোভনে ! ।
ইদং বচনমব্যগ্রা ছদি ছং ধারয়েঃ সদা ॥৪৪॥
নিজ্রান্তে ময়ি কল্যাণি ! তথা সমিহিতেইন্থে ! ।
নাতিথিস্তেইব্যস্তব্যঃ প্রমাণং যগ্নহং তব ॥৪৫॥

ভারতকোমুদী

তানিতি। পাবক্ষতঃ অগ্নিপুত্রঃ। প্রতিকুলনাচরণন্ ॥৪১॥
বেনেতি। অরা ক্বণেন। আত্মনঃ শবীবস্ত ॥৪২॥
এতদিতি। হে মুশ্রোণি! স্থলরনিত্বে! পবম্ৎকৃষ্টন্ ॥৪৩॥
প্রমাণনিতি। হে বানোক! স্থলবোক্ষরে!। অব্যগ্রা স্থিবচিন্তা ॥৪৪॥
নিক্রান্ত ইতি। অবমন্তব্যোহবজ্ঞাতব্যঃ, প্রমাণং বিখাসাম্পদৃদ্ ॥৪৫॥

ভাবতভাবদীপঃ

গৃহস্বন্দ গৃহস্থ এব ॥৪১॥ প্রতিজ্ঞানেবাহ—অতিধেরিতি ॥६২॥ আজুন: শরীবভ্ত ॥৪৩—৪৪॥

রাজা। তাহার পর স্থদর্শন ভার্য্য। ওঘরতীকে বলিলেন—'তুমিকোন প্রকারেই অতিথির প্রতিকুল আচবণ করিবে না ॥৪১॥

ভোমাধারা যে যে প্রকারে অভিথি সর্বাদা সন্তুষ্ট থাকেন, এমন কি শরীর দান করিয়াও যাহাতে অভিথিকে সন্তুষ্ট করিতে পার, তাহা করিবে; সে বিষয়ে কোন বিচার করিবে না ॥৪২॥

সর্ববদাই আমার মনে এই ব্রত বহিয়াছে। স্থনিতম্বে ! গৃহস্থেব নিকটে অতিথি অপেক্ষা আব উৎকৃষ্ট বস্তু নাই ॥৪৩॥

সুন্দবোরুযুগলে। মনোহরে। আমাব বাক্যে যদি ভোমার বিশ্বাস থাকে, ভাহা হইলে তুমি স্থির থাকিয়া, সর্ববদা আমার এই বাক্য মনে রাখিবে, ॥৪৪॥

নিষ্পাপে কল্যাণি! আমি বদি ভোমার বিশ্বাসের পাত্র হই; ভাহা হইলে,

তমন্ত্রবীদোষবতী তথা মৃদ্ধি কৃতাঞ্জলিঃ।
ন মে স্বন্ধনাৎ কিঞ্চিদকর্ত্তব্যং কথঞ্চন ॥৪৬॥
জিগীযমাণস্ত গৃহে তদা মৃত্যুঃ স্থদর্শনস্।
পৃষ্ঠতোহয়গমদোজন্! রদ্ধাম্বেদী তদা সদা ॥৪৭॥
ইশ্বার্থং তু গতে তিম্মন্নিপুত্রে স্থদর্শনে।
অতিথিক্রান্ধণঃ শ্রীমাংস্তামাহোঘবতীং তদা ॥৪৮॥
আতিথ্যং কৃতমিচ্ছামি স্থাত্য বর্বার্ণনি!।
প্রমাণং যদি ধর্ম স্তে গৃহস্থাশ্রমসন্মতঃ ॥৪৯॥
ইত্যুক্তা তেন বিপ্রেন রাজপুত্রী যশস্বিনী।
বিধিনা প্রতিজ্ঞাহ বেদোক্তেন বিশাম্পতে।॥৫০॥

ভারতকৌমূদী

ভমিতি। কৃতাঞ্চলি: কৃতঃকবৰ্গলসংবোগা ॥৪৬॥
ভিনীবেতি। ভিনীবেমানো জেতুমিচ্ছন্, গৃহে স্থিতমিতি শেষঃ ॥৪৭॥
ইয়েতি। ইমার্থং কাষ্ঠাহবণার্থম্। শ্রীমান্ কান্তিমান্ ॥৪৮॥
ভাতিধামিতি। প্রসাণং বিশ্বাসবোগ্যঃ ॥৪০॥
ইতীতি। প্রতিজ্ঞাহ তং বিপ্রং গৃহীতবতী ॥৫০॥

ভারতভাবদীপঃ

প্রমাণং হিত্তলাপ্রন্ ॥৪৫—৽৬॥ কিঞ্চিন্ন কর্ত্তবামিতি ন অপি তু কর্ত্তব্যমেব ॥৪৭॥ পৃষ্ঠতন্তস্তা
আমি বাজির হইয়া গেলে, কিংবা ঘবে থাকিলে, তুমি অতিথিব অবজ্ঞা কবিবে
না ॥৪৫॥

তখন ওঘবতী মস্তকে অঞ্জলি স্থাপন কবিয়া, স্থাপনিকে ব্লিলেন—'আপনার আদেশে কোন প্রকারে কোন কার্য্যই আমাব অকর্ত্তব্য নাই ॥৪৬॥

রাজা। তখন মৃত্যু পৃহন্ত স্থূদর্শনকে জয় কবিবার ইচ্ছা করিয়া, সর্বদাই তাঁচাব ছিডায়েখণ কবিতে থাকিয়া পিছনে পিছনে চলিতে লাগিলেন ॥৪৭॥

একদা সেই অগ্নিপুত্র স্থদর্শন কাষ্ঠ আহরণ কবিবার জন্ম গৃহ হইতে নির্গত ংইয়া গেল। স্থান্দরমূর্ত্তি এক ব্রাহ্মণ অভিথি আসিয়া, সেই ওঘ্রতীকে বিদালেন ॥৪৮॥

বরবর্ণিনি ! গৃহস্থাশ্রমসন্মত অতিথিসংকার ধর্ম যদি তোমার বিশ্ব:সযোগ্য হয়, তাহা হইলে, আজ আমি তোমার নিকট হইতে অতিথিসংকার লাভ কবিতে ইচ্ছা করি ॥৪৯॥

⁽८७) न कर्खवाः कथकन--वन ।

আসনকৈব পালঞ্চ তিশ্ব দন্তা দ্বিজাতয়ে।
প্রোবাচীঘবতী বিপ্রাং কেনার্থঃ কিং দদাসি তে ॥৫ ১॥
তামত্রবীত্ততো বিপ্রো রাজপুত্রীং স্থদর্শনাম্।
ত্বয়া মমার্থঃ কল্যাণি! নির্বিশক্ষৈতদাচর ॥৫২॥
হদি প্রমাণং ধর্মন্তে গৃহস্থাশ্রমসন্মতঃ।
প্রদানেনাত্মনো রাজিঃ। কর্তুমহাসি মে প্রিয়ম্॥৫৩॥
স তয়া চহন্দ্যমানোহ তৈয়রীন্সিতৈন্ পক্তয়া।
নাত্তমাত্মপ্রদানাৎ স তত্তা বত্তে বরং দ্বিজঃ ॥৫৪॥
সা তু রাজস্বতা শৃত্বা ভর্তুর্বচনমাদিতঃ।
তথেতি লক্ষ্মানা সা তমুবাচ দ্বিজর্বভম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

আসনমিতি। কেন বস্তুনা, অর্থন্তব প্রব্রোজনস্ । ৫১॥
তামিতি। অর্থ: প্রব্রোজনস্, নির্বিশকা বিশোবন নিঃশক্চিন্তা । ৫২॥
বদীতি। আত্মনঃ স্থপবীরস্ত, হে বাজ্জি ! বাজতনত্ত্বে । । ৫৩॥
স ইতি। চ্ছুন্দ্রমানোহভ্যর্থমানঃ, ঈশ্বিতির্থনাদিভিঃ ॥ ৫৪॥
সেতি। বচনমানেশন্, আদিতঃ আনৌ ক্লুত্য্ ॥ ৫৫॥

ভারতভাবদীপ:

প্রভাক্ষং গৃৎেহয়গমৎ তদা গার্হ স্থাকালে, তদা ইথাহবণকালে।৪৮॥ ব্রাহ্মণজজ্ঞলী মৃত্যঃ '

নরনাথ! সেই ত্রাহ্মণ এইকথ বলিলে, যশস্থিনী রাজক্সা ওঘর্তী বেদোক্ত-বিধানে তাঁহাকে গ্রহণ করিলেন ॥৫০॥

তথন ওঘৰতী সেই ব্রাহ্মণকে বসিবাৰ আসন ও পাদপ্রক্ষালনের জল দান করিয়া বলিলেন—'আপনার কোন্ বস্তব প্রযোজন, আমি আপনাকে কি দান করিব ? ॥৫১॥

তাহার পব বান্ধণ সেই রাজতনয়। সুদর্শনাকে বলিলেন—'কল্যাণি। ডোমা ঘারাই আমার প্রযোজন, তুমি নিঃশঙ্কচিত্ত হইয়া ইহা কর'॥৫২॥

রাজপুত্রি ! গৃহাশ্রমদন্মত অতিথিদৎকারধর্মে তোমাব যদি বিশ্বাস থাকে, তাহা হইলে তুমি আত্মদান করিয়া আমার প্রিয়কার্য্য কর ৮৫৩॥

তখন ওঘবতী অস্ত ব্স্তুদারা তাঁচাব সম্ভোষবিধান কবিবার সমূরোধ করিতে লাগিলে, সেই আহ্মণ তাঁহার আত্মদানব্যতীত অস্তু বস্তুর প্রার্থনা করিলেন না ৪৫৪॥ ততো বিহন্ত বিপ্রবিধ্ন সা চৈবাথ বিবেশ হ।
সংস্থত্য ভর্ত্ বঁচনং গৃহস্থাশ্রমকাজ্মিনঃ ॥৫৬॥
অথেয়ানমুপাদায় স পাবকিরুপাগমং।
মৃত্যুনা রৌদ্রভাবেন নিত্যং বন্ধুরিবান্থিতঃ ॥৫৭॥
ততন্ত্বাশ্রমমাগম্য স পাবকস্থতন্তদা।
তাং ব্যাজহারোঘ্যতীং কাসি যাতেতি চাসকুং ॥৫৮॥
তব্মৈ প্রতিবচঃ সা তু ভর্ত্রে ন প্রদদৌ তদা।
করাভ্যাং তেন বিপ্রেণ স্পৃষ্টা ভর্ত্রতা সতী ॥৫৯॥
উচ্ছিফীস্মীতি মন্থানা লজ্জিতা ভর্তুরেব চ।
তুমীস্তুতাভবং সাধবী ন চোবাচাথ কিঞ্চন ॥৬০॥

ভারতকৌমূদী

তত ইতি। বিবেশ গৃহাভ্যন্তবিদ্ধি শেষঃ ॥৫৬॥
অথেতি। ইয়ানং কাঠং, পাবকিব্যিপুত্তঃ স্থপনি: ॥৫৭॥
তত ইতি। ব্যাজহাব উবাচ ॥৫৮॥
তত্মা ইতি। প্রতিবচ উত্তবন্। স্পৃষ্টা আলিফিডা ৯৫০॥
ভাবতভাবদীপঃ

ভর্ত্রকচনং—"বেন বেন তৃ তৃষ্যেত নিংগেষ সদাতিথিং। অণ্যাত্মনং প্রদানেন ন তে কার্যা বিচারণে"তি পূর্ব্বোক্তন্যাতভা বিবেশ গৃথমিতিশেষং। বিহতেতাঞ্জবহংস ইতিপাঠং স্পটার্থং ১৫ গা

তথন ভ্রথতী স্থানার পূর্বের আদেশ স্থবণ করিয়া লজ্জিত হইয়া, সেই ব্রাহ্মণ-শ্রেষ্ঠকে বলিলেন—'তাহাই হউক।৫৫॥

তাহার গন সেই ব্রাহ্মণ হাস্ত করিয়া এবং ওঘরতী গৃহস্থর্মাভিলাবী ভর্তার বাক্য স্মরণ কবিয়া, গৃহমধ্যে প্রবেশ করিলেন ॥৫৬॥

তদনস্তর স্মূদর্শন কাষ্ঠ লইব। উপস্থিত হইলেন; উপ্রায়ৃত্তি মৃত্যুও বন্ধুর জায় তাঁহার অনুসরণ করিলেন ॥৫৭॥

ক্রমে স্থাপনি আশ্রমে উপস্থিত হইয়া বাব বার ওঘরতী ক্র ,লিলেন—'ওগো। তুমি কোথায় গিয়াছ'। ৫৮॥

তখন সেই অতিথিত্তাহ্মণ বাহুযুগলম্বারা আলিঙ্গন কবিয়া রহিয়াছিলেন বলিয়া, পতিত্রতা ও সাধ্বী ৎঘরতী সেই ভর্তাকে উত্তর দিলেন না ১৫৯॥

⁽०७) मा हित्यांशियतगर् । नि ।

⁽११) व्यरधान् मम्भाषाः नि।

⁽७०) माध्ती दिशकाशास्त्र निम्छा । नि।

অথ তাং পুনরেবেদং প্রোবাচ স স্থদর্শনঃ।

ক সা সাধ্বী ক সা যাতা গরীয়ং কিমতো মম ॥৬১॥

পতিত্রতা সত্যশীলা নিত্যং চৈবার্চ্জবে রতা।

কথং ন প্রত্যুদেত্যন্ত স্ময়মানা যথা পুরা ॥৬২॥

উটজস্থ্র তং বিপ্রঃ প্রত্যুবাচ সুদর্শনম্।

অতিথিং বিদ্ধি সম্প্রাপ্তং ত্রাহ্মণং পাবকে। চ মাম্ ॥৬০॥

অনয়া চ্ছন্দ্যমানোহহং ভার্যয়া তব সত্তম!।

তৈত্তৈরতিথিসংকারৈপ্রস্কামেষা রতা ময়া ॥৬৪॥

অনেন বিধিনা সেয়ং মামর্চ্ছতি শুভাননা।

অমুক্রপং যদত্রাম্যভদ্তবান্ কর্তুমহাত ॥৬৫॥

ভারতকোমুদী

উচ্ছিষ্টেভি। উচ্ছিষ্টা ভুক্তভাক্তা, নধানা ব্ধানানা ১৬০॥

আবেছি। কিং বন্ধ অভা ভার্যাভো মন গরীরো গুরুতব্যাদরণীয়ন্, অণি তু কিমপি নেতার্থ: ॥৬১॥

পতীতি। আৰ্জ্জবে স্বশভাষাণ্। প্ৰত্যুদ্ধিত প্ৰত্যুদ্ধতত্তি, সন্ধানা ঈবদ্ধসন্তী ॥৬২॥

উটলেতি। উটলছ: পর্ণকৃটীবাভাস্তবন্থ:। হে পাবকে। অগ্নিপুত্র ।॥৬৩॥

জনধেতি। চ্ছন্দামান: অভ্যৰ্থমান:। বুধা প্ৰাৰ্থিত। ৮৬৪॥

অনেনেভি। অন্ত্রতি গছতি। জব্র ব্যাপাবে ।৬৫॥

আমি উচ্ছিষ্টা ইইয়াছি, ইহা মনে করিয়া, সাধ্বী ওঘরতী ভর্তার নিকট লাজ্জভ। ইইয়া নীরবই থাকিলেন, কিন্তু কোন কথা বলিলেন না ॥৬০॥

তাহার পর স্থান পুনবায় তাহাকে এই কথা বলিলেন—'সেই সাধ্বী কোথায় ? তিনি কোথায় গোলেন ? তাহ। গণেক। অধিক আদৰণীয় আমাৰ কি আছে' ॥৬১॥

পতি প্রতা, সভাপবায়ণা ও সর্ববদা সবলস্বভাবা প্রিয়তমা পূর্বের আয় ঈষৎ হাস্ত কবিতে কবিতে আন্ধ প্রত্যুদ্গমন কবিতেছেন না কেন ? ॥৬২॥

ভখন পর্বকৃটীবাভ্যন্তবস্থিত আগন্তক ব্রাক্সণ সুদর্শনকে বলিলেন—'অগ্নিনন্দন ৷ আমি ব্রাহ্মণ অভিথি হইয়া আসিয়াছি, ইহা জাপনি অবগত হউন ॥৬৩॥

সাধুশ্রেষ্ঠ বাক্ষণ। আগনাব এই ভার্যা সেই সেই অতিথিসৎকাবদারা আমার অভার্থনা কবিয়াছিলেন; কিন্তু আমি ইহাকেই বরণ করিয়াছি ॥৬৪॥

⁽७०) मांगर्किष एड!नना शि।

কুটমূদগরহস্তম্ভ মৃত্যুক্তং বৈ সমন্বগাৎ।
হীনপ্রতিজ্ঞমকৈনং বধিয়ামীতি চিন্তমন্ ॥৬৬॥
স্থাদশিস্ত সনসা কর্মণা চক্ষুষা গিরা।
ত্যক্তের্যস্তাক্তমন্ত্যুদ্দ স্মামানোহরবীদিনস্ ॥৬৭॥
স্থানতং তেহস্ত বিপ্রাক্তা ! প্রীতির্হি পরমা মম।
গৃহস্কস্ত হি বর্ষোহত্ত্যঃ সম্প্রাপ্তাতিবিপূজনম্ ॥৬৮॥
ভাতিথিঃ পূজিতো বস্ত গৃহস্কস্ত তু গচ্ছতি।
নাস্তম্মাৎ পরো ধর্মা হাত প্রান্তর্মনীধিণঃ ॥৬৯॥
প্রাণা হি মম দারাশ্চ যচ্চান্তৎ বিচ্চতৈ বস্ত ।
ভাতিথিভ্যো মায়া দেয়ামিতি মে ব্রতমাহিতম্ ॥৭০॥

ভারতকৌমূদী

কুটেতি। কুটমূদ্গর: স্থলনিদ্ধেঙা হস্তে বস্ত স:। হীনা অতিপিত্তান্ধণপীড়নেন ত্যন্ত্রা প্রতিপ্রাবেন তম্, এনং স্থপনিম্ ১৬৬॥

স্থদর্শন ইতি। তাজো মহা: ক্রোধো ধেন সং, শ্রহনান ঈষদ্বসন্ ॥৬৭। স্থবতমিতি। প্রতিবতিথিসম্ভোবনেন। শৃগ্রা: শ্রেষ্ঠা ॥৬৮॥ অভিণিবিতি। প্রিত: সংকাবেণ সম্ভোবিত: ॥৬৯॥

ভারতভাবদীপঃ

রবেবপীর্ব্যা নাসীদিত্যাহ—অধেতি ॥৫৮—৫৪॥ অনয়া ছত্তাব্যয়া ছন্দ্যমানঃ প্রার্থানান ইতি বৈপবীত্যোক্তি:॥৮৫॥ অনেন নৈগুনুরপেণ মান্চ্ছতি মামাধাতি, অহুরুপং স্থীদূষ্ণাত্বপ্রং

এই শুভাননা উক্তবিধানেই আমাব নিকট আসিয়াছেন, এই !ব্যয়ে এন্থ যাহা উপযুক্ত হয়, তাহা আপনি করিতে পারেন ॥৬৫॥

প্রতিজ্ঞান্ত ইইলে এই ব্রাহ্মণকে এখনই জামি সংহাব করিব, ইহা মনে করিয়। লোহাব মুগুর ইাতে লইযা, মৃত্যু সেই স্থদর্শনের অনুসরণ করিলেন। ৬৬॥

স্বৰ্ণন মন, কৰ্ম, চক্ষু ও বাক্যদারা, ঈধা ও কোধ ত্যাগ করিয়া, ঈবৎ হাস্ত কবতঃ এই কথা বলিলেন ॥৬৭॥

বাঙ্গণশ্রেষ্ঠ। সুষ্ঠ্ভাবে আপনার বনণ হউক। কাবণ, অতিথির সংস্কে:ববিধানে আমার আনন্দ হয়। যে হেতু আগত অতিথিব সেবা গৃহস্কের প্রধ সংশ্ব ১৬৮॥

জ্ঞানীরা বলেন—'যে গৃহত্তের অভিথি সন্তুষ্ট হইয়া চলিয়া যান, তাঁা ব পকে. তাহা সপেকা আর প্রধান ধর্ম নাই ॥৬৯॥

⁽৬৬) মৃত্যুত্ত: বৈ সমভ্যহাৎ । পি।

নিঃসন্ধিঝং যথা বাক্যমেতন্মে সমুদাহতম্।
তেনাহং বিপ্র ! সত্যেন স্বয়্রমাত্মানমালভে ॥৭১॥
পৃথিবীবায়ুরাকাশমাপোজ্যোতিশ্চ পঞ্চমম্ ।
বৃদ্ধিরাত্মা মনঃ কালো দিশশৈচব গুণা দশ ॥৭২॥
নিত্যমেব হি পশ্যন্তি দেহিনাং দেহসংশ্রিতাঃ।
স্কুকতং তুক্কতঞ্চাপি কর্ম ধর্মভূতাং বর ! ॥৭৩॥
যথৈষা নানৃতা বাণী ময়াল্য সমুদীরিতা।
তেন সত্যেন মাং দেবাঃ পালয়স্কু দহস্কু বা ॥৭৪॥
ততো নাদঃ সমভবদ্দিক্ষু সর্ববাস্থ ভারত ! ।
অসকৃৎ স্ত্যমিত্যেবং নৈভিদ্মথ্যেতি সর্বতঃ ॥৭৫॥

ভারতকৌসুদী

প্রাণা ইতি। বস্থ ধনস্। আহিতসংলম্বিভস্ ॥৭॰॥

নিবিতি। আত্মানমাত্মহানং হাদয়স্, আলভে স্পুশা সি ॥৭১॥

পৃথিবীতি। আপোৰণং জ্যোতিত্তেজ:। খণা পরমাত্মাপেকরা উপস্ক্রনীভূতা:। দেহ-

সংশ্রিতা: প্রকৃতবিকৃতভাবেন শ্বীরুছিতা: ৷৭২— ৭৩॥

ৰথেতি। নানুভা সভ্যা। দৃহত্ব অনৃভত্তে নাশয়ভা ॥৭৪॥

তত ইতি। नार्मा वाकाभक्तः, व्यवद्वर সমस्विति अवसः ॥१८॥

ভারতভাবদীপঃ

प्रथम् ॥७७॥ क्रेम्नारवा लाइन्थः, शैनश्रिष्ठः राक्तांविविद्यवम् ॥७१--१२॥ था हेस्सिमिनि

আসার প্রাণ, ভার্যা। বা অন্ত যে কিছু ধন আছে সমস্তই আমি অতিথিকে দিব, এইবাণ ব্রভই আমি অবলম্বন করিয়াছি ॥৭০॥

ব্রাহ্মণ! আমি যে নিঃসন্দেহে এই বাক্য বলিদাস, সেই সভ্য জ্ঞাপনের জন্ত নিজেই হাদয় স্পূর্শ করিতেছি ॥৭১॥

ধার্মিকশ্রেষ্ঠ ! পৃথিবী, বায়, আকাশ, জল, তেজ, বৃদ্ধি, আত্মা, মন, কাল ও দিক্ এই দশটী পদার্থ দেহিগণের দেহে থাকিয়া, সর্ববদাই ভাহাদের পুণ্য কার্য্য ও পাপ কার্য্য দর্শন করে ॥৭২—৭৩॥

আমি আজ এই যে সভা বাক্য বলিলাম, এই সভা বাক্যের ফলে দেবভারা আমাকে রক্ষা করুন কিংবা এই বাক্য মিধ্যা হইলে দেবভাবা আমাকে বিনষ্ট করুন ॥৭৪॥ উটজাত্ত ততস্তমান্নিশ্চক্রাম স বৈ দ্বিজ্ঃ।
বপুষা ছাঞ্চ ভূমিঞ্চ ব্যাপ্য বায়ুরিবোছতঃ ॥৭৬॥
স্বরেণ বিপ্রঃ শৈক্ষেণ ত্রীন্ লোকানমুনাদয়ন্।
উবাচ চৈনং ধর্মজঃ পূর্বেমামস্ত্র্য নামতঃ ॥৭৭॥
ধর্মোহহমাম্ম ভদ্রং তে জিজ্ঞাসার্থং তবানঘা।
প্রাপ্তঃ সত্যঞ্চ তে জ্ঞাত্বা প্রীতির্মে পরমা ত্রামান৮॥
বিজিতশ্চ ত্ব্য়া মৃত্যুর্বোহয়ং ত্বামমুগচ্ছতি।
রন্ধ্যুরেষী তব সদা ত্বয়া প্রত্যাবশীকৃতঃ ॥৭৯॥

ভারতকৌমূদী

উটজাণিতি। উটজাৎ পর্বকৃতীরাৎ। বপুষা বপুষ্তেলসা, ভাষাকাশ্য, উভতো দৃষ্টিবিষয়ী-ভবনায়োপজান্ত: ॥৭৬॥

স্বরেণেতি। শিক্ষায়য়িতি শৈক্ষঃ, শিক্ষাণাম্ব্রোক্তোদান্তরপণ্ঠেন। নামত আমন্ত্রা নামা সংখাদ্ধা ॥৭৭॥

ধর্ম ইতি। তে তব ভদ্রং মদলমন্থীতি শেষঃ, তব জিজ্ঞাসার্থং অতিথিসৎকাবংশবিখাস জ্ঞানার্থস, প্রাপ্তোহহুমাগতঃ ॥৭৮॥

বিভিত ইতি। র্দ্ধায়েষী পাপাত্মসম্বায়ী, ধৃত্যা ধর্মবিখাসধারণেন ॥৭৯॥

ভরতনন্দর্ম ! তাহাব পর সকল দিকে এবং সকল স্থান হইতে বাব বাব এই শব্দ উৎপন্ন হইল যে, ইহা সত্য, মিথ্য। নহে ॥৭৫॥

তাহার পর সেই অতিথি-ব্রাহ্মণ দেহের তেজে বায়ুব স্থায় আকাশমগুল ও ভূতল ব্যাপ্ত করিয়া দৃষ্টিগোচর হইয়া সেই পর্ণকুটীর হইতে নির্গত হইলেন॥৭৬॥

পরে তিনি শিক্ষাশাস্ত্রোক্ত উদাওষরে ত্রিভুবন অনুনাদিত কবিতে থাকিয়া, প্রথমে নাম লইয়া, সেই গৃহস্থধর্মজ্ঞ বাহ্মণকে সম্বোধন করিয়া বলিলেন—॥৭৭॥

নিষ্পাপ বান্ধণ। তোমাব মঙ্গল হউক, আমি স্বয়ং ধর্ম, তোমাকে পরীক্ষ। করিবাব জন্ম আসিয়াছি; তোমার সত্য জানিয়া, ভোমাতে আসার পবম শ্রীভি জন্মিয়াছে ॥৭৮॥

যিনি ছিব্রায়েষণ করিতে থাকিয়া সর্ব্বদাই ভোমার অনুসরণ করিতেছেন, সেই মৃত্যুকে তুমি জয় করিয়াছ এবং ধর্মবিশ্বাসে বশীভূত করিয়াছ ॥৭৯॥

⁽৭৬) বপুষা থঞ্ছ ভূমিঞ্ ব্যাপ্য বাযুবিবোখিত: । পি।

⁽৭৭) ধর্ম আমন্ত্র্য ভারত !---পি।

⁽৭৯) ত্থাগম্ধাবতি--- দ্বজ্ঞাবনীক্বত:- পি।

ন চাস্তি শক্তিত্রৈলোক্যে ক্সচিৎ পুরুষোন্তম!।
পতিব্রতামিনাং সাধ্বীং তবোদ্বাক্ষিত্মপুত ॥৮০॥
রক্ষিতা ত্বন্তুগৈরেষা পতিব্রত্তগৈন্তথা।
অধুষ্যা যদিয়ং ক্রয়াৎ তথা তর্মান্তথা তবেৎ ॥৮১॥
এষা হি তপদা স্বেন সংযুক্তা ব্রহ্মবাদিনী।
পাবনার্থক লোকস্থ সরিচ্ছে গ্রা ভবিষ্যাত ॥৮২॥
অর্ক্ষেনেষ্বতী নাম ত্বামর্ক্ষেনাসুধাস্থাত।
শরীরেণ মহাভাগা যোগো হাস্থা বশে স্থিতঃ ॥৮০॥ (যুগাক্ম)
অনয়া সহ লোকাংশ্চ গন্তাদি তপদার্জ্জিতান্।
যত্র নার্ত্তিমভ্যেতি শাশ্বতাং স্তান্ সনাতনান্॥৮৪॥

ভারতকোমুদী

নেতি। উদ্বীক্ষিত্ং দ্রষ্ট্রমণি কিমৃত সমস্তমিত্যর্থ: ৯৮০॥
বক্ষিতেতি। পত্যে ব্রতম্ একণিষ্ঠা নিয়মন্তশ্র স্থাবৈ: ৯৮১॥
এবেতি। বন্ধবাদিনী বেদবজন্ ইব পবিজ্ঞা, ওববতী নাম সরিচ্ছেষ্ঠা ভবিশ্বজীতি সম্বন্ধঃ, হি
বন্ধাৎ, বোগো বোগজা শক্তি: জ্ঞাবশে স্থিত:। অভএবোজাইদ্রমণ্যসম্ভব ইতি ভাব: ॥৮২—৮০॥
অনমেতি। গোকান্ স্থান্। শাশ্বতান্ শ্রুবান্॥৮৪॥

ভারতভাবদীপঃ

ভদভিষানিক্ষো দেবতাঃ পূ. এব্যান্তা ইভার্থ: ॥৭৩—৭৭॥ শৈক্ষেণোদান্তাদিধর্ম্মবডা ॥৭৮— ৮০॥ অর্দ্ধেনেতি। ওব্যতী নাম নদী ভবিশ্বতী।ত শেষঃ। বোগো হীতি বোগসিদ্ধেম্মতঃ শরীর্দ্ধাং

পুরুষশ্রেষ্ঠ [তোমার এই পতিব্রতা ও সাধ্বীপত্নীকে দর্শন করিতেও ত্রিভূবনে কাহারও শক্তি নাই ॥৮০॥

ইনি ভোমার গুণে এবং নিজের পাতিব্রভ্যের গুণে রক্ষিত ও অধ্বণীয় হইয়া-ছেন এবং ইনি যাহা ব্লিবেন, ভাহা সেইবাণই হইবে; অক্সরূপ হইবে না ॥৮১॥

আপন তপস্থাযুক্তা ও বেদবাদিনীর স্থায় পবিত্রা মহাভাগা জগৎকে পবিত্র করিবার জন্ম অর্দ্ধদেহে ওঘবতীনামী নদীশ্রেষ্ঠা হইবেন এবং অপর দেহার্দ্ধারা তোমার অমুসরণ করিবেন। কারণ, ইহার যোগজশক্তি বশে রহিয়াছে ॥৮২—৮৩॥

তুমিও ইহার সহিত নিজ্ঞতপস্থার্জিত গ্রুব ও সনাতন সেই সকল স্বর্গে বাইবে; যে সকল স্বর্গে যাইয়া মামুষ আর ফিরিয়া আসে ন' ॥৮৪॥ অনেন চৈব দেহেন লোকাংস্থমভিপংস্থসে।
নির্জ্জিতশ্চ ছয়া মৃত্যুরৈশ্বর্যাঞ্চ তবোত্তগম্ ॥৮৫॥
পঞ্চন্তান্তিক্রান্তঃ স্ববীর্যাচ্চ মনোজবঃ।
গৃহস্থধর্মোণানেন কামক্রোধো চ তে জিতো ॥৮৬॥
স্মেহো রাগশ্চ তব্দীশ্চ মোহো দ্রোহশ্চ কেবলঃ।
তব শুপ্রাম্যা রাজন্! রাজপুত্র্যো বিবর্জ্জিতাঃ॥৮৭॥
ভীষ্ম উবাচ।

শুক্লানাং তু সহজেণ বাজিনাং রথমুত্তময়।
যুক্তং প্রগৃহ্য ভগবান্ বাসবোহপ্যাজগাম তয় ॥৮৮॥
মুত্যুরাত্মা চ লোকাশ্চ জিতা ভূতানি পঞ্চ চ।
বুদ্ধিঃ কালো মনো ব্যোম কামক্রোধো তথৈব চ॥৮৯॥

ভারতকোমুদী

অনেনেতি। অভিপৎখ্যনে প্রাক্তাসি। ঐখর্যাস্ অণিমাদিকন্ ১৮৫॥

পঞ্চেত্ত। পঞ্চত্তানি ক্ষিত্তাদীনি ভদ্ধীনতানিত্যৰ্থ: অতিক্রান্তঃ, স্ববীর্ব্যানিজ্ধর্মপ্রভাবাচ্চ মনস ইব অব উন্নতিলাভে বেগো বক্ত স তাদৃশো জাতস্বস্। তে স্বয়া ॥৮৬॥

বেং ইতি। তন্ত্ৰীবালভণ্। হে বাজন্! রাজবিদিন্তিরপ্রবৃত্তে স্বাধীন। বাজপুত্রা তব ভাষায়া ॥৮৭॥

শুক্লানামিতি। বাজিনামখানাং বাসব ইন্তঃ॥৮৮॥

ভারতভাবদীপঃ

করিয়তীত্যর্থ: ॥৮৪—৮৬॥ পঞ্চেতি। স্থুলভ্ডান্তভিজ্ঞাতির বাহিকান্ স্থাভ্তময়ান্ লোকান্
এবং তুমি এই দেহেই স্বর্গলাভ করিবে। বিশেষতঃ, তুমি মৃত্যুকে জয় করিয়াছ
এবং তোমার উত্তম অনিমাদি ঐশ্ব্যুও হইবে ॥৮৫॥

বান্দা। তুমি আপন ধর্মেব প্রভাবে পঞ্চূতকে অতিক্রম করিয়াছ এবং মনের স্থায় বেগবান্ হইয়াছ, আর এই গৃহস্থর্মের গুণে কাম ও ক্রোধকে জয় করিতে পারিয়াছ ৪৮৬॥

ধার্দ্দিকশ্রেষ্ঠ। তোমাব ভার্য্যা এই রাজকন্যাও তোমার শুক্রাবা করায় স্নেহ, রাগ, আলস্তা, মোহ ও জোহ জয় কবিয়াছেন ৮৮৭॥

ভীম্ম বলিলেন—'সেই সময়ে ভগবান্ ইন্দ্রও শুক্লবর্ণ সহস্র ঘোটকযুক্ত একখানি উত্তম রথ লইয়া, সেই স্মুদর্শনের নিকট আগমন করিলেন ১৮৮॥

(७३) वृक्षिः काला गत्मा त्याहः नि।

তত্মাদ্গৃহাঞ্জমস্থ্য নায়াদৈৰতমন্তি বৈ।
খত্ত্তিথিং নরব্যান্ত! মনদৈত্বিচারয় ॥৯০॥
অভিথিঃ পূজিতো যদ্ধি ধ্যায়তে মনদা শুভম্।
ন তৎ ক্রতুপতেনাপি তুল্যমান্ত্রনীবিণঃ ॥৯১॥
পাত্রং ছতিথিসাসায় শীলাঢ্যং যো ন পূজয়েৎ।
স দল্ধা হুক্কতং তল্মৈ পুণ্যমাদায় গচ্ছতি ॥৯২॥
এতত্তে কথিতং পৌত্র! ময়াখ্যানমস্ত্রমম্।
যথা হি-বিজিতো মৃত্যুগৃহিস্থেন পুরাভবৎ ॥৯০॥

ভারতকোমুদী

মৃত্যুরিভি। আত্মা স্বস্থলাত: লোকা: স্বর্গা: ৮১॥

ভন্মাদিতি। কাতে বিনা। অতিথিসেবারাঃ স্বভিবিষ্ণ ॥ २०॥

অভিথিরিতি। ধারতে চিম্বরতি। ক্রতুশতেন শভবজ্ঞদিততভেনাপি॥৯১॥

পাত্রমিতি। "বিভাবুজে ধর্মশীলং প্রশান্তঃ ক্ষান্তো দান্তঃ সভ্যবাদী রভক্ষঃ। এতিসাবো গোহিতো গোশরণো দাতা বজ্জা ব্রাহ্মণঃ পাত্রমাতঃ।" ইতি প্রাদ্ধবিবেকগৃতবচনোজন্তবদ বুজং ব্রাহ্মণং পাত্রম্, শীলাঢ়াং সক্তবিত্রবৃজ্জম। ছয়তম্ আত্মনঃ পাপন্, পুণ্যং গৃহস্ক স্থর্মন্ ॥১২॥

এডদিভি। ন বিছতে উত্তমং যন্মাৎ তদম্ভমন্। ১০॥

ভারতভাবদীপঃ

প্রাব্দাসীত্যর্ণ: ॥৮৭॥ রাজ্মিত্যবিবাজ্বাজাজ্জানাত্তালা সংখাধনম্ ॥৮৮ —৮৯॥ বৃদ্ধিবিত্যাদা বণি জিতেত্তাস্থক: ॥৯৬॥ আথ্যায়িকাতাৎপর্য্যমাহ—ডল্মাদিতি ।৯১॥ জন্তুশভেনাণি ন তুল্যং কিন্তু তভোহণ্যধিক্মিত্যর্থ: । বলা ন জতুশতেনেতি প্রথমাতৃতীয়রোর্ব্যভাব্য:, তেন জতুশভ-

তৎকালে সেই সুদর্শন মৃত্যু, আত্মা, সমস্ত স্বর্গ, পঞ্চভূত, বৃদ্ধি, কাল, মন, আবাশ, কাম ও ক্রোধ জয় করিয়াছিলেন ॥৮৯॥

অতএব নরশ্রেষ্ঠ বৃধিষ্ঠির। তুমি মনে মনে ইহা বিবেচনা কর যে, গৃহস্থের পক্ষে অতিথিব্যতীত অন্ত দেবতা নাই ॥১০॥

জ্ঞানীরা বলেন—'সেবিত অভিথি মনে মনে যে শুভ কামনা করেন, ডাচা শত্যজ্ঞজনিত শুভাগেক্ষাও অধিক ॥১১॥

যে গৃহস্থ সচ্চরিত্র ও পাত্রস্বরূপ অতিথি পাইয়া তাঁহার সেবা না করে; সেই অতিথি নিজের পাপ সেই গৃহস্থকে দান করিয়া ভাহার পুণ্য লইয়াগমন করেন॥৯২॥

পৌত্ত ! পূর্বকালে গৃহস্থ যে ভাবে মৃত্যুকে জন্ম করিয়াছিলেন, এই সেই সর্বোত্তম উপাখ্যান, আমি ভোমাব নিকট বলিলাম ॥১৩॥

⁽৯৩) এতত্তে ক্ণিডং পুত্র। ---বঙ্গ নি।

ধন্যং যশস্ত্রমায়্যানিদ্যাখ্যানমুক্তমন্।
বুভূষতাভিমন্তব্যং সর্বত্নদরিতাপহন্ ॥৯৪॥
ইদং যঃ কথয়েদ্বিদ্বানহন্তহনি ভারত !।
স্বদর্শনস্ত চরিতং পুণ্যাল্লে কানবাপ্পুয়াৎ ॥৯৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্ত্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্বাণি
দানধর্মে সুদর্শনোপাখ্যানে দ্বিতীয়োহধ্যায়ঃ ॥০॥ **

-:0:-

তৃতীয়োহধ্যায়ঃ

—‱

ৰুধিষ্ঠির উবাচ।

ব্রাহ্মণ্যং যদি ছুপ্রাপ্যং ব্রিভির্বর্ণৈর্নরাধিপ ! । কথং প্রাপ্তং মহারাজ । ক্ষত্রিয়েণ মহাজ্মনা ॥১॥ বিশ্বামিত্রেণ ধর্মাত্মন্ ! ব্রাহ্মণত্বং নর্মভ ! । ভ্রোতুমিচ্ছামি তত্ত্বেন তম্মে ক্রহি পিতামহ ॥২॥ (যুগাক্ম)

ভারতকৌমুদী

ধন্দ্রনিতি। বৃভ্যতা ভবিতৃং ভৃতিং লব্ধ্ নিচ্ছতা জনেন ॥৯৪॥
ইদ্মিতি। কথমেৎ গার্দ্মিকসমাজ ইতি শেষঃ। পুণ্যান্ লোকান্ স্বর্গান্॥৯৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিব্যচিতায়াং মহাভারতটীকারাং
ভারতকৌমৃদীসমাখ্যায়াসমূশাসনপর্বাণি দানধর্মে বিতীয়োহধারঃ ॥•॥

ভারতভাবদীপঃ

মণি ন তুলামিত্যর্থ: ॥৯২॥ সোহতিথি: যো ন প্রায়ের্ত্তবৈ ছদ্ধতং দক্ষা ॥৯৩—৯৪॥ বৃভ্রতা ভৃতিমিচ্ছতা ॥৯৫॥

ইতি শ্রীমহাভারতে অহশাসনপর্মণি দানধর্মে নৈলক্ষীরে ভাবতভাবদীপে দিতীয়োহধার:॥১॥
উন্নতিলিপ স্থ লোক, এই উত্তম উপাখ্যানটীকে সর্ব্যপ্রকাবে পুণ্য, যশ ও আবৃর
জনক এবং সমস্ত পাথের নাশক বলিয়া মনে করিবেন ॥১৪॥

ভরতনন্দন! যে বিদ্বান্ প্রতিদিন ধার্ম্মিকগণের নিকটে, এই স্থুদর্শনচবিত্র বলিবেন; তিনি পুণা লোকসকল লাভ কবিবেন ॥১৫॥

⁽৯৪) বৃভ্ৰতাধিগন্তবাস্ --- নি।

তেন হামিতবীর্যোণ বশিষ্ঠস্থ মহাত্মনঃ।
হতং পুত্রশতং সম্বস্তপদাপি পিতামহ! ॥।

য়াতুধানাশ্চ বহবো রাক্ষ্যান্তিগাতেজদঃ।

মন্তানাবিউদেহেন স্থটাঃ কালান্তকোপমাঃ ॥।

মহান্ কুশিকবংশশ্চ ব্রক্ষরিশতসঙ্কৃ লঃ।

স্থাপিতো নরলোকেহিম্মন্ বিদ্বাহ্মণসংস্ততঃ ॥।

খাচীকস্থাত্মজন্চিব শুনংশেপো মহাতপাঃ।

বিমোক্ষিতো মহাসত্রাৎ পশুতামপুলাগতঃ ॥।।

ভাবতকৌমূদী

বান্ধণানিতি। ত্রিভিবর্থৈ ক্রিয়েবৈশুশ্বৈ:। ন্বাধিপ ! মহাবাজেতি পদ্ধন্মেব ক্ষত্তিয়-প্রধানপবং ভীম্মস্ত বাজ্বাভাবাৎ। তত্ত্বে মধার্থতিয়া ॥১—২॥

তেনেতি। তপসা অপিশ্বাৎ কৌশলেন চ ॥৩॥

ষাবেতি। বাতৃং স্থানান্তবে গভং ধানা পাথেরক্লপা লাজা বেষাং তে পৃষোদরাদিষাৎ সাধু: । মহানা ক্লোধেন আবিষ্টদেহেন বিশ্বামিজেন ॥৪॥

মহানিতি। ব্ৰন্ধবিশতেন সঙ্গুলো ব্যাপ্ত: ॥৫॥

ৰচীকভেতি। ৰচীকত তদাখ্যত মুনে:। মহাসত্ৰাৎ বিশালৰভাৎ ॥।

ভারতভাবদীপ:

বান্দণ্যনিতি॥>—৫॥ ঋষীকভাত্মজ ইত্যবাজীগর্জাত্মজ ইতি বোধ্যন্। "সোহজীগর্জং বৃধিষ্টির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতাসহ। ক্ষত্রিয়, বৈশ্য ও শুজের পক্ষে বান্দণত্ব বদি তুল ভই হয়, তাহা হইলে, মহাত্মা বিশ্বামিত্র ক্ষত্রিয় হইয়াসেই বান্দণত্ব প্রকারে লাভ করিয়াছিলেন; ইহা আমি গুনিতে ইচ্ছা করি; ধার্মিক নরশ্রেষ্ঠ। তাহা আপনি আমার নিকট যথায়পভাবে বলুন ॥১—২॥

পিতামহ ! অমিততেজা সেই বিশ্বামিত্র তপস্থার প্রভাবে মহাত্মা বশিষ্ঠের একশত পুত্রকে সন্থ বিনাশ কবিয়াছেন ৷৩৷

বিশ্বামিত্র ক্রোধাবিষ্ট হইয়া কালান্তক যমের জ্ঞায় তীক্ষতেজা বহু রাক্ষস সৃষ্টি করিয়াছিলেন ॥৪॥

এবং তিনি এই মনুষ্যলোকে বিশাল কুশিকবংশ স্থাপন করিয়াছিলেন ; শত শত বন্ধর্মি সেই বংশের সহিত মিশিতেন এবং বিদ্যান ব্যাহ্মণেরা সেই বংশের প্রাশংসা করিতেন ॥৫॥

^{(&}gt;) अश्वित्रशास्त्र वाकिनाकार्युक्टक नानाविषः भार्रदेवनगः वृक्षत्व ।

⁽৪) ভীক্ষতিজ্ঞসঃ --পি।

হরিশ্চন্দ্রঃ ক্রতৌ দেবাং তোষয়িষাত্মতেজসা।
পুত্রতাসমুসম্প্রাপ্তো বিশ্বাসিত্রস্থ ধীমতঃ মুণ॥
নাভিবাদয়তে জ্যেষ্ঠং দেবরাতং নরাধিপ!।
পুত্রাঃ পঞ্চাশদেবাপি শপ্তাঃ শ্বপচতাং গতাঃ মু৮॥
ত্রিশঙ্গু বিন্ধু ভিন্মু ক্ত ঐক্ষ্বাকঃ প্রীতিপূর্বকিষ্।
অবাক্শিরা দিবং নীতো দক্ষিণাসাজ্রিতো দিশম্ ॥৯॥
বিশ্বাসিত্রস্থ বিপুলা নদী দেবর্ষিসেবিতা।
কৌশিকী চ শিবা পুণ্যা ব্রক্ষরিস্করসেবিতা।
তপোবিশ্বকরী চৈব পঞ্চুড়া সুসম্মতা।
রস্তানামান্সরাঃ শাপাদস্য শৈলত্বমাগতা॥১১॥

ভারতকৌমুদী

হবিশ্বস্থ ইতি। ক্রতে) বাষ্টিত্যজ্ঞে॥ ।॥
নেতি। নাভিবাদয়তে জ্যেষ্ঠতবপুত্রগণ ইতি শেবঃ। খণচতামস্ক্রজ্ঞ বিশেষজ্ম ॥৮॥
ত্রিশঙ্বিতি। ঐক্বাক ইক্বাক্পুত্রঃ। অবাক্শিরা অশোমতকঃ॥৯॥
বিখেতি। কৌশিকী নাম, শিবা সাহাব্যজননেন মক্লকারিণী॥১০॥
তপ ইতি। পঞ্চুড়া জুটিকা যন্তাঃ মা, স্ক্রম্মতা কামুক্প্রিয়া॥১১॥

ভারতভাবদীপ:

"সোঁ বেসিয়বিনশনযা গরীতং তক্ত হ এয়: পুড়া আন্ত: শুন:পুচ্ছ: শুন:শেপ: শুনোলাঙ্কুল" ইতি
শৈতে: শুনাংশণক্ত পিতাজীগর্জ ইতাবগমাৎ; ক্লান্তরাভিপ্রায়েণ বেদং জ্লেয়ন্।৬॥ দেবাংশ্রেষিয়াথা তৈশ্রোক্ষিত: সন্, প্রতাং বিশ্বামিত্রক্তান্ত্রসম্প্রাপ্ত ইতি সমন্ধ:।৭॥ নাভিবাদরতে ন
নসন্ধ্রিতি, অনুস্বারলোপ আর্থ:। দেববাতং দেবৈর্কিশামিত্রার দন্তং তেন চ জ্রোষ্ঠং কুতং সম্ভদ,

খাচীক ম্নির পুত্র মহাতপা শুনঃশেপ বিশ্বাসিত্তেরই প্রভাবে পশুত প্রাপ্ত হইয়া, মহাযজ্ঞ হইতে বিচ্যুত হন ॥৬॥

রাজা হরিশ্চন্দ্র যজ্ঞে নিজের প্রভাবে দেবগণকে সম্ভুষ্ট করিয়াজ্ঞানী বিশ্বামিত্তেব পুত্রত্ব প্রাপ্ত হুইয়াছিলেন ॥৭॥

ক্ষত্রিযশ্রেষ্ঠ ! অপর পঞ্চাশৎ পুত্র, জ্যেষ্ঠ দেবরাডকে নমস্কার করে না বলিয়া, তাহাবা বিশ্বামিত্রের অভিসম্পাতে অস্কান্ত হইয়াছিল ॥৮॥

বন্ধুগণপবিত্যক্ত ইক্ষাকুপুত্র ত্রিশস্কু দক্ষিণ দিকে যাইয়া, অধোমুখ সইয়া, সম্ভুষ্ট বিশ্বামিত্তের প্রভাবে, স্বর্গে প্রেরিত হইয়াছিলেন ॥৯॥

⁽৯) ত্রিশত্র্বন্ধৃভিন্যাক্র: পি।

তথৈবাস্ত ভয়াৰদ্ধা বশিষ্ঠঃ সলিলে পুরা।
আত্মানং মজ্জয়ন্ শ্রীমান্ বিপাশঃ পুনরুখিতঃ । ১২॥
তদা প্রভৃতি পুণ্যা হি বিপাশাভূমহানদী।
বিখ্যাতা কর্মণা তেন বশিষ্ঠস্ত মহাজ্নঃ ॥১৩॥
বাগ্ভিশ্চ ভগবান্ যেন দেবসেনাগ্রগঃ প্রভুঃ।
স্তভঃ প্রীতমনাশ্চাসীচ্ছাপাচিচনমমুঞ্ত ॥১৪॥

ভারতকৌমূদী

তথেতি। বদ্ধা পাশেনাত্মানং সংৰক্ষ । তবৃদ্ধাঘাতেন বিগতঃ পাশোবজুর্যক্ত স বিপাশ: ॥১২॥ তদেতি। বিপাশা নাম বিধ্যাতা মহান্তভুৎ ॥১৩॥

বাগ্ ভিবিতি। ভগবান্ দেবসেনারা অগ্রগঃ প্রভুর্দেববাজ্ঞঃ যেন বিশ্বামিত্রেন বাগ্ ভিস্ততঃ, তেন চ প্রীতমনা আসীং; বশিষ্ঠপুত্রোণাং শাপাচ্চ এনং বিশ্বামিত্রম্ অমুঞ্চ অমোচরং। কদাচিদিবামিত্রঃ শ্বাচো ভবেতি শপ্তং ত্রিশস্ক্রং বাজয়ন্ স্বম পি শ্বপচো ভবেতি বশিষ্ঠপুত্রৈঃ শপ্তঃ সন্
চৌর্ব্যেণ মৃতকুর্কু রজঘনমাংসং হরন্ পক্তমারেভে; ইক্রশ্চ তং মাংসং হবন্ বিশ্বামিত্রেন স্বতন্তঃ
ভচ্ছাপাৎ অমোচরং ॥১৪॥

ভারতভাবদীপঃ

শপ্তা খেনেতি শেষঃ ॥৮॥ বন্ধতি পুঁকে: বসিষ্ঠশাপেন চাঞালতাং গতভাৎ দিবং খেন নীতঃ
॥৯—১০॥ পঞ্চ চূড়াঃ বলয়ভেদা বস্তা সা। চূড়া বলয়ভেদে স্থা দিতি মেদিনী ॥১১—১৬॥
বাগ ভিরিতি। ত্রিশস্থং বাজয়ন বিশ্বামিত্রো বসিষ্ঠপুর্তৈঃ শপ্তঃ শপচন্ত যালকস্বং শপচো ভবিশ্বগীতি, তং শাগমূতং কর্ত্ত্য, বিশ্বামিত্রঃ কন্তাঞ্চিদাপদি শ্বজাঘনীং চোর্যেণার্জনিয়া পক্ত্যমারেভে,
ভামিত্রঃ স্থেনর্বপেণ হতবান্ ভাবতৈবারং শাপান্ত্রণ ববর্ষ চেক্র ইতি। দেবদেনানামপ্রগঃ

দেবর্ষি, ব্রহ্মর্ষি ও দেবগণসেবিভা সর্বজনমঙ্গলকারিণী পবিত্রা ও বিশালা কৌশিকী নদী বিশ্বামিত্রেরই প্রভাবে উৎপন্ন হইয়াছিল ॥১০॥

পঞ্চূড়াসম্পন্ন। ও কামুকপ্রিয়া রম্ভানামী অব্দরা বিশ্বামিত্রের তপস্থার বিশ্ব করিতেছিল।, তথন সে বিশ্বামিত্রের অভিসম্পাতে পাষাণ হইয়া গিয়াছিল ॥১১॥

পূর্ককালে তপস্থী বশিষ্ঠ বিশ্বামিত্রেব ভয়ে পাশদাবা আপনাকে বন্ধন করিয়া, এক নদীর জলে মগ্ন করেন; তখন তরঙ্গের আঘাতে সেই পাশ ছিন্ন হওয়ায় তিনি পুন্দায় উত্থিত হন ॥১২॥

মহাত্মা বশিষ্ঠের সেই কার্য্যে তদবধি সেই মহানদী পবিত্র বিপাশা নামে বিখ্যাত ইইয়াছে ॥১৩॥

দেবদেনার অগ্রগামী ভগবান্ দেবরাজ যাঁহার স্তবে সন্তুষ্ট হইয়া ভাঁহাকে

ধ্রুবস্থোত্তানপাদস্য ব্রহ্মর্থীণাং তথৈব চ।

মধ্যে জ্বতি যো নিত্যমুদীচীমাঞ্জিতো দিশম্ ॥১৫॥
তথ্যৈতানি চ কর্মাণি তথান্যানি চ কোরব !।
ক্ষিত্রিয়স্তোত্তাে জাতমিদং কোতৃহলং মম ॥১৬॥ (যুগ্যকম্)
কিমেতদিতি তত্ত্বেন প্রক্রাহি ভরতর্বভ!।
দেহান্তরমনাদান্য কথং দ ব্রাহ্মণােহ্ভবং ॥১৭॥
এতত্ত্বেন মে তাত ! সর্ক্রমাখ্যাতুমহাদি।
মতঙ্গস্য যথা তত্ত্বং তথৈবৈত্বদস্য মে ॥১৮॥
স্থানে মতঙ্গো ব্রাহ্মণ্যং নালভদ্তরতর্বভ!।
চাণ্ডালযোনাে জাতাে হি কথং ব্রাহ্মণ্যমাপ্তবান্ ॥১৯॥

ভারতকোমুদী

ধ্বভোতি। উত্তানপাদভাপত্যমিত্যে জিনপাদন্তত তথা ব্রহ্মর্থীণাং মবীচ্যাদীনাং চ মধ্যে বো বিশ্বামিত্রঃ, উদীচীং উত্তরাং দিশমাশ্রিতঃ সন্ নিত্যং জ্বতি নক্ষত্ররূপে প্রকাশতে, ক্ষত্রিহৃত্ত তত্ত বিশ্বামিত্রত এতানি অক্তানি চ কর্মাণি বভূব্রিত্যতো মমেদং কেতিহৃহলং জাত্য্ ॥১৫—১৬॥

কিমিভি। অনাসাম্ভ অপ্রাণ্য, স বিখামিতঃ ॥১৭॥

এডদিতি। নতদশু বাহ্মণ্যাং শুরাজ্ঞাতখ্য চণ্ডাল্খ ॥১৮॥

ভারতভাবদীপঃ

শ্রেষ্ঠ ইক্র: ॥১৪॥ অনতি তারারপেণ ॥১৫—১১॥ মতকত্ত ব্রান্ধণ্যাং শুলাজ্জাতত চাণ্ডালত বণা মহতাপি তপন! ব্রান্ধণ্যথাপাং জাতং তথৈবৈত্রম ছাতি, দং তৃ বথা জাতং তথা বদম ॥১৮॥ বিশিষ্ঠপুত্রগণের শাপ হইতে মুক্ত কবিয়াছিলেন। (ইহাব ইতিহাস টীকায় জেষ্টব্য) ॥১৪॥

যে বিশ্বামিত্র উত্তর দিকে থাকিয়া উত্তানপাদ রাজার পুত্র গ্রুব এবং মরীচিপ্রভৃতি ব্রহ্মর্বিগণের মধ্যে প্রভাহ নক্ষত্রনপে আকাশে প্রকাশিত হন। কৌরবনন্দন!
সেই ক্ষত্রিয় বিশ্বামিত্রের এই সকল ৬ অন্তান্ত বহুতর কর্দ্ম শুনিতে পাওয়া যায়।
এই জন্মই ইহা বিস্তৃতভাবে শুনিবার্ব জন্য আমার কৌতৃক জন্মিয়াছে ॥১৫—১৬॥

ভরতশ্রেষ্ঠ ৷ এটা কি ? আপনি ইহা যথার্থভাবে বলুন ৷ বিশ্বামিত্র অক্স শরীর ধারণ না করিয়াই কি প্রকারে ব্রাহ্মণ হইয়াছিলেন ॥১৭॥

তাত। আপনি এই সকল বিষয় আমার নিকট যথাযথভাবে বলুন এবং মতদেরও যে বাণতত্ত্ব তাহাও আপনি আমার নিকট বিরুত ককন ॥১৮॥

⁽১৯) ইত: পরং ল'ভৃতীয়ে(২ধাব:'--বঙ্গ নি ৷

ভীশ্ব উবাচ।

প্রান্থাং পার্থ তত্ত্বেন বিশ্বাসিত্রো যথা পুরা।
বাক্ষণত্বং গতন্তাত ! বক্ষর্যিত্বং তথৈব চ ॥২০॥
ভরতস্থান্তরে চৈবাজমীঢ়ো নাম পার্থিবঃ।
বন্তব ভরতপ্রের্ছ ! যন্ত্বা ধর্মভূতাং বরঃ ॥২১॥
তত্ম পুরো মহানাসীচ্ছহুর্নাম নরেশ্বরঃ।
ত্বিভূত্বমনুপ্রাপ্তা গঙ্গা যত্ম মহান্তনঃ॥২২॥
তত্মাত্মজন্তব্যুগ্রণঃ সিন্ধুদ্বীপো মহাযশাঃ।
সিন্ধুদ্বীপাচ্চ রাজর্ধির্বলাকাশ্বো মহাবলঃ॥২০॥

ভারতকোমুদী

হান ইতি। হানে মুক্তং "বুক্তে বে সাম্প্রতং হানে" ইভাসর:। চাওাগবোদে) জাতো জাত-বং "অচেওালম্ব জনিতো ব্রাহ্মণ্যাং বুবলেন য:" ইতি স্বতে: ॥১৯॥

শ্রায়তামিতি। তত্ত্বেন ষ্থার্থতন্ত্রা। গতঃ প্রাপ্তঃ ॥২০॥

ভর্তজ্ঞেতি। ভরতত প্রসিদ্ধগুরুত্বপুরুত। বঙ্কা বর্থাবিধানং বাগুকুর্ড। ॥২১॥

তভেতি। সভএব গলা মাহ্বীত্যাগায়ত ইতি ভাব: ॥২২॥

তভেতি। তুল্যধ্ব: পিতৃস্মানধ্বক: ।২৩॥

ভারতভাবদীপঃ

স্থানে মুক্তন্। কণং ব্রাহ্মণাং প্রাপ্তবান্ বিশামিত ইভি শেষঃ ॥১৯॥ প্রায়ভামিতি। ব্রাহ্মণেম্পি ভরতপ্রেষ্ঠ। সভঙ্গ বে ব্রাহ্মণম্ব লাভ করে নাই, ভাহা সঙ্গভই হইয়াছিল। কারণ, বে চণ্ডাল হইয়া জন্মিয়াছিল, সে কি প্রকারে ব্রাহ্মণম্ব লাভ করিত ? ॥১৯॥

ভীম বলিলেন—'বৎস পৃথানন্দন ! পূর্বকালে বিশ্বামিত্র যে প্রকারে ব্রাহ্মণম ও ব্রহ্মর্থিক লাভ করিয়াছিলেন, তাহা তুমি যথাযথভাবে প্রবণ কর ॥২০॥

ভরতশ্রেষ্ঠ ৷ ভরতরাজার বংশে আজমীঢ়নামে বাজ্ঞিক ও ধার্ম্মিকশ্রেষ্ঠ এক রাজা ছিলেন ॥২১॥

উহিার পুত্র 'জহু,' মহারাজ হইয়াছিলেন; গঙ্গা যে মংগন্ধার ক্যাত লাভ করিয়াছিলেন ॥২২॥

সেই জহনুর পুতা সিদ্ধুদীপ পিতার তুলা গুণবান্ ও মহাযশা হইয়াছিলেন; সেই সিদ্ধুদীপ হইতে বলাকাশ্বনামে এক মহাবল রাজর্ধি জন্মগ্রহণ করেন ॥২৩॥

⁽২৩) সিমুবীপক্ত রাজবিং -- পি।

বল্লভস্তস্থ তনয়ঃ সাক্ষান্ধ ইবাপরঃ।
কুশিকস্তাত্মজঃ সহস্রাক্ষসমত্যুতিঃ ॥২৪॥
কুশিকস্থাত্মজঃ শ্রীমান্ গাধিনাম জনেশ্বরঃ।
অপুত্রঃ প্রদবেনার্থী বনবাসমুপাবসং ॥২৫॥
কথা জজে স্থতাত্তস্থ বনে নিবসতঃ সতঃ।
নাম্মা সত্যবতী নাম রূপেণাপ্রতিমা ভূবি ॥২৬॥
তাং বত্রে ভার্গবঃ শ্রীমাংশ্চাবনস্থাত্মসম্ভবঃ।
ঋচীক ইতি বিখ্যাতো বিপুলে তপসি স্থিতঃ ॥২৭॥
স তাং ন প্রদর্গে তব্মে ঋচীকায় মহাত্মনে।
দরিদ্রে ইতি মতা বৈ গাধিঃ শক্রনিবহ'ণঃ ॥২৮॥

ভারতকোমুদী

বল্লভ ইতি। সংশ্রাক্ষসমত্যতিঃ ইক্রসমানতেজাঃ।২৪॥
কুশিকভেতি। প্রস্বেন প্রেণ অব্দী ঈশরাস্থিকে প্রার্থনাকাবী মহলা
কল্রেতি। তম্ম কুশিকভ স্থতাদ্গাখেঃ, জল্পে জাতা।২৬॥
তামিতি। বত্রে ব্যাচে, ভার্গনো ভ্রুবংশীরঃ, শ্রীসান্ কাস্তিমান্॥২৭॥
স ইতি। শক্রনিবর্হণঃ শক্রদসনকাবী ॥২৮॥

ভারতভাবদীপঃ

শ্বিষং মন্ত্ৰষ্ট্ৰং গোত্ৰপ্ৰবৰ্ত্ত কৰং বা ॥২০—২৩॥ বল্লভো নাম ॥২৪॥ প্ৰদ্ৰেন সোমাভিষ্ব নিমিজেন অৰ্ণী প্ৰাৰ্ণী ॥২৫॥ স্মতাৎ সোমাভিষ্বোপলক্ষিতাদ্যজ্ঞাৎ বন্ধস্তব্যবিহিতাভাদৃশী বন

ভাহার পুত্র 'বল্লভ' মূর্ত্তিমান্ বিভীয় ধর্মের স্থায় রাজ। ছিলেন; ভাহার পুত্র 'কুশিক' ইন্দের তুল্য ভেজন্বী রাজা হইয়াছিলেন ॥২৪॥

কুশিকের পুত্র স্থন্দরমূর্ত্তি 'গাধি' তৎপরে রাজা হন; কিন্তু তিনি পুত্র না হওযায় পুত্রার্থী হইয়। বনে বাস করেন ॥২৫॥

কুশিকের পুত্র গাধি বনে বাস করিতে থাকিলে, ভাঁহার একটা কন্যা জিমিয়া-ছিল, তাহার নাম হইয়াছিল 'সভাবতী' এবং সে রূপে পৃথিবীতে অভুলনীয়া হইযাছিল ॥২৬॥

মহাতপক্ষী ও সুন্দরমূর্ত্তি ভ্গুবংশীধ চ্যবনের পুত্র খাচীক যাইয়াসেই সভ্যবতীকে প্রার্থন। করিয়াছিলেন ॥২৭॥

শক্র-দমনকারী গাধি মহাত্মা ঋচীককে দরিজ্ঞ মনে করিয়া ভাঁহার হস্তে সভ্য-বতীকে দান করিতে সমত হইলেন না ॥২৮॥ প্রত্যাখ্যায় পুনর্যাতমত্রবীদ্রাজসন্তনঃ। শুল্কং প্রদীয়তাং মহুং ততো বেংশুসি মে সুতান্ ॥২৯॥ ঋচীক উবাচ।

কিং প্রদছাসি রাজেন্দ্র । তুভ্যং শুল্কমহং নৃপ । । তুহিতুক্র হিসংসজো মাভূতত্ত বিচারণা ॥৩০॥ গাধিকবাচ ।

চন্দ্রশাপ্রকাশানাং হয়ানাং বাতরংহসাম্। একতঃ শ্রাসকর্ণানাং সহস্রং দেহি ভার্গব। ॥৩১॥ ভীষ্ম উবাচ।

ততঃ স ভ্ঞাদু লশ্চ্যবনস্থাত্মজঃ প্রভুঃ। অব্রবীদ্বরুণং দেবমাদিত্যং পতিমস্তসামৃ॥৩২॥

ভারতকৌমুদী

প্রভীতি। বাতং প্রস্থিতং ক্ষচীকৃষ্। বেংশুনি লক্ষাদে॥২০॥

কিমিতি। ছহিতৃ: শুরুমিতি সম্বন্ধ:। অসংসক্তঃ অধিকশুরুগ্রহণে অব্যাপৃত:।৩০।

চক্রেতি। হে ভার্গব ! চক্রবন্দীনামিব প্রকাশঃ শুলা দীপ্তিবেষাং তেয়ান, বাভজ বারোরিব রুছো বেগো বেষাং তেয়ান, একত একন্মিন্ পার্যে জ্ঞানাক্র্ণী বেষাং ভেষাঞ্চ ক্যানাম্যানাং সহস্রং ক্ষারাঃ শুদ্ধর্মপেণ দেহি ॥৩১॥

ভত ইতি। প্রভূত্বপ: গ্রভাবশালী। আদিত্যসদিজে: পূঞ্দ্ ॥৩২॥ ভারতভাবদীপ:

বাস্থাগোর কলা জজে ॥২৬। ভার্গবো ভ্রেগ্রেগিজাপতাস্ ॥২৭—২৮॥ বেংশুনি উদ্বাহন আচীক প্রত্যাথাতে হইরা প্রস্থান কবিলে, বাজ্ঞেষ্ঠ গাধি পুনরায় তাঁহাকে বলিলেন—'আমার কল্যাটীব শুল্কদান ককন, তৎপরে তাহাকে লাভ করিবেন ॥২৯॥ প্রচীক বলিলেন—'রাজ্ঞেষ্ঠ রাজা। আমি আপনাকে কি শুল্ক দান করিব,

ভাহা আপনি অধিকাকাজ্জনী না হইয়া বলুন, সে বিষয়ে আপনি কোন বিচার
করিবেন না' ॥৩০॥

গাধি বলিলেন—'ভৃগুনন্দন! চন্দ্র কিরণের স্থায় শুভ্রবর্ণ, বায়ুর তুল্য বেগবান্ এবং একদিকের কর্ণ শ্রামবর্ণ, এইবাপ এক সহস্র অশ্ব কন্সার শুভ্রবপে আমাকে স্থাপনি দান করুন' ॥৩১॥

⁽२৯) खकः श्रमीयकाः मकः ७७। मन्मामि तम स्टाम् - नि ।

⁽৩০) ছহিত্র হসংমত্ত: । গি।

একতঃ শ্রামকর্ণানাং হয়ানাং চন্দ্রবর্চসায়।

সহব্রং বাতবেগানাং ভিক্ষে হাং দেবসতম। ॥৩ গা

তথেতি বরুণো দেব আদিত্যো ভ্রুসন্তময়।

উবার্চ যত্র তে চহন্দস্তত্রোত্থাস্থান্তি বাজিনঃ ॥৩৪॥

ধ্যাতমাত্রমূচীকেন হয়ানাং চন্দ্রবর্চসায়।

াঙ্গাজলাৎ সমূত্রহো সহব্রং বিপুলোজসায়।
অদুরে কান্তর্কুজন্ত গঙ্গায়ান্তীরমূত্তমম্।

অদুরে কান্তর্কুজন্ত গঙ্গায়ান্তীরমূত্তমম্।

অমুতীর্থং তদজাপি মানবৈঃ পরিচক্ষ্যতে ॥৩৬॥

ততো বৈ গাধ্যে তাত। সহব্রং বাজিনাং শুভম্।

ঋচীকঃ প্রদর্গে প্রীতঃ শুক্ষার্থং তপসাং বরঃ ॥৩৭॥

ভারতকোমুদী

একত ইতি। চন্দ্রখন বর্জ: শুলা কান্তির্বেষাং তেষাস্। ভিকিন্ধিকর্মক: ॥৩০॥ তথেতি। চন্দ্রম: অভিথায়:, উথাক্তন্তি উৎপংক্তন্তে ॥৩৪॥ ধ্যাতেতি। ধ্যাত্যাত্রং চিন্তাকরণমাত্রস্ ॥৩৫॥ অদ্র ইতি। কাক্তব্যক্ত তদাথাক্ত দেশক্ত। তৎ তেবামখানাম্ৎপজিস্থান্য ॥৩৬॥ ভত ইতি। গাধ্বে গাধিবাজায় শুলার্থং তৎ কল্পায়া: গণার্থস্॥৩৭॥

ভীম বলিলেন—'তাহার পর ভৃগুবংশশ্রেষ্ঠ ও তগঃপ্রভাবশালী ঋচীক যাইয়া, জলাধিগতি অদিতির পুত্র বরুণদেবকে কহিলেন—॥৩২॥

'দেবশ্রেষ্ঠ। একদিকের কর্ণ শ্রামবর্ণ, চন্দ্রের স্থায় শুভ্রকান্তি এবং বায়ুর তুল্য বেগবান এক সহস্র অশ্ব আমি আপনার নিকট প্রার্থনা করি ॥৩৩॥

তখন অদিতির পুত্র বরুণদেব খাচীককে বলিলেন, 'তাহাই হইবে' যে স্থানে আপনার ইচ্ছা, সেই স্থানেই এইনপ এক সহস্র অশ্ব উপ্থিত হইবে ॥৩৪॥

তাহার পর ঋটীক চিন্ত। করিবামাত্র চন্দ্রের ক্যায় শুভ্রবর্ণ ও মহাভেন্ধ। এক সহস্র-অর্থ গঙ্গান্ধল হইতে উথিত হইল ॥৩৫॥

বে স্থান হইতে সেই অশ্ব সকল উথিত হইরাছিল, তাহা কাম্যকুজের নিকটে গলার উত্তম তীর; সেই দেশের মামুষেরা সেই স্থানটীকে অভাপি অশ্বতীর্থ বলে ॥৩৬॥

বংস! তাহার পর জপকারীশ্রেষ্ঠ খাচীক সম্বষ্টচিত্তে শুভলক্ষণসম্পন্ন সেই স্থ্য অখ. শুন্ধের জন্ম গাধিবাজাকে দান করিলেন ॥৩৭॥

⁽৩৭) শুরার্থ: তুপতা: বর:---বদ।

ততঃ স বিস্মিতো রাজা গাধিঃ শাপভয়েন চ।
দদৌ তাং সমলয়ত্য ক্যাং ভ্রুত্মতায় বৈ ।
জগ্রাহ বিধিবৎ পাণিং তত্যা ব্রহ্মর্বাপক ।
সা চ তং পতিমাসাল্য পরং হর্ষম্বাপ হ ।
সা চ তং পতিমাসাল্য পরং হর্ষম্বাপ হ ।
স্ব তুতাব চ ব্রক্মর্বিস্তত্যা রুত্তেন ভারত । ।
ছন্দয়ামাস চৈবৈনাং বরেণ বরবর্ণিনীয় ॥৪০॥
মাত্রে তৎ সর্বমাচখ্যে সা ক্যা রাজসত্তম ! ।
অথ তামব্রবীস্মাতা স্কৃতাং কিঞ্চিদবাল্ম্থীয় ॥৪১॥
মমাপি পুত্রি ! ভর্ত্তা তে প্রসাদং কর্ত্ব মহর্ণিত ।
অপত্যক্ত প্রদানেন সমর্থন্ট মহাতপাঃ ॥৪২॥
ততঃ সা ছরিতং গছা তৎ স্বং প্রত্যবেদয়ৎ ।
মাতৃশ্চিকীর্বিতং রাজন্ ! ঋচীকন্তামথাব্রবীৎ ॥৪০॥

ভারতকৌমুদী

ভত কতি। বিশ্বিত: ত্ব ভানাসণ্যখানাং দানাৎ ।৩৮॥

অথাতেতি। তভা গাধিকলারা:, ব্রহ্মর্থস্তনো ধাচীকঃ ॥৩৯॥

স ইতি। বুভেন ব্বেহাবেশ ছন্দরামান তোৰ্যামান ॥৪০।

মাজ ইতি। মাজে গাধিবাঞ্জার্যারে। অবালুশীং লজ্জ্যা ॥६১॥

মমেতি। প্রসাদসক্রহম্ । স্মর্থ: অপত্যপ্রদানে ॥৪২॥

ভাহাতে গাধিবান্ধা বিশ্বযাপন ইইয়া, শাপেব ভয়ে সেই বফাটীকে অলঙ্কুত করিয়া, খাচীকের হস্তে সম্প্রদান করিলেন ১৩৮॥

তখন ব্ৰহ্মৰ্থিশ্ৰেষ্ঠ খাচীক যথ।বিধানে সেই কফাটীর পাণিগ্ৰহণ কবিলেন; সেই কফাটীও খাচীককে পতিলাভ করিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৩৯॥

ভরতনন্দন। ক্রেমে ব্রহ্মর্ধি ঋচীক সেই ক্যার ব্যবহারে সম্ভষ্ট হইলেন এবং বর দান করিবার ইচ্ছ। জানাইযা সেই বরবর্ণিনীকে স্থানন্দিত করিলেন ॥৪০॥

রাজশ্রেষ্ঠ। তখন সেই কম্যাটী যাইযা, তাহার মাতার নিকট সেই সমস্ত কথ। বলিল। তাহার পর মাতা লজ্জায় কিঞ্চিৎ অবনতব্দনা সেই ক্যাটীকে বলিলেন—॥৪১॥

'বৎস। তোমার স্থামী সন্তান প্রদানদারা, আমাব উপবেও অনুগ্রহ করিতে পারেন। কারণ, তিনি মহাতর্পা বলিয়া এবিষয়েও সমর্থ হইবেন ॥৪২॥

⁽৩**৯) ব্রাহ্মণস্তুম··**·হর্ষ্মবাগ চ—পি।

গুণবন্তমপত্যং সা নচিরাজ্জনিয়্মতি।

মন প্রসাদাৎ কল্যাণি! মাভূতে প্রণয়োহত্যথা ॥৪৪॥

তব চৈব গুণশ্লাঘী পুত্র উৎপৎস্ততে মহান্।

অত্মবংশকরঃ শ্রীমান্ সত্যমেতদ্ববীমি তে ॥৪৫॥

ঋতুস্মাতা চ সাখপং ত্বপ্রক্ষরম্।

পরিষক্ষেতাঃ কল্যাণি। তত এবমবাক্ষ্যথঃ ॥৪৬॥

চরুষয়মিদং চৈব মন্তপূতং শুচিস্মিতে!।

ছং চ সা চোপভূঞ্জীতং ততঃ পুত্রাববাক্ষ্যথঃ ॥৪৭॥

ততঃ সত্যবতী হান্টা মাতরং প্রত্যভাষত।

যদৃচীকেন কথিতং তচ্চাচথোঁ চরুদ্মান্ ॥৪৮॥

ভারতকৌমুদী

ভবেতি। গুণয়াদী গুণগর্কী, মহান্ প্রশন্ত: LBCII

ৰাখিতি। পরিহলেতা আলিক্ষে: এবং পুত্রন্ । ৪৬,।

চর্নিতি। শুচি শুল্রং নিতং মল্লাভং বছান্তৎ সহোধন্য। ৪৭॥

রাজা। তদনস্তর সত্যবতী সহব যাইয়া মাতাব অভীষ্ট সেই সমস্ত বিষয় স্থামীকে জানাইলেন। তখন ঋচীক তাঁহাকে বলিলেন—॥৪৩॥

'কল্যাণি। আমার অনুগ্রহে অচিরকালমধ্যে ভোমার মাতাও গুণবান্ পুহ জন্মাইবেন; ভাহাতে ভোমার মাতৃসৌহাদি ভগ্ন হইবে না ॥৪৪॥

তোমারও পরম স্থলব, প্রশংসনীয় ও গুণশ্লাঘ্য একটা পুত্র স্কল্মিবে এবং সে আমাদের বংশ রক্ষা করিবে। ইহা আমি তোমার নিকট সত্য বলিভেছি ।৪৫॥

উপবাসঞ্চ দীক্ষায়ামভিষেকক পার্থিব!।
কুত্রা দ্বাদশবর্ধাণি বীরস্থানাদ্বিদিয়তে॥১৯॥
অধীত্য সর্ব বেদান্ বৈ সজো তুংথাদ্বিয়ত্যতে।
মানসং হি চরন্ ধর্মং স্বর্গলোকমুপাগ্নুতে॥২০॥

ভারতকোমুদী

স্বিলেভি। স্বিলাশী জলমাত্রপায়ী, সদা অগ্নি: সংস্কৃতো বেন স স্বাগিসংস্কৃতঃ অগ্নাহি-ভাদিবং পর্যনিপাভঃ। মহুস্ অভীষ্ঠমন্ত্রং সাধ্যতো জপতঃ, অনাশকে ভোজনশৃত্তে নারুপৃষ্ঠং অর্থোপরি স্থানং ভাৎ ৪১৮॥

উপেতি। দীক্ষারাং বজাবন্তে উপবাসঞ্চ অভিষেক্ষ বাদশবর্ষানি বাবৎ কৃষণ বীর্ম্মানাৎ স্বর্গাদশি বিধিয়তে বিশিষ্টশ্বানগামী এক্ষণোক্বাসী ভবতি ॥১৯॥

व्यरीएगुडि। गानमः धर्मः मननि प्रविश्वाधिकम् ॥२०॥

ভারতভাবদীপঃ

সভাসস্থল বিশিষ্যতে বন্ধলোকপ্রদেশতৎ হর্মিত্রর্থ: ॥১০॥ কারিক্ প্রায়িক্ ধর্ম প্রায়িক্যা নিজ্যা বিশ্বর নিজ্যাধনং তপোবিশেব:। অনাশকে হিতমিতনেধ্যাণনেধনদনে বা ॥১৮॥ ঘাদদবার্ষিক্যাং দীক্ষারান্, উপবাসং ব্রতার্থ কীবাছাহারন্, ব্রতক "পদ্মে ব্রাহ্মণভ ব্রতং ব্রাপ্র্রাক্তভানিক্যা বৈভাভে"তি শ্রুতিপ্রসিদ্ধন্ । অভিবেকং ঘাদদবার্ষিকং তীর্থাটনং বা বীরস্থানাৎ স্বর্গাদিশি বিশিষ্যতে ব্রহ্মলোকপ্রদেশতৎ হর্মিত্যর্থ: ॥১৯॥ কারিকং ধর্মমুক্ত্রা বাচিক্সাহ—

মানুষ স্ত্রী পরিত্যাগপূর্বক তিন বেলা স্নান ও বায়ুমাত্র পান করিয়া যজের ফল লাভ করে এবং সভ্য ব্যবহারে স্বর্গ ও যজামুষ্ঠানে উত্তমকুল প্রাপ্ত ছইয়া থাকে ॥১৭॥

যে লোক জলমাত্রপায়ী হয়, যে ব্রাহ্মণ সর্বনা সংস্কৃত অগ্নিতে হোম করেন, যিনি ইষ্টমন্ত্র জপ করেন এবং যিনি একেবারেই ভোজন পরিত্যাগ করেন, তাঁচালের ইংলোকে রাজ্য ও পরলোকে স্বর্গ হইয়া থাকে ॥১৮॥

রাজা। মানুষ দাদশ বৎসর যাবৎ যজ্ঞে প্রবৃত্ত থাকিয়া, উপবাস ও অভিষেক ক্রিয়া ব্রহ্মলোক লাভ করে ॥১৯॥

শ্রাহ্মণ সমস্ত বেদ অধ্যয়ন করিয়া সন্তই তুঃখমুক্ত হন এবং যে কোন সামুষ মনে মনে ইষ্টদেবতার পূজা করিয়া স্বর্গ লাভ করে ॥২০॥

⁽১৮) সদায়ি: সংস্কৃতো হিজ্ঞ:---বছ বৰ্দ্ধ, সরুং সাধয়তো ব্রাজ্ঞাং---পি।

যা সুস্তাজা দুর্ঘতিভির্ষা ন জীর্যাত জীর্যাতঃ।
বোহসৌ প্রাণান্তিকো রোগন্তাং তৃষ্ণাং তাজতঃ সুখন্ ॥২১॥
যথা দেমুসহল্রেম্ বংসো বিন্দতি মাতরম্।
এবং পূর্বকৃতং কর্ম কর্তারমমুগচ্ছতি ॥২২॥
অচোল্লমানানি যথা পুজ্পাণি চ ফলানি চ।
স্বকালং নাতিবর্ত্তন্তে তথা কর্ম পুরা কৃত্তম্ ॥২০॥
জীর্যান্তি জীর্যাতঃ কেশা দন্তা জীর্যান্তি জীর্যাতঃ।
চক্ষুং প্রোত্রে চ জীর্যাতে তৃষ্ণৈকা ন তু জীর্যাতঃ।
বেন প্রাণাতি পিতরং তেন প্রীতঃ প্রজাগতিঃ।
প্রাণাতি মাতরং দেন পৃথিবী তেন পূজিতা।
বেন প্রাণাত্যপাধ্যায়ং তেন স্থাদ্বক্ষপ্রিতম্ ॥২৫॥

ভাবতকোমুদী

বেভি। জীর্থাতো জীর্ণীভবতোষপি জনন্ত। তৃকাং লোভস্ ॥২১॥

য়বেভি। বিন্দতি অঘিয়া লভতে। কর্ম পুণাং পাপঞ্চ ॥২২॥

আচোত্তেভি। অচোত্তমানানি কেনাপাপ্রেয়ামানানি ॥২৩॥

জীর্থান্তি। জীর্থান্তি পকা ভবন্তি আনন্তি বা ॥২৪॥

বেনেভি। যেন ভক্তিবোগেন। পৃথিনীস্থা: সর্কে জনা:। ষট পাদঃ ॥২৫॥

ছুবুদ্ধিলোকেব পক্ষে যাহাকে ভাগে কৰা ছুক্কব, মানুষ জীর্ণ হইলেও যে জীর্ণ হয় না এবং যে প্রাণনাশক বোগস্থকাপ সেই ভূফাকে যিনি ভ্যাগ কবিতে পারেন, ভাঁহারই সুখ হয় ॥২১॥

গোবৎস যেমন বহুতর গব্দ মধ্যেও নিজের মাতাকে খুঁজিয়। লয়; এইরপ পূর্ববক্বত পুণ্য ও পাপ কর্ত্তার অনুসবণ কবে ॥২২॥

কেহ প্রেরণ না করিলেও যেমন পুষ্প ও ফল আপন আপন কাল অভিক্রেম করে না; তেমন পূর্বকৃত পুণা ও পাপ আপন আপন কর্তাকে অভিক্রেম করে না ॥২৩॥

মানুষ জবাজীর্ণ হইলে কেশজীর্ণ হয়, মানুষ প্রাচীন হইলে দাঁত পড়িয়া যায় এবং চোখ ও কান শক্তিহীন হইয়া পড়ে, কিন্তু একমাত্র তৃষ্ণা জীর্ণ হয় না ॥২৪॥

সানুষ যে ভক্তিদ্বাবা পিতাকে সন্তুষ্ট করে, সেই ভক্তিদ্বারাই প্রক্রাপতি সন্তুষ্ট হন, যে ভক্তিদ্বাবা সাতাকে প্রীত করে সেই ভক্তিদ্বারাই পৃথিবীর লোক প্রীত হয় এবং যে ভক্তিদ্বারা অধ্যাপককে সন্তুষ্ট করে সেই ভক্তিদ্বারাই পরমাত্মা সন্তুষ্ট হন ॥২৫॥ সর্বে তম্মাদৃতা ধর্মা যমৈতে ত্রয় আদৃতাঃ। অনাদৃতাস্ত যমৈতে সর্ব্বাস্তম্মাফলাঃ ক্রিয়া; ॥২৬॥ বৈশম্পায়ন উবাচ।

ভীশ্ববৈদ্যভদ্ধ শ্ৰেছা বিশ্মিতাঃ কুরুপুঙ্গবাঃ। আসন্ প্রহাউমনসঃ প্রীভিমন্তোহভবং স্তদা ॥২৭॥

যন্দ্রে ভবতি রুথোপযুজ্যমানে যৎ সোমে ভবতি রুথাভিষ্য়মাণে। যচ্চাগ্রো ভবতি রুথাভিছুয়মানে তৎ সর্বং ভবতি রুথাভিধীয়মানে॥২৮॥

> ইত্যেতদৃষিণা প্রোক্তমুক্তবানিম্ম যদিভো। শুভাশুভফলপ্রাপ্তো কিমতঃ শ্রোভূমিছদি ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামমুশাদনপর্বাণি দানধর্ম্মে কর্মফলিকোপাখ্যানে ষষ্ঠোহধ্যায়ঃ শু ॥।॥

ভারতকৌসুদী

সর্ব ইতি। এতে এব: পিতা নাতা উপাধ্যায়ণ্ট ॥२७॥
ভীশ্বভেতি। প্রহর্ষ আনন্দঃ, প্রীভিশ্চ প্রেমেডি ভেদঃ ॥२৭॥

পুনরপি ভীম্ম এবাহ বদিতি। মাম গায়ত্রাদৌ, বুণা উপবৃদ্ধানানে অশুক্ষভাবেন উচ্চার্য্য মানে সন্তি, বং পাপং ভবতি; সোমে সোমবাগে, বুণাভিষ্যমানে অদুবৈকল্যেন জিল্লমাণে গতি বং পাপং ভবতি; অত্র সোমপদং বাগমাত্রোশলক্ষণম; অগ্নে) বুণাভিষ্যমানে অবপা হোমাস্পদীক্রিয়মাণে চ সতি বং পাপং ভবতি; বুণাভিধীয়মানে মিথা। ক্ষথামানে বাক্যে, ঙং সর্বাং পাপং ভবতি ॥২৮॥

ভারতভাবদীপঃ

অধীত্যতি ॥২০॥ মানসং ধর্ম বিরুণোতি—বেভি ॥২১—২৭॥ মৃস্কোক্রারণং জিগীবান্তর্থং বুণা। বে লোক পিতা, মাতা ও অধ্যাপকের আদর করে, সমস্ত ধর্মের প্রতিই ভাহার আদর করা হয়; আর যে লোক এই ভিনজনের আদর করে না, ভাহার সমস্ত কার্যাই নিক্ষল হইয়া যায় ॥২৬।

বৈশম্পায়ন বলিলেন—কৌরব্ঞেষ্ঠেবা ভীমের এই সকল বাক্য শুনিয়া বিশ্বয়া-পন্ন ও ফ্রষ্টচিত্ত হইলেন এবং তখন তাঁহার প্রতি প্রীতিযুক্তও হইয়া পড়িলেন ॥২৭॥

পুনরায় ভীম বলিলেন—'মন্ত্র অশুদ্ধভাবে উচ্চারণ করিলে যে পাগ হয়, অঞ্চ-বিকল কবিয়া যজ্ঞ করিলে যে পাপ জন্মে এবং অগ্নিডে অযথাবিধানে হোম করিলে যে পাপ হইয়া পড়ে, একমাত্র মিথ্যা কথা বলিলে, সেই সমস্ত পাপ হয় ॥২৮॥

^{# &#}x27;...मश्रामां १ वर्ष वर्ष, '...मारमां १ वर्ष ।

সপ্তমোহধ্যায়ঃ

--:0:--

যুধিষ্ঠির উবাচ।

কে পুজ্যাঃ কে নমস্বার্যাঃ কান্তমশুসি ভারত ! ।

এতন্ম সর্বনাচক্ষ্ব যেভাঃ স্পৃহয়সে নৃপ ! ॥ ১॥
উত্তনাপদ্গতস্থাপি যত্র তে বর্ততে মনঃ ।

শক্ষালোকে সর্ববিশ্বন্ যদমুত্রেছ চাপ্যুত ॥ ২॥

ভারতকোমুদী

ইতীতি। স্ববিণা বেদব্যাসেন ভীমবাক্যমন্ত প্রোক্তং, বিভো। রাজন্ বুধিষ্টির। ॥২৯॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহ্বিদাসসিদ্ধান্তবানীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারত-টাকারাং ভারতকোমুদীসমাধ্যায়ামমুশাসনপর্কণি দানধর্মে বঠোহধ্যায়ঃ ॥০॥

-- 202---

ক ইভি। পূজামং নমস্বাধ্যমাদিকিনিতি পূণঙ্নির্দেশ:। কান্নস্তসীত্যনেন ভীন্নবিখাস স্তানায় তদাচরণং বিজ্ঞাসিত্য ॥১॥

উত্তমেতি। উত্তমাপদগঠভাপি মৃত্যরাং বিপদং প্রাপ্তভাপি। অমূত্র প্রদোকে, ইংলোকে চ বৎ হিতং ভদাপ ক্রহীতি শেবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

সোমাভিষবো দক্ষিণাং বিনা বুগা। হোমো মন্ত্রং বিনা বুগা। এতৈ স্থিভিহৎ পাপং তৎ সর্বং মিথ্যাবাদিনো ভবতীতার্থ: ॥২৮॥ প্রাপ্তোন প্রাপ্তার্থম্॥২৯॥

ইতি শ্রীমহাতাবতে অহশাসনপর্কণি দানধর্ণে নৈলকণ্ঠীরে ভারতভাবদীপে বর্ণোহধারঃ ॥৬॥
রাজা যুধিষ্ঠির ! আমি যাহা বলিলাম এসমস্তই বেদব্যাস বলিয়াছেন । শুভাশুভ ফলাভের বিষয়ে ইহার পর আর কি শুনিতে ইচ্ছা কর ? ॥২৯॥

যুধিষ্ঠির বলিলেন—'ভরতনন্দন ক্ষত্রিয়থধান। এই জগতে কাহারা পূজনীয় ? কাহারাই বা নমস্বার্য ? আপনিই বা কাহাদিগকে নমস্বার করেন এবং আপনি যাহাদের প্রতি স্পূহা করেন; এই সমস্ত আপনি আমার নিকট বলুন ॥১॥

আপনি বিষম বিপদে পতিত হইলেও সমগ্র মমুয়লোকে বাঁহার উপরে আপনার মন প্রতিষ্ঠিত থাকে এবং ইহলোকে ও পরলোকে বাহা হিত তাহাও বলুন ॥২॥

ভীষা উবাচ।

শ্পৃষ্যামি বিজাতিভো বেষাং জন্ম গরং ধন্য।
বেষাং স্থপ্রত্যয়ং স্থপন্তপঃ স্বাধ্যায়সাধন্য ॥৩॥
বেষাং বালাশ্চ বৃদ্ধাশ্চ পিতৃপৈতামন্থীং ধূর্ম।
উদ্বহন্তি ন সীদন্তি তেত্যে। বৈ স্পৃষ্যাম্যহম্ ॥৪॥
বিচাস্বভিবিনীতানাং দান্তানাং মুহুভাষিণাং।
শ্রুতব্তোপপন্নানাং সদাক্ষরবিদাং সতাম্ ॥৫॥
সংসৎস্থ বদতাং তাত। হংসানাসিব সজ্বশঃ।
মঙ্গল্যরূপা রুচিরা দিব্যজীমূত্তনিঃস্বনাঃ॥৬॥
সম্যগুচ্চারিতা বাচঃ জ্রায়ন্তে হি মুধিন্তির।।
শুজ্রাম্মাণে নূপতো প্রেত্য চেহ সুথাম্ছাঃ ॥৭॥ (বিশেষক্ষ্)

ভারতকৌমুদী

শৃংরামীতি। শৃংরামি ভজাতিলবামি, বিজাতিভা বাদ্ধণেভা:। "শৃংরীলিভ" মিতাগাদানে গঞ্মী। বিজাতীন্ বিশিন্টি বেষামিভি ব্রহ্ম পর্মাত্মৈর পর্ম্বেইং ধন্য, ন প্নরিভবসাধারণবৎ জবাং ধনমিভি ভাব:। বেষাং কথাতার আজ্মজানমের কর্মং, স্বাধার সাধনং বেদাধারনস্পাদনমের চ তপ:। তগাচ বে কর্মকাম্রমানাত্মকান্মের ক্রাম্রম্বে; বেদাধারনমের চ প্রধানং তপো সম্ভক্ত ইতার্থ: এও।

বেবামিতি। ধুরং বজনাদিষট কর্মরূপং ভারসুদ্বহৃত্তি, তত্ত্র দাবিজ্ঞোহণি সভি ন সীদন্তি নবসমান ভবত্তি ॥॥।

বিছাখিতি। হে তাত বংস ! বৃষিষ্টিব ! বিভাস্থ শাছের অভিবিনীতানামভিনিবিটানাম্, দান্তানাং ইন্দ্রিদমনশীলানাম্। শ্রুতং লাস্ক্রানং বৃত্তং সদাচাবশ্চ ভাভ্যামুপপন্নানাং বৃত্তানাম্, অকরবিদাং ব্রহ্মনাম্, সভাং সাধ্নাম্। হংসানামিব মধুব্যবেশ, সংসৎত্ব সভাস্থ ভশ্লবিমাণে

ভারতভাবদীপ:

কে পূজা ইতাদিন। পূর্ব্ধোক্রণশান্ বিষ্ণোতি, ত্রাণিচক্রপথানিতা।দিনা আতিধাং কর্তব্য-মৃকং ভিদির্ণোতাণাব্রন ॥১॥ বদম্ত্রেহ চ হিজং তথদেতি শেব: ৮২॥ ব্রহ্ম আনন্দামা। স্বর্গ: সভাসক্ষমতাদিসিদ্ধি:। তথা স্বাধায়: সাধনং বস্তু স্বর্গস্তা। "বস্তমাত্মানমন্তবিস্তু বিহ্বানাতি

ভীম বলিলেন—'বাঁহাদের ব্রহ্মাই পরস ধন, বাঁহাদের আজ্ঞানই স্বর্গ এবং বাঁহাদের বেদপাঠই প্রধান ভপস্থা, সেই ব্রাহ্মণগণের প্রতি আমি স্পৃহা করি ॥৩॥

বাঁহাদের বালক এবং বৃদ্ধগণও পিতৃপিতাসহগৃহীত ভারবহন করেন, অপচ তাহাতে অবসন্ন হন না, সেই ব্রাহ্মণগণের প্রতি আমি স্পৃহা করি ॥৪॥ যে চাপি তেষাং শ্রোতারঃ সদা সদসি সম্মতাঃ।
বিজ্ঞানগুণসম্পানেতভাশ্চ স্পৃহয়াম্যহয় ॥৮॥
মুসংস্কৃতানি প্রয়তাঃ শুচীনি গুণবান্ত চ।
দদতাল্লানি তৃপ্তার্থং ব্রাহ্মণেভোা যুধিষ্ঠির ! ॥৯॥
যে চাপি সততং রাজংস্কেভাশ্চ স্পৃহয়াম্যহয়।
শক্যং হোবাহবে যোজুং ন দাভুমনসূমিতুম্ ॥১০॥ (যুগাক্য)
শ্রা বীরাশ্চ শতশঃ সন্তি লোকে যুধিষ্ঠির !।
যেযাং সংখ্যায়মানানাং দানশুরো বিশিষ্যতে ॥১১॥

ভারতকৌমূদী

থে তিমিছতি নৃপতে। তৎসমীপ ইতার্থা, সংঘশঃ সমূহভাবেন বদতাম্; মদদ্যরূপা মদদ্দনিকাঃ ক্ষতিয়াঃ, দিবাজীমূভানান্ জাকাশহুমেদানামিব নিঃখনো গন্তীরোধ্বনিধান্থ তাঃ,প্রেতা পর্নোকে ইংলোকে চ স্থাবহাঃ সমাগুচারিতা বাচঃ শ্রান্তে ॥৫— ৭॥

ষ ইতি। সম্মতা লোকপ্রিয়া:, বিজ্ঞানগুণসম্পরা উৎকর্বাপকর্ববোধর্কা: ॥৮॥
থিতি। মুসংস্কৃতানি মুপকানি, প্রয়তা: পবিজ্ঞা: গুণবৃদ্ধি ম্বাদ্নি চ। সাহবে রণ মুলে। স্পন্যয়িত্ন সম্মানকর্ম ॥৯—১০॥

শ্রা ইভি। মনোবলমের শ্বত্বং বীরত্বঞ্চ। তচ্চ মনোবলং দানধর্মদ্বাব্দের প্রকাশতে। ভক্ত সম্বৃত্তনপূর্ণাং শ্বতং বৃদ্ধান্তবনৈপূর্ণাঞ্চ বীবত্তমিতি ভেদং॥১১॥

ভারতভাবদীপঃ

गर्कारफ লোকানাপ্নোত সর্বাংশ্চ কামানি"তি শ্রুতে: স স্বপ্রতার: ॥৩—৪॥ জকরং ব্রহ্ম. তবিদাণ্ ॥৫॥ হংসসাদৃশ্রং কীরনীবয়োবিবাত্মানাত্মনোর্বিবেচনাৎ ॥৬॥ নৃপতৌ নৃপতে: সমীণে

বংস যুধিষ্ঠিন! শাস্ত্রে অভিনিবিষ্ট, জিতেন্দ্রিয়, কোমলভাষী, শাস্ত্রজ্ঞান ও সদাচারসম্পন্ধ, ব্রহ্মবিং ও সচ্চরিত্র ব্রাহ্মণেরা সভামধ্যে প্রবণার্থী রাজাব নিকটে হংসগণের আয় সভ্ববদ্ধভাবে যে সকল তত্ত্বকথা বলিতে থাকেন; মঙ্গলজনক, ক্রেভিমধুর, দিবাসেঘের আয় গন্তীরন্ধনিযুক্ত, সমীচীনভাবে উচ্চারিত এবং ইহ-শোকে ও গরলোকে সুখজনক সেই সকল কথা গুনা যায়॥৫—৭॥

সেই সভামধ্যে লোকপ্রিয় ও জ্ঞানসম্পন্ন যে সকল লোক তাঁহাদের বাক্য প্রবণ করেন, আমি তাঁহাদের প্রতিও স্পূহা করি ॥৮॥

রাজা যুখিষ্ঠির। যে সকল গৃহস্থ পবিত্র হইয়া স্থপক, পবিত্র ও সুস্বাহ্ অর ভৃতির নিমিত্ত সেই জাতীয় ব্রাহ্মণগণকে দান করেন; আমি সেই সকল গৃহস্থের প্রতিও স্পৃহা করি। কারণ, রণস্থলে যুদ্ধ করিতে পারা যায়; কিন্তু দান কবিতে বা অস্থা না ত্রিতে পারা যায় না ॥৯—১০॥ ষক্তঃ স্থাং যন্তহং ভূয়ঃ সৌমা। ব্রাক্ষণকোছপি বা।
কুলে জাতো ধর্মগতিস্তপোবিদ্যাপরায়ণঃ ॥১২॥
ন মে ছতঃ প্রিয়তরো লোকেছিস্মন্ পাগু নন্দন।।
ছত্তশ্চাপি প্রিয়তরা ব্রাক্ষণা ভরতর্বভ।॥১৩॥
যথা মম প্রিয়তমাস্থতো বিপ্রা কুরতেম।।
তেন সভ্যেন গচ্ছেয়ং লোকান্ যত্র স শাস্তমুঃ ॥১৪॥
ন মে পিতা প্রিয়তরো ব্রাক্ষণেত্য স্তদাতবং।
ন মে পিতুঃ পিতাবাপি যে চাল্ডেছপি স্কুছ্জ্জনাঃ॥১৫॥

ভারতকৌমুদী

ধক্ত ইতি। বে সৌন্য শাস্ত মৃথ্জি যুখিছির ! বছহং ভ্রাঃ পুনর্জনাস্তরে আন্ধানতাহণি বা ছফুল-আতত্যা হ্রাচরণেন বা কুৎসিতো আন্ধাণোহণি বা ভাস্; কুৎসারাং 'ক'প্রাত্যয়, দাণাহং ধহঃ ভাস্। কুলে জাতাদে) তুকা কণেতাশিয়ঃ ৪১২৪

নেতি। স্বৰ ইতি পঞ্চন্যান্তন্ ॥১৩॥

বৰ্গেভি। বল্ল বেষু লোকেবু স শান্তহ্নীয় মম পিভা গভ ইভি শেষঃ ॥১৪॥

निष । थियुष्ठात्रा छर्गाविष्ठानिम। अधिकाश्रियः ॥১८॥

ভারতভাবদীপ:

উচ্চারিতা: ॥१—->॥ অনুস্মিত্য অহমান্ত্যিং বণা ভাতণা ॥১০—১১॥ ত্রাহ্মণক: বুৎসিত্ত-

যুধিষ্ঠির। জগতে শত শত শৃর ও বীর রহিয়াছেন, খাঁহাদের গণনায় প্রবৃত্ত হইলে দানবীরই প্রধান হন ॥১১॥

শাস্তবভাব যুধিষ্ঠির। আমি যদি পরজন্মে নিকৃষ্ট ব্রাহ্মণও ইই, তাহা হইলেও আমি ধক্ত হইব; কিন্তু সংকুলে জাত, ধর্মনিষ্ঠ এবং তপোবিভাপরায়ণ ব্রাহ্মণ হইলে ত কথাই নাই ৪১২॥

ভরতশ্রেষ্ঠ পাণ্ডূনন্দন ! এই জগতে ভোমা অপেক্ষা আমার প্রিয়তর ব্যক্তি নাই ; কিন্তু বান্ধণেরা ভোমা অপেক্ষাও আমার প্রিয়তর ॥১৩॥

কৌরবশ্রেষ্ঠ ! ব্রাহ্মণগণ ভোমা অপেক্ষা আমার যে প্রিয়তম, সেই সভ্যের বলে আমি সেই সকল স্বর্গে গমন করিব , যে সকল স্বর্গে আমার পিতা শাস্তমু রহিয়াছেন ॥১৪॥

তৎকালে আমার পিতা বাহ্মণগণ অপেক্ষ। আমার প্রিয়তর ছিলেন ন। এবং আমার পিতামহও অক্সান্ত যে সকল সুক্তন্ ছিলেন, তাঁহার:ও বাহ্মণগণ অপেক্ষা আমার প্রিয়তর হন নাই ॥১৫॥ ন ছি যে বুজিনং কিঞ্চিছিছতে ভ্রাহ্মণেষ্টিই।

অনু বা যদি বা স্থুলং বিহাতে সাধু কর্মস্থ ||১৬||
কর্মণা মনসা বাপি বাচা বাপি পরস্তুপ।।

যমে কৃতং ভ্রাহ্মণেভাস্তেনান্ত ন তপাম্যহন্ ||১৭॥
ভ্রহ্মণ্য ইতি মামাহুস্তয়া বাচান্মি তোষিতঃ।

এতদেব পবিত্রেভাঃ সর্বেজ্যং পরমং স্থৃতম্ ॥১৮॥
পশ্চামি লোকানসলাশ্চু চীন্ ভ্রাহ্মণযায়নঃ।
তেমু মে তাত। গন্তব্যমহুলায় চ চিরায় চ ॥১৯॥

ভারতকৌমূদী

নহীতি। বুজিনং গাপং পাপবভাঞ্যা কামনেত্যর্থ:। অন্ন ক্ষমং ছুলং বৃহৎ বুজিনং কামনা, সাধুকর্মম সংকার্যের যাগাদিয় ॥১৬॥

কৰ্মণেতি। নে ময়া বান্সণেত্য ইতি তাদর্থ্যে চতুর্থী। ন তথানি বাণপঞ্চবস্থোৎপি বাধাং নামুভবানি ॥১৭॥

বশা ইভি। বশভো হিভ ইভি বশণো বাশাণ্থিতকারী ইভি মানাছ: সংর্থ। পরনং পবিঅন্ ৪১৮॥

পশ্রামীতি। অমলান্ নিম্পাণান্, গুচীন্ গবিজাংশ্চ, লোকান্ স্থান্, পশ্রামি মুনিবাক্য শ্রবণেন জানামি। হে তাত। অহায় ক্রতং চিরায় চিবাব্ছানায় চ, তেষু লোকেয়, ব্রাজ্য-মায়িণো ব্রাজ্যাস্থ গামিনো মে মম গ্রুবায় ॥১৯॥

ভারতভাবদীপঃ

ব্রান্ধণোহণি ষম্বহং আং তহি ধক্তঃ কিয়ত কুলে জাতঃ ॥১২—১৫॥ বৃজিনং স্কটং ফলাশেতি
ধাবং। প্রাত্থাদেব ভান্ প্রথামি ন তু ফগায়েত্যুৰ্থঃ ॥১৬॥ ভেন ব্রান্ধণাব্ধিনেন অভ শরণঞ্জব-

ত্রাহ্মণগণের নিকটে আমার কোন কামনা নাই, কিন্তু যাগাদি সৎকার্য্যে কুজ বা বৃহৎ কামনা আমার আছে ॥১৬॥

শক্ততাপক যুধিষ্ঠির ! আমি ব্রাহ্মণগণের উদ্দেশে বাক্য, মন ও কর্মদারা যাহা করিয়ছি, সেই পুণ্যের ফলে আজ আমি শরশয্যায় থাকিয়াও বেদনা অনুভব করিতেছি না ॥১৭॥

সকলেই বলে যে, আমি ব্রাহ্মণগণের হিডকারী; সেই বাক্যেই আমি সম্ভোষ লাভ করিয়া আসিতেছি এবং ইহাই আমি সমস্ত পবিত্র হইতে পরম পবিত্র বলিযা মনে করিয়া থাকি ॥১৮॥

⁽১') ব্ৰহ্মণ।মিতি মামান্ত:-- পি।

যথা ভত্ত শ্রেরা ধর্মঃ স্ত্রীণাং লোকে যুধিন্ঠির।।
স দেবঃ সা গতিনাতা ক্ষত্রিয়ত্ত তথা দ্বিজাঃ ॥২০॥
ক্ষত্রিয়ঃ শতবর্ষী চ দশবর্ষী দ্বিজোন্তমঃ।
পিতাপুত্রে চ বিজ্ঞেয়ে তয়োহি ব্রাক্ষণো গুরুঃ ॥২১॥
নারী তু পত্যভাবে বৈ দেবরং কুরুতে পতিমৃ।
পৃথিনী ব্রাক্ষণালাভে ক্ষত্রিয়ং কুরুতে পতিমৃ॥২২॥
পুত্রবচ্চ ততো রক্ষ্যা উপাত্তা গুরুবচ্চ তে।
অগ্রিবচ্চোপচর্ষ্যা বৈ ব্রাক্ষণাঃ কুরুবচ্চ তে।
অগ্রিবচ্চোপচর্ষ্যা বৈ ব্রাক্ষণাঃ কুরুবচ্চ যে।
অক্সন্ সতঃ সত্যশীলান্ সর্ব্বভূতিহতে রতান্।
আশীবিষানিব ক্রুদ্ধান্ দ্বিজান্ পরিচরেৎ সদা॥২৪॥

ভারতকৌমুদী

ৰথেতি। দেবো দেববং পূজা: গতির্ধ শোপায়: ॥২•॥
ক্ষমি ইতি। দিকোত্নো প্রাশ্ধান। শুরুঃ পিতৃবং গোববপাত্রস্থাহ সা
নাবীতি। পাতি রক্ষতীতি পতিত্তন্। প্রাশ্ধালাতে বট্কর্মনিরতভয়া পালনবৈদ্ধোনাপ্রাপ্তে।॥২২॥

পুত্রবিদিতি। সর্বত্ত ক্ষতিরৈরিতি শেষ: ॥২৩॥

থকুনিতি। থকুন্ সরণান্, সভঃ সাধুন্। আশীবিধান্ সর্পান্॥২৪॥

বৎস যুধিষ্ঠির ! মুনিগণের মুখে শুনিয়াছি যে, সমস্ত স্বর্গলোকই নির্মাল ও পবিত্ত , আমি ব্রাহ্মণগণের অনুচর বলিয়া চিরকালের জন্ম সম্বর্গ সেই সকল স্বর্গে যাইব ॥১৯॥

যুধিষ্ঠির। জগতে স্ত্রীলোকদেব যেমন ধর্ম ভর্তৃগত এবং ভর্তাই তাহাদের দেবতা ও ভর্তাই তাহাদের গতি, ক্ষত্রিয়ের পক্ষে ব্রাহ্মণেরাও সেইবাপ ॥২০॥

শতবর্ষবয়ক্ষ ক্ষতিয়, আর দশবর্ষবয়ক্ষ ব্রাহ্মণ, ইহাদের মধ্যে পিতাপুত্রসম্বন্ধ । জানিবে। স্থতরাং তাঁহাদের মধ্যে ব্রাহ্মণই পিতার আয় গৌরবের পাত্র ॥২১॥

নারী পত্তির অভাবে দেবরকে রক্ষক করে; সেইবাপ পৃথিবী ত্রাহ্মণকে না পাওয়ায় ক্ষত্তিয়কে রক্ষক করেন ॥২২॥

কৌরবশ্রেষ্ঠ ৷ ক্ষতিয় ব্রাহ্মণগণকে পুত্রের স্থায় রক্ষা করিবেন, গুরুর স্থায় সেবা করিবেন এবং অগ্নির স্থায় পরিচর্য্যা করিবেন ॥২৩॥

বান্মণেরা সরলস্বভাব, সচ্চরিত্র, সভ্যপরায়ণ, সমস্ত প্রাণীর হিডসাধনে নির্ভ

তেজসম্ভপদশৈচৰ নিতাং বিভাদ যুধিষ্ঠির!।
উত্তে চৈতে পরিত্যাজ্যে তেজশৈচৰ ভপত্তথা ॥২৫॥
ব্যবসায়স্তয়োঃ শীব্রমুভয়োরেৰ বিগতে।
হুন্মঃ ক্রুদ্ধা মহারাজ। ব্রাহ্মণা যে তপস্থিনঃ ॥২৬॥
ভূয়ঃ স্থাত্তয়ং দক্তং ব্রাহ্মণাদ্যদকোপণাৎ।
কুর্যাত্তভ্রতঃ শেষং দত্তশেষং ন শেষয়েৎ ॥২৭॥

ভারতকৌমুদী

তেজন ইতি। বিভোৎ ভীতো ভবেৎ ক্ষজিয়াদিরিতি শেবঃ ॥২৫॥

ব্যবসায় ইতি। হে মহারাজ। ভয়োক্সভয়োরের তেজস্তপসো:, ব্যবসায়: ক্রিয়া বিশ্বতে। কিন্তু বে তপস্থিনো ব্রাহ্মণা:, তে ক্রুড়া সম্ভ: শীদ্রমেব শাপেন হয়া:; কিন্তু ভেজস্থিনো বাজানো দত্তেন বিলম্বাদের হয়্যরিতি রাজতেজসো ব্রাহ্মণতপ: প্রবল্ভরমিতি ভাব: ॥২৬॥

ভূম ইতি। অকোগনাৎ ব্রাহ্মণাং শাস্ত চিন্তং ব্রাহ্মণায় দিশ্র, ন্যাব্রোপে পঞ্মী। ক্ষত্রিবেশ বদ্ধদি ভূম: প্রচ্বমণি উন্নয়ং তেলতণন্ট দত্তং ক্রাৎ ক্ষ্মভাবপ্রদর্শনার তেলসা দত্তঃ তগসাচ শাপোহর্পিতঃ ভাদিতার্থঃ; তদা স ব্রাহ্মণঃ, উভয়ততেলতপোভায়ুভাভায়ের তক্ত ক্ষত্রিহত শেবং ধ্বংসং কুর্যাৎ; ক্ষত্রিহাৎ ব্রাহ্মণন্ত তেন্দ্রনি তপসি চ প্রবৃদ্ধতার্দ্ধিতি ভাবঃ। কিছ ক্ষত্রিহেণ দত্তং শেবং চবমমণি তেলঃ ব্রাহ্মণং ন শেবহেৎ ন নাশহেৎ, অভো নিহোপব্রাহ্মণ-দমনার ক্ষত্রিহেণ তেলংপ্রকাশো ন কার্যঃ; সকোপভ তু শাস্ত্রহে নিতরামহনর এব বিধের ইত্যাশরঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

স্থেহিণি ন তপানি ন ব্যথাং প্রাপ্রোমীতি স্বায়ন্তবং দর্শরতি ॥১ ।। ব্রহ্মণ্যো ব্রহ্মন্ত) সাসকঃ
॥১৮॥ বারিনোহস্কর্ত্ত মে ॥১৯—২৪॥ তেজ্ঞ্য ইতি। ব্রাহ্মণাছিভ্যেৎ ন তু তত্ত্ব তেজ্ত্বপরী
স্থীরে প্রকাশরেদিভার্থঃ। তেজঃ ক্রোধবলন, তপো যোগবলম ॥২৫॥ তরোত্তপত্তেজ্বসোর্ত্তাহ্বশক্রিক্ত্রোব্যবসারঃ ফলসভিভবরূপং শীঘাং তীব্রঃ তথাপি তপন্থিন এবেতরান্ হছার্ন তেজ্বিন
ইতার্থঃ ॥২৬॥ ভ্র ইতি লাব্লোপে পঞ্মী। অকোপনং ব্রাহ্মণং প্রাণ্য বন্ত্তর্ম্ উভরং

এবং ক্রেন্ড হইলে, তীক্ষবিষ্ সর্পের তায় হইয়া থাকেন। স্মৃতরাং ক্ষতিয়প্রভৃতি সর্বেদ।ই তাঁহাদের পরিচর্য্যা করিবেন ॥২৪॥

যুখিন্টির। ক্ষত্রিযথেভ্তি সর্বাদাই ব্রাক্ষণের তেজ ও তপস্থার ভয় করিবেন এবং তাঁহাদের তেজ ও তপস্থাকে এড়াইয়া চলিবেন ॥২৫॥

মহারাজ ! বাক্ষণের তপস্থা এবং ক্ষজিয়ের ডেজ এই উভয়েরই ক্রিয়া আছে ; কিন্তু যে সকল বাক্ষণ তপন্থী তাঁহারা ক্রুদ্ধ হইয়া সম্বর্ত সংহার করিছে পারেন ॥২৬॥ দশুপাণির্যথা গোর পালো নিভ্যং হি রক্ষয়েৎ।
ব্রাহ্মণান্ ব্রহ্ম চ তথা ক্ষত্রিয়ঃ পরিপালয়েৎ ॥২৮॥
পিতেব পুত্রান্ রক্ষেত ব্রাহ্মণান্ ধর্মচেতসঃ।
গৃহে চৈষামবেক্ষেত কিং স্বিদন্তীতি জীবনম্॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্বাণ
দানধর্মো ভীম্মনিশ্চয়ে সপ্তমোহধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

দণ্ডেভি। পালো গোণালক: গোষু গোপালনেযু বিষয়েষ্ত্র যথা দণ্ডপাণি: সন, নিভাং ভা: রক্ষয়েৎ; তথা ক্ষতিয়ো ব্রাক্ষণান্ ব্রহ্ম বেদক পবিপালয়েৎ ॥২৮॥

পিতেতি। ধর্ম্মে চেডাংসি বেবাং ভান্। এবাং ব্রাহ্মণানাঃ গৃহে চ জীবনং জীবনবক্ষণোপায়-ভঙ্গাদিকং কিং খিৎ অন্তি নবেতি অবেক্ষেত ॥২০॥

টিভি गহামহোপাধ্যান-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্ধবাগীশভট্টাচার্য্যবিদ্ধচিভারাং মহাভারতটা কারাং ভারতকোমুদীসমাধ্যানামস্শাসনপর্কণি দানধর্মে সপ্তমোহধারঃ ॥•॥

ভারতভাবদীপ:

তপত্তেৰকাথ্যং ছাৎ ভদ্তং থণ্ডিতং ভবতীতি শেবং। ক্ষাবিৎস্থ প্ৰায়ুক্তং তত্তেৰো বহুবিপি তুশবাশিবৎ সভো নশুতীতাৰ্থং। উভয়ত উভয়ং চেৎ শেবং কুৰ্যান্ন ভদ্তশেষং শেবংরদিভাষনঃ। হাজ্যান্ অন্তোহন্তান্নিন্ প্রযুক্তং তেজআদিনন্নং ন নিংশেষং নশুতি কিছ শেবন্। ক্ষাবতা থণ্ডিবশু তন্তাবশিষ্টং তু ন শেবংরে শিশ্বতে ক্ষণি তু নিংশেষ্পেব নশুতীতার্থ:॥২ १— ২৮॥ অস্তীতি অভাবে তদ্যেনিতার্থ:॥২ ১॥

ইতি শ্রীমহাভাবতে অফুশাসনপর্বাণি দানধর্মে নৈলকন্তীরে ভাবতভাবদীপে সপ্তমোহধারঃ।। গ।।
অতএব ক্ষত্রিয় শাস্তুচিত্ত ব্রাহ্মণকে শক্ষ্য করিয়। যদি প্রচুর তেজ ও তপন্তা
প্রয়োগ কবেন; তবে ব্রাহ্মণ সেই উভয় দিক্ দিয়াই ক্ষত্রিয়কে শেষ কবিতে পারেন।
কিন্তু ক্ষত্রিয় নিজের চরম তেজ এবং তপস্তাদারাও ব্রাহ্মণকে শেষ করিতে পারেন।
না ॥২৭॥

গোপালক বেমন গোপালনের জন্ত দশুহস্ত হইয়া সর্বাদ। গোসকল রক্ষা করে, তেমন ক্ষত্রিয়, প্রাহ্মণ ও বেদ সকল রক্ষা করিবেন ॥২৮॥

পিতা যেমন পুত্রগণকে রক্ষা করেন, ক্ষত্রিয় তেমন ধার্ন্মিক ব্রাহ্মণগণকে বক্ষা করিবেন এবং ব্রাহ্মণগণের গৃহে তাঁহাদের জীবন রক্ষার উপায় ভগু, লাদি আছে কি না তাহা পর্যাবেক্ষণ করিবেন ॥২৯॥

⁽२०) श्वान् व्यक्षाः व्यव्यक्षाः ---वष वर्षः । * '---वह्याः वर्षः । वष वक्षः

অপ্তমোহধ্যায়ঃ

--;0%--

যুধিষ্ঠির উবাচ।

ব্রাহ্মণানাং তু যে লোকাঃ প্রতিশ্রুত্য পিতাসহ!
ন প্রয়ন্ডন্তি মোহাত্তে কে ভবন্তি মহাত্যুতে! ॥১॥
এতম্মে তত্ত্তো ক্রহি ধর্মং ধর্মভূতাং বর!।
প্রতিশ্রুত্য তুরাত্মানো ন প্রয়ন্ডন্তি যে নরাঃ॥২॥
ভীম্ম উবাচ।

নো ন দলাৎ প্রতিশ্রুতা স্বপ্নং বা যদি বা বহু।
আশাস্তম্ম হতাঃ সর্বাঃ ক্লীবস্মেব প্রজাফলম্ ॥৩॥
যাং রাত্রিং জায়তে জীবো যাং রাত্রিঞ্চ বিনশ্যতি।
এতিস্মিনন্তরে যদ্ধৎ স্কুক্তং তস্ম ভারত। ॥৪॥
যচ্চ তস্ম হতং কিঞ্চিদ্দত্তং বা ভরতর্বভ।।
তপন্তপ্রস্থেয় বাপি সর্বাং তান্সোপহস্যতে ॥৫॥ (যুগাকম্)

ভারতকৌমুদী

ব্রাহ্মণানামিতি। লোকা জনাঃ, প্রতিশ্রতা কিঞ্চিদাতুমসীকৃত্য ॥>॥ এতদিতি। শুমং স্বভাবং তেষাং নর্ণামবস্থামিত্রথঃ ।>॥ য ইতি। ক্লীবস্তু নপুংসক্তা, প্রজাফলং সন্তানজ্যাশাঃ॥৩॥

যুধিষ্ঠি বলিলেন—'মহাপ্রভাব পিতামহ। যে সকল লোক ব্রাহ্মণগণের নিকটে কিছু দান কবিবার প্রতিশ্রুতি দিয়া মোহবশতঃ আর তাহা দান করে না; তাহারা কি প্রকার হয় ? ॥১॥

ধার্মিকশ্রেষ্ঠ। যে ত্রাত্মারা কিছু দিবাব অঙ্গীকার করিয়া ভাহা দান করে না ; ভাহাদের কি অবস্থা হয়, ইহা আপনি যথাযথভাবে আমার নিকট বলুন ॥২॥

ভীম বলিলেন—'যে লোক অল্প বা বহুজব্য দান করিবার অঙ্গীকার করিয়া আর তাহা দান কবে না; নপুংসকের সম্ভানের আশার স্থায় ভাহার সমস্ত আশা নিজ্ফল হইয়া যায় ॥৩॥

⁽২) সধাং ধর্মভূতাং বব ! ••• পি।

⁽৩) স্বায়তে জন্তবাং বাত্রিং বিদশিয়তি---পি।

অথৈত হচনং প্রান্তং বিশান্ত বিদো জনাঃ।
নিশম্য ভরত শ্রেষ্ঠ । বৃদ্ধ্যা পরম যুক্তরা ॥৬॥
অপি চোলাহরস্তীমং ধর্মশান্ত বিদো জনাঃ।
অধানাং শ্যামকর্ণানাং সহস্রেণ সমূচ্যতে॥৭॥
অত্তিবোলাহরস্তীম সিভিহাসং পুরাতনম্।
শৃগালস্থ চ সংবাদং বানরস্থ চ ভারত।॥৮॥
তৌ স্থায়ো পুরা হাস্তাং মামুষত্বে পুরন্তপ।
অন্তাং ধোনিং সমাপর্মো শার্গালীং বানরীং তথা॥৯॥

ভারতকোমূদী

বামিতি। অব রাত্তিপদবয়স্ অগোবার্ত্বয়পব্য। স্কৃতং পুণাম্ উপংস্তাও তৎ প্রতিশ্রতা-দানেন ॥৪—৫॥

অবেভি। বিশ্ব প্রকৃষ্ধাদকিব। পরসম্ভাষা বিশেষমুভি বৃভাষা ॥।।

অপীডি। ইমং পাপকর প্রকাবম। সহস্রেন সহস্রদানেন, স প্রতিশ্রুতাাদাভা, মৃচাতে তৎ পাপাং॥॥

व्यवित्र । व्यवित शिश्येष्ठामिनिवस्य अव ॥॥

ভাবিতি। মাস্তবত্বে মন্ত্রক্ষরানি। শার্গালীং শৃগালভেরমিতি শার্গালী তাম ॥৯॥

ভারতভাবদীপ:

বাহ্মণানামিতি ।>— ৫॥ নিশ্ম। বিচার্য। এখা অপি চেতি। ভত্ত প্রায়শিত গ্রহস্থান কর্ণদান্য মশক্ষাস্থাত্যত এহৎ পাপং প্রক্রিমিতি ভাব: ॥৭॥ অত্তির প্রতিশ্রত অপ্রদানে

ভরতনন্দন ভরতশ্রেষ্ঠ। মানুষ যে দিন জ্বাগ্রহণ কবে এবং যে দিন মৃত্যুমুখে পতিত হয় ইহাব মধ্যে তাহার যে যে পুণা এবং তাহার যে হোম, যে দান ৬ যে তপস্তা হয়, সে সমস্তই নিক্ষল হইয়া যায় ॥৪—৫॥

ভরতশ্রেষ্ঠ ! ধর্মশাস্ত্রজ্ঞ লোকেরা গুকজনের নিকট শ্রবণ কবিয়া বিশেষ যুক্তি-যুক্ত বুজিদারা এইরূপ বাক্য বলেন ॥৬॥

ধর্মশাস্ত্রজ্ঞ লোকেরা এই প্রায়শ্চিন্তের প্রকারও বলিয়া থাকেন; যে লোক অঙ্গীকার করিয়া দান কবে না, সেই লোক শ্রামবর্ণ সঙ্গ্র অশ্বদান করিয়া সেই পাপ গ্রহতে মুক্ত হয় ॥৭॥

ভরতনন্দন ! পণ্ডিতেবা এই বিষয়েই শৃগাল ও বানবের সংবাদরূপ এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৮॥

^{(&}gt;) मृतांगीः वानतीः छथा—नि।

ততঃ পরাসূন্ খাদন্তং শৃগালং বানরোহ্রবীৎ। শুশানমধ্যে সম্প্রেক্য পূর্বজাতিসমুম্মরন্ ॥>०॥ কিং দ্বয়া পাপকং পূর্বং কৃতং কর্ম স্থদারুণম। यखुः भागात मृजकान् शृजिकानर्मि क्रिजान् ॥>>॥ এবমুক্তঃ প্রত্যুবাচ শৃগালো বানরং তদা। ব্ৰাহ্মণস্থ প্ৰতিশ্ৰুত্য ন ময়া ততুপাছতম্ ॥১২॥ তৎ কৃতে পাপকীং যোনিসাপন্নোহিন্মি প্লবঙ্গম।। তত্মাদেববিধং ভক্ষ্যং ভক্ষ্য়ামি বুভূক্ষিতঃ ॥১৩॥

ভীশ্ব উবাচ।

भृगाला यानतः श्राह भूनत्त्रव नत्ताख्य।। কিং ত্বয়া পাতকং কর্ম কৃতং যেনাসি বানরঃ॥১৪॥

ভারতকোযুদী

তত ইতি। প্ৰাগতা অস্ব: প্ৰাণা বেষাং তান্ শ্বান্॥১•॥ কিমিভি। পৃতিকান্ হুৰ্গকান্ খবান্, অংসি ভক্ষরসি ॥>>॥ এবমিতি। এতিশ্রুতা দাতৃগদীক্কতা, উপাত্তং দন্তম্ ॥১২॥ তদিতি। তৎকতে তরিমিত্তস্। হে প্রবঞ্চম বানব ! ব্ভুক্তিত: কুধার্ত্ত: ॥১৩॥ খুগাল ইতি। প্রাঃ প্রবীতি স্ব। পাতক্য্ স্বংণতনজনক্য্ ॥১৪॥

শক্ততাপন ৷ তাহারা পূর্বের মনুষ্য জন্মে পরস্পার ত্ই সখা ছিল ; বিস্ত ইহলমে র্দুগালযোনি ও বানরযে।নি প্রাপ্ত হইয়াছিল ॥১॥

তাগার পর একদা শৃগাল শ্বাশানে শবভক্ষণ করিতেছে দেখিয়া তাহার পূর্বজন্ম শ্বরণ করিয়া বানব বলিল—॥১০॥

শৃগাল ! তুমি পূর্বজন্মে কি স্থদাকণ পাপকার্য্য করিয়াছিলে, যে তুমি এইক্ষণে শ্মশানের তুর্গন্ধ ও কুৎসিত শব ভক্ষণ করিভেছ ॥১১॥

বানর এইকপ বলিলে তথন শৃগাল প্রাত্যুত্তর করিল—'আমি পূর্বজন্মে বান্দণকে দান করিবার অঙ্গীকাব কবিষা ভাগা দান করি নাই ॥১২॥

বানর! সেই জন্মই আমি এই পাপযোনি প্রাপ্ত হইয়াছি এবং সেই কাবণেই এখন ক্ষুধার্ত্ত হইয়া এইকপ খাত্ত খাইতেছি' ॥১ এ

ভীম বলিলেন-'নরশ্রেষ্ঠ ৷ তখন আবার শৃগাল বানরকে বলিল-'তুমিই বা কি পাপকর্ম কবিয়াছিলে, যাহায়ত বানর হইলে ? ॥১৪॥

⁽১৩) ডৎকতে পাপিকাং গোনিম—নি।

বানর উবাচ।

সদা চাহং কলাহারো বাক্ষণানাং প্লবঙ্গমঃ।
তত্মান্ন ব্রাক্ষণসং তু হর্তব্যং বিচুষা সদা।
সমং বিবাদো সোক্তব্যো দাতব্যঞ্চ প্রতিশ্রুত্তব্য ॥১৫॥
ইত্যেতদ্ ক্রুবতো রাজন্ । ব্রাক্ষণস্থ ময়া শ্রুতব্য ।
কথাং কথয়তঃ পুণ্যাং ধর্মজ্জস্থ পুরাতনীম্ ॥১৬॥
শ্রুতশ্চাপি ময়া ভূয়ঃ কৃষ্ণস্থাপি বিশাম্পতে । ।
কথাং কথয়তঃ পূর্বং ব্রাক্ষণং প্রতি পাগুব । ॥১৭॥
ন হর্তব্যং বিপ্রধনং ক্ষন্তব্যং তেমু নিত্যশঃ।
বালাশ্চ নাবমন্তব্যা দরিদ্রোঃ কুপণা অপি ॥১৮॥

ভারতকৌমুদী

मानि । क्नांगाह्यकोकि क्नांहायः । भ्रक्तां वान्य हैव । विक्षां भ्रमाह्याः भागः । विक्षां भ्रमाह्याः । विक्षां भ्रमाह्याः । विक्षां भ्रमाह्याः । विक्षां भ्रमाह्याः ।

ইভীতি। প্ৰাতনীং প্ৰজন্মসম্ভিনীং প্ৰাঃ কথাং কথয়ভো ধৰ্মজন্ত জাভিন্মরক্ত শ্রাণক্ত বানবক্ত চ ইভোতত্বপাধ্যানং ক্রমতঃ কন্তচিদ্বান্দণত স্কাশাৎ ময়া শ্রুতন্ ॥১৬॥

শত ইতি। বৃঞ্জাপি মুথাদিভি শেব:॥>१॥

নেতি। তের্ রাশ্বণের দোক কুর্নংখপীতি ভাব:। বালাদরো রালণা: ১:৮॥ ভারতভাবদীপ:

বিৰয়ে ॥৮—১৫॥ ক্ৰবভোষ্ণাপকত কৰাং কৰ্মভো মুৰাৎ শ্ৰুত্যু ৷১৬॥ শ্ৰুত্যুমিভিত্যি:

বানব বলিল—'গামি পূর্বজন্মে সর্ববদাই বানরের স্থায় লাক্দিয়া উঠিয়া বাহ্মণগণের কল আগবণ করিভাম। ভাতএব ব্রহ্মস্থ হরণ করিলে পাপ হয় ইহা জানিয়া কখনই ব্রহ্মস্থ হরণ কবা উচিত নতে এবং ব্রাহ্মণের সহিত বিবাদভ্যাপ করিবে; আর ব্রাহ্মণকে বিছু দিবার অঙ্গীকার কবিয়া ভাহা দান করিবে'॥১৫॥

ভীম বলিলেন—'রাজা। ধর্মজ্ঞ ও জাভিম্মন শৃগাল ও বানর ভাহাদের যে পূর্ব জন্মের এই বৃত্তান্ত বলিযাছিল, সেই উপাখ্যান কোন ব্রাহ্মণ বলিযাছিলেন, আমি ভাঁহার নিবট ইহা শুনিয়াছিলাম ৪১৬॥

নরনাথ পাশুনন্দন ! পূর্নের কৃষ্ণও কোন বান্ধণের নিকট এই উপাখ্যান বলিতে ছিলেন, তথনও আমি ইহা পুনরায় শুনিয়াছিলাম ॥১৭॥

⁽⁾ भीगादिवादम त्यांख्याम् नि ।

এবনেব চ মাং নিত্যং প্রাক্ষণা সন্দিশন্তি বৈ।
প্রতিশ্রুত্য ভবেদেরং নাশা কার্য্যা দ্বিজোন্তমে ॥১৯॥
ব্রাক্ষণো হাশরা পূর্বং কুতরা পৃথিবীপতে।।
স্থানীদ্বো যথা দীপ্তঃ পাবকস্তদ্বিধঃ শ্বতঃ ॥২০॥
যং নিরীক্ষেত সংক্রুদ্ধ আশরা পূর্বেজাতরা।
প্রদহেচ্চ হি তং রাজন্। কক্ষমক্ষয্যভূগ্ যথা ॥২১॥
স এব হি যদা ভূটো বচসা প্রতিনন্দতি।
ভবত্যগদসঙ্কাশো বিষয়ে তন্ত ভারত।॥২২॥

ভারতকৌমৃদী

এবমিতি। সন্দিশন্তি ক্রবন্তি। দ্বিজ্ঞান্তমে ব্রাহ্মণে কঙ্গাপি জব্যন্ত প্রাপ্ত্যাশা । কার্যা।১৯ ব্রাহ্মণ ইতি। অঙ্গীকারকরণেন পূর্বং কৃতমা আশ্যা বিশিষ্টো ব্রাহ্মণঃ।২০॥

যমিতি। সংজ্ঞারাক্ষণ:, আশহা তদানীং নিক্ষনীভূতয়া। কক্ষণ তৃণবাশিষ্ অক্ষয়-ভূগগিঃ ॥২১॥

স ইতি। প্রতিনন্দতি আশিবং দদাতি। অগদসঙ্কাশ ঔবধতুল্য: সর্ব্বোপজ্বনিবারক ইতার্থ:। ভেষকোষধভৈষপ্রাক্তগদ ইত্যসবং, বিষয়ে দেশে, তভ প্রতিনন্দিতভ।২২॥

ভারতভাবদীপঃ

ক্ষত ব্যাস্ত নৃগক্ধাং কণ্য়তে। বাস্তদ্বেত বা স্থাৎ শ্রতেহিয়মর্থ: ॥১৭ — ১৮॥ আশা বদ্যাশা।
॥১৯ — ২॰॥ অগব্যঃ পিত্রবিদ্দিষ্টং দানং ভূত্তে ইত্যক্ষয়ভূগগিঃ ॥২১॥ অগদসভাশ: চিকিৎ-

ব্রাহ্মণের ধন হরণ করিবে না, সর্ববদা তাঁহাদের উপরে ক্ষমা করিবে এবং ব্রাহ্মণেরা বালক, দরিজ ও কুপণ হইলেও তাঁহাদিগকে অবজ্ঞা কবিবে না ॥১৮॥

বাহ্মণেরা সর্বদাই আমাকে এইকপ বলিয়া থাকেন যে, ব্রাহ্মণকে কিছু দান করিবাব প্রতিশ্রুতি দিয়া তাহা অবশ্রাই দান করিবে এবং ব্রাহ্মণের নিকট কোন জ্বা লাভ করিবাব আশা কবিবে না ॥১৯॥

রাজা। পূর্বে কোন জব্য দান করিবার অঙ্গীকার করায় ব্রাহ্মণ তাহা পাভের আশা করিয়া রহিয়াছেন, এই অবস্থায় সেই ব্রাহ্মণকে সন্ধুক্ষিত ও প্রজ্ঞালিত অগ্নির স্থায় মনে করিবে ॥২০॥

রাজা। পূর্বজাত আশা ভগ্ন হইলে, ব্রাহ্মণ ক্রন্ত্র হইয়া যাহার প্রতি দৃষ্টিণাত করেন; অগ্নি তৃণবাশির স্থায় তাহাকেই দগ্ধ করেন ॥২১॥

ভরতনন্দন ৷ সেই ব্রাহ্মণই যখন আবার মনোহব বাক্যে আশীর্বাদ করেন; তথন তিনি তাহার দেশে ঔষধেব স্থায় হইয়া থাকেন ॥২২॥ পুত্তান্ পোত্তান্ পশৃংশৈচৰ বান্ধবান্ সচিবাংস্তথা।
পুরঞ্জনপদকৈব শান্তিরিফেন পোষয়েৎ ॥২০॥
এতদ্ধি পরমং তেজাে ব্রাহ্মণস্থেছ দৃশ্যতে।
সহস্রকিরণস্থেব সবিভূধরণীতলে ॥২৪॥
তত্মাদ্দাতব্যমেবেছ প্রতিশ্রুত্য যুধিষ্ঠির!।
যদীচ্ছেচ্ছোভনাং জাতিং প্রাপ্তং ভরতসভম!॥২৫॥
বাহ্মণস্থাহি দতেন ধ্রুবং স্বর্গোহুমুভ্যাঃ।
শক্যঃ প্রাপ্তং বিশেষেণ দানং হি মহতী ক্রিয়া॥২৬॥
ইতাে দতেন জীবন্তি দেবতাঃ পিতরস্তথা।
তত্মাদ্দানানি দেয়ানি ব্রাহ্মণেভ্যাে বিজানতা ॥২৭॥

ভারতকৌমুদী

পুরানিতি। শাস্তিযুক্তং বিষ্টং সকলং তেন। মধ্যপদলোপীসমাস: ॥২০॥
এতদিতি। এতদীদৃশদ্। সবিত্যু সুৰ্যাত্ম ॥২৪॥
তত্মাদিতি। দাতবাং রাহ্মণায়। শোভনাং জাতিং প্রাপ্ত,মিচ্ছেদিতি সম্বর: ॥২৫॥
রাহ্মণত্তেতি। ন বিশ্বতে উত্তমো ক্যাৎ সং অমুস্তমঃ স্বর্গ: ॥২৬॥
ইতে ইতি। ইত এভ্যো রাহ্মণেত্যুং, জীবন্ধি তৎপুণোন জগৎপূবণাদিতি ভাবঃ ॥২৭॥
ভারতভাবদীপঃ

স্কতৃনাঃ ॥২২॥ শান্তিবিষ্টেন শান্তা হিভেন কেনেণ। "বিষ্টং কেনে" ইভি মেদিনী ॥২৩—২৬॥

ব্রাহ্মণ সম্ভষ্ট হইয। পুত্র-পৌত্র, বান্ধব, অমাত্য, পশু, পুর ও দেশ এই সমস্তকেই শান্তি ও মঙ্গলদারা পুষ্ট করেন ॥২৩॥

ভূতলে সহস্রকিরণ সুর্যোর স্থায় ব্রাহ্মণের এইবপেই পরম ভেজ দেখ' যায়॥২৪॥

অতএব ভরতশ্রেষ্ঠ। যুধিষ্ঠিন। মানুষ যদি শোভন জাতি লাভ কবিবার ইচ্ছা করে, তাহা হইলে ব্রাহ্মণের নিকট অঙ্গীকাব করিয়া অবস্থাই দান করিবে ॥২৫॥

মানুষ ব্রাহ্মণকে দান করিয়। নিশ্চয়ই সর্বোত্তম স্বর্গলাভ করিতে পারে। কারণ দান বিশেষ মহাকার্য্য ॥২৬॥

এই ব্রাহ্মণগণকে দান করিলে যে পুণ্য হয়, তাহার বলেই দেবগণ ও পিতৃগণ জীবনধারণ করেন। অতএব ইহা জানিযা মানুষ ব্রাহ্মণগণকে দান করিবে ॥২৭॥ মহদ্ধি ভরতশ্রেষ্ঠ ! ব্রাহ্মণস্তীর্থমূচ্যতে ।
বেলায়াং ন তু কম্থাঞ্চিদ্ গচ্ছেদ্বিথাে হাপূজিতঃ ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামনুশাদনপ্র্বাণি
দানধর্ষে শৃগাল-বানরসংবাদে অফ্টমোহধ্যায়ঃ # ||০॥

নৰমোহধ্যায়ঃ।

-:0:-

যুধিষ্ঠির উবাচ।
নিত্রদৌহার্দ্বোগেন উপদেশং করোতি যঃ।
জাত্যাবরক্ত রাজর্বে। দোষস্তক্ত ভবেন্ন বা ॥>॥
এতদিচ্ছানি তত্ত্বেন ব্যাখ্যাতুং বৈ পিতানহ।।
সূক্ষা গতির্হি ধর্মক্ত ষত্তে মুক্তি মানবাঃ॥২॥

ভারতকোমুদী

महिष्ठि। छीर्थः भूगाञ्चानम्। दिगात्राः नगरम् ॥२७॥

ইতি নহামহোপাধ্যার-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতারাং নহাভাবত-টীকারাং ভারতকোমুদীসমাধ্যায়ামহশাসনপর্বণি দানধর্মে অইনোহধাার: ॥•॥

--:0:--

মিত্রেতি। বে রাজর্বে। বো জনঃ মিত্রং প্রতি বং সৌহান্দিং তক্ত বোগেন সহক্ষেন, ছাডাা অবরক্ত নীচক্ত উপদেশং ধর্মশিক্ষাদানং করোতি তক্ত দোষঃ পাপং ভবের বা ॥১॥

ভারতভাবদীপঃ

ইডোইশ্বিন্ লোকে ব্ৰাহ্মণ এব দানপাত্ৰমিতি প্ৰঘট্টকাৰ্থ: ॥২ ৭॥ তীৰ্থমিপি ব্ৰাহ্মণ এবেত্যাই— মহদিতি ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে অফ্শাসনপর্মণি দানধর্মে নৈলক্ষ্ঠীরে ভাবতভাবদীপে অষ্টমোহধার: দেই ভরতশ্রেষ্ঠ। মুনিরা ব্রাহ্মণকে মহাতীর্থ বলেন। অতএব সেই ব্রাহ্মণ যেন কোন সময়েই অপুজিত হইয়া না যান ॥২৮॥

-:01-

যুধিষ্ঠির বলিলেন—'রাজ্বধি পিতামহ। যে লোক সৌহার্দ্দবশতঃ নিকৃষ্ট জাতির প্রতি ধর্মোপদেশ দান করে, তাহার কোন দোষ হয় কি না ? ॥১॥

 ^{&#}x27;---नवरमार्थायः'---वन वर्क, '---- जिः।

ভীন্ম উবাচ।

অত্ত তে বর্ত্তরিয়ামি শৃণু রাজন্। যথাক্রমণ্। থাবীণাং বদতাং পূর্বং শ্রুতমাসীদ্যথা পুরা ॥০॥ উপদেশো ন কর্ত্তব্যো জাতিহীনস্থ কস্থাচিৎ। উপদেশে মহান্ দোষ উপাধ্যায়স্থ ভাষ্যতে ॥৪॥ নিদর্শনিমিদং রাজন্। শৃণু মে ভরতর্ষভ!। তুরুক্তবচনে রাজন্। যথাপূর্বং যুধিন্তির!॥१॥ ব্রহ্মাশ্রমপদে রৃত্তং পার্ষে হিমবতঃ শুভে। তত্ত্রাশ্রমপদং পুণ্যং নানারক্ষরণাযুত্তম্॥৬॥ নানাগুল্মলতাকীর্ণং মুগদ্বিজনিষেবিত্তম্। দিদ্ধচারণসংযুক্তং রম্যং পুল্পিতকানন্য ॥৭॥

ভারতকোমূদী

এতদিতি। অঅ ব্যাখ্যাত্মিতি ভিলে কর্ত্তবি তুণ্ প্রত্যয় আর্থঃ।২॥

ষত্রেতি। বর্ত্তরিয়ানি উপস্থাপথিয়ানি বক্ষানীভার্থ: ২০১১

উপেতি। আত্যা হানো নীচন্ত্ৰ ॥६॥

নীতি। ছকুজং হুষ্টে নিকুটে জনে কথিতং ব্ৰচনং তক্সিন্। ৫॥

ভারতভাবদীপঃ

মিত্রসোহান্দেভ্যধ্যায়েল নীচার ধর্মবহন্তং ন দ্ঞাদিভ্যক্তণ্। মিত্রমূপকাবমপেল্যোপকর্তা। স্বত্পকার্মনপেক্যোপকর্তা। লোভাৎ রূপয়া বেভার্থ: ॥১—৩॥ উপাধ্যাংস্কোপদেশকর্ত্ত্যু:,

পিতামহ। আমি ইচ্ছা করি, আপনি যথাষথভাবে ইহা বলেন। কারণ, ধর্মের গতি সুক্ষ; যাহাতে মামুব মুগ্ধ হয়॥২॥

ভীম বলিলেন —রাজা। এবিষয়ে আমি ভোমার নিকট বথাক্রমে বলিতেছি; তুমি শ্রবণ কর। পূর্বের খ্যবিরা পরস্পর যাহা বলিতেছিলেন, তাহা আমি শুনিয়া-ছিলাম ॥৩॥

কোন হীনজাতির প্রতিই ধর্মা উপদেশ করিবে না। কারণ, তাদৃশ উপদেশে উপদেষ্টার গুরুতর দোষ বশা হয় ॥৪॥

ভরতশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিব। পূর্বে নিকৃষ্ট জাতির প্রতি ধর্ম উপদেশ দানে যে দোষ হইয়াছিল, তাংগর বৃত্তান্ত তুমি আমার নিকট প্রবণ কর Ie। ব্রতিভির্কহুভিঃ কীর্ণং তাপসৈরুপসেবিতম্।
ব্রাহ্মবৈশ্চ মহাভাগৈঃ সূর্যান্ত্রলনসমিতিঃ॥৮॥
নিয়মব্রতসম্পন্নিঃ সমাকীর্ণং তপস্থিভিঃ।
দীক্ষিতৈর্ভরতশ্রেষ্ঠ! যতাহারেঃ কুতাত্মভিঃ॥৯॥
তপোহ্ধ্যয়নঘোষেশ্চ নাদিতং ভরতর্বভ!।
বালখিল্যেশ্চ বহুভির্যাতিভিশ্চ নিষেবিতম্॥১০॥ (কুলকম্)
ভত্র কশ্চিৎ সমূৎসাহং কুত্ম শুদ্রো দয়ান্বিতঃ।
ভাগতো হাশ্রমপদং পুজিতশ্চ তপস্বিভিঃ॥১১॥
তাংস্ত দৃষ্ট্বা মুনিগণান্ দেবকল্লামহোজসঃ।
বিবিধাং বহুতো দীক্ষাং সম্প্রাহ্ময়ত ভারত!॥১২॥

ভারতকৌসূদী

ব্রন্ধেতি। ব্রন্ধণাং বান্ধণানাম্ আত্মনপদানি বত্র তামিন্; বৃত্তং স্থিতম্ মুণাঃ পর্যভঃ, বিষয়ে পালিভিন্দ নিষেবিভাম, পুলিভানি সঞ্জাতপুলানি কাননানি বত্র তৎ। স্থ্যজ্বনসারিভঃ স্থানিত্রোয়েক্সভিভিঃ। দীক্ষিতরায়ক্কাজৈঃ বভাহারৈঃ সংবতভোজনৈঃ, কৃতাঅভিঃ বাগবেষানিশ্রীকৃতিটিভঃ। তপোরপং বদ্ধায়নং বেদ্ণাঠন্তক্ত বোবৈধ্বনিভিঃ। বভিতি বিভেজিবিয়ঃ ১৬—১০॥

ভরেতি। সম্ৎসাহং তপসি মনসং প্রবণতাগ্। পুঞ্জিত আদৃতঃ ॥১১॥ ভারতভাবদীপঃ

ভাষতে "ন শুদ্রার মতিং দ্যা"দিত্যাদিশাছেণ ॥৪॥ ছরুক্তং ছ:এস্থং নীচং প্রতি উক্তং বচনৰ্
॥৫ —৭॥ ব্রতিভিত্র স্মচাবিভিঃ ভাপনৈর্কানপ্রইম্থঃ ।৮—-১॥ বতিভিঃ সর্মাসিভিঃ ॥১০॥ দ্যাধিঙঃ

ভরতপ্রেষ্ঠ । হিমালয় পর্বতের পার্খদেশে বান্ধাগণের বছতর আশ্রম আছে ;
তাহার মধ্যে একটা পবিত্র, সুন্দর ও মঙ্গলময় আশ্রম রহিয়াছে। সেই আশ্রমটা
নানাবিধ বৃক্ষ, গুলা ও লতায় ব্যাপ্ত ; পশুপক্ষিগণদেবিত ও সিদ্ধচারণসমন্বিত হইয়া
আছে এবং তাহায় বনগুলি পুলে পরিপূর্ণ ; বছতর বছতী তপস্বী এবং অয়ি ও
সূর্যোর ক্যায় তেজস্বী ব্রাহ্মণের। সেই আশ্রমে বাস করেন। উপবাসাদি নিয়ম ও
চাতুর্মাস্থাদি ব্রতসম্পন্ন, তপস্বী, সংযতভোজন ও রাগছেবাদিশ্রুচিত্ত যাজ্ঞিকব্যক্তিরা সে স্থানে অবস্থান করেন এবং বেদপাঠের শব্দে সেই আশ্রমটা মুখরিত,
আর বছতর বালখিলা ও অক্যান্স সন্নাসী সেই আশ্রমে তপস্থা করেন ৪৬—১০৪

তখন দয়ান্ত চিত্ত কোন শৃক্ত বিশেষ উৎসাহ করিয়া দেই আশ্রেমে আগমন করিল; তখন তপস্বীরাও ভাহার আদর করিলেন ॥১১॥ অথাস্য বুদ্ধিরভবন্তাপস্তে ভরতর্যভ!।
ততোহব্রবীৎ কুলপতিং পাদে সংগৃহ্ছ ভারত!॥১০॥
ভবৎপ্রসাদাদিছামি ধর্মং চর্জ্বং দিজর্বভ!।
তন্মাং দ্বং ভগবন্! ভক্তং প্রব্রাজয়িতুমর্গনি ॥১৪॥
বর্ণাবরোহ্বং ভগবন্! শুদ্রো জাত্যান্মি সন্তম!।
ভক্রামাং কর্তু মিছামি প্রপন্ধায় প্রসীদ মে॥১৫॥
কুলপতিরুবাচ।
ন শক্ষেত্র শাদেন লিক্সমাজ্যিতা বর্ত্তিত্য।

ন শক্যমিছ শুদ্রেন লিঙ্গমাঞ্জিত্য বর্ত্তিভূম্। আফ্যতাং যদি তে বৃদ্ধিঃ শুক্রাবানিরতো ভব। শুক্রাবয়া পরালোঁকানবাঞ্চাসিন সংশয়ঃ॥১৬॥

ভারতকোমূদী

তানিতি। নহেজিন: তপত্তেজোযুক্তান্ দীকাং ধর্মকার্যারস্তম্ ॥১২।

'অবেতি। তাপত্তে তপভারাম্। কুলপতিমাশ্রমস্বামিনম্। "মুনীনাং দশসাহত্রং বোহর
দানাদিপোষণাৎ, অধ্যাপরতি বিপ্রার্থ: স বৈ কুলপতিস্মৃত:" ইতি প্রাঞ্চ: ॥১৩॥

ভবদিতি। প্রবাক্ষিতৃং সন্মাসং গ্রাহ্মিতৃন্ ॥১৪॥

वर्षि । वर्षि अवरतां गीतः । व्यानमात्र कवकः मन्त्रांत्रकात्र ॥>०॥

নেতি। লিকং দণ্ডকমণ্ডবাদিসর্যাসচিহ্ণং শূস্ত সম্যাসে অসধিকারাদিত্যাশর:। আছতা-শত্র খীরতাম্। পরাস্লোকান্ উভযান্ অর্গান্। ধট্পাদঃ শ্লোক: ॥১৬॥

ভারতভাবদীপঃ

সর্বভৃতাভরদানেন প্রজ্ঞাং কৃতবানিভার্থ: ॥১১॥ দীক্ষাং নিয়মন্॥১২॥ তপত্তে তণঃ করিছো ॥১৩॥

ভরতনন্দন ৷ নানাবিধ ধর্মকার্য্যে প্রবৃত্ত, দেবসদৃশ মহাতেজ্ঞা সেই মুনিগণকে দেখিয়া, শৃক্ত অত্যন্ত আনন্দিত হইল ॥১২॥

ভরতশ্রেষ্ঠ ভরতনন্দন। তাহার পর সেই শুদ্রের তপন্থা করিবার ইচ্ছা জন্মিল; তৎপরে সে, তত্রত্য কুলপতির চরণধারণ করিয়া বলিল—॥১৩॥

'বান্ধণশ্রেষ্ঠ। আমি আপনার অমুগ্রহে ধর্মাচরণ করিতে ইচ্ছা করি। আমি আপনার ভক্ত। অভএব আপনি আমাকে সন্ন্যাসধর্ম গ্রহণ করান ॥১৪॥

ভগবন্ সাধুশ্রেষ্ঠ। আমি চারিটা বর্ণের মধ্যে নিকৃষ্ট বর্ণ, জাভিতে শুজ। স্থতরাং আমি আপনার পরিচর্যা। করিতে ইচ্ছা করি সেই জন্মই আপনার শরণা-গত হইয়াছি; জাপনি আমার প্রতি প্রসন্ধ হউন' ॥১৫॥

ক্লপতি বলিলেন—'এই জগতে শৃক্ত দশুকুমগুলুপ্ৰভৃতি সন্নাসচিহ্ন বারণ

ভীম্ম উবাচ।

এবমুক্তস্ত মুনিনা স শৃচ্ছোহ চিন্তমন্ নৃপ !।
কথমত্র ময়া কার্যাং শ্রজা ধর্মপরা চ মে ॥১৭॥
বিজ্ঞাতমেবং ভবতু করিয়ে প্রিয়মাত্মনঃ।
গত্বাঞ্জমপদাদ্দুরমুটজং কৃতবাংস্ত সঃ॥১৮॥
তত্র বেদিশ্চ ভূমিঞ্চ দেবভায়তনানি চ।
নিবেশ্য ভরতশ্রেষ্ঠ ! নিয়্মস্থোহভবমু নিঃ॥১৯॥
অভিষেকাংশ্চ নিয়্মান্ দেবভায়তনের চ।
বলিঞ্চ কৃত্বা ভূত্বা চ দেবভাং চাপ্যপূজ্য়ৎ॥২০॥

ভারতকৌমূদী

এবমিতি। কার্য্য কেবলং শুশ্রমণন্, ধর্মপরা ধর্মবিষয়া ॥১৭॥
বিজ্ঞাভমিতি। বিজ্ঞাতং ভবত ইতি শেষ:। উটজং পর্ণকৃতীরন্ ॥১৮॥
ভবেতি। বেদিং পরিষ্কৃতাং ভূমিং ভূমিং তপস্তাহানন্ নিয়মন্থ উপবাসাদি বভহু:॥১৯॥
অভীতি। অভিবেকান্ ত্রিসন্ধাং স্থানানি, নিয়মান্ উপবাসাদীন্, বিদম্ উপহারম্॥২০॥
ভারতভাবদীপঃ

বজুন্ধিগন্ধং, ব্রস্থাতাবিতাক রূপন্। প্রবাক্ষিতৃং বিধিবং সোচিতং কর্ম ভালিছিতৃন্
॥১৪—১৫॥ লিকং সম্যাসিচিহ্নং থেবকক তব প্রব্রজ্যান্ধিকারার মৃক্তন্॥১৬—১৮॥ সাম্মনঃ
প্রিমং বিকেপকক শুক্রবাধ্যক স্বর্ণাক ভাগিন, লিক্ষার্ণান্ধিকারেহ্পি ভাগিনাত্রে সর্ক্রকাধ-

করিয়া থাকিতে পারে না। তবে তোমার যদি এই আশ্রমে থাকারই ইচ্ছা হয়, তাহা হইলে থাক এবং আমাদের শুশ্রাবায় ব্যাপৃত হও। আমাদের শুশ্রাবারাই তুমি উত্তম স্বর্গ সকল লাভ বরিবে, ভাহাতে কোন সন্দেহ নাই ॥১৬॥

ভীম বলিলেন—'রাজা! মূনি এইরূপ বলিলে সেই শৃক্ত চিন্তা করিল, আমি এই আশ্রমে থাকিয়া কি প্রকারে কেবল শুক্রাষা করিব ? কারণ, ধর্মাচরণেই আমার পরম শ্রমা রহিয়াছে ॥১৭॥

পেরে মুনিকে বলিল) আপনি ইহা অবগত হউন ষে, আমি আমার প্রিয়কার্যা করিব। পেনে সেই শুদ্র আশ্রম হইতে দ্রেষাইয়া একটী পর্বকৃটার নির্দ্ধাণ করিল ॥১৮॥ ভরতশ্রেষ্ঠ। সেই পর্বকৃটারের নিকটে একটা বেদি, তপস্থার স্থান ও দেবগৃহ নির্দ্ধাণ করিয়া সেই শুদ্র নিয়সনিষ্ঠ মুনি হইল ॥১৯॥

ক্রমে সেই শুদ্র ভিন বেলা স্নান, উপাসাদি নিয়ম ও দেবগণের সন্নিধানে নানা-বিধ উপচার দান করিয়া এবং হোম করিয়া, দেবগণের পূজা করিতে লাগিল ১২০॥

সক্ষমনিয়মোপেতঃ কলাহারে। জিতেন্দ্রিয়ঃ।
নিত্যসমিহিতাভিস্ত ঔষধীভিঃ কলৈন্তথা ॥২১॥
অতিথীন্ পূজয়ামা বথাবৎ সমুপাগতান্।
এবং হি সুমহান্ কালো ব্যত্যক্রামত তক্ষ বৈ ॥২২॥ (যুগাকম)
অথাক্স মুনিরাগচ্ছৎ সঙ্গত্যা বৈ তমাশ্রমমা।
সম্পুজ্য স্থাগতেনহিং বিধিবৎ সমতোষয়ৎ ॥২০॥
অমুকুলাঃ কথাঃ কৃত্বা বথাগতমপূচ্ছত।
ঋষিঃ পরমতেজন্বী ধর্মাজা সংশিতব্রতঃ ॥২৪॥
এবং সুবন্থশস্তক্ষ শুদ্রেক্ত ভরতর্বভ!।
সোহগচ্ছদাশ্রমম্বিঃ শুদ্রং দ্রেফুং নর্বভ!।
স্বেগ্ তাপদং শুদ্রং দোহব্রবীদ্তর্বভগ!।
পিতৃকার্য্যং করিয়ামি তত্র সেহসুগ্রহং কুরু ॥২৬॥

ভারতকৌমূদী

স্বলেতি। ঔষ্ণীভি: নীৰাৰাদিভি:। ব্যক্তকোমত অতীত: ॥২১—২২॥
অপেতি। সংস্বতা কাৰ্যক্ৰেশেণ। স্বাগতেন স্বাগতপ্ৰশ্নেন ॥২০॥
অম্বিতি। ব্যাগতা ব্যাগতা মুক্ত মান্তক্ৰমা ॥২৪॥
এবমিতি। অবং সঃ ক্ষি: শুক্তা দুক্ত আন্তৰ্মান্তৰ স্বভূপ অগচ্ছৎ ॥২৫॥
ভাৱতভাবদীপঃ

কারাং। উটলং পর্বশানায়। সেনা বেদীং পূজার্থস, ভূমিং শরনান্তর্থয়। ২০॥ অভিবেকান্
সক্তর ও নিয়মযুক্ত হইয়া সেই শুজ কলমাত্র ভোজন কবিতে থাকিয়া ইপ্রিযসকল জয় করিয়া, উপস্থিত অভিথিদিগকে যথাবিধানে সর্বদ। সির্নিহিত কলমূলাদিঘারা সেবা করিতে লাগিল। এইভাবে ভাচাব বহুকাল অভীত হইল ॥২১ — ২২॥

ভাহার পর একদা সেই মূনি কার্যাক্রমে সেই আশ্রমে আগমন করিলেন, ভাষান স্থান স্থানি আগ্রমা ভাহার সম্মান কবিয়া, যথাবিধানে ভাহাকে সম্ভষ্ট করিল ॥২৩॥

পরে পরম তেজস্বী, ধর্মাত্মা ও দৃঢ়নিরমশালী সেই মুনি মধুব আলাপ করিয়া শুরুকে তদানীস্তন অবস্থা জিজ্ঞাসা করিলেন ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ নরপ্রধান । সেই ঋষি শৃত্তকে দেখিবার জন্ম তাগার আশ্রমে এই-ভাবে বহুবার গমন করিয়!ছিলেন ॥২৫॥

⁽২৩) বিশিবং পর্যান্ডোষয়ং-- পি।

বাঢ়িনিত্যেব তং বিপ্র উবাচ ভরতর্বভ!।
শুচিন্ত্র্পা স শুদ্রেস্ত তম্মর্বিঃ পাল্যমানয়ৎ॥২৭॥
লব্ধ দর্ভাংশ্চ বন্থাশ্চ ওমধীর্ভরতর্বভ!।
পবিত্রমাসনং চৈব রৃষীঞ্চ সমুপানয়ৎ॥২৮॥
লব্ধ দক্ষিণমার্ত্য রুষীং চরমশৈর্ষিকীম্।
কৃতামন্থায়তো দৃষ্ট্রা তং শুদ্রমুষিরত্রবীৎ॥২৯॥
কুরুষৈতাং পূর্ববশীর্ষাং ভবাংশ্চোদদ্ম্থঃ শুচিঃ।
স চ তৎ কৃতবান্ শুদ্রঃ সর্বাং যদ্যিরত্রবীৎ॥৩০॥
যথোপদিষ্টং সেধাবী দর্ভার্ঘ্যাদি যথায়থম্।
হব্যকব্যবিধিং কৃৎসমুক্তং তেন তপস্থিনা॥৩১॥
ঋষিণা পিতৃকার্য্যে চ স চ ধর্মপথে স্থিতঃ।
পিতৃকার্য্যে কৃতে চাপি বিস্থুইঃ স জগাম হ ॥৩২॥ (যুগ্মক্ম্)

ভারতকৌমূদী

অথেতি। অন্তগ্রহং কুক পৌবোহিত্যকরণেন ॥২৬॥

বাঢ়মিতি। বাঢ়মদীকবোমীতার্থ:। "ভূশপ্রতিজ্ঞরোর্বাচম্" ইতামর:॥২ १॥

অথেতি। 'উর্বী: ক্লাদী:। বুরীং নাম আসনম্" ঋষীণামাসনং বুষী" ইভামর: ॥২৮॥

অথেতি। অথ ঝবিং, অন্নায়তঃ শাস্থ্যেক্তং ন্তায়ং পরিস্কৃত্য তেন শৃদ্ধেনী দক্ষিণং দিখিভাগং আবৃত্য গতা বৃধীং ভদাসনম্, চবণে পশ্চিমদিখিভাগে শৈৰ্ষিকী শীৰ্ষভাগো বস্তাতাম্ পশ্চিমাগ্রাং কৃতাং দৃষ্ট্য শুদ্রমন্ত্রবীৎ ॥২৯॥

ক্রছেতি। এতাং বৃষীং পূর্বনীর্বাং ক্রুম, শুচির্ভবাংশ্চ উদ্বাধা ভবেতি শেবঃ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ। তাহার পর সেই শুদ্র সেই মুনিকে বলিল—'আমি পিতৃকার্য্য করিব; তাহাতে আপনি আমার উপবে অনুগ্রহ ককন ।২৬॥

ভরতশ্রেষ্ঠ । তখন ব্রাহ্মণ তাহাকে বলিলেন—'অবশ্য করিব।' পরে সেই শৃ্দ্র পবিত্র হইয়া, সেই ঋষির জন্ম পান্ত আনয়ন কবিল ॥২৭॥

ভবতশ্রেষ্ঠ ৷ তদনস্কর শৃদ্র কুশ, বক্স ফলমূলাদি ও বৃষীনামক পবিত্র আরন আনয়ন করিল ॥২৮॥

তৎপরে শৃত্র অক্যায়ভাবে দক্ষিণদিকে যাইয়া সেই আসনখানিকে পশ্চিম শীর্ষ করিয়া পাতিল। তাহা দেখিয়া ঋষি সেই শৃত্তকে বলিলেন—॥২৯॥

'ত্মি এই আসন থানিকে পূর্বনীর্ষ কর এবং পবিত্রভাবে উত্তর মূখ হও। ঋবি বাহা বলিলেন শৃদ্র সেই সমন্তই করিল' ॥৩০॥ অথ দীর্ষস্ত কালস্ত স তপ্যন্ শুক্রতাপসঃ।
বনে পঞ্চয়গমৎ স্কুক্তন চ তেন বৈ ॥৩০॥
অজায়ত মহারাজবংশে স চ মহাত্যুতিঃ।
তথৈব স ঋষিস্তাত। কালধর্মমবাপহ ॥৩৪॥
পুরোহিতকুলে বিপ্রঃ প্রজাতো ভরতর্ষভ!।
এবং তৌ তত্ত্র সম্ভূতাবুভৌ শুদ্রেয়নী তদা ॥৩৫॥
ক্রমেণ বর্দ্ধিতো চাপি বিদ্যাস্থ কুশলাবুভো।
অথর্ববেদে বেদে চ বস্তুবর্ষিঃ স্থনিষ্ঠিতঃ॥৩৬॥

ভারতকৌসুদী

বথেতি। মেধাবী শ্রং ক্করানিতি শেষং। স চ থাবিং। বিস্টঃ শ্রেণ ॥৩১ — ৩২॥
অথেতি। দীর্ঘক কালক অতিক্রমে সতি পঞ্চমগমদিতি সম্বন্ধঃ ॥৩০॥
অব্যাহতেতি। স চ শ্রেং। কালধর্মং মৃত্যুম্ ৯০৪॥
প্রোহিতেতি। প্রোহিতক্লে যাককপ্রাহ্মণবংশে ৯৫॥
ক্রমেণেতি। বর্দ্ধিতৌ বয়সা বৃদ্ধিং প্রোপিতৌ। বেদে থাগাদিবেদক্রয়ে, থাবিং প্রোহিতঃ,
স্বিটিডো বিশেষভিনিবিটঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

বিসদ্ধাং দানানি ॥২১॥ সক্ষান্ত নিয়মো নিগ্ৰহঃ চিন্তবৃত্তিনিরোধ ইতি যাবং; তেন উপেতঃ

সেই তপন্থী শ্বামি পিতৃকার্য্যে যেমন উপদেশ দিলেন ও বলিলেন; মেধাবী ও ধার্দ্মিক সেই শুদ্র কুশ, অর্ঘ্য, হব্য ও কব্যপ্রভৃতি সমস্তই সেইভাবে সম্পাদন করিল। এইভাবে পিতৃকার্য্য করা হইলে এবং শৃদ্র বিদায় দিলে সেই ঋষি চলিয়া গেলেন ॥৩১—৩২॥

তপস্থার ক্লেশে সম্ভপ্ত সেই তপস্বী শৃত্রু সেই পুণ্যের ফলে দীর্ঘকালের পর সেই তপোবনেই পঞ্চম প্রাপ্ত হইল ॥৩৩॥

বংস! পরে সেই মহাতেজা শুদ্র কোন মহারাজের বংশে জন্মগ্রহণ করিল; ওদিকে সেই ঋষিও পঞ্চ প্রাপ্ত হইলেন ॥৩৪॥

ভরতশ্রেষ্ঠ। পরে সেই ব্রাহ্মণ সেই মহারাজের পুরোহিতের বংশে জন্মিলেন। এইভাবে সেই শুদ্র ও মুনি তৃইজনই বিভিন্ন বংশে জন্মগ্রহণ করিলেন ॥৩৫॥

ক্রমে সেই রাজপুত্র ও পুরোহিতপুত্র বৃদ্ধি পাইয়া নানা বিভায় নিপুণ হইলেন। তাঁহাদের মধ্যে পুরোহিতপুত্র ঋষি হইয়া, অধর্ববেদে ও অফান্স বেদে বিশেষ অভিনিবিষ্ট হইয়া পড়িলেন মতভা কল্পপ্রোগে চোৎপন্ন জ্যোতিষে চ পরস্বতঃ।
সাংখ্যে চৈব পরাপ্রীতিস্তস্ত চৈবং ব্যবদ্ধত ॥৩৭॥
পিত্রমূপিরতে চাপি কৃতশোচস্ত পার্থিবঃ।
অভিষিক্তঃ প্রকৃতিভী রাজপুত্রঃ স পার্থিবঃ ॥৩৮॥
অভিষিক্তেন স ঋষিরভিষিক্তঃ পুরোহিতঃ।
স তং পুরোধায় স্থমবসদ্ভরতর্বত! ॥৩৯॥
রাজ্যঃ শশাসং ধর্মেণ প্রজাশ্চ পরিপালয়ন্।
পুণ্যাহবাচনে নিত্যং ধর্মকার্য্যেষ্ চাসক্বং ॥৪০॥
উৎস্ময়ন্ প্রাহসচ্চাপি দৃষ্ট্বা রাজা পুরোহিত্য্।
এবং স বহুশো রাজন্। পুরোধসমুপাহসং ॥৪১॥ (মুগ্যক্ষ্)
লক্ষ্মিছা পুরোধাস্ত ওহুশস্তং নরাধিপায়।
উৎস্ময়ন্তঞ্চ সততং দৃষ্ট্বাসোঁ মন্মাবিশং ॥৪২॥

ভারতকৌমূদী

করেতি। করপ্ররোগে গোভিগাদিগৃহস্বেরাক্তৌ যজ্ঞান্তর্চানে, উৎপন্নে উপস্থিতে, জ্যোতিষে চ পবং বিশেষং প্রাবীণাং গতঃ পুবোহিতঃ। তত্ত পুবোহিতভ ॥৩৭॥

নিতরীতি। উপবতে মৃতে, কৃতশোচ: বিহিতোদ্ধ দৈহিক:। প্রকৃতিভি: প্রঞাভি: একা অভীতি। অভিবিজেন তেন রাজপুত্রেন অভিবিজ: পোরোহিত্যপদে বৃতঃ। পুরোধার সর্বকার্যোর অগ্রবর্তীক্বতা একা

বাজাগিতি। পুধাহিণাচনে ৰজাদে প্রাসিদ্ধে। উৎস্থান উৎস্থানা ইবন্ধনন্ ॥৪•—৪১॥
তিনি গোভিল।দিগৃহাস্ত্রোক্ত যজাজমুষ্ঠানে ও জ্যোতিষ শাস্ত্রে বিশেষ নিপুণ্
হইলেন এবং তাঁহাব সাংখ্যশাস্ত্রে অভ্যন্ত শ্রীতি জ্যাল ॥৩৭॥

ওদিকে রাজার মৃত্যু হইলে, তাঁহার পুত্র তাঁহার ঔদ্ধ দৈহিক করিলেন ; তখন প্রজারা সেই বাজপুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া রাজা করিল ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ ৷ বাজপুত্র রাজ্যে অভিষিক্ত হইয়া, সেই ঋষিকে পুরোহিতপদে বরণ করিলেন এবং তাঁহাকে সমস্ত কার্য্যে অগ্রবর্তী করিয়া সুখে বাস করিতে লাগি-লেন ॥৩৯॥

নরনাথ ! সেই রাজা ধর্মান্সারে প্রজাপালন করিতে থাকিয়া, রাজ্যশাসন করিতে থাকিলেন ; কিন্তু তিনি সর্বদ। যজ্ঞাদির পুণ্যাহ্নাচনে ও অন্যাস্থ ধর্মকার্য্যে পুরোহিতকে দেখিয়া কথন ও ঈষৎ হাস্ত করিতেন, কথনও অট্টহাস্ত করিতেন এবং কোন সমযে পুরোহিতের প্রতি বহুবার উপহাস করিতেন ॥৪০—৪১॥

⁽१२) मृद्धारते मद्रामानपुर-शि।

অথ শৃত্যে পুরোধাস্ত সহ রাজ্ঞা সমাগতঃ। কথাভিরসুকূলাভী রাজানং চাভ্যরাময়ৎ ॥৪৩॥ ততোহত্তবীমরেন্দ্রং স পুরোধা ভরতর্বভ!। বর্মিচ্ছাম্যহং ডেকং ত্বয়া দক্তং মহাত্যুতে! ॥৪৪॥

রাজোবাচ।

বরাণাং তে শতং দত্যাং কিমুতৈকং দিজোত্তম ।। স্নেহাচ্চ কছ্মানাচ্চ নাস্ত্যদেয়ং হি মে তব ॥৪৫॥ পুরোহিত উবাচ।

একং বৈ বরমিচহামি যদি তুষ্টোহসি পার্থিব।। প্রতিজানীহি ভাবত্তং সত্যং যদদনানৃত্যু॥৪৬॥

ভারতকৌমুদী

শক্ষেতি। পুবোধা: পুরে।হিত:। উৎসমস্থমীধন্ধসম্ভদ্। মহ্যাং দৈয়ং, আবিশৎ প্রাপ্তোৎ ॥৪২॥ অথেতি। শুন্তে নির্জনভানে, সমাগত: সন্দ্রিলিড:। অভ্যরাময়ৎ সমডোবয়ৎ। ব্রক্ষাব আবি:॥৪৬॥

তত ইতি। ইচ্ছামি লক্ষিতি শেবং ॥৪৪॥ বরাণামিতি। বহুমানাৎ পুরোহিততরা বিশেষগোরবাৎ ॥৪৫॥ এক্ষিতি। বং সভাং তদ্ বদ, অনৃতং মিথা ন বদ ॥৪৬॥

রাজা পুরোহিতকে দেখিয়া সর্বদা মৃত্ হাস্ত করেন, ইহা বছবার শক্ষ্য করিয়া সেই পুরোহিত তৃঃখিত হইলেন ॥৪২॥

তাহার পর একদা পুরোহিত কোন নির্জ্জন স্থানে রাজ্ঞার সহিত সম্মিলিত হইয়া অনুকৃষ কথাদারা রাজ্ঞাকে সন্তুষ্ট করিলেন ॥৪৩॥

ভরতশ্রেষ্ঠ ৷ তদনস্তর পুরোহিত রাজাকে বলিলেন—'মহাপ্রতাপ রাজা ৷ আমি আপনার প্রদত্ত একটা বর লাভ করিতে ইচ্ছা করি ॥৪৪॥

রাজা বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ। একটা বর কেন? আমি আপনাকে একশত বর দান করিব। কারণ, আপনার প্রতি আমার স্নেহ ও অত্যন্ত পৌরব্বশতঃ আপনাকে আমার অদেয় কিছু নাই ॥৪৫॥

পুরোহিত বলিলেন—'রাজা। আপনি বদি সম্ভষ্ট হইয়া থাকেন, তবে আমি একটা বর লাভ করিবারই ইচ্ছা করি। আপনি প্রতিজ্ঞা করুন, যাহা সত্য হইবে, ভাহাই বলিবেন; কিন্তু মিথা। বলিবেন না' ॥৪৬॥

ভীম্ম উবাচ।

বাঢ়নিত্যেব তং রাজা প্রত্যুবাচ যুধিন্তির ।। যদি জ্ঞাম্ভানি বক্ষা মি অজানম তু সংবদে॥৪৭॥

পুরোহিত উবাচ।

পুণ্যাহবাচনে নিত্যং ধর্মকৃত্যেষ্ চাসকৃৎ।
শান্তিহোমেষ্ চ সদা কিং ত্বং হসসি বীক্ষ্য মায় ॥৪৮॥
সত্রীড়ং বৈ ভবতি হি মনো মে হসতা ত্বয়া।
কামায় শাপিতো রাজন্মান্তথা বক্তুমহ সি ॥৪৯॥
সুব্যক্তং কারণং হত্ত ন তে হাস্তমকারণম্।
কোতুহলং মে সুভূশং তত্ত্বেন কথ্যস্ব মে ॥৫০॥

রাজোবাচ। এবমুক্তে ছয়া বিপ্রা যদবাচ্যং ভবেদপি। অবশ্যমেব বক্তব্যং শৃণুষৈকমনা দ্বিজ।॥৫১॥

ভারতকোমূদী

বাঢ়মিতি। জ্ঞান্থামি স্ত্যমিতি শেষ: ॥৪৭॥ পুণ্যেতি। অসক্তং বারং বারং হসসীতি সম্বন্ধ: ॥৪৮॥ সেতি। সত্রীড়ং সমজ্বন্। কামায় বাবদভিলাযায়, শাপিভন্তং শণণং কাবিত:॥৪৯॥ প্রব্যক্তমিতি। অত্র তব হাজে স্বর্যক্তং প্রবং কারণমন্তীতি শেষ:॥৫১॥

ভীম বলিলেন—'যুধিষ্ঠির! তখন রাজা প্রভাতর করিলেন, 'অবশাই বলিব ?' যদি সত্য জানিতে পারি, তবে তাহা বলিব; সত্য জানিতে না পারিলে, ভাহা বলিতেও পারিব না' ॥৪৭॥

পুরোহিত বলিলেন—'যজ্ঞাদিকার্য্যের পুণ্যাহবাচনের সময়ে এবং অস্থাস্থ ধর্মকার্য্য ও শান্তিহোমের কালে, আগনি আমাকে দেখিয়া সর্বদাই বার বার হাস্ত করেন কেন ? ॥৪৮॥

রাজা ! আপনি হাস্ত করায় আমার মন লক্ষিত হয়। অতএব আপনার অভিলবিত বিষয়ে আমি আপনাকে শপথ করাইতেছি যে, আপনি মিথ্যা বলিতে পাবিবেন না ॥৪৯॥

এবিষয়ে নিশ্চয়ই কোন কারণ আছে। কেন না, বিনা কারণে আপনার হাস্ত হইতে পারে না, আমার অত্যস্ত কৌতৃহল জ্বিয়াছে। অভএব আপনি আমার নিকট্ যথাযথভাবে বলুন ॥৫০॥ পূর্বদেহে যথা বৃত্তঃ তরিবোধ বিজোতন!।
জাতিং স্মরামাহং ব্রহ্মন্তধানেন নে শৃণু ॥৫২॥
শৃলোহহমভবং পূর্বং তপদা ভূশদংযুতঃ।
থাবিরুগ্রতপাস্ত্রং চ তদাভূবিজ্ঞদত্তম!॥৫৩॥
গ্রীয়তা হি তদা ব্রহ্মন্মানুগ্রহবৃদ্ধিনা।
পিতৃকার্য্যে স্বয়া পূর্বমুপদেশঃ কৃতোহনব।॥৫৪॥
বৃষ্যাং দর্ভেষ্ হব্যে চ কব্যে চ মুনিদত্তম!।
এতেন কর্মদোষেণ পুরোধাস্থমজারথাঃ॥৫৫॥ (মুগাকম্)
অহং রাজা চ বিপ্রেক্ত। পশ্য কালশ্য পর্যায়ম্।
মৎকৃতস্থোপদেশশ্য স্বয়াবাপ্তমিদং ফলম্॥৫৬॥

ভারতকৌমুদী

ध्विमिक्ति। ध्वर गरूको निर्द्धासन ॥ १०॥

शूर्वित । वृक्ष्यावरशंकी छम्, निर्वाव मृथ् । चरः चार्तिः शूर्वकच चत्रामि, शूर्वभूगावनामिछि छातः ॥१२॥

मृत हे छि । উগ্রং ভয়ধরং তপো বস্ত স: ॥৫ ः॥

শ্রীরভেতি। শ্রীরতা সহয়তা। অরগ্রহে যুদ্ধিত তেন। বৃত্থানাসনে, দর্ভেষু কুশেষু, হব্যে দেবদেয়ে প্রব্যে, কব্যে পিতৃদেরে চ স্রব্যে ভয়া উপদেশ: ক্ষত ইতি সময়ঃ। এতেন শৃত্যং প্রতি ক্ষতেন উপদেশরণেণ। বিজ্ঞানাধীনভয়া নানাক্ষেশবভয়া চ পুরোহিভত্থ নিস্কুটমিত্যাশয়ঃ ॥৫৪—৫৫॥

রাজা বলিলেন—'ব্রাহ্মণ! আপনি এইবপ বলিলে, যাহা অবক্তব্য, তাহাও অবশ্রই বলিতে হয়। অতএব ব্রাহ্মণ! আপনি একাগ্রচিত্ত হইয়া শ্রবণ করুন ॥৫১॥ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনার ও আমার পূর্বদেহে যাহা হইয়াছিল, তাহা শ্রবণ করুন। আমি পূর্বজ্বের পুণাবশতঃ পূর্বজাতি শ্বরণ করিতেছি। অতএব ব্রাহ্মণ! আপনি মনোযোগ দিয়া, আমার নিকট শুরুন ॥৫২॥

আমি পূৰ্বজন্মে শূজ হইয়া অত্যন্ত তপন্থী হইয়াছিলাম এবং আপনি তখন ব্ৰাহ্মণ হইয়া ভীষণ তপন্থী ঋষি হইয়াছিলেন ॥৫৩॥

নিষ্পাপ ব্রাহ্মণ ৷ তৎকালে আপনি সম্ভষ্ট হইয়া, আমার প্রতি অমুগ্রহ করি-বার ইচ্ছা করিয়া, আমার পিতৃকার্য্যে আসন, কুশ, হব্য ও কব্যবিষয়ে আমাকে উপদেশ দিয়াছিলেন; এই কর্মদোবে আপনি ইহজন্মে পুরোহিত হইয়া-ছেন ৪৫৪—৫৫৪

⁽१७) छश्रम क्छनिकद्रः । नि ।

এতস্মাৎ কারণাদ্রক্ষন্ । প্রহসে ছাং ছিজোন্তম । ।
ন ছাং পরিভবন্ ব্রহ্মন্ । প্রহসামি গুরুর্ভবান্ ॥৫৭॥
বিপর্যায়েণ মে মন্যান্তেন সন্তপাতে মনঃ ।
জাতিং স্মরাম্যহং তুভামতস্থাং প্রহসামি থৈ ॥৫৮॥
এবং তবোগ্রং হি তপ উপদেশেন নাশিতম্ ।
পুরোহিত্তমুৎস্ক্রা যত্ম ছং পুনর্ভবে ॥৫৯॥
ই তস্ত্রসধ্যামন্তাং মা দোনিং প্রাক্ষ্যাসে ছিল ! ।
গৃহতাং দ্রবিণং বিপ্র । পুতাত্মা ভব সত্ম । ॥৬০॥

ভারতকৌমূদী

অংমিতি। রাজা জাতবানীতি শেবং। পর্যয়ং পরিবর্ত্তনম্। মরি রুততা মংকৃততা এই আ এতমাদিতি। পবিভবরনজানন্, গুরুং পুবোহিতথাং।৫৭॥ বীতি। বিপর্যায়ন শূদ্রাদহং রাজা, থঞ্চ মুনিতঃ পুবোহিত ইতি বৈপনীতোন, মহাদৈছন্। তুত্যাং তব ॥৫ না

এবমিতি। উপদেশেন শুদ্রং প্রাত্যুপদেশকরণেন। ভবে জন্মনি ॥৫৯॥ ইত ইতি। দ্রবিণং সংক্যাক্ষণার্থকং গনং, প্তাত্মা পবিত্রচিত্তঃ ॥৬০॥ ভারতভাবদীপঃ

প্রায়োগে স্ক্রোক্তব্প্রথয়োগে ৮০৭—৫৬॥ সংকৃতভা সহং কৃতভা ৪৫৭—৫৮॥ বিপর্বায়েশ

বান্মণশ্রেষ্ঠ। গাপনি কালেব পনিবর্ত্তন দেখুন, আমি রাজা হইয়াছি, আর আপনি আমাকে উপদেশ দেবার জন্ম এই ফল পাইয়াছেন ॥৫৬॥

ব্রাহ্মণ। এই কারণে আমি, আপনাকে দেখিয়া হাস্ত করি , কিন্তু আপনাকে অবজ্ঞা করিয়া হাস্ত করি না। কারণ, আপনি আমার গুরুজন ॥৫৭॥

আমি পূর্বে জন্মে শৃদ্র হট্যা, উহজন্মে রাজা হট্লাম , আর জাপনি পূর্বে জন্মে ঝিষ হইয়া, ইহজন্মে পুনোহিত হট্লেন, এট নৈপরীতাব্শতই আমার দৈয় এবং তাহাতেই আমার মন ছঃখিত। আমি আপনার পূর্বেজন্ম স্মরণ করি এবং সেই জন্মই আপনাকে দেখি। হাস্ত কবিয়া থাকি ॥৫৮॥

এইবাপ শৃত্তকে উপদেশ করায় আপনার ভীষণ তপস্থা নষ্ট ১ইয়াছে। অতএব আপনি এখন পুরোহিতত্ব পনিত্যাগ কবিয়া পুনর্জ্জন্মের জন্ম চেষ্টা করুন ॥৫৯॥

ব্ৰাহ্মণ ৷ আপনি ইহা অপেকাণ্ড খধ্য যোনি যেন প্ৰাপ্ত হন না; সাধুশ্ৰেষ্ঠ ব্ৰাহ্মণ ৷ এই ধন গ্ৰহণ কৰুন এবং পৰিত্ৰচিত্ত হউন ॥৬০॥

ভীম উবাচ।

ততো বিস্ফো রাজা তু বিপ্রো দানান্তনেকশঃ।
ব্রাহ্মণেভ্যো দদৌ বিক্তঃ ভূমিং প্রামাংশ্চ সর্বশঃ॥৬১॥
কৃচ্ছুাণি চিন্তা চ ততো যথোক্তানি বিজোক্তমৈঃ।
তীর্থানি চাপি গল্পা বৈ-দানানি বিবিধানি চ॥৬২॥
দল্বা গালৈচব বিপ্রেভ্যঃ পূতাল্লাভবদাত্মবান্।
তমেব চাপ্রমং গল্পা চচার বিপুলং তপঃ॥৬৩॥
ততঃ সিদ্ধিং পরাং প্রাপ্তো ব্রাহ্মণো রাজসন্তম।।
সম্মতশ্চাভবতেষামাশ্রমে তিম্বাসিনাম্॥৬৪॥
এবং প্রাপ্তো মহৎ কৃচ্ছুমুষিঃ স নৃপসত্তম।।
ব্রাহ্মণেন ন বক্তব্যং তত্মান্ত্রিহ্মণো নৃপ।।
তিপদেশং হি কুর্বোণো দ্বিজঃ কৃচ্ছুমবাপুরাৎ॥৬৬॥

ভারতকৌমুদী

ভঙ ইতি। দীরস্থ ইতি দানানি দেরজব্যাণি বল্লাদীনি ॥৬১॥
ক্ষুক্রানীতি। কৃষ্ণুণি প্রায়শিক্তানি, চীর্ম্বা চবিষা। দানাপ্রকরোদিতি শেষ:॥৬২॥
দত্তেতি। আত্মবান্ নোক্ষণাভে বল্পবান্ সন্॥৬৩॥
ভঙ ইতি। সিদ্ধিং ভক্তমানন্, প্রামৃত্যান্ ॥৬৪॥
এবনিতি। বর্ণেষ্ অববে নিক্নটে শ্লেন বক্তব্যস্পদেশোন দাতব্য:॥৬৫॥

ভীম বলিলেন—'ভাহার পর রাজা বিদায় দিলে, ব্রাহ্মণ নিজগৃহে যাইয়া, ব্রাহ্মণগণকে অনেক জব্য, সর্বপ্রকার ধন, ভূমি ও গ্রাম দান কবিলেন ॥৬১॥

তৎপরে তিনি পণ্ডিতগণোক্ত নানাবিধ প্রায়শ্চিত ও বছতীর্থে পর্যাটন করিয়া, সেই সেই স্থানে নানাবিধ দানও করিলেন ॥৬২॥

বাসাণগণকে গোদান করিয়। পবিত্রচিত্ত ও মুক্তিলাভে বত্ববান্ হইলেন; ক্রমে পেই আশ্রমে যাইয়া বিপুল তপস্ত। কবিতে লাগিলেন ॥৬০॥

র:জশ্রেষ্ঠ । তদনস্তব সেই ব্রাহ্মণ পরম সিদ্ধিলাভ করিলেন এবং সেই আশ্রমে থাকিয়া, তত্ত্বত্য তপস্থিগণের প্রিয় হইলেন ॥৬৪॥

রাজন্রেষ্ঠ । এইভাবে সেই ঋষি গুরুতর কষ্ট-পাইয়াছিলেন। অতএব বাহ্মণ, নিকৃষ্ট বর্ণের প্রতি কোন ধর্ম বলিবেন না ॥৬৫॥ নৈষিতব্যং সদা বাচা দিজেন নৃপস্তম!।
ন চ বক্তব্যমিহ হি কিঞ্ছিদ্বাবিরে জনে ॥৬৭॥
ভাঙ্গাণাঃ ক্ষতিয়া বৈশ্যান্তরো বর্ণা দিজাতয়ঃ।
এতের কথয়ন রাজন্! ভাঙ্গাণো ন প্রচুম্বাতি ॥৬৮॥
তত্মাৎ সন্তিনবক্তব্যং কস্তাচিৎ কিঞ্চিদ্রতাঃ।
সূক্ষা গতিহি ধর্মস্ত ছুক্তেয়া হারুতাল্পভিঃ ॥৬৯॥
তত্মান্মোনেন মুনয়ো দীক্ষাং ক্রিন্তি চাদৃতাঃ।
ছুরুক্তস্ত ভয়াজাজনাভাষন্তে চ কিঞ্চন ॥৭০॥
ধার্মিকা গুণসম্পন্নাঃ সত্যার্জনসমন্বিতাঃ।
ছুরুক্তবাচাভিহিতৈঃ প্রাপ্ন বন্তীহ ছুদ্ধতম্ ॥৭১॥

ভারতকৌমুদী

বর্জনেদিতি। হি বসাং। রজুং কইন ।৬৬॥
নেতি। নৈবিতব্যং বর্ণবৈরকর্মণঃ সাক্ষমপদেশেন নেইবান্ ॥৬৭॥
আক্ষণা ইতি। কথনন্ বজাদিকর্মণঃ প্রকারম্পদিশন্ ॥৬৮॥
জন্মাদিতি। কভাচির্থবিরভাগ্রতঃ। অক্তান্মভিরশিক্ষিত্র দিভিঃ।৬৯॥
জন্মাদিতি। দীক্ষাং বজাভারস্তম্। দ্রক্তভ কুইবাক্যভা।৭০॥
ধার্মিকা ইতি। গুণসম্পন্ন বিভাদিগুণগুকা, আর্জবং সর্লতা। ক্রক্তা অপাত্রে ক্পিতা বা
বাক্ ভয়া, অভিহিতৈঃ প্রকারেঃ॥৭১॥

রাজা। ব্রাহ্মণ সর্ববদাই নিকৃষ্ট বর্ণের প্রতি ধর্ম্মোপদেশদান বর্জন করিবেন। কারণ, ব্রাহ্মণ তাদৃশ ব্যক্তির প্রতি ধর্মোপদেশ দান করিয়া, কষ্ট ভোগ করেন ॥৬৬॥ রাজশ্রেষ্ঠ। ব্রাহ্মণ নিকৃষ্টবর্ণের ধর্ম্মকার্য্যেব সাঙ্গত্ব সম্পাদন করা বাকাছারা ইচ্ছা কবিবেন না। এই জন্মই নিকৃষ্ট বর্ণের কর্মের সমযে তাঁহার কোন কথা বলাই সঙ্গত নহে॥৬৭॥

রাজা! বাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্ব এই তিনবর্ণ দ্বিজ্ঞাতি; ইংগদের নিকটে ধর্মোপদেশ দান কবিয়া বাহ্মণ দোষভাগী হন ন। ॥৬৮॥

অতএব কোন সজ্জনই কোন নিকৃষ্ট বর্ণেব সম্মুখে বিছু বলিবেন না। কারণ, ধর্মের গতি সুন্ন। স্থতরাং অশিক্ষিত লোকের তাহা জান। তুকুর ॥৬৯॥

অতএব রাজা। সর্বত্ত সমাদৃত মুনিরা মৌনাবলম্বন করিয়াই কম্মরিস্ত করেন, কিন্তু স্টবাক্যের ভয়ে কিছু বলেন না ॥৭০॥ উপদেশো ন কর্ত্তন্যঃ 'কদাচিদপি কস্তচিৎ।
উপদেশাদ্ধি তৎ পাপং ত্রাহ্মণঃ সমবাপুয়াৎ ॥৭২॥
বিমৃশ্য তম্মাৎ প্রান্তেন বক্তব্যং ধর্মমিচ্ছতা।
সত্যানৃতেন হি কৃত উপদেশো হিনস্তি হি ॥৭৩॥
বক্তব্যমিহ পৃষ্টেন বিনিশ্চত্য বিনিশ্চয়ম।
স চোপদেশঃ কর্তব্যো যেন ধর্মমবাপুয়াৎ ॥৭৪॥
এতত্তে সর্ব্যাখ্যাতমুপদেশকৃতে ময়া।
মহান্ ক্লেশো হি ভবতি তম্মামোপদিশেদিহ ॥৭৫॥

ইতি শ্রীনহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাননুশাদনপর্ব্বণি দানধর্মে শৃদ্র-মুনিসংবাদে নবমোহধ্যায়ঃ # || ।।

ভারতকৌমূদী

উপেতি। কন্ত চিম্ববিরক্ত সম্বদ্ধে। তৎপাপং বর্ণবিরপাপন্। এতেন পাপিনুমেব বর্ণবিরং প্রতি ধর্মোপদেশো নিষিদ্ধ ইতি স্টিতন্ মণ্ডঃ

বিষ্ণ্রেতি। বিষ্ণু বিবিচ্য। সত্যঞ্চ অনৃতং মিধ্যাচেতি সভ্যানৃতং ভেন ভাদৃশেন বাব্যেদ ক্লড উপদেশঃ, হিনন্তি হি উপদেষ্ট্রগর্মিং নাশরতোব ॥৭৩॥

বক্তব্যমিতি। বিনিশ্চীয়তে ধর্ম্বো ধেন তবিনিশ্চরং শাস্ত্রস্থ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

শ্দ্রোহপ্যবং জাভিশ্বরো লাভঃ মুনিবপি বং পুবে।হিভো লাভ ইভি বৈপরীভোন, মহাদৈক্তম্ ॥৫৯॥

ধার্মিক, বিভাদিগুণসম্পন্ন এবং সভাসরলভাযুক্ত লোকেরা, অপাত্রে উপদেশ দিয়া পাপভাগী হন ॥৭১॥

যান্থিতি। যাতৃধানাঃ সংস্কভাবা বাক্ষসাঃ, নৈশ্বভা অসংস্কভাবা বাক্ষসাঃ। পিতৃদৈবতেভ্যো নির্গতা তৈবগৃহীতেভার্থঃ ॥২৫॥

মাৰ্কণ্ডেয় বলিলেন—'ব্ৰাহ্মণাদি চাবিবৰ্ণ বিনামন্ত্ৰে ও অবৈধভাবে যে হব্য-কব্য দান কবে , তাহাদেব সে দান কোথায় যায় ?' ॥২১॥

নাবদ বলিলেন—'ব্রাহ্মণেব তাদৃশ দান অস্থবে, ক্ষত্রিয়ের দেবপ দান বাক্ষসে, বৈশ্যেব সেই প্রকাব দান পিশাচে এবং শৃত্তেব তদ্রপ দান ভূতে গমন কবিয়া থাকে' ॥২২॥

মাৰ্কণ্ডেয় বলিলেন—'নিকৃষ্ট বৰ্ণ স্ত্ৰীব গৰ্ভে উৎপন্ন ব্ৰাহ্মণেবা যে হব্য কৰা দান কৰিবেন, তাঁহাদেব সে দান কোথায় যায ?' ॥২৩॥

নাবদ বলিলেন—'নিকৃষ্ট বর্ণ স্ত্রীব গর্ভে উৎপন্ন ব্রাহ্মণেবা যে হব্য কব্য দান কবেন, তাহা দেবগণ বা পিতৃগণ নিজেবা গ্রহণ কবেন না ॥২৪॥

সংস্বভাবসম্পন্ন বাক্ষ্ম, পিশাচ, ভূত ও অসংস্বভাবযুক্ত বাক্ষ্মেবা সেই হব্য-কব্য গ্রহণ কবে; যে হেতু দেবগণ ও পিতৃগণ তাহা গ্রহণ কবেন না ॥২৫॥

⁽२७) हेजः भवः हजूः शकारमा ३ थायः -- नि ।

মার্কণ্ডেয় উবাচ।

শ্রুতং বর্ণাবরৈদ তিং হব্যং কব্যঞ্চ নারদ। সংপ্রযোগে চ পুত্রাণাং কন্সানাঞ্চ ব্রবীহি মে॥২৭॥

নারদ উবাচ।

কন্তাপ্রদানং পুত্রানাং স্ত্রীণাং সংযোগমেব চ।
আনুপূর্ব্যান্মযা সম্যগুচ্যমানং নিবোধ মে ॥২৮॥
জাতমাত্রা তু দাতব্যা কন্তকা সদৃশে বরে।
কালে দত্তাস্থ কন্তাস্থ পিতা ধর্মেণ যুজ্যতে ॥২৯॥
যস্ত পুষ্পবতীং কন্তাং বান্ধবো ন প্রযক্ষতি।
মাসি মাসি গতে বন্ধুস্তস্তা জৌণদ্মমাপ্রুতে ॥৩০॥
যস্ত কন্তাং গৃহে রন্ধ্যাদ্গ্রাম্যৈর্ভোগৈর্বিবিজ্জিতাম্।
অবধ্যাতঃ স কন্তাযা বন্ধুঃ প্রাপ্নোতি জ্রণহাম্॥৩১॥

ভাবতকৌমুদী

তেষামিতি। সর্বপ্রদাত্বাং তেষাং ষং হব্যকব্যম্ তে চ সমাহিতা একাগ্রচি**ডাং সম্ভঃ** যং হব্যং কব্যঞ্চ প্রয়চ্ছন্তি তং সর্বং দেবতা দেবাং পিতবশ্চ ভূঞ্জন্ত ॥২৬॥

শ্রুতি। সংপ্রযোগে সম্বন্ধ ববীহি তবং ব্রহি ॥২৭॥
করেতি। পুত্রাণাং স্থীণাঞ্চ সংযোগং সাংসারিকসম্প্রদা

কাতেতি। দাতব্যা বাচেতি শেষ:। কালে অষ্টবর্বাদৌ ॥২৯॥

য় ইতি। পুষ্পবতীং রদ্ধবলাম্। ভৌণদ্বাং ভ্রণহত্যাপাপম্॥৩০॥

সেই দাতাবা যে হব্য ও কব্য সংগ্রহ কবিষা, একাগ্রচিত্ত হইয়া, ষথাবিধানে দান করেন ; দেবগণ ও পিভৃগণ তাহা ভোগ কবিষা থাকেন ॥২৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'নাবদ! নিকৃষ্টবর্ণজাত লোকদিগেব প্রদত্ত হব্য ও কব্যবিষয় শুনিলাম, এখন আমাব নিকট পুত্র ও কম্মাগণের কর্তব্যবিষয়ে যথার্থ তত্ত্ব বলুন'॥২৭॥

নাবদ বলিলেন—'কন্সাদান এবং স্ত্রী ও পুত্রগণেব সম্বন্ধে কর্ত্তব্যবিষয়ে আমি আমুপূর্ব্বীক সমীচীনভাবে বলিভেছি, আপনি শ্রবণ ককন ॥২৮॥

কন্তা জন্মিবামাত্ৰই পিতা উপযুক্ত ববে তাহাৰ বাগ্দান কৰিয়া রাখিবেন ; তাহাৰ পৰ যথাসময়ে সেই কন্তা দান কৰিলে পিতা পুণ্য লাভ কৰেন ॥২৯॥

যে পিতা বা অশ্ব বন্ধুজন কন্সা বজস্বলা হইলেও তাহাকে দান কবেন না; তাহারা কন্সাব এক একটা মাস অতীত হইলে এক একটা জ্রণহত্যাপাপে লিগু হন ॥৩০॥ দূষিতা পাণিমাত্রেণ মৃতে ভর্তুরি দারিকা।
সংস্কারং লভতে নারী দ্বিতীয়ে সা পুনঃ পতো ॥৩২॥
পুন্ভূর্নাম সা কন্যা সপুত্রা হব্যকব্যদা।
আদৃ্য্যা সা প্রসূতীয়ু প্রজানাং দারকর্মণি ॥৩৩॥
মার্কণ্ডেষ উবাচ।
যাতু কন্যা প্রসূবেত গর্ভিনী যাতু বা ভবেৎ।
কথং দারক্রিয়াং ভূষঃ সা ভবেদ্ধিসত্তম!॥৩৪॥

ভাবতকৌমূদী

য ইতি। গ্রাম্যৈর্ভোগৈ: স্থরভত্নথৈ:। অবধ্যাত: সর্বৈরবজ্ঞাত: ভ্রণহাং ভ্রণহত্যাপাপম্।
ভ্রণং হস্তীতি "অক্সতোহপি চ" ইতি হয়ে উপ্রভয়ে তুষ্কৃতিবিশেষণভন্না স্ত্রীত্বম্ ॥০১॥

দ্বিতেতি। দাবিক। তন্যা, ভর্ত্তবি মৃতে সতি, পাণিমাত্রেণ পুন: পাণিগ্রহণমাত্রেণ দ্বিত। পাপভাগিনী ভবতি। উক্তার্থে হেতুমাহ সংস্থাবমিতি। যেন হি সা নারী, দিতীযে পতৌ পতৌ গৃহীতে সতি, পুন: সংস্থারং লভতে। সংস্কৃতায়াঃ পুন: সংস্থারো ন সম্ভবতীতি ব্যক্তিচার এব স ইতি ভাবঃ ॥৩২॥

মতাস্তরমাহ পুনবিতি। পুনর্তবিতি সংস্কৃতেতি পুনর্ভূ: "অক্ষতা বা ক্ষতা বাপি পুনর্ভূ: সংস্কৃতা পুন: ইতি স্বতে:, সা কলা সপুতা সতী হ্বাক্বাদা ভবিতুমহ তি। যেন হি দার-কর্মাণ পুনর্কিবাহে সতি, প্রস্থানাং পুত্রকল্ঞানাম্, প্রস্থতীয়ু প্রসবেষ্ সংস্কৃপি অদৃ্যা। প্রস্থতীবিতি দীর্ঘন্মার্যম্ ॥৩৩॥

উক্তমতান্তবে দোবং পশ্মরাহ যেতি। দারক্রিয়াং পুনবিববাহং ভবেৎ প্রাপ্তেতি শেষ:। "মৃতে ভর্ত্তরি ব্রস্কার্যাং তদবাবোহনম্" ইত্যক্রিরোবচনবিরোধাৎ "দক্ষৎ কল্লা প্রদীয়তে" ইতি মহ্বচনবিরোবাচেতি ভাব: ॥७৪॥

যে লোক বতিবৰ্জ্জিত অবস্থায় কন্তাকে গৃহে অবকদ্ধ বাখে; সেই কন্তাব বন্ধুলোক সকলেব অবজ্ঞাত হইয়া ভ্ৰূণহত্যাব পাপভাগী হয় ॥৩১॥

ভর্তাব মৃত্যু হইলে তন্যা অন্ত পুক্ষেব পাণিগ্রহণমাত্রই দূষিত হইয়া থাকে। কাবণ, সেই নাবী পুনবায় দিতীয় পতি গ্রহণ কবিলে সংস্কার লাভ কবে। (একবাব সংস্কাব হইলে পুনবায় সংস্কাব হইতে পাবে না) ॥৩২॥

(মতান্তব বলিতেছেন) পুনভূ নামী সেই কন্তা পুত্ৰবতী হইয়া হব্য ও কব্য দান কবিতে পারে। কাবণ, পুনবায বিবাহ হইলে এবং সম্ভান জন্মিলেও সে দ্যিত হয় না' ॥৩৩॥

মার্কণ্ডেয় বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ। যে ন্ত্রী সন্তান প্রসব কবে বা যে ন্ত্রী গর্ভ-বতী হয়, সে পুনবায় বিবাহক্রিয়া লাভ কবে কিপ্রকাবে ?' ॥৩৪॥

তত্বার্থনিশ্চিতং শব্দং কন্মকা নয়তে২গ্নযে।
তত্মাৎ কুর্বন্তি বৈ ভাবং কুমার্যস্তা ন কন্মকাঃ ॥৩৫॥
ব্রহ্মহত্যাত্রিভাগেন গর্ভাধানবিশোধিতঃ।
গৃহ্মীয়াতাং চতুর্ভাগবিশুদ্ধাং সর্জ্জনাৎ পুনঃ ॥৩৬॥
মার্কণ্ডেয় উবাচ।
কথং কন্মায় যে জাতা বন্ধুনাং দূষিতাঃ সদা।

কথং কন্সাস্থ যে জাতা বন্ধুনাং দূষিতাঃ সদা। কস্ত তে হব্যকব্যানি 'প্রদাস্থন্তি মহামূনে। ॥৩৭॥

ভাবতকৌমুদী

তন্মতং দ্বরতি তবেতি। কন্তকা, অগ্নযে বিবাহকালে অগ্নিসান্ধ্যায়, তথার্থে সতীধর্মার্থে নিশ্চিতং বৃংপত্যাবধারিতম্, শব্দ আত্মনং কন্তা নাম, নগ্নতে উপদ্বাপষতি। তথাচ কনতি সতীধর্মেণ দীপ্যত ইতি কন্তা। "কনী দীপ্তি কান্তি গতির্গ ইতি কন্ধাতোং কর্ত্তরি য:। এবঞ্চ বা স্ত্রী ভর্ত্তরি মৃত্তেংশি সতীধর্মরক্ষণায় প্রকান্তরং ন গৃহাতি সা কন্ত্রেতি ভাবং। তন্মাৎ কুমার্যঃ, ভাবং প্রকান্তরসংসর্গক্রিয়াং ক্র্বিন্তি, তাং কন্ত্রকান্ত ন। তথাচ মৃতে ভর্ত্তরি প্রকান্তরগতত্বা কুৎসিতো মারং কামো বস্তাং সা কুমারীতি বৃহপত্যা তন্তাঃ প্রনার্বিবোহো দোবায়। এবঞ্চ পর্যায়ত্বেংশি "ইন্দ্রো মরুদ্বান্" ইত্যাদিবৎ "কন্তা কুমারী" ইতি শব্দোবৃহিপত্তিভেদাদের ভেদ ইত্যাশয়ঃ ॥৩৫॥

অধ বিধবাবিবাহে প্রুষয় তন্তাশ্চ দোষো ভবতি নবেত্যাহ ব্রন্ধেতি। ব্রন্ধহত্যায়া ব্রন্ধ-হত্যাপাপপ্রাথশ্চিত্তক্ত জিভাগেন তৃতীয়ভাগাহঠানেন, গর্ভাধানাদ্ বিধবায়া গর্ভজননপাপাৎ বিশোধিতো ভবতি পুমান্। সর্জনাৎ প্রস্বাৎ পরং ব্রন্ধহত্যাপাপপ্রায়শ্চিত্তক্তৈব চতুর্ভাগেন বিশুদ্ধাং তাং বিধবায়, সমাজঃ পুনগৃহীয়াৎ ॥৬৬॥

কথমিতি। বন্ধুনাং সমাজ ইতি শেষঃ ॥৩৭॥

নারদ বলিলেন—'কন্সা বিবাহকালে অগ্নিকে সাক্ষী কবিবাব জন্ম সতীধর্মার্থে নিশ্চিত নিজেব কন্সা শব্দটী উপস্থিত কবে। অতএব ভর্তাব মৃত্যুব
পবে কুমাবীবাই (কুৎসিত কামযুক্তা স্ত্রীবাই) অপব পুক্ষেব সংসর্গ করিয়া
থাকে; কিন্তু কন্সাবা নহে ॥৩৫॥

বিধবাবিবাহ কবিয়া তাহাব গর্ভ উৎপাদন কবিলে পুক্ষ ব্রহ্মহত্যাপাপ-প্রায়ন্চিত্তেব এক তৃতীয় অংশ করিলে শুদ্ধ হইবে, আব প্রসবেব পব সেই বিধবা ব্রহ্মহত্যাপাপপ্রায়ন্চিত্তেব চতুর্থভাগ কবিয়া শুদ্ধ হইলে, সমাজ ভাহাকে গ্রহণ কবিতে পাবিবে' ॥৩৬॥

কন্যাযাস্ত পিতৃঃ পুত্রাঃ কানীনা হব্যকব্যদাঃ। অন্তর্বত্ন্যাস্ত যঃ পাণিং গৃহ্ছীয়াৎ স সহোচ্জঃ॥৩৮॥ মার্কণ্ডেয় উবাচ।

অথ যেনাহিতো গর্ভঃ কন্যায়াং তত্ত্র নারদ !।
কথং পুত্রফলং তন্স ভবেদেতৎ প্রচক্ষ্ম মে॥৩৯॥
নারদ উবাচ।

ধর্ম্মাচারেয়ু তে নিত্যং দূষকাঃ ক্বতশোধনাঃ। বীজঞ্চ নশ্যতে তেষাং মোঘচেফী ভবন্তি তে॥৪০॥ মার্কণ্ডেয় উবাচ।

অথ কচিন্তবেৎ কন্সা ক্রীতা দত্তা হৃতাপি বা। কথং পুত্রকৃতং তস্থাস্তদ্ভবেদৃষিসত্তম!॥৪১॥

ভাবতকৌমুদী

কন্তানা ইতি। কতাবা: পূতা: কানীনা: কানীনসংজ্ঞকা: কতাবা: পিতৃরেব হ্বাকবাদা তবন্তি "কানীন: কত্যকাজাতো মাতামহস্তো হি সং" ইতি স্বতে:। বস্তু অন্তর্মজ্ঞানা: কত্যানা: পাণিং গৃহ্দীরাং তস্ত সং পূত্র সহোঢ়দ্দ ইত্যুচ্যতে। সোহপি পাণিগ্রহীতুর্হব্যকবাদো তবতীতি ভাব:। পর্তেন সহ উটেব্ পবিণীতের্ দারের্ ভাষত ইতি সহোটদ্ধ: ॥৬৮॥

অথেতি। আহিতো স্বনিত:। তংপুত্রস্থ মাতামহপুত্রমাদিতি দ্বিতীয়ার্দ্ধো ভাব: ॥৩৯॥ বর্মেতি। তে ক্যায়া গর্ভাধানকর্তার:। ক্বতস্থ পাপস্থ শোধনা প্রায়ন্চিত্তেন নাশকা ভবেযু:। তৎপুত্রস্থ পরপুত্রমাদিতিদিতীয়ার্দ্ধাশয়:॥৪০॥

মার্কণ্ডেয় বলিলেন—'মহর্বি! যাহাবা ক্সাদেব গর্ভে উৎপন্ন হয়, তাহাবা বন্ধুসমাজে সর্ব্বদাই দ্বিত হয় কেন এবং তাহাবা কাহাবই বা হব্যকব্য দান করিবে ১॥৩৭॥

নাবদ বলিলেন—'কন্থাব পুত্রেবা কানীন বলিয়া কথিত হয় এবং তাহাবা কন্থাব পিতাবই হব্যকব্য দান কবিবে। আব যে লোক গর্ভবতীর পাণিগ্রহণ কবে তাহার সেই পুত্রকে সহোচজ বলা হয় ॥৩৮॥

মার্কণ্ডেয বলিলেন—'মহার্ষ নাবদ! যে লোক সেই কন্সাব গর্ভ উৎপাদন করে, সেই পুত্র মাতামহেব পুত্র হইলে সেই পুত্রদাবা গর্ভজনকেব পুত্রফল হয কি কবিয়া ইহা আপনি আমাব নিকট বলুন' ॥৩৯॥

নাবদ বলিলেন—'কন্সাব গর্ভজনক সেই লোকেবা ধর্মাচাবেব দোষ উৎপা-দন কবে এবং যথোক্ত প্রাযশ্চিত কবিষা শুদ্ধ হইষা থাকে, আর ভাহাদেব বীজ নষ্ট হয় ও চেষ্টা ব্যর্থ হইষা যায় ॥৪০॥

ক্রীতা দত্তা হতা চৈব যা কন্যা পাণিবর্জ্জিতা। কৌমারী নাম সা ভার্য্যা প্রসবেদৌরসান্ স্থতান্। ন পত্নর্থে শুভা প্রোক্তা তৎকর্মণ্যপবাজিতে॥৪২॥

মাৰ্কণ্ডেষ উবাচ।

কেন মঙ্গলক্তেয়ে বিনিয়জ্যন্তি কন্সকাঃ। এতদিচ্ছামি বিজ্ঞাতুং তত্ত্বেনেহ মহামুনে।॥৪৩॥ নারদ উবাচ।

নিত্যং নিবসতে লক্ষ্মীঃ কন্সকান্ত প্রতিষ্ঠিতা। শোভনা শুভযোগ্যা চ পূজ্যা মঙ্গলকর্দ্মস্থ ॥৪৪॥ আকরস্থং যথা রত্নং সর্ব্বকামফলোপগম্। তথা কন্সা মহালক্ষ্মীঃ সর্বলোকস্থ মঙ্গলম্॥৪৫॥

ভাবতকৌমুদী

অথেতি। তন্তাঃ ক্যাযাঃ পুত্রক্বতং তৎকর্ম কথং কীদৃশং ভবেৎ ॥৪১॥
ক্রীডেতি। পাণিবর্জ্জিতা পাণিগ্রহণবহিতা। ভার্যা। পরিণেত্রিত্যর্থঃ। তৎকর্মনি
পদ্মীকর্ত্তব্যে কার্য্যে বজ্ঞাদৌ, অপরাজিতে অপশোভিতে অপ্রশস্ত ইত্যর্থঃ। তন্তা জাতিনির্ণরাভাবাদিতি ভাবঃ। বটুপাদঃ শ্লোকঃ ॥৪২॥

কেনেতি। কেন হেতুনা বিনিযুজ্যন্তি উপযুজ্যন্তে ॥৪৩॥
নিত্যমিতি। মঙ্গলকৰ্মন্ত গৃহপ্ৰবেশাদিষ্। পূজ্যা প্ৰশক্তা ॥৪৪॥

মার্কণ্ডেয বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ। কোন কন্সাকে ক্রয় কবা হইযাছে, কেহ দান কবিয়াছে, বা অপহবণ কবা হইয়াছে, তাহাব পুত্রকৃত কার্য্য কিপ্রকার হইবে ?' ॥৪১॥

নাবদ বলিলেন—'অবিবাহিত কোন কন্সাকে ক্রয়, গ্রহণ ও হবণ কবিয়া আনিয়া বিবাহ কবিলে, তাহাব নাম কৌমাবী ভার্যা। সেই ভার্যা সেই পতিব উবসজাত সন্তান প্রসব কবিয়া থাকে; কিন্তু সেই ভার্যাকে পত্নীব কার্য্যে প্রশস্ত বলা হয় না। কারণ, তাহার জাতিনিশ্চয় না থাকায় তৎকৃত কার্য্য প্রশস্ত হইতে পারে না'॥৪২॥

মার্কণ্ডেয বলিলেন—'মহর্ষি! কন্সাগণকে মঙ্গলকার্য্যে কেন নিযুক্ত কবা হয়; ইহা আমি যথার্থকাপে জানিতে ইচ্ছা কবি'॥৪৩॥

নারদ বলিলেন—'লক্ষ্মী সর্ব্বদাই প্রতিষ্ঠিতভাবে স্ত্রীব উপবে বাস কবেন। এই জন্মই শোভনা স্ত্রী শুভকার্য্যেব যোগ্য এবং শুভকার্য্যে প্রশস্ত ॥৪৪॥ এবং কন্সা পরা লক্ষ্মী রতিস্তোষশ্চ দেহিনাম্।
মহাকুলানাং চারিত্রবৃত্তেন নিক্ষোপলম্ ॥৪৬॥
আন্থিত্বা স্বকাদর্গাৎ কন্সকাং যো ভজেমরঃ।
দাতারং হব্যকব্যানাং পুত্রকং যা প্রসূত্রতি ॥৪৭॥
সাধ্বী কুলং বর্দ্ধয়তি সাধ্বী পুষ্টিগ্রহে পরা।
সাধ্বী লক্ষ্মী রতিঃ সাক্ষাৎ প্রতিষ্ঠা সন্ততিস্তথা ॥৪৮॥ (যুগ্মকম্)
মার্কণ্ডেয় উবাচ।

শ্রুতং বহুবিধং বৃত্তং কন্মকানাং মহাসতে !। ইচ্ছামি যোষিতাং শ্রোতুং ধর্মাধর্ম্মে পরিগ্রহে ॥৪৯॥ নারদ উবাচ।

অক্টো ভার্য্যাগমা ধর্ম্ম্যা নরাণাং দারকর্মণি। প্রেত্যেহ চ হিতা যাস্ত সপুত্রা হব্যকব্যদাঃ॥৫০॥

ভাবতকোমূদী

আকরস্থমিতি। সর্বকামফলম্ অভীষ্টধারণাদিকম্ উপগচ্ছতি প্রাপ্নোতীতি তং ॥৪৫॥ এবমিতি। তোবঃ সম্ভোষস্থানম্। চাবিত্রন্তেন স্বভাবেন ব্যবহারেণ চ, নিক্ষোপলং স্বর্ণপবীক্ষকপাষাণতুল্যা সর্বেধামের পরিজনানাং তারতম্যপরীক্ষাকারিণীত্যর্থঃ ॥৪৬॥

আন্যিত্বেতি। স্বকাৎ স্বকীযাৎ, পুষ্টিগ্রহে পরিজনগোষণে পবা উত্তমা। প্রতিষ্ঠা গৃহিণ আশ্রযস্থানম, সন্ততির্বংশহেতু: ॥৪৭—৪৮॥

শ্রুতমিতি। পরিগ্রহে পাণিগ্রহণে দতি ॥৪১॥

খনিস্থিত বন্ধ যেমন সমস্ত অভীষ্ট সম্পাদন কবিতে পাবে; তেমন মহালক্ষী-স্বৰূপা স্ত্ৰী – সমস্ত লোকেবই মঙ্গলসাধন করিতে সমর্থ হয় ॥৪৫॥

এইনপ উন্নমা স্ত্রী, লক্ষ্মী ও বতিস্বন্ধপা এবং মানুষেব সম্ভোবস্থান; আব স্বভাব ও ব্যবহাবদ্বাবা উচ্চকুলসম্ভূত লোকদিগেব পক্ষে নিক্ষপাযাণতুল্য ॥৪৬॥

যে মানুষ স্বজাতি হইতে কন্তা আনয়ন কবিয়া বিবাহ কবে, তাহাব সেই যে ভার্য্যা হব্যকব্যদাতা পুত্র প্রসব কবিয়া থাকে; সেই সাধ্বী ভার্য্যা বংশবৃদ্ধি কবে, সেই সাধ্বী ভার্য্যা সংসাবেব পুষ্টিসাধন কবে এবং সেই সাধ্বী ভার্য্যা সাক্ষাৎ লক্ষ্মী ও বতিস্বক্পা হয; আব সেই সাধ্বী গৃহীব আপ্রয়ন্থান ও অবিচ্ছিন্ন বংশেব হেতু হইয়া থাকে ॥৪৭—৪৮॥

মার্কণ্ডেয বলিলেন—'মহামতি নাবদ! আপনাব নিকট কন্তাগণেব নানা-বিধ বৃত্তান্ত শ্রবণ কবিলাম; এখন বিবাহেব পবে স্ত্রীলোকদিগেব ধর্ম্ম ও সধর্ম শুনিতে ইচ্ছা কবি'॥৪৯॥

⁽ab) ইত: পরং পঞ্চপঞ্চাশো২খ্যায:—নি।

সাধ্বী পাণিগৃহীতা যা কোমারী পাণিবজ্জিতা। ভাতৃভার্য্যা স্বভার্য্যেতি প্রসূয়েৎ পুত্রমোরসম্ ॥৫১॥ মার্ক ণ্ডেয উবাচ।

ত্তবো ভার্য্যাগমা জেয়া যত্ত ধর্ম্মোন নশ্যতি। পঞ্চান্তাঃ পশ্চিমা ক্রহি ভার্য্যান্তাসাঞ্চ যে সূতাঃ॥৫২॥ নারদ উবাচ।

সগোত্রভার্য্য ক্রীতা চ পরভার্য্যা চ কারিতা।
গতা গতা চ যা ভার্য্যা আপ্রমাদাহতা চ যা ॥৫০॥
এতা ভার্য্যাগমাঃ পঞ্চ পুনর্ভার্য্যা ভবস্তি যাঃ।
এতা ভার্য্যা নৃণাং গম্যাস্তৎপুত্রা হবকব্যদাঃ॥৫৪॥ (মুগ্মক্ম্)
ভারতকৌমুদী

মন্তাবিতি। অন্ত্রী বান্ধদৈবার্ধ-প্রাক্তাপত্য-গান্ধর্বাস্থববাক্ষমণৈশাচা মন্বাদির্ ক্রইব্যাঃ।
বান্ধ স্থিয়ঃ সপুত্রাঃ সত্যো হব্যক্বাদা ভবস্থি, তাঃ প্রেভ্য পবলোকে ইহলোকে চ হিভাঃ ॥৫০॥
শাধ্বীতি। পাণিবর্জিকতা অবিবাহিতা কৌমারী প্রাপ্তক্রীতাদিরণা যা ক্সা পাণিগৃহীতা পরিণীতা সতী সাধ্বী তিঠতি, সা ল্রাভ্ডার্য্যাপি নিয়োগধর্ষণ প্রাপ্তা স্বভার্য্যেতি চ

ত্রয ইতি। ত্রয: পূর্ববিচনোক্তান্ত্রিপ্রকারা:। অস্তা: পঞ্চ পববচনেন নাবদোক্তা: ॥৫২॥
স্বগোত্রেতি। গতা পত্যন্ত্যাগেন তৎকুনাদহিভূতি। সতী আগতা। আহতা চ্ছলেন
বলেন বা আনীতা। যা পতীনাং ত্যাগাৎ পবস্ অন্তেষাং পুনর্ভাগা ভবস্তি ॥৫৬—৫৪॥

নাবদ বলিলেন—'মনুযাগণেব অপ্তপ্ৰকাব বিবাহ ধৰ্মসঙ্গত। সেই বিবাহ-লব্ধ সে সকল ভাৰ্য্যা পুত্ৰবতী হইযা হব্য ও কব্য দান কবেন; তাহাবা ইহ-লোকে ও পৰলোকে হিতকাবিণী হইযা থাকেন ॥৫০॥

অবিবাহিতা, ক্রীতা, গৃহীতা ও অপহৃতা যে কক্সা বিবাহিতা হুইয়া সাধ্বী থাকে; সে আতৃভার্য্যা হুইয়াও নিয়োগধর্মানুসাবে নিজভার্য্যাকপে উপস্থিত হয় এবং ইহাবা ঔবসপুত্র প্রসব কবিয়া থাকে ॥৫১॥

মানুষের উক্ত তিন প্রকাব ভার্য্যালাভ জানিবে; যে গুলিতে থর্দ্ম দূষিত হয় না। প্রবর্তী অস্থ্য পাঁচ প্রকাব ভার্য্যাব বিষয় এবং তাহাদের যে সকল পুত্র হয়, তাহাদের বিষয় বলুন ॥৫২॥

নাবদ বলিলেন—'একগোত্রে বিবাহ ক্বায় যে ভার্য্যা হয়, ক্রয় ক্বায় যে ভার্য্যা হয়, যে প্রভার্য্যাকে নিজভার্য্যা ক্বা হয়, পতি পরিত্যাগ ক্বায় যে নিজে আসিয়া ভার্য্যা হয় এবং আশ্রম হইতে আনিয়া যাহাকে ভার্য্যা করা হয়,

ভার্যাত্রয়ম্ উরসং পুত্রমেব প্রস্থেবং ॥৫১॥

⁽৫৪) हेजः भवः बहेभकार्णाश्चामः-नि।

মাক ভেয় উবাচ।

শ্রুতা ভার্য্যাশ্চ পুত্রাশ্চ বিস্তরেণ মহামুনে!। আশ্রমস্থাঃ কথং নার্য্যোন দৃষ্যস্তীতি ক্রহি ভোঃ॥৫৫॥ নারদ উবাচ।

আশ্রমস্থাস্থ নারীয় বান্ধবন্ধং প্রণশ্যতি।
নক্তবংশ্যা,ভবন্ত্যেতা বন্ধুনামথ ভর্তৃণাম্ ॥৫৬॥
পরদারা মুক্তদোষাস্তা নার্যো শ্রমসংস্থিতাঃ।
স্বয়মীশাঃ স্বদেহানাং কাম্যান্তদ্গতমানসাঃ॥৫৭॥
এবং নার্যো ন দৃষ্যন্তি নরাণাং তৎপ্রসূতিয়।
ধর্মপজ্যো ভবন্ত্যেতাঃ সপুত্রা হব্যকব্যদাঃ॥৫৮॥

ভাবতকোমূদী

क्षका हेकि। **स्नार्य कार्क्डश्री न म्युक्टी**कार्यः ॥००॥

আশ্রমেতি। বান্ধবন্ধং পিতৃত্রাতৃত্বাদিকষ্, প্রণশ্যতি তত্তৎপরিত্যাগাং। এতা ভর্তৃকুলং বিহায গৃহান্তরং গতা নার্য্যঃ, বন্ধুনাং পিতাদীনাং ভর্তৃণাং পতিদেবরাদীনাম্, নষ্টা ত্যাগাদেব, নুপ্তা বংখ্যাঃ পুঞাদযো যাসাং তা ভবস্তি। ভর্তৃণামিতি দীর্ঘাভাব আর্যঃ ॥৫৬॥

পরেতি। পরদারা বাগ্দানাৎ পরদারত্বেন নির্দিষ্টা, মৃক্তদোষা: স্বামিভিন্ত্যাগাৎ, ঈশা:
অধিপা:, কাম্যা প্রুষান্তবৈ:, তদ্গতমানশা: তৎপ্রুষান্তরগতচিত্তা: ॥৫ १॥
এই পাঁচ প্রকাব ভার্য্যা , আব যাহাবা নিজেবা আসিয়া আবার ভার্য্যা হয়,
এই সকল ভার্য্যাই মন্ত্র্যাগণেব সঙ্গমযোগ্যা এবং তাহাদেব পুত্রেবাও হব্য ও
কব্য দান কবিবাব যোগ্য' ॥৫৬—৫৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'মহর্ষি! বিবিধ ভার্য্যা ও পুত্রেব বিষয় বিস্তবক্রমে শ্রবণ কবিলাম; এখন আশ্রমস্থিত নাবীরা কিভাবে দূষিত হয় না তাহা বলুন ॥৫৫॥

নাবদ বলিলেন—'নাবীবা পিতৃকুল ও ভর্তৃকুল ত্যাগ কবিয়া অন্ত আশ্রমে গমন কবিলে, তাহাদেব পক্ষে পিতৃছ, ভ্রাতৃছ ও ভর্তৃছপ্রভৃতি নষ্ট হইয়া যায় এবং পিতা, ভ্রাতা, ভর্তা ও দেবব প্রভৃতিব বংশসম্বন্ধ, তাহাদেব লুপ্ত হইয়া যায় ॥৫৬॥

যাহাব সহিত বিবাহেব জন্ম বাগ্দান কৰা হইয়াছিল, সেই পাত্ৰ কিছুদিন পৰে অস্বীকাব কবিলে, সেই কন্মাবা অন্তান্ম পুৰুষকে গ্ৰহণ কবিলেও মুক্ত-দোৰই থাকে। কাবণ, তাহাবা তৎকালে নিজেবাই নিজদেহেব প্ৰভূ হয়। অন্ত পুৰুষেবা তাহাদিগকে কামনা কবে এবং তাহাদেব চিত্তও অন্তান্ম পুৰুষে আসক্ত থাকে ॥৫৭॥

মার্কণ্ডেয উবাচ।

পরস্থ ভার্য্যা যা পূর্বাং মৃতে ভর্ত্তরি যা পুনঃ। অন্তং ভজতি ভর্ত্তারং সন্ত্রতা অস্থতা কথম্॥৫৯॥ নারদ উবাচ।

অসূতা বা প্রসূতা বা গৃহস্থানাং পরস্ত্রিয়ঃ।
পরাম্বেটতি তা বর্জ্জ্যা ধর্মাচারেয়ু দূষিতাঃ ॥৬০॥
ন চাসাং হ্ব্যক্ব্যানি প্রতিগৃহ্নন্তি দেবতাঃ।
যস্তাস্থ্রজন্বেৎ পুত্রং ন স পুত্রমবাপ্লুযাৎ ॥৬১॥
মার্কণ্ডেয উবাচ।

পরক্ষেত্রেষু যো বীজং চাপলাদিসজেমরঃ। কথং পুত্রফলং তস্ত ভবেত্তদৃষিসত্তম।॥৬২॥

ভাবতকোমুদী

এবমিতি। এবং পুরুষাস্তরকান্যত্বেন তাসাং তদ্গতমানসত্বেন চ তাসাং প্রস্থৃতিষু সম্ভান-প্রসবেষু সংস্থপি ॥৫৮॥

পরস্রেতি। কথং কীদৃশী ডিষ্ঠতি ॥৫৯॥

অস্তা ইতি। প্রস্তা অপত্যং প্রস্তবত্য:। পরামূষ্টা অন্তেন পুরুবেণ সঙ্গতা ইতি হেতু:। বিদর্গলোপেহপি সন্ধিরার্ধ: ॥৬০॥

নেতি। পুত্রং নাবাপু্যাৎ নিষোগস্যাপ্যাভাবাৎ ॥৬১॥ পরেতি। কথং কীদৃশম্, তৎ পুত্রফলং তৎপুত্রোংপ।দনফলম্ ॥৬২॥

এইনপ হইলে সেই নাবীবা সন্তান প্রসব কবিয়াও দ্বিত হয় না। কাবণ, ইহারা ধর্ম পদ্মী হয়। স্কুতবাং ইহাবা পুত্রেব সহিতই মিলিত হইয়া হব্য ও কব্য দান কবিতে পাবে'॥৫৮॥

মার্কণ্ডের বলিলেন—'যে নাবী পূর্বের অক্তেব ভার্য্যা ছিল, সেই ভর্তার মৃত্যু ইইলে পুনবায অন্ত ভর্তাকে আশ্রয় কবিলে এবং ভাহাব ঔবসে ভাহাব পুত্র ইইলে বা না ইইলে সে নাবী কিরূপ থাকিবে'॥৫৯॥

নাবদ বলিলেন—'পুত্র হউক বা নাই হউক পবস্ত্রী আসিয়া আশ্রয় কবিলে, সে পবপুক্ষসঙ্গত বলিয়া বর্জনীয় এবং ধন্ম চাবে দৃষিত হইবে ॥৬০॥

এই দ্বীলোকদিগেব প্রদন্ত হব্য ও কব্য দেবতাবা গ্রহণ কবেন না এবং ষে পুরুষ তাহাদেব গর্ভে পুত্র উৎপাদন করে, সে পুরুষও সে পুত্র পায় না ॥৬১॥

মার্কণ্ডেয় বলিলেন — 'ঋষিশ্রেষ্ঠ ! যে মানুষ চপ্রলভাবশতঃ পবস্ত্রীতে বীর্য্য নিক্ষেপ করে, ভাহাব সেই পুত্র কিরূপ থাকে' ॥৬২॥

অস্বামিকে পরক্ষেত্রে যো নরো বীজমুৎস্থজেৎ।
স্বয়ং রুত্তো প্রমন্থায়াং তদ্বীজং ন বিনশ্যতি ॥৬৩॥
পরক্ষেত্রেরু যো বীজং নরো দর্পাৎ সমূৎস্থজেৎ।
ক্ষেত্রিকস্থৈব তদ্বীজং ন বীজী লভতে ফলম্ ॥৬৪॥
নাতঃ পরমধর্ম্মাং চাপ্যযশস্থং তথোত্তরম্।
গর্ভাদীনাঞ্চ বহুভিস্তাশ্চ ত্যাজ্যাঃ সমেষ্বিপি ॥৬৫॥

गार्क्ट खरा छेवा ।

অথ যে পরদারেয়ু পুত্রা জায়ন্তি নারদ !। কম্ম তে বন্ধুদায়াদা ভবন্তি পরমহ্যুতে !॥৬৬॥

নারদ উবাচ।

পরদারের জায়েতে ছো পুত্রো কুণ্ডগোলকো। জীবভ্যথ পতো কুণ্ডো মৃতে ভর্তুরি গোলকঃ॥৬৭॥

ভাবতকোমুদী

অস্বামিক ইতি। অস্বামিকে নষ্টপতিকে, সম্মান্ত বৃত্তো নিম্নোস্টিকিং বিনাপি বস্তুং প্রবৃত্তঃ, ন বিনশ্রতি তক্ত্রৈব পুত্রো ভবতীতার্থঃ ॥৬৩॥

পরেতি। দর্শাদ্দর্শেণ বলাৎ। তদ্বীব্দং স পুত্রো নিয়োগাভাবাৎ ॥৬৪॥

নেতি। অতো বলেন রমণাৎ, পরমধর্ষ্যমধর্ষজনকম্, উত্তরং পরম্। অষশস্তমযশস্বরম্, বছভি: পুরুষ: পরস্থীয়ু পর্তাদীনাম্ আদিপদেন রমণস্ত গ্রহণম্, কবণ ইতি শেষ:,। তের্ পুরুষের্ সমের্ সবর্ণেছপি তা: স্ত্রিসন্ত্যাক্যা: ॥৬৫॥

অথেতি। জায়ন্তি জায়ন্তে। বন্ধনাং পিত্রাদীনাং দাষং সংক্রান্তধনমাদদত ইতি তে ॥৬৬॥
নারদ বলিলেন — 'স্বামী না থাকিলে পরস্ত্রীতে যে পুরুষ নিজে প্রবৃত্ত হইয়া
বীর্য্য নিক্ষেপ কবে, তাহার সেই বীর্যাজাত পুত্র বিনষ্ট হয় না ॥৬৩॥

যে মানুষ দর্পবশতঃ বলপূর্বক পবস্ত্রীতে বীর্য্য নিক্ষেপ কবে, সেই পুত্র পরিণেতারই হইয়া থাকে; কিন্তু উৎপাদক সেই পুত্র পায় না ॥৬৪॥

বলপূর্বক পরস্ত্রীতে বীর্যানিক্ষেপ অপেক্ষা অধিক পাপের কার্য্য বা অধিক নিন্দাজনক কার্য্য আব নাই এবং বহু পুক্ষ পরস্ত্রীর ইচ্ছানুসারে গর্ভ উৎপাদন করিলে, সে পুরুষেরা সবর্ণ হইলেও তাহাদেব সে স্ত্রীকে ত্যাগ করিতে হইবে ॥৬৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'মহাতেজা নারদ। যে সকল পুত্র পরদাবে উৎপন্ন হয়, ভাহারা কোন্ পিডাব বন্ধুগণের দায় গ্রহণ করিবে ?' ॥৬৬॥ তে চ জাতাঃ পরক্ষেত্রে দেহিনাং প্রেত্য চেহ চ।
দত্তানি হব্যকব্যানি নাশযন্ত্যথ দাতৃণাম্ ॥৬৮॥
পিতৃহি নরকায়ৈ তে গোলকস্ত বিশেষতঃ।
চণ্ডালতুল্যো তজ্জো হি পরত্রেহ চ নশ্যতঃ ॥৬৯॥
মার্কণ্ডেয় উবাচ।

কস্ত তে গহিতাঃ পুত্রাঃ পিতৃণাং হব্যকব্যদাঃ। যস্ত ক্ষেত্রে প্রসূয়ন্তে যো বা তান্ জনযেৎ স্থতান্ ॥৭০॥

নারদ উবাচ।

ক্ষেত্রিকশ্চৈব বীজী চ দ্বাবেতো নির্মং গতো। ন রক্ষতি চ যো দারান্ পরদারাংশ্চ গচ্ছতি ॥৭১॥

ভাবতকৌমুদী

পরেতি। পতৌ পত্যৌ ঙ্গীবতি অঞ্চেন জাতঃ কুণ্ডঃ , ভর্ত্তরি মৃতে সতি অন্তেন জাতো গোলক: ॥৬৭॥

ত ইতি। প্রেত্য পরলোকে ইহলোকে চ। নাশযন্তি স্পর্শসাত্রেণৈব বিফলীকুর্বন্তি ॥৬৮॥ পিতৃরিতি। পিতৃ: ক্ষেত্রিকস্ত। তজ্জো তস্মিন্ পরক্ষেত্রে জাতো নশ্বত: নিম্বলো ভবত: ॥৬৯॥ কম্মেতি। পিতৃ, পাং মধ্যে কস্ম হব্যকব্যদা:। ক্ষেত্রে পত্নাম্, প্রস্থন্তে উৎপাছন্তে ॥१०॥ ক্ষেত্রিক ইতি। ক্ষেত্রিক: পরিণেতা, বীজী পরদারগর্ভন্তনকশ্ব ॥৭১॥

নাবদ বলিলেন—'কুগু ও গোলকনামে ছই প্রকাব পুত্র প্রদাবে উৎপন্ন হয়। তাহাদেব মধ্যে পতি জীবিত থাকিতে তাহাব পদ্মীব গর্ভে অক্সদ্ধাবা যে পুত্র উৎপন্ন হয়, তাহার নাম 'কুগু', আব পতিব মৃত্যু হইলে, তাহাব পদ্মীব গর্ভে অক্সদ্ধাবা যে পুত্র উৎপন্ন হয়, তাহাব নাম 'গোলক ॥৬৭॥

প্রপত্নীর গর্ভে উৎপন্ন সেই সকল পুত্র ইহলোকে ও প্রলোকে দাতাদের ইব্য ও করা স্পর্শমাত্রেই নষ্ট করিয়া থাকে ॥৬৮॥

এই জাতীয় পুত্রেবা পিতাব নবকেব জন্মই উৎপন্ন হয়; তাহাব মধ্যে গোলক বিশেষভাবে পিতাব নবক জন্মাইয়া থাকে, আব পবস্ত্রীব গর্ভে উৎপন্ন সেই কুণ্ড ও গোলক, চণ্ডালতুল্য এবং ঐহিক ও পাবলৌকিক কার্য্যে অনধি-কাবী হইয়া থাকে ॥৬৯॥

মাৰ্কণ্ডেয বলিলেন—'সেই গৰ্হিত পুত্ৰেবা পিতাদেব মধ্যে কাহাব হব্য ও কব্য দান কবিতে পাবে? যাহাব পত্নীব গর্ভে তাহাবা উৎপন্ন হয তাহাব? কিংবা যে পুক্ষ তাহাদিগকে উৎপাদন কবে তাহাব ? ॥৭০॥ গর্হিতাস্তে নরা নিত্যং ধর্মাচারবহিষ্কৃতাঃ। কুণ্ডো ভোক্তা চ ভোগী চ কুৎসিতাঃ পিতৃদৈবতৈঃ॥৭২॥ মার্কণ্ডেয উবাচ।

তথৈতে গর্হিতাঃ পুত্রা হব্যকব্যানি নারদ !। কম্ম নিত্যং প্রয়ছন্তি ধর্মো রা তেয়ু কিং ফলম্॥৭৩॥ নারদ উবাচ।

যাতুধানাঃ পিশাচান্চ প্রতিগৃহুন্তি তৈহু তম্। হব্যং কব্যঞ্চ তৈদ ত্রং বে চ ভূতা নিশাচরাঃ ॥१৪॥ মার্কণ্ডেয উবাচ।

অথ তে রাক্ষসাঃ প্রীতাঃ কিং প্রযক্ষন্তি দাতৃণায়। কিংবা ধর্মফলং তেষাং ভবেত্তদৃষিসত্তয়। ॥৭৫॥

नात्रम छेवार ।

ন দত্তং নশ্যতে কিঞ্চিৎ সর্ব্বভূতেযু দাতৃণামৃ। প্রেত্য চেহ চ তাং পুষ্টিমুপাশ্বন্তি প্রদায়িনঃ॥৭৬॥

ভাবতকৌমুদী

গহিতা ইতি। কুণ্ড: পত্যো জীবতি তথকেত্রে পবেনোৎপাদিত: পুত্র:, ভোকা উৎ-পাদক: পরো ভোগা কেত্রিকন্য ॥৭২॥

তথেতি। ধর্মো বা কীদৃশঃ, কিং কীদৃশং বা তেষাং ফলং স্বর্গো নরকো বা ॥৭৩॥ যাছিতি। যাতৃধানা বাক্ষ্যাঃ। নিশাচবা ভূতাঃ পেচকাদ্যঃ ॥৭৪॥ অথেতি। প্রীতা স্তদ্ধরণাভেন সম্ভষ্টাঃ ॥৭৫॥

নারদ বলিলেন—'যে লোক আপন ভার্য্যাকে বক্ষা কবে না এবং যে লোক পবভার্য্যা গমন করে, সেই ক্ষেত্রী ও বীজী উভয়ই নবকগামী হয় ॥৭১॥

সেই লোকেবা সর্ব্বদাই লোকসমাজে নিন্দাভাগী হয় এবং ধর্মাচাবে বহি
মৃত থাকে; পূর্ব্বোক্ত কুণ্ডপুত্র, ক্ষেত্রীপিতা ও বীজীপিতা এই তিন জনই
দেবগণ ও পিতৃগণেব নিন্দাভাজন হয়' ॥৭২॥

মার্কণ্ডেয় বলিলেন—'নাবদ! এই সকল গহিত পুত্র সর্বাদা কাহার হব্য ও কব্য দান কবে, তাহাদেব ধর্মাই বা কিবাপ ? এবং ফলই বা কীদৃশ হয় ?'॥৭৩॥ নাবদ বলিলেন—'বাক্ষসগণ ও পিশাচগণ তাহাদেব প্রদত্ত হবি গ্রহণ কবে এবং বাত্রিচাবী প্রাণীবা তাহাদেব প্রদত্ত হব্য ও কব্য লাভ কবিয়া থাকে'॥৭৪॥ মার্কণ্ডেম বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ! সেই বাক্ষস ও পিশাচেবা সন্তুষ্ট হইমা দাতাদিগকে কি দান কবে এবং তাহাদেব ধর্মফলই বা কিপ্রকার হয় ?'॥৭৫॥

মার্কণ্ডেয উবাচ।

অথ গোলককুণ্ডাভ্যাং সম্ভতির্যা ভবিষ্যতি।
তবোর্যে বান্ধবাঃ কেচিৎ প্রদাস্থন্তি কথং সু তম্ ॥৭৭॥
নারদ উবাচ।

সাধ্বীজাতাঃ স্থতান্তেষাং তাং বৃত্তিমনুতিষ্ঠতাম্। প্রীণন্তি পিতৃদৈবত্যং হব্যকব্যসমাহিতাঃ ॥৭৮॥ এবং গোলককুণ্ডাভ্যাং যে চ বর্ণাপদেশিনঃ। হব্যং কব্যঞ্চ শুদ্ধানাং প্রতিগৃহ্নন্তি দেবতাঃ ॥৭৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাসকুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে একবিংশোহধ্যায়ঃ ॥*॥

ভাবতকৌমুদী

নেতি। নশাতে বিফলীভবতি। পৃষ্টিং ধনাদিসমৃদ্ধিম্ ॥१৬॥

অথেতি। সন্ততিবপত্যম্। তং পদার্থং কথং কেনপ্রকাবেণ কে প্রাপুরস্তীতি শেষ: ॥१॥
সাধ্বীতি। তেষাং কুণ্ডাদীনাম্, তাং বৃত্তিং পৈতৃকমাচাবম্। হ্ব্যক্ব্যযোগ্তদানে
সমাহিতা একাগ্রচিন্তাঃ সন্তঃ পিতৃদৈবত্যং প্রীণস্তি। কুণ্ডগোলক্ষোবিপ সাধ্বী ভার্যাচেন্তপ্তাং
দাতাগ্রপত্যানি নির্দ্ধোষানীতি ভাবঃ ॥१৮॥

এবমিতি। গোলককুণ্ডাভ্যাং জনিতা ইতি শেষ:। বর্ণাপদেশিন: গৈভূকবর্ণদ্বাদিন:, ধে পুরা: শুদ্ধানাং তাদৃশদোষবহিতানাং তেষাং পুরাণাং হব্যং কব্যঞ্চ দেবতা দেবাং পিতবন্দ প্রতিগৃহস্তি ॥৭৯॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহা-ভারতটীকাষাং ভারতকৌম্দীসমাখ্যাযামরশাসনপর্বণি দানধর্মে একবিংশোহধ্যায়ঃ ॥*॥

নাবদ বলিলেন—'সমস্ত প্রাণীব উদ্দেশে দত্ত দাতাদেব কোন বস্তুই নষ্ট হয না , সেই দাতাবা ইহলোকে ও পবলোকে পুষ্টিলাভ কবিযা থাকে' ॥৭৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'কুণ্ড ও গোলকেব যে সন্তান জন্মিবে এবং ভাগাদেব ভাতাপ্রভৃতি যে কোন বান্ধব থাকিবে, ভাহাবা যাহা দান কবিবে, ভাহাব গতি কিবাপ হইবে ?' ॥৭৭॥

নাবদ বলিলেন—'পৈতৃক বৃত্তিব অনুসবণকাবী গোলকদিগেব সাধ্বী ভার্যা-দেব গর্ভজাত সম্ভানেবা একাগ্রচিত্তে হব্য ও কব্য দান কবিলে, দেবগণ ও পিতৃগণ সম্ভষ্ট হইবেন ॥৭৮॥

এইরপ হইলে কুণ্ড ও গোলকদিগেব যে সকল সম্ভান পৈতৃকজাতীয় বলিয়া

^{* &#}x27; मश्चभकारगाञ्गायः--नि।

দ্বাবিংশোহধ্যায়ঃ

—3*3—

মার্কণ্ডের উবাচ।
ক্রেতং নরাণাং চাপল্যং পরস্ত্রীরু প্রজায়তাস্।
প্রমদানান্ত চাপল্যে দোষসিচ্ছামি বেদিতুম্॥১॥
নারদ উবাচ।

একবর্ণে বিদোষং তু গমনং পূর্বেকালিকম্। ধাতা চ 'সমসুজ্ঞাতো বিষ্ণুনা তত্তথাকরোৎ ॥২॥ ভগলিঙ্গে মহাপ্রাজ্ঞ। পূর্বেমেব প্রজাপতিঃ। সদর্জ্জ তাভ্যাং সংযোগমনুজ্ঞাতশ্চকার সঃ॥॥

ভাবতকৌমুদী

ঞ্জিমিভি। প্রজাযতাং গর্ভং জনষতাম্। প্রসদানাং শ্বীণাং চাপল্যে চাপল্যেন ব্যভিচাবে ॥১॥

একেতি। একনর্পে সনর্পে পুক্রে স্থিমা গমনং পূর্বাকালিকং বিদোষং দোষহীনমেবাসীং। ইদানীস্তনম্ভ সদোষমেব খেতকেতুনা তিন্ধানাদিতি ভাবং। বিষ্ণুনা সমন্তজ্ঞাতো ধাতা ব্রহ্মা চ তদ্গমন্ম, তথা পূর্বাং বিদোষম্ ইদানীং তু সদোষমকবোং ॥২॥

ভগেতি। সদর্জ প্রাণিষ্ স্টবান্। বিষ্ণুনা অক্টজাতশ্চ সং প্রদ্বাপতিঃ, তাভ্যাং তয়োর্ভগ-লিক্ষমোঃ, সংযোগং চকার, প্রাক্ষাস্ট্যর্থং বিদর্গো ॥৩॥

নিজেদেব পৰিচয় দিতে পাবে, সেই শুদ্ধ সন্তানগণেব প্রদন্ত হব্য ও কব্য দেব-গণ ও পিতৃগণ গ্রহণ কবিয়া থাকেন' ॥৭৯॥

-:3:--

মার্কণ্ডেয় বলিলেন—'পবস্ত্রীব গর্ভ-উৎপাদনকাবী পুক্ষগণের চপলতাব বিষয় শ্রবণ কবিলাম; এখন চপলতাবশতঃ স্থ্রীলোকদিগের ব্যভিচাবের দোষ জানিতে ইচ্ছা কবি' ॥১॥

নাবদ বলিলেন—'পূর্বকালে খ্রীলে।কদিগেব সবর্ণ পুক্ষগমনে কোন দোয ছিল না। বিষ্ণুব অনুসতিক্রমে ব্রহ্মা সেই গমনে সেইকপ বিধান কবিয়া-ছিলেন ॥২॥

মহাপ্রাজ্ঞ মার্কণ্ডেয়। ব্রহ্ম। প্রজাস্টির নিমিত্ত পূর্বেট ভগ ও লিঙ্গ স্টি

অথ বিষ্ণুপ্রসাদেন ভগো দত্তবরঃ কিল।
তেন চৈব প্রসাদেন সর্বাল্লোকানুপাশুতে ॥৪॥
তত্মাতু পুরুষে দোষো ছধিকো নাত্র সংশযঃ।
বিনা গর্ভং সবর্ণেয়ু ন ত্যাজ্যা গমনাৎ স্ত্রিযঃ॥৫॥
প্রাথশ্চিত্তং যথান্তাযং দণ্ডং কুর্য্যাৎ স পণ্ডিতঃ।
শ্বভির্বা দংশনং স্নানং সবনত্রিত্যং নিশি॥৬॥
ভূমো চ ভত্মশ্যনং দানং ভোগবিবজ্জিতম্।
দোষগোরবতঃ কালো দ্রব্যগোরবমেব চ॥৭॥ (যুগ্যকম্)

ভাবতকৌ মূদী

অথেতি। দত্তো ববো হস্মৈ স:। উপাশুতে ভ্নক্তি ॥৪॥

তত্মাদিতি। তত্মাদ্ ভগায বিষ্ণা বরদানাৎ লিঙ্গায চ বরাদানাৎ। সবর্ণের্ পুরুষের্ গমনাদ্ গর্তং বিনা স্থিযো ন ত্যাঙ্গা:। গর্ভে সতি তু ত্যাঙ্গা এবেতি ভাব: ॥৫॥

অথ ন ত্যাক্সান্তহি প্রায়শ্চিত্রং দণ্ডঞ্চ কাব্যরবেত্যাহ প্রায় ইতি। স ব্যবস্থাপকঃ পণ্ডিতঃ ব্যান্তায়ং তাসাং প্রায়শ্চিত্রং দণ্ডঞ্চ কুর্য্যাং। তত্ত্ত্বং কীদৃশমিত্যাহ শতিবিতি। শতিঃ কুর্বের্দ্ধংশনং তদ্রপং দণ্ডম্, গঙ্গাদৌ স্থানম্, নিশি স্বন্ত্রিত্যং পূর্ব্বম্যাশেষ্যামার্দ্ধের্ অবগাহনত্র্যম্, ভূমৌ ভশ্মন্থ শ্যনম্, ধ্রেণাক্তং দানম্ এতেয়ামেকত্রমম্, ভোগবিবর্জ্জিতং ব্যান্ত্রাং তথা প্রায়শিতত্তং কাব্যেদিতি শেষঃ। দোনগৌববতঃ কালঃ কালগৌববম্ জ্ব্যান্ত দেষগন্ত গৌববঞ্চ বিধাত্র্যমিতি শেষং॥৬—৭॥

ক্ৰিয়াছেন এবং বিষ্ণ্ৰ অনুমতিক্ৰমে সেই ভগ ও লিঙ্গেব সংযোগেবও বিধান ক্ৰিয়াছেন ॥৩॥

তাহাব পব বিষ্ণু অনুগ্ৰহ কবিষা সৰ্বদা পুৰুষভোগেৰ জন্ম ভগকে বব দান কবিষাছিলেন, বিষ্ণুব সেই অনুগ্ৰহে ভগ সমস্ত পুৰুষকে ভোগ কবিতে পারে ॥৪॥

সেই জন্মই ব্যভিচাবে পুক্ষেবই অধিক দোষ হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই। তাবপৰ, সৰ্বৰ্ণ পুক্ষ গমন ক্বায় গৰ্ভ না হইলে দ্ৰীলোকদিগকে ত্যাগ ক্রিবে না ॥৫॥

ব্যবস্থাপক পণ্ডিত স্থায় অমুসাবে তাদৃশ ব্যভিচাবিণীদেব প্রাযশ্চিত্ত ও দণ্ডেব বিধান কবিবেন; কুকু বদংশন, তীর্থস্পান, বাত্রিতে তিনবাব অবগাহন, ভূতলে ভন্মেব উপবে শয়ন এবং যথোক্ত দান, ইহার যে কোন একটা প্রায়-শিচত্ত, পাপেব তাবতম্য অমুসাবে ভোগবিহীনভাবে কবাইতে হইবে; দোষেব শুক্ত থাকিলে, কালেব শুক্ত ও দেয় জব্যেব শুক্ত হইবে ॥৬—৭॥

মর্যাদা স্থাপিতা পূর্বমিতি তীর্থান্তরং গতো।
তত্যোষিতাং তু দীর্ঘায়ো! নাস্তি দোষো ব্যতিক্রমে ॥৮॥
ভগতীর্থান্তরে শুদ্ধো বিফোস্ত বচনাদিহ।
রক্ষ্যাশ্চৈবান্সসংবাদৈরন্সগেহাদ্বিচক্ষণৈঃ ॥৯॥
আসাং শুদ্ধো বিশেষেণ কর্মাণাং ফলমগ্নুতে।
নৈতা বাচ্যা ন বৈ বধ্যা ন ক্লেশ্সাঃ শুভমিছতা ॥১০॥
বিষ্ণুপ্রসাদাদিত্যেব ভগতীর্থান্তরং গতঃ।
মাসি মাসি শ্বতুস্তাসাং তুক্কতান্সপকর্ষতি!॥১১॥

ভাবতকৌমুদী

মর্ব্যাদেতি। তীর্থাস্তরং পাত্রাস্তবম্ অন্তং পুরুষং গতে স্ত্রীষ্ণনে "তীর্থং গান্তে গুরাবিত্যাদি বোনৌ পাত্রে দর্শনে চ ইত্যস্তং হেমচক্রং" ইতি ইখম্, মর্য্যাদা দণ্ডপ্রাযশ্চিত্তনিষমঃ স্থাপিতা। হে দীর্ঘাযো। মার্কণ্ডেয়। তৎ ভন্মাধিষ্ণুবচনাৎ, যোষিতাং ব্যতিক্রমে স্বর্ণে পুরুষে ব্যভিচারে দোষো নান্তি, নান্তি প্র্কমিতি প্র্কোক্রিদাত্যার্থম্কুম্ ॥৮॥

নম দ স্ত্রীজনো ব্যবহার্য্যে। নবেত্যাহ ভগেতি। প্রাপ্তকাদিফুবচনাৎ, ভগভ তীর্থান্থরে পাত্রান্তরে অর্পণেহপীতি শেষ:, স্ত্রীজন: শুদ্ধ এব অতএবাসোঁ ব্যবহার্য্য ইতি ভাবঃ। ইযমণি পূর্ব্বকালিকী ব্যবস্থোক্তা বিচক্ষণৈঃ পতিভিঃ, অভ্যসংবাদৈঃ পুরুষান্তবসংলাগনিবারণৈঃ অভ-গেহাৎ গৃহান্তরগমনাক্ত স্থিয়ো বক্ষ্যাঃ ॥১॥

আসামিতি। আসাং স্ত্রীণাং শুদ্ধী শুদ্ধিরক্ষণে পুরুষণ বিশেষণে যতিতব্যমিতি শেষ:।
অন্তথা পুরুষোহপি কর্মণা শ্বীব্যভিচারাণাং ফলমশ্লুতে, "পত্নীপাপং স্বভর্তবি" ইতি স্বত্যস্তবৈকবাক্যত্বাং। শুভমিচ্ছতা পত্যা এতা:শ্রিষো ন বাচ্যা ন ভং সনীযাং, ন বব্যা ন ক্লেশ্রান্দ অরক্ষণেন ব্যভিচারেহপীতি ভাব: ॥১০॥

দীর্ঘাযো মার্কণ্ডেয় ! স্ত্রীলোক পুকষান্তব সংস্কৃত্ত ইইলে এইকপ দণ্ড ও প্রায-শ্চিত্তেব নিয়ম কবা আছে ; কিন্তু পূর্বেকালে স্ত্রীলোকদেব ব্যভিচাবে দোষ ছিল না ॥৮॥

তৎকালে বিষ্ণুব বাক্য অনুসাবে ত্রীলোক পুরুষান্তব সংস্কৃষ্ট হইলেও শুদ্ধই থাকিত। সে যাহা হোক, ভর্ত্তাবা ত্রীলোকদিগকে অন্ত পুরুষেব সহিত কথোপ-কথন ও অন্ত গৃহে গমন হইতে বক্ষা কবিবে ॥১॥

শুভার্থী পুক্ষ বিশেষভাবে দ্রীকে শুদ্ধ বাখিবাব জন্ম যত্ন কবিবে; তাহা না কবিলে স্ত্রীব ব্যভিচাবেব ফল পুক্ষও ভোগ কবিবে। আব স্ত্রীকে বক্ষা না কবায় সে ব্যভিচাবিণী হইলে তাহাকে ভর্ৎসনা কবিবে না, বধ কবিবে না বা কোন কষ্ট দিবে না ॥১০॥ স্ত্রিয়ন্তোষকরা নূণাং স্ত্রিয়ঃ পুষ্টিপ্রদাঃ দদা। পুত্রদেভূপ্রতিষ্ঠাশ্চ স্ত্রিযো লোকে মহাত্রতে। ॥১২॥ মার্কণ্ডেয় উবাচ।

শ্রুতং বলং প্রভাবন্চ যোষিতাং মুনিসন্তম।। একস্থা বহুভার্য্যস্থা ধর্মমিচছামি বেদিভূম্॥১৩॥

নারদ উবাচ।

বহুভার্য্যাম্ন সক্তস্থ নারীভোগের গেহিনঃ। ঋতৌ বিমুঞ্চমানস্থ সামিধ্যে জ্রণহা স্মৃতঃ॥১৪॥ বৃদ্ধাং বন্ধ্যাং স্পৃত্রতাঞ্চ মৃতাপত্যামপুষ্পিণীম্। কন্যাঞ্চ বহুপুত্রাঞ্চ বর্জ্জযন্মচ্যতে ভ্যাৎ॥১৫॥

ভাবতকৌমুদী

বিষ্ণিত। বিষ্ণুপ্রসাদাদেব স্ত্রিষা ভগং তীর্থাস্তবং পুরুষাস্তরং গতো ভবিত্মইতি।
অধান্ত স্থিমান্তাদৃশী শক্তিং, তৎপাপক্ষমন্ত কথমিত্যাহ মাসীতি। মাসি মাসি ঋতুং, তাসাং
শ্বীণাং দৃষ্ণতানি ব্যভিচারপাপানি, অপকর্ষতি নাশযতি। ইষমশি পূর্বকালিকী ব্যবস্থোক্তা ॥১১॥

শ্বীণামূপকারিত্বমাহ স্ত্রিয ইতি। পুষ্টিগ্রাদা উত্তমন্ত্রব্যভোজনেন। পুত্রা এব সেতবো ভবসাগরপারগমনে সেতৃকপাল্ডেষাং প্রতিষ্ঠা আস্পদস্থানানি। অতএব তাঃ সর্কথৈবাদরণীয়া ইতি ভাবঃ ॥২॥

#ভমিভি। বহবো ভার্য্যা যক্ত তক্ত পুক্ষক্ত ॥১৩॥

বহিবতি। সক্তম্ম নিবতস্থা, নারীভোগেষ্ চ সক্তম্মা, গেহিনো গৃহস্বস্থা, সন্নিধ্যে সন্নিধানে সভাপি, ঋতৌ বিমুঞ্মানস্থা ভার্য্যাত্যজ্জঃ পুরুষস্থা, ক্রণহা ক্রণহত্যাত্ল্যদোষঃ স্বভঃ ॥১৪॥

বিষ্ণুব অনুগ্ৰহেই স্ত্ৰীজাতিব যোনি পুৰুষান্তব গত হইতে পাবে, কিন্তু মাসে মাসে ঋতুই তাহাদেব পাপ নষ্ট কবিষা থাকে (ইহা সেই প্ৰাচীন কালেব কথা বলা হইল) ॥১১॥

মহাতেজা মার্কণ্ডেয। স্ত্রীলোকেবা জগতে সর্ববদাই পুকষগণেব সস্তোষ উৎপাদন কবে, পুষ্টি জন্মাইযা থাকে এবং পুত্রবাপ সেতৃব প্রতিষ্ঠান্থান হয॥১২॥ মার্কণ্ডেয বলিলেন—'মুনিশ্রেষ্ঠ। স্ত্রীলোকদিগেব শক্তি ও যোগ্যতাব বিষয় গুনিলাম, এখন বহুভার্য্যাযুক্ত একটা পুক্ষেব ধর্ম জানিতে ইচ্ছা কবি'॥১৩॥

নাবদ বলিলেন—'স্ত্রীসম্ভোগে লিগু ও বহুভার্য্যাযুক্ত গৃহস্থ পুক্ষ নিকটে থাকিষাও যদি ঋতুকালে কোন ভার্য্যা গমন না কবে, তাহা হইতে তাহাব জাহত্যাব পাপ হয ॥১৪॥

⁽১২) লোকাৎ পরং ' অষ্টপঞ্চাশোইধ্যায়ঃ'—নি।

ব্যাধিতো বন্ধনস্থো বা প্রবাদেষণ পর্ববস্থ। ঋতুকালে তু নারীণাং জ্রণহত্যাং প্রমুঞ্চতি ॥১৬॥

মার্ক ণ্ডেয উবাচ।

পণ্যনারীয়ু বৈ জাতাঃ পরপ্রেয়াস্থ বা স্থতাঃ। কস্ম তে বন্ধুদায়াদা ভবন্তি হি মহামুনে ! ॥১৭॥ নারদ উবাচ।

পণ্যস্ত্রীয়ু প্রসূতা যে যস্ত্র স্ত্রী তম্ম তে স্কুতাঃ। ক্রুয়াচ্চ কৃত্রিমাঃ পুত্রাঃ প্রদানাচ্চৈব দত্রিমাঃ॥১৮॥

ভাৰতকোমুদী

বৃদ্ধামিতি। স্থ্ৰতাং সম্যগ্ৰতচারিণীম্, মৃতাপত্যামচিবমৃতসন্তানাম্, অপুন্সিণীমরজস্থলাম্, কল্পাং শিশুভূতাং বহপুত্রাঞ্চ স্থিমং মধাসম্ভবম্ ঋতে বৰ্জ্বন্নপি ভ্যান্তরন্ধনকাৎ পাণাং
পুক্ষো মূচ্যতে। অত্র যুক্তমঃ স্পটা: ॥১৫॥

ব্যাবিত ইতি। ব্যাবিরশু সঞ্চাত ইতি ব্যাবিত:, তাবকাদিত্বাদিতচ্, বন্ধনন্থ: কারাগার-স্থিত:, প্রবাদেষ্ স্থিত: পুকষ: পর্বাস্থ চতুর্দ্মখাদিষ্ ঋতুবালে নাবীণামগমনেংশি ভ্রণহত্যাং তৎপাপম্, প্রম্ঞতি ত্যন্ততি ॥১৬॥

পণ্যেতি। পণ্যনাবীস্থ বেশ্যাস্থ পরপ্রেশ্যাস্থ পরদাসীষ্। বন্ধুদাষাদা ধনগ্রহীতার: ॥১ ॥ পণ্যেতি। পবপ্রেশ্যামা: ক্রমাং তদ্গভঙ্গাতা: কৃত্রিমাং, পবপ্রেশ্যামাঃ পরেণ প্রদানাচ্চ তদ্গভঙ্গাতা দ্রিমাঃ। এতেন ক্রেত্গৃহীতৃশ্চ দাষাদান্তে ভবন্তীতি স্চিতম্ ॥১৮॥

বৃদ্ধা, বন্ধ্যা, সমীচীনভাবে ব্রতচাবিণী, অচিবমৃতসন্তানা, অবজস্বলা, বালিকা ও বহুপুত্রযুক্তা ভার্য্যাকে ষ্ণাসম্ভব ঋতুকালে বর্জন কবিলেও পুক্ষ পাপ হইতে মুক্ত থাকে ॥১৫॥

বোগী, বাবাগাববদ্ধ, অথবা বিদেশস্থ পুৰুষ ঋতুকালে ভার্য্যাগমন না কবিলেও এবং সুস্থ পুৰুষ পর্ববালে তাদৃশ স্ত্রীগমন নাম কবিলেও ভ্রণহত্যা পাপভাগী হুইবে না'॥১৬॥

মার্কণ্ডেয বলিলেন—'মহর্ষি! বেশ্চাব গর্ভজাত কিংবা প্রদাসীর গর্ভে উৎপন্ন পুত্রেবা কাহাব দায় অর্থাৎ সক্রাস্থ ধন পাইযা থাকে ? ॥১৭॥

নাবদ বলিলেন—'বেশ্যাব গর্ভে উৎপন্ন পুত্রেবা যাহাব ঔবসে উৎপন্ন হয়, তাহাবই পুত্র হইযা থাকে এবং ক্রয়লন্ধ পুত্রেবা কৃত্রিম পুত্রনামে অভিহিত হয়। তাহাবা ক্রেতাব ধন পায, আব দানলন্ধ পুত্রেবা দ্রিমনামে কথিত হয়, তাহাবা গ্রহীতাব ধন পাইয়া থাকে' ॥১৮॥

মার্কণ্ডেয উবাচ।

পণ্যনারীম্বনিযতঃ পুংসোহর্থো বর্ত্ততে গ্রুবম্। অত্র চাহিতগর্ভাষাঃ কম্ম পুত্রং বদন্তি তম্॥১৯॥ নারদ উবাচ।

তীর্থভূতাম নারীয় জ্ঞায়তে যোহভিগচ্ছতি। ঋতো তস্ত ভবেদ্গর্ভো যং বা নারী ন শঙ্কতে॥২০॥ মার্কণ্ডেয উবাচ।

নরাণাং ত্যজতাং ভার্য্যাং কামক্রোধাদ্গুণাশ্বিতাম্। অপ্রসূতাং প্রসূতাং বা তেষাং পৃচ্ছামি নিষ্কৃতিম্ ॥২১॥ নারদ উবাচ।

অপাপাং ত্যজমানস্থ সাধ্বীং মন্বাযমাদিতঃ। আত্মবংশস্বধর্মো বা ত্যজ্জতো নিষ্কৃতির্ন তু॥২২॥

ভাবতকোমুদী

পণ্যেতি। অনিষতো বহুনাং দানসম্ভবেনানির্দিষ্টঃ। অত্রবিষয়ে আহিতো, ধতো গর্ভো ব্যা জন্তাঃ পণ্যস্ত্রিয়াঃ ॥১৯॥

তীর্থেতি। তীর্থভূতাস্থ বহুপুরুষগম্যাস্থ নারীষু ষোহাভগচ্ছতি স যদি জ্ঞাযতে তদা ভক্ত পুত্র:, ঋতৌ নারী যং বা ন শহুতে নিশ্চিনোতি তম্ম পুরুষম্ম গর্ড: পুত্রো ভবেৎ ॥২০॥

নবাণামিতি। পরদাবেষু কাম: স্বাং ভার্যাং প্রত্যেব ক্রোধক্ষ তন্মাৎ। সমাহাবদ্ধক্র-বস্কাবঃ ॥২১॥

অপাপামিতি। অপাপাং নির্দোষাং ভার্যাম্, ত্যজমানস্ত ত্যজতো গৃহস্থস্ত, অথবা আদিতো বাণপ্রস্থাবদস্থনাৎ পূর্বম্, অযং ভার্যাত্যাগ এব আত্মবংশস্বধর্ম ইতি মন্বা সাধনীং

মার্কণ্ডেয় বলিলেন—'নিশ্চয়ই পুক্ষেব ধন বেশ্চাব নিকট অনির্দিষ্ট থাকে; ঈদৃশ স্থলে গর্ভবতী সেই বেশ্চাব পুত্রকে কাহাব পুত্র বলা হয় ?' ॥১৯॥

নারদ বলিলেন—'যে পুরুষ বেশ্যাগমন কবে—তাহাব জানা থাকিলে, বেশ্যাব পুত্র তাহাবই পুত্র হয়। আব ঋতুকালে স্ত্রীজাতিব গর্ভ হয়; স্থতবাং তংকালে যে গমন কবে, সে নিশ্চিত থাকিলে, সেই বেশ্যাব পুত্র সেই পুরুষেবই হইযা থাকে ॥২০॥

মার্কণ্ডেয় বলিলেন—'সম্ভান উৎপন্ন হউক বা নাই হউক, গুণবতী ভার্য্যাকে যাহাবা ভ্যাগ কবে, ভাহাদেব সেই পাপ হইতে নিস্তাবেব বিষয় আমি জিজ্ঞাসা কবিতেছি' ॥২১॥

যো নরস্ত্যজতে ভার্য্যাং পুষ্পিণীমপ্রসূতিকাম্। স নফ্টবংশঃ পিতৃভিযু ক্তস্ত্যজ্যেত দৈবতৈঃ ॥২৩॥ ভার্য্যামপত্যসংজাতাং প্রস্তাং পুত্রপৌত্রিনীম্। পুত্রদারপরিত্যাগী ন স প্রাপ্নোতি নিষ্কৃতিম্ ॥২৪॥ এবং হি ভার্য্যাং ত্যজতাং নরাণাং নাস্তি নিষ্কৃতিঃ। নাইন্ডি প্রমদাস্ত্যক্ত্বং পুত্রপৌত্রপ্রতিষ্ঠিতাঃ॥২৫॥

মাক ভেয় উবাচ।

की मृगीः मः जाबन् ভार्याः नत्ता पारिवर्न निपारः । এতদিচ্ছামি তত্ত্বেন বিজ্ঞাতুম্বিসত্তম ! ॥২৬॥

ভাবতকৌমুদী

ভার্যাং ত্যজতো বাণপ্রস্থানিনঃ পুক্বক্স, নিষ্কৃতিঃ প্রাযশ্চিত্তং নাত্তি তথাচ "পুত্রেষ্ দারান্ নিশ্বিপ্য বনং গচ্ছেৎ সহৈব বা" ইতি স্মৃত্যা অপুত্রবা ভার্যাধা সহৈব বনগমনবিধানাৎ ভস্ত্যাগঃ স্ত্তবামহুচিত ইতি ভাব: ॥২২॥

য ইতি। পুলিণীং বন্ধবনাম্, অপ্রস্তিকাম্ অজাতাপত্যাম্॥২৩॥

ভার্যামিতি। অপত্যং সংজ্ঞাতং যক্তান্তাম্। অগ্নাহিতাদিবদিশেষণক্ত পরনিপাত:। প্রস্তাং স্থপ্রবাং প্রপৌত্রিণীং ভার্ঘ্যাং যন্তাঙ্গতীতি শেষঃ, দ প্রদারপবিত্যাগী নিছ্নতিং ন প্রাপ্নোতি ॥২৪॥

এব্মিতি। পুত্রপৌত্রাঃ প্রতিষ্ঠিতা বাস্থ তাঃ ॥२৫॥ কীদুশীসিতি। দোধৈ: পাপাদিভি:। তত্ত্বেন যাথার্থ্যেন ॥২৬॥

নাবদ বলিলেন—'যে গৃহস্থ নির্দ্দোয ভার্য্যাকে ত্যাগ কবে; কিংবা বান-প্রস্থাশ্রমগমনার্থী যে লোক তাহাব প্রথমে 'ইহাই আমাব নিজবংশেব ধর্ম' এইরূপ মনে কবিযা সাধ্বী ভার্য্যাকে পবিত্যাগ কবিয়া যায়, তাহাদেব নিচ্চৃতি नार्डे ॥२२॥

যে লোক জাতবজন্ধা অথচ অজাতসন্তানা ভাষ্যাকে ত্যাগ কবে; নিৰ্বংশ সেই লোক পিতৃপু্ফ্ষগণেব সহিতই দেবগণকৰ্ত্বক পবিত্যক্ত হয় ॥২৩॥

যে মান্ন্য সসন্তানা, কিবা স্থপ্রসবা অথবা পুত্রপৌত্রবতী ভার্য্যাকে ত্যাগ কবে, পুত্রপৌত্রপবিত্যাগী সেই লোক সেই পাপ হইতে নিছ্তি পায় ना ॥२८॥

এইবাপ ভার্য্যাকে যাহাবা ত্যাগ কবে; তাহাদেব নিষ্কৃতি নাই। কাবণ, মানুৰ বংশরকাকাবিণী ভার্য্যাকে ত্যাগ কবিতে পাবে না ॥২৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'ঋবিশ্রেষ্ঠ। মানুষ কিপ্রকাব ভার্য্যাকে ত্যাগ কবিযা দোবে लिशु হয় না, ইহা আমি यथार्थनात्र ভানিতে ইচ্ছা কবি'॥২৬॥

মোক্ষধর্মস্থিতানাস্ত অন্যোত্তমমুজানতাম্।
ভার্য্যাপতীনাং মুক্তানামধর্মো ন বিধীয়তে ॥২৭॥
অত্তসঙ্গাং গতাপত্যাং শৃদ্রগাং পবগামিনীম্।
পরীক্ষ্য ত্যজমানানাং নরাণাং নাস্তি পাতকম্।
পাতকেহপি তু ভর্তব্যো দ্বো তু মাতা পিতা তথা ॥২৮॥
মার্কণ্ডেয় উবাচ।

ভার্য্যায়াং ব্যভিচারিণ্যাং নরস্থ ত্যজ্ঞতো রুষা।
কথং ধর্ম্মোহপ্যধর্ম্মো বা ভবতীহ মহামতে। ॥২৯॥
নারদ উবাচ।

অনৃতেহপি হি সত্যে বা যো নারীং দূষিতাং ত্যজেৎ। অরক্ষমাণঃ স্বাং ভার্য্যাং নবো ভবতি জ্রণহা॥৩০॥

ভাবতকৌমুদী

মোক্ষেতি। মোক্ষর্মে সন্ন্যাসোভ্যম স্থিতানাম্। মুক্তানাং মোক্ষাধিনাম্ ॥২ १॥
আন্তেতি। অন্তেন পুরুষেণ সহ সকো ৰস্তান্তাম্, তত এব গতাপত্যাং লক্ষস্তানাম্, শুদ্রগাম্, প্রগামিনীং শুদ্রাদপ্যধ্মপুরুষগামিনীঞ্। ষট্পাদ্ধ শ্লোকঃ ॥২৮॥

ভাৰ্য্যাযামিতি। কথং কীদৃশঃ ।২৯।

অনৃত ইতি। অনৃতে মিথ্যাভূতেংপি দোষে দ্বিতাং দোষসম্ভাবনষা লোকৈনিন্দিতাম্। অবক্ষমাণ উপদেশাদিনা পুরুষাম্ভরগমনাদরক্ষন্ ॥৩০॥

নাবদ বলিলেন—'স্বামী ও ন্ত্রী সন্ন্যাসার্থী হইযা প্রস্পাব ত্যাগ কবিবার অনুমতি কবিয়া ত্যাগ কবিযা সন্ন্যাস অবলম্বন কবিলে, তাহাদেব কোন পাপ হয় না ॥২৭॥

যে স্ত্রী অন্ত পুক্ষেব সহিত সংসর্গ কবিয়া সস্তান লাভ কবিয়াছে, কিংবা শৃ্দ্রগামিনী হইয়াছে, অথবা তদপেক্ষাও অধম পুক্ষ গমন কবিয়াছে; তাহাদেব সেই সকল দোষ বিশেষভাবে জানিয়া তাহাদিগকে ত্যাগ কবিলে, পুক্ষদেব কোন পাপ হয় না। তবে, পাপ থাকিলেও মাতা ও পিতা এই তৃইজনকে ভবণ কবিতে হইবে'॥২৮॥

মার্কণ্ডেয বলিলেন—'মহামতি দেবর্ষি! ভার্য্যা ব্যভিচাবিণী হইলে, যে পুকষ ক্রোধবশতঃ তাহাকে ত্যাগ কবে, তাহাব কিরূপ ধর্ম বা অধর্ম হয় ? ॥২৯॥ অপত্যহেতোর্যা নারী ভর্তারমতিলঙ্গারেৎ। লোলেন্দ্রিয়েতি সা রক্ষ্যা ন সন্ত্যজ্যা কথঞ্চন ॥৩১॥ নদ্যশ্চ নার্য্যশ্চ সমস্বভাবা

নৈতাঃ প্রমুঞ্জি নরাবগাঢ়াঃ।

শ্ৰোতাংসি নছো বহতে নিপাতং

নারী রজোভিঃ পুনরেতি শৌচম্ ॥৩২॥ এবং নার্য্যোন দৃশ্যন্তি ব্যভিচারেংপি ভর্তৃণাম্। মাসি মাসি ভবেদ্রাগস্ততঃ শুদ্ধা ভবন্ত ৢত ॥৩৩॥ মার্কণ্ডেয উবাচ।

কানি তীর্থানি ভগবন্ নৃণাং দেহাশ্রিতানি বৈ। তানি বৈ শংস ভগবন্ যাথাতথ্যেন পৃচ্ছতঃ ॥৩৪॥

ভাবতকৌমুদী

অপত্যেতি। ভর্তাবং রোগাদিনা বমণাসমর্থং পতিম্, অভিনজ্ঞবেং অভিক্রম্য পুরুষান্তর-মার্শ্রবেং। লোলেন্দ্রিয়া চঞ্চলচিতা ।৩১॥

নছ ইতি। নবৈরবগাঢ়া নিষতমবগাহনাস্পদীক্ষতা:। অতএব তান্ নরান্ ন প্রম্ঞস্থি। নিপতত্যশ্মিমিতি নিপাভ: সম্ব্রম্থং বহতে বহস্তি। একবচনমার্থম্। বহির্দিকশ্বক:। শৌচং পবিত্রতাম্। এতবচন্দ্রম্ প্রাপ্তক্রবচনবং পূর্বকালীনব্যবস্থাবিষয়কত্যা বোধ্যম্। এবং পরবচনম্পি ॥৩২॥

এবমিতি। ভর্ত্ণামিতি দীর্ঘাভাব আর্ব:। রাগো রজ: ॥৩৩॥ কানীতি। তীর্থানি তীর্থবং পবিত্রস্থানানি। শংস ক্রহি ॥৩৪॥

নাবদ বলিলেন—'দোষ সত্যই হউক বা মিখ্যাই হউক, লোকেবা দোষ সম্ভাবনা কবিয়া যে নারীকে নিন্দা কবে, তাহাকে রক্ষা না কবিয়া যে পুকষ পরিত্যাগ কবে; তাহাব জাণহত্যার পাপ হয় ॥৬০॥

যে নাবী সম্ভানেব নিমিত্ত অসমর্থ ভর্তাকে পবিত্যাগ কবিয়া, অন্ত পুরুষকে আশ্রয় কবে; সে নাবী চঞ্চলস্বভাবা বলিয়া তাহাকে বাখিবে; কিন্তু কোন প্রকাবেই ত্যাগ কবিবে না ॥৩১॥

নদীসকল ও নাবীগণেব স্বভাব সমান। স্থৃতবাং মানুষেবা নদী ও নাবী উভয়েই অবগাহন করে বলিয়া উহাবা সেই মানুষগণকে ত্যাগ কবে না। নদী-সকল স্রোত বহন কবিষা সমুদ্রে লইয়া যায়; আব নাবীগণ বজোদ্বাবা পুনবায় পবিত্রতা লাভ কবে ॥৩২॥

এইকপে নাবীবা ভর্তাকে ত্যাগ কবিয়া ব্যভিচাব কবিলেও দূষিত হয় না। 'তাহাবা মাসে মাসে বজস্বলা হয়, তাহাতেই শুদ্ধ হইয়া থাকে' ॥৩॥ সর্ববতীর্থেষু সর্ববজ্ঞ ! কিং তীর্থং পরমং নৃণামৃ । যত্রোপস্পৃ শ্য পূতো যো নরো ভবতি নিত্যশঃ ॥৩৫॥ নারদ উবাচ ।

দেব্যিপিতৃতীর্থানি ব্রাক্ষং মধ্যেহথ বৈষ্ণবম্।
নৃণাং তীর্থানি পঞ্চাহুঃ পাণো সমিহিতানি বৈ ॥৩৬॥
আঘতীর্থন্ত তীর্থানাং বৈষ্ণবো ভাগ উচ্যতে।
যত্রোপস্প শ্য বর্ণানাং চতুর্ণাং বর্দ্ধতে কুলম্।
পিতৃদৈবতকার্য্যাণি বর্দ্ধন্তে প্রেত্য চেহ চ॥৩৭॥

মার্কণ্ডেয উবাচ।

নবাণাং কামর্ত্তানাং যা নার্য্যো নিববগ্রহাঃ। যাসামভিগ্রহো নাস্তি তা মে কথযু নারদ।॥ अन॥

ভাবতকোসুদী

সর্বেতি। পবসং শ্রেষ্ঠম্। উপস্পৃষ্ঠ আচম্য স্বাদা বা ॥৩৫॥

দৈবেতি। মধ্যে পাণিমধ্যভাগে। নৃণাং পাণো সিয়িহিতানি স্থিতানি পঞ্জীর্থান্তাহমুন্যঃ। তথাচ অঙ্গুল্যগ্রং দৈবং তীর্থম্, কনিষ্ঠানামিক্যোম্ গমার্বং তীর্থম্, ইদমেব স্থৃত্যস্তরে
প্রাঞ্জাপত্যং তীর্থম্চাতে, অঙ্গুষ্ঠতজ্জন্তোর্মণ্যং পৈত্রাং তীর্থম্, অঙ্গুষ্ঠমূলং ত্রান্ধং তীর্থম্, পাণিমধ্যক বৈক্ষবং তীর্থম্। তথাচ ষাজ্ঞবন্ধ্যঃ "কনিষ্ঠাদেশিক্তপুষ্ঠমূলাক্তর্যং করক্ষ চ। প্রজ্ঞাপতিম্
পিতৃত্রন্দদেবতীর্থাক্তস্ক্রমাং।" অত তু বৈক্ষবং তীর্থমধিকমুক্তম্ ।৩৬।

আছেতি। আছতীর্থং প্রধানতীর্থম্। উপস্পৃষ্ঠাচম্য পিত্রদৈবতকার্য্যকরণেন বর্দ্ধস্তে, প্রেত্য পরলোকে, ইহলোকে চ। ষট্পাদঃ শ্লোকঃ ১৩৭।

মার্কণ্ডেয় বলিলেন—'ভগবন্ দেবর্ষি! আমি জিজ্ঞাসা কবিতেছি। মন্থ্য-গণেব দেহস্থিত কোন্স্থানগুলি তীর্থ ? তাহা আপনি যথাযথভাবে বলুন ? ॥৩৪॥

সর্বজ্ঞ। মনুষ্যগণেব সমস্ত তীর্থেব মধ্যে কোন্ তীর্থ শ্রেষ্ঠ , যাহাতে স্নান কবিয়া মানুষ সর্বদা পবিত্র হয় ॥৩৫॥

নাবদ বলিলেন — 'মুনিবা বলেন — মানুষেব হস্তেই পাঁচটা তীর্থ আছে। অঙ্গুল্যগ্রে দৈবতীর্থ, কনিষ্ঠাও অনামিকা অঙ্গুলিব মূলে আর্ধতীর্থ (স্মৃত্যন্তবে প্রাজ্ঞাপত্যতীর্থ বলা হইয়াছে), অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীব মধ্যভাগে পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ-মূলে ব্রাহ্মতীর্থ এবং পাণিমধ্যে বৈষ্ণবতীর্থ ॥৩৬॥

বৈষ্ণবতীর্থকে তীর্থেব মধ্যে প্রধান তীর্থ বলা হয়, যাহাতে জল বাখিয়া আচমন কবিলে চাবিবর্ণেবই বংশবৃদ্ধি পায় এবং পিতৃতীর্থ ও দেবতীর্থদ্বাবা কার্য্য কবিলে, ইহলোকে ও পবলোকে পিতৃকার্য্য ও দেবকার্য্য বৃদ্ধিলাভ করে ॥৩৭॥

পাশুর্বৈশ্যা নটী গোপী তান্তকী তুন্নবায়িকী। নারী কিরাতী শবরী নর্ত্তকী চানবগ্রহাঃ॥৩৯॥

মার্কণ্ডেয় উবাচ।

এতাস্থ জাতা নারীযু সর্ববর্ণেয়ু যে স্থতাঃ। তেযু কে বন্ধুদায়াদা ভবস্তি ঋষিসত্তম ! ॥৪০॥

নারদ উবাচ।

য এতাঃ পরিগৃহুন্তি তেষামেব হি তে স্থতাঃ। সর্বত্র তু প্রবৃত্তাস্থ বীজং নশ্যতি দেহিনাম্॥৪১॥

ভাৰতকৌমুদী

মধ্যে মনস্থ্যপস্থিতং সংপৃচ্ছ্য "বিশেষাতিদিষ্ট: প্রকৃতং ন বাধতে" ইতি ভাষাৎ প্রকৃতং স্থীন পুক্ষবিব্যমেব পুন: পৃচ্ছতি নরাণামিতি। কামবৃত্তানাং কাম্যবিষ্য্যাপৃতানাম্, নির্ব্থহা ব্যভিচারাদ্নিবার্য্যা, অভিগ্রহা নিবাবণম্ ॥৬৮॥

পাশুরিতি। পাশু: পশুপালিকা, বৈশ্য। বাণিজ্যকারিণী, নটী নাট্যব্যবসায়া, গোপী ত্থাদিবিক্রয়কারিণী, তাম্ভকী স্ত্রব্যবসায়িনী, তুন্নবায়িকী বগ্রনির্মাণকারিণী, কিবাতী ব্যাধ-বৃত্তিধারিণী, শবরী মেচ্ছবিশেষগ্রী, নর্জকী নৃত্যব্যবসায়িনী, অনবগ্রহা ব্যভিচারাদনিবাধ্যাঃ ।৩৯।

এতান্বিতি। সর্ববর্ণেষ্ স্থিতৈঃ পুরুষৈরিতি শেষঃ॥।।

ষ ইতি। বে বর্ণা:। সর্বত্ত সর্বেষ্ বর্ণেষ্। দেহিনাং পুরুষাণাং বীব্ধং বীর্যাং নশুভি
অনির্দিষ্টং তিগ্রতি ॥৪১॥

মার্কণ্ডের বলিলেন—'দেবর্ষি নাবদ! কামপ্রবৃত্ত মন্থ্যগণের যে সকল স্ত্রী অনিবার্য্য অর্থাৎ বহুচেষ্টা কবিয়াও যাহাদিগকে বারণ কবিয়া রাখা যায় না, তাহাদিগেব নাম আপনি আমাব নিকট বলুন' ॥৩৮॥

নাবদ বলিলেন—'পশুপালিনী, ক্রয়-বিক্রয়-কারিণী, নটী, ছ্ঝাদি-বিক্রয়-কাবিণী, স্ত্রব্যবসায়িনী, বস্ত্রব্যবসায়িনী, মংস্থ-মাংস-বিক্রয়িণী, শববী ও নর্ত্তকী, ইহাবা অনিবার্য্য ॥৩৯॥

মার্কণ্ডেয় বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ! সর্ববর্ণগত পুক্ষদের ঔবসে ইহাদেব গর্ভে উৎপন্ন যে সকল পুত্র, তাহাদেব মধ্যে কাহারা পৈতৃক সম্পত্তি পাইয়া থাকে ?'॥৪০॥

নাবদ বলিলেন—'যাহারা এই সকল খ্রীকে গ্রহণ করে, ভাহাদেরই তাহারা পুত্র হয়। আব সর্ববর্ণ পুক্ষে প্রবৃত্ত স্ত্রীদিগের গর্ভজাত পুত্র অনির্দিষ্টই থাকিয়া যায ॥৪১॥ মার্কণ্ডেষ উবাচ।

সর্বস্ত্রীয়ু প্রস্তৃত্তাশ্চ সাধুবেদবিবর্টিজতাঃ। মানবাঃ কাণ্ডপৃষ্ঠাশ্চ বেদমন্ত্রবহিষ্কৃতাঃ। নিযুক্তা হব্যকব্যেয়ু তেষাং দত্তং কথং ভবেৎ ॥৪২॥ ,

काञ्चल छवाह । व्याजन छवाह ।

নাৰ্হন্তি হব্যকব্যানি সাবিত্ৰীবৰ্চ্জিতা দ্বিজাঃ। ব্ৰোত্যেম্বন্ধপানং তদ্যথা শূদ্ৰেষু বৈ তথা ॥৪৩॥

মার্কণ্ডেয উবাচ।

ধর্শ্বেম্বধিকৃতানান্ত নরাণাং মুহুতে মনঃ। কথং ন বিছো ভবতি এতদিচ্ছামি বেদিতুম্ ॥৪৪॥

নারদ উবাচ।

ज्यर्थान्त नार्यान्त मगानस्मर्ज्य

শ্রেगাংসি পুংসামিহ মোহয়ন্তি।

রতিপ্রয়োদাৎ প্রমদা হরন্তি

ভোগৈর্ধনং চাপ্যুপহন্তি ধর্মান্ ॥৪৫॥

ভাবতকোমুদী

সর্বেতি। কাণ্ডপৃষ্ঠাঃ শন্তাজীবাঃ "শপ্তাজীবে কাণ্ডপৃষ্ঠাযুধীযায়্ধিকাঃ সমা" ইত্যমরঃ। কথং কীদৃশম্ ॥৪২॥

নেতি। বাত্যেষ্ অক্কতোপন্যনেষ্ ॥৪৩॥

ধর্মেষিতি। অনিক্তানামনিকারিণাম্, মুহতে নানাবিধবৈবাক্সয়তে ॥৪৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'যাহাবা সকল জাতীয় স্ত্রী সংসর্গ কবে অথচ সৎসঙ্গ বা বেদপাঠ কবে না, যাহারা অস্ত্রব্যবসায়ী এবং যাহাবা বেদমন্ত্রে অনধিকাবী, ভাহাদিগকে দেবকার্য্য ও পিতৃকার্য্যে নিযুক্ত কবিলে, ভাহাদেব প্রদন্ত জব্য কিপ্রকার হয় ? ॥৪২॥

নারদ বলিলেন—'গায়ত্রীবিহীন ব্রাহ্মণেবা দেবকার্য্য ও পিতৃকার্য্য কবিবার যোগ্য নহে এবং তাহাদিগকে যে অন্নদান কবা হয়, তাহা শৃত্রকে অন্নদান কবাবই তুল্য ॥৪৩॥

মার্কণ্ডেয় বলিলেন—'ধর্মকার্য্যে অধিকাবী মানুষদের মন নানাদিকে আকৃষ্ট হয়; কিন্তু সেই কার্য্যে প্রবৃত্ত মানুষদেব কি কবিলে বিদ্ন হয় না, ইহা আমি জানিতে ইচ্ছা কবি' ॥৪৪॥ হব্যং কব্যঞ্চ ধর্মাত্মা সর্ববং তচ্ছে গুত্রিয়ো ২ইতি। দত্তং হি শ্রোত্রিযে সাধো জ্বলিতাগ্লাবিবাহুতিঃ ॥৪৬॥ মার্কণ্ডেয় উবাচ।

শ্রোত্রিযাণাং কুলে জাতা বেদার্থবিদিতাত্মনাম্। হিত্ব৷ কম্মাত্রযীং বিচ্ঠাং বার্ত্তাং বৃতিমুপাশ্রিতাঃ ॥৪৭॥

নারদ উবাচ।

চাতুর্বর্ণ্যং পুরা শুন্তং স্থবিদ্বৎক্ত দ্বিজাতিয় । তক্মাদর্শৈঃ সংবিভজ্ঞা রক্তিঃ সঙ্করবর্ষ্জ্বতা ॥৪৮॥ যে চান্থে শ্রোত্রিয়া জাতাঃ সংস্কৃতাঃ পুত্রগৃধ্ধূভিঃ। পূর্ববনির্বাণনির্ব্ধাং জাতাং রক্তিমুপাঞ্রিতাঃ॥৪৯॥

ভাবতকৌমুদী

অর্থা ইতি। এতদ্বয়ং সমানম্, শ্রেষাংসি মঙ্গলানি, মেণ্হয়ন্তি মোহেনাগ্রথা কুর্বন্তি। ধনঞ্চ ভোগৈর্ভোগসম্পাদনৈধ শাহপহন্তি ॥৪৫॥

হ্ব্যমিতি। অইতি কর্ত্মিতি শেষ:। শ্রোত্রিষণাহ দেবল:—"একাং শাখাং সকলাং বা ষড্ভিরকৈবধীত্য বা। ষট্কর্মনিবতো বিপ্রাং শ্রোত্রিষো নাম ধর্মবিং"॥ দত্তং সফলতাং ষাতীতি শেষ: ॥৪৬॥

শ্রোতিষাণামিতি। বেদার্থের্ বিষয়ের্ বিদিত। জ্ঞানবস্ত আত্মানো বেষাং তেষাম্। ত্রীং বেদরপাম্, বার্ত্তাং সন্দেশরপাম্॥৪৭॥

চাতুবিতি। শুন্তং ব্রহ্মণা। সম্ববর্চ্চিতা বৃত্তান্তবসম্বন্ধহীনা ॥৪৮॥

নাবদ বলিলেন—'ধন ও জী এই ছুইটীই সমান। স্থতবাং এই ছুইটী মানুষের মঙ্গল নষ্ট কবিয়া থাকে। স্ত্রীজাতি বতিব আমোদে পুক্ষকে আকর্ষণ কবে এবং ধন ভোগদাবা ধর্মকার্য্য নষ্ট কবিয়া থাকে ॥৪৫॥

ধান্মিক বেদবিৎ ব্রাহ্মণ সেই সমস্ত দেবকার্য্য ও পিতৃকার্য্য কবিতে পাবেন এবং প্রজ্জলিত অগ্নিতে আহুতিদানেব স্থায়, সাধ্প্রকৃতি শ্রোত্রিয়ে দান সফল হয় ॥৪৬॥

মাৰ্কণ্ডেয় বলিলেন—'বেদবিদ্ ব্ৰাহ্মণবংশে উৎপন্ন লোকেবা বেদবিছা পবিত্যাগ কবিয়া দৌত্যবৃদ্ধি আশ্ৰয় কবেন কেন ?' ॥৪৭॥

নাবদ বলিলেন—'পূর্বকালে ব্রহ্মা বিশেষ বিদ্যান্ ব্রাহ্মণগণেব হস্তে চাবিটী বর্ণকে অস্ত করিয়াছিলেন। সেই জ্ব্যু সেই ব্রাহ্মণগণেব বিশুদ্ধ বৃত্তিবিভাগ কবা স্ব্যাম্য বর্ণেব পক্ষে উচিত হইযাছিল ॥৪৮॥

মার্কণ্ডেয উবাচ।

অসংস্কৃতাঃ শ্রোত্রিযজাঃ সংস্কৃতা জানিজা কথম্ ?
নারদ উবাচ।

অসংস্কারো বৈদিকশ্চ স মান্তঃ শ্রোত্তিযাত্মজঃ।
শুদ্ধান্ত্রয়ঃ শ্রোত্তিয়ন্ত স্থবিদ্ধন্তিঃ সমোহন্তথা ॥৫০॥
অনধীযানপুত্রাশ্চ বেদসংস্কারবর্জ্জিতাঃ।
তত্মাত্তে বেদবিজ্ঞাপি বিপ্রাঃ শ্রুতিনিকারিণঃ ॥৫১॥
ব্রহ্মরাশো পুরা স্মৃষ্টা বেদসংস্কারসংস্কৃতাঃ।
তত্মাত্তেম্বের তে জাতাঃ সাধ্রঃ কুলধারিণঃ ॥৫২॥

ভাবতকৌমুদী

ষ ইতি। পুত্রগৃধুভিঃ পুত্রাভিলাবিভিঃ, সংস্কৃতাঃ শিক্ষিতাঃ, পূর্বনির্বাণেঃ প্রাচীন-নিয়মেঃ, নির্ভাং নিম্পন্নাম্, জাতাং পূর্বস্থাদাগতাম্। অতএব তে বার্তাঃ বৃত্তিমূপাশ্রিতা ইত্যাশয়ঃ ॥৪৯॥

অসমিতি। অসংস্কৃতা অন্থপনীতা অপি শ্রোত্রিয়ন্তা, সংস্কৃতা উপনীতাঃ, জানিজা বেদবিং-ক্ষত্রিয়াদিজাতাক কথং কীনূগ্ভিরাঃ। অসংস্কারঃ অন্থপনীতঃ অন্যথা শুদ্ধারঃ নির্দ্ধোষ-কুলোংপরঃ শ্রোত্রিয়ন্ত স্থবিদ্ধতঃ ক্ষত্রিযাদিভিঃ সমঃ কথং স্থাদিতি শেষঃ। বটুপানঃ ॥৫০॥

খনধীতি। খনধীয়ানানাং বেদমপঠতাং পুত্রাং, বেদসংস্কারৈরুপনয়নাদিভির্বজ্জিতা:। বেদবিজ্ঞাপীতি বিদর্গলোপেহপীতি দন্ধিবার্থ:। শ্রুতিং বেদবৃত্তিং নিক্র্বন্তি ত্যজন্তীতি তে ॥৫১॥ ব্রন্ধেতি। ব্রন্ধরাশী বেদসমূহশিক্ষোদ্দেশে। তেবের উক্তরূপেয়ের কুলেরু ॥৫২॥

অস্ত , যাহাবা শ্রোত্রিযবংশে জন্মিয়াছিলেন এবং পুত্রবংসল পিতাবা বাঁহাদিগকে শিক্ষা দিযাছিলেন, তাঁহাবা পূর্বপুক্ষ হইতে আগত দৌত্যবৃত্তি আশ্রয় কবিয়াছেন ॥৪৯॥

মার্কণ্ডেয় বলিলেন—'বেদবিদ্ ব্রাহ্মণেব বংশে উৎপন্ন অথচ অনুপনীত এবং জ্ঞানবান্ ক্ষত্রিয়াদিব বংশে উৎপন্ন অথচ উপনীত এই উভযেব মধ্যে ভেদ কি প্রকার? নাবদ বলিলেন—'বেদবিদ্ ব্রাহ্মণেব পুত্র অনুপনীত হইলেও বেদবিদেব পুত্র বলিয়া সে-ই মাননীয়; তাহা না হইলে শুদ্ধবংশজাত বেদবিদ্ ব্রাহ্মণ জভ্যন্ত জ্ঞানবান্ ক্ষত্রিয়াদিব সমান হন্ কিপ্রকাবে ? ॥৫০॥

ষাহাবা অবেদজ্ঞেব পুত্র এবং বেদবিহিত সংস্কাববর্জ্জিত, সেই ব্রাহ্মণেরা বেদ জানিয়াও বেদ পবিত্যাগ কবে এবং দৌত্যবৃত্তি অবলম্বন কবিষা থাকে ॥৫১॥ আব পূর্বের যাহাবা বেদশিক্ষাব উদ্দেশে উৎপাদিত এবং বেদবিহিত সংস্কাবে

মার্কণ্ডেয় উবাচ।

স্বরং ক্রীতাস্থ প্রেয়াস্থ প্রসূরন্তে তু যে নরাঃ। কস্ম নার্য্যঃ স্থতাশ্চৈব ভবন্তি ঋষিসত্তম ! ॥৫৩॥ নারদ উবাচ।

স্বদাস্থাং যো নরো মোহাৎ প্রসূয়েত স পাপর্ছং। ইহাভিনিন্দিতঃ প্রেত্য অপত্যং প্রেয়তাং নয়েৎ ॥৫৪॥ সা তস্থ ভার্যা পুত্রা যে হব্যকব্যপ্রদাস্ত তে। তস্থা যে বান্ধবাঃ কেচিদ্বিষক্তাঃ প্রেয়তাং গতাঃ। সর্ব্বে তম্থাস্ত সম্বন্ধা মূচ্যন্তে প্রেয়কর্দ্মস্থ ॥৫৫॥

ভারতকোমুদী

স্বয়মিতি। প্রেয়াস্থ দাসীয়ু, প্রস্মস্তে উৎপান্তন্তে। তা নার্য্য: কক্স, তে স্থতাশ্চ কক্স ভবস্তি ॥৫৩॥

ব্বেডি। প্রস্থান্ত অপত্যমৃৎপাদয়েৎ। প্রেভ্য পরলোকে গত্বেডি শেষ:। তদপভ্যং প্রেক্সডাং পরদাসত্বং নয়েৎ প্রাপয়েৎ ॥৫৪॥

সেতি। পূর্বং যা পরিণীতা, সা তত্ম ভার্যা, তত্মাং জাতা যে পুতান্তে হ্বাকবাপ্রদা ভবস্তি। কিন্তু তত্মাং প্রেক্সায়া যে কেচিহান্ধবা লাত্মাদয়ো বিষক্তান্তংসংস্টান্তিগ্রন্তি, তেংশি প্রেক্সতাং দাসত্বং গড়া ভবেয়ং। কিন্তু তত্মা ভার্যায়াং সর্বে সম্বন্ধ লাত্মাদয়ং প্রেক্সন্মত্ব মৃচ্যন্তে অদাসান্তিগ্রন্তি। বট্পাদং শ্লোকং ॥৫৫॥

সংস্কৃত হইয়াছিল; তাহাদের বংশে উৎপন্ন ব্রাহ্মণেবা সাধু ও বংশবক্ষক হইয়া থাকেন ॥৫২॥

মার্কণ্ডের বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ! নিজে যাহাদিগকে ক্রন্ন করা হইরাছিল এবং যাহারা দাসী, ভাহাদের গর্ভে যাহাদিগকে উৎপাদন করা হয়, সেই পুরেরা এবং সেই নারীবা কাহার হইয়া থাকে ? ॥৫৩॥

নারদ বলিলেন—'যে মানুষ মোহবশতঃ নিজেব দাসীব গর্ভে সস্তান উৎ-পাদন কবে, সে পাপী হয় এবং ইহলোকে নিন্দিত হইয়া পবলোকে যাইয়া সেই সম্ভানকে পরেব দাস করিয়া থাকে' ॥৫৪॥

যে স্ত্রী পূর্ব্বে পবিণীত হইয়াছিল, সে সেই পুরুষের প্রকৃত ভার্য্যা, স্থতবাং তাহার গর্ভে বাহাবা উৎপন্ন হয়, সেই পুত্রেবা দেবকার্য্য ও পিতৃকার্য্যে অধিকারী হইয়া থাকে; আর ক্রীভ স্ত্রী ও দাসীব সংস্কৃষ্ট যে কোন বন্ধু থাকে, তাহাবা দাসত প্রাপ্ত হয়; আব পরিণীত ভার্য্যাব সমস্ত বন্ধুই দাসকার্য্য হইতে মুক্ত থাকে ॥৫৫॥

এতত্তে কথিতং সর্ববং বদভিব্যাহৃতং স্বয়া। অথবা সংশয়ঃ কশ্চিন্ত্যুয়ঃ সংপ্রেফী মুর্হতি॥৫৬॥ মার্কণ্ডেয় উবাচ।

অমিথ্যাদর্শনো লোকে নারদঃ সর্বকোবিদঃ। প্রত্যক্ষদর্শী লোকানাং স্বয়ম্ভূবিব সন্তমঃ॥৫৭॥ ভীষ্ম উবাচ।

ইতি সম্ভায় খাষিভির্মার্কণ্ডেয়ো মহাতপাঃ।
নারদক্ষাপি সংকৃত্য তেন চৈবাভিসংকৃতঃ॥৫৮॥
আমন্ত্রিত্বা ঋষিভিঃ প্রযাবাশ্রমং মুনিঃ।
ঋষয়শ্চাপি তীর্থানাং পরিচর্য্যাং প্রচক্রমুঃ॥৫৯॥ (যুগ্মকম্)
হক্ষেত্রবীজসংস্কারবিশুদ্ধো ব্রহ্মচর্যয়।
নিত্যনৈমিত্তিকাৎ স্নাতো মনঃ শুদ্ধ্যা চ শুধ্যতি॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যামসুশাসন-পর্ববি দানধর্মে দ্বাবিংশোহধ্যায়ঃ ॥#॥

ভাবতকোমুদী

এতদিতি। অভিব্যাহ্বতং পৃষ্টম্। সংশবো বিষয়ান্তরে ॥৫৬।
অমিধ্যোতি। অমিধ্যাদর্শন: সভ্যদশী, সর্বকোবিদ: সর্বজ্ঞ:। স্বয়ভূত্র দ্বা॥৫१॥
ইতীতি। ঋষিভিশ্ব বীন্ আমন্ত্রিয়তা শ্বিষ্ভি: সৎকৃত ইতি শেব:। পরিচর্ব্যাং পরিভ্রমণম্, প্রচক্রম্য: কর্ত্ব মুদ্যক্তবন্ত: ॥৫৮—৫১॥

সংক্ষতেতি। স্ক্ৰেতে স্বৰ্ণভাৰ্যাযাং শুৰুষানে চ বীজং বীৰ্য্যং সংস্থারা উপনয়নাদয়ক মহর্ষি। আপনি যাহা প্রশ্ন কবিয়াছিলেন, এই আমি সেই সমস্তই বলিলাম। অথবা বিষয়াস্তবে আপনাব কোন সংশয় থাকিলে, আপনি ভাহাও আবাৰ প্রশ্ন করিতে পারেন ॥৫৬॥

মার্কণ্ডেষ বলিলেন—'নাবদ ব্রহ্মাব ক্সায় জগতে সভ্যদর্শী, সর্বহন্ত, লোক-চরিত্রের প্রভ্যক্ষদর্শী ও সাধুশ্রেষ্ঠ ॥৫৭॥

ভীম বলিলেন—'মহাতপা মার্কণ্ডেষ মূনি ইহার পবে নারদকে সম্মানিত কবিয়া এবং নাবদ কর্তৃক সম্মানিত হইয়া, পরে অস্থান্থ ঋষিগণেব সম্ভাষণ করিয়া এবং সেই ঋষিগণ কর্তৃক সম্ভাষিত হইয়া, নিজেব আশ্রামে প্রস্থান কবিলেন। অপর ঋষিবাও তীর্থসমূহে বিচবণ কবিবার উদ্যোগ কবিতে লাগিলেন॥৫৮—৫৯॥

^{* &#}x27; · একোন্যষ্টিতমোহধ্যায়ঃ'— নি ।

ত্রকোবিংশোঽধ্যায়ঃ

----8*8----

যুধিষ্ঠির উবাচ।

কিমাহুর্ভরতশ্রেষ্ঠ। পাত্রং বিপ্রাঃ সনাতনাঃ। ব্রাহ্মণং লিঙ্গিনফৈব ব্রাহ্মণং বাপ্যলিঙ্গিনম্॥১॥

ভীম্ম উবাচ।

স্ববৃত্তিমভিপন্নায় লিঙ্গিনে চেতরায় চ। দেয়মাহুর্ম্মহারাজ! উভাবেতো তপস্থিনো॥২॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রদ্ধা পরয়া পূতো যঃ প্রয়চ্ছেদ্বিজাতয়ে। হব্যং কব্যং তথা দানং কো দোষঃ স্থাৎ পিতামহ। ॥।

ভাবতকৌমুদী

তৈবিশুদ্ধ:, তীর্থে নিত্যং নৈমিত্তিকাদ্যোগাৎ স্নাতো বিজ্ঞাতিঃ, ব্রহ্মচর্ঘ্যযা বেদাভ্যাদেন মনং-শুদ্ধ্যা মনসো বাগদ্বোদিবর্জনেন চ শুধ্যতি ॥৬০॥

ইতি মহামহোপাব্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভটাচার্য্যবিরচিতাযাং গহা-ভারতটীকাযাং ভারতকৌম্দীসমাধ্যাযামস্শাসনপর্কণি দানধর্মে দাবিংশোহধ্যায়ঃ ॥*॥

কিমিতি। পাত্রং দাশোদেশ্যম্। নিদিনং দণ্ডকমণ্ডবাদিচিহুযুক্তম্, অনিদিনং ডচ্চিহ্-রহিতং গৃহস্তম্ ॥>॥

স্বেতি। স্ববৃত্তিং যজনাদিনিজব্যবসাযম্, অভিপদ্মায আশ্রিতায ।২।

স্বৰ্ণভাষ্যাব গৰ্ভে উৎপন্ন ও উপনয়নাদি সংস্থারদ্বারা বিশুদ্ধ দ্বিজাতি, তীর্থে নিত্য ও নৈমিত্তিক স্নান কবিষা বেদাভ্যাস ও মনঃশুদ্ধিদ্বাবা শুদ্ধ হইয়া থাকেন' ॥৬০॥

____0#_0___

যুধিন্তিব বলিলেন—'ভবতশ্রেষ্ঠ ! প্রাচীন বান্ধণেবা—দণ্ডকমগুলু প্রভৃতিধাবী ব্রান্ধণ বা দণ্ডকমগুলুপ্রভৃতি—শৃত্য ব্রান্ধণ ইহাদেব কাঁহাকে দানের পাত্র বলিয়াছেন ? ॥১॥

ভীম্ম বলিলেন—'মহাবাজ। প্রাচীন ব্রাহ্মণেবা বলিয়াছেন — দণ্ডকমণ্ডলু-ধারী ব্রাহ্মণই হউন, বা তদ্বিবহিত ব্রাহ্মণই হউন, আপন বৃত্তিযুক্ত ব্রাহ্মণকেই দান কবিবে। কাবণ, ইহাবা উভযেই তপস্বী ॥২॥

ভীশ্ব উবাচ।

শ্রদ্ধাপূতো নরস্তাত ! তুর্দান্তোহপি ন সংশয়ঃ। পূতো ভবতি সর্বত্র কিমুত স্থং মহাত্যুতে । ॥৪॥ যুধিষ্ঠির উবাচ।

ন ব্রাহ্মণং পরীক্ষেত দৈবেরু সততং নরঃ। কব্যপ্রদানে তু বুধাঃ পরীক্ষ্যং ব্রাহ্মণং বিছঃ॥৫॥ ভীষ্ম উবাচ।

ন ব্রাহ্মণঃ সাধ্যতে হ্ব্যং দৈবাৎ প্রসিধ্যতি। দেবপ্রসাদাদিজ্যন্তে যজমানৈর্ন সংশয়ঃ॥৬॥ ব্রাহ্মণান্ ভরতপ্রেষ্ঠ। সততং ব্রহ্মবাদিনঃ। মার্কণ্ডেযঃ পুরা প্রাহু ইতি লোকেয়ু বুদ্ধিমান্॥৭॥

ভাবতকোমুদী

শক্ষেতি। হব্যং দেবদেযং কব্যং পিভূদেষঞ্চ দ্রবাস্, দানসম্ভং দেষদ্রবাস্ ॥ আ শক্ষেতি। দুর্দান্তোহণি ইন্দ্রিষদসনরহিতোহণি ॥ ৪॥

নেতি। দৈবেষ্ পূজাদিদেবকার্ব্যেয়। "পিতবো বাক্যমিচ্ছন্তি ভক্তিমিচ্ছন্তি দেবতা" ইতি বচনাৎ পিতৃকার্ব্যে পাণ্ডিত্যস্থাপি দেবকার্ব্যে তৃ কেবলভক্তেরবাপেক্ষণীয়ত্বাদিতি ভাব: ॥৫॥ নেতি। সাধ্যতে হব্যং নিশাদ্যতি, তত্ত্ব্যং দৈবাদদ্টাদেব বজমানস্থ প্রসিধ্যতি। ইক্ষ্যন্তে দেবা: পূজান্তে। কব্যন্ত, রাক্ষণ এব সাধ্যতীতি তস্ত গুণবত্তমাবশুক্মিতি ভাব: ॥৬॥ রাক্ষণানিতি। রক্ষবাদিনো বেদবক্ত,ন্। অভএব রাক্ষণানাং বেদবাদিত্বমেব পাত্রত্ব-প্রবাজক্মিতি ভাব: ॥৭॥

যুখিষ্টিব বলিলেন—'পিডামহ। যিনি কেবল পবম শ্রদ্ধাব গুণে পবিত্র হইযা ব্রাহ্মণকে হব্য কব্য বা অক্ত দেয় বস্তু দান কবেন, তাঁহাব ভাহাতে কি দোর হইতে পাবে ? ॥৩॥

ধাঁহাবা স্থুরা, মাংস ও প্রদাব হইতে নিবৃত্ত থাকেন এবং সুবাভিন্ন অস্তান্ত প্রকাব মন্তও পান কবেন না , সেই সকল মানুষ স্বর্গে গমন কবেন ॥৮৯॥ বস্ত্রাভরণদাতারো ভক্ষ্যপানামদান্তথা।
কুটুম্বানাঞ্চ দাতারঃ পুরুষাঃ স্বর্গগামিনঃ ॥৯১॥
সর্ববিংসানিরভাশ্চ নরাঃ সর্বসহাশ্চ যে।
সর্বস্থাপ্রযুত্তাশ্চ তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৯২॥
মাতরং পিতরক্ষৈব শুক্রায়ন্তে জিতেক্রিয়াঃ।
ভাতুণাক্ষৈব সম্প্রেহান্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৯০॥
আঢ্যাশ্চ বলবস্তশ্চ যৌবনস্থাশ্চ ভারত!।
যে বৈ জিতেক্রিয়া ধীরান্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৯৪॥
অপরাদ্বেয়্ব সম্প্রহা মূদ্বো মৃত্রহ্সলাঃ।
আরাধনস্থাশ্চাপি পুরুষাঃ স্বর্গগামিনঃ ॥৯৫॥

ভাবতকোমুদী

বত্বেতি। ভক্ষাং ফলাদি, পানং পানীষং জ্বলাদি, জন্নঞ্চ দদতীতি তে ॥৯১॥
সর্বেতি। সর্ববং ছংখাপমানাদিকং সহস্ত ইতি তে ॥৯২॥
মাভরমিতি। লাভূণাং সম্বন্ধে লাভূষিত্যর্থঃ ॥৯৩॥
আঢ্যা ইতি। আঢ্যা ধনিনঃ। জিতেক্রিয়াঃ পরদারনিস্পৃহাঃ ॥৯৪॥
অপেতি। অপরাদ্ধের্ অপবাধর্জের্। আরাধনে দেবতাপ্জাদৌ স্থং বেষাং তে ॥৯৫॥
ভাবতভাবদীপঃ

নাশকা: ॥৭৯—৮৩॥ সর্বেষিতি বে ব্রাহ্মণাতিক্রমং ন কুর্বস্থিতে হুর্গগামিন ইত্যর্থ: ॥৮৪—৮৬॥ আবাধাৎ সঙ্গাই। ॥৮৭—৮৮॥ মধু ক্লোক্রম্ ॥৮৯॥ কর্তারঃ পালনকর্তাবঃ ॥৯০॥ কুটুম্বানাং ভবতনন্দন। যাহাবা আশ্রম, বংশ, দেশ ও নগব বক্ষা কবেন, সেই সকল মানুষ স্থর্গে যাইয়া থাকেন ॥৯০॥

ধাহাবা বস্ত্র ও অলঙ্কাব দান কবেন, খান্ত, পেয় ও অন্ন দিয়া থাকেন এবং পবিজনবর্গেব ভবণপোষণ কবেন; সেই সকল মানুষ স্বর্গগামী হন ॥৯১॥

যাহাবা সর্বব্রকাব হিংসা হইতে নিবৃত্ত থাকেন, সর্ববিধ তৃঃখ সহ্ত কবেন এবং সকলেবই আশ্রয হন ; সেই সকল মানুষ স্বর্গে গমন করেন ॥৯২॥

যাহাবা মাতা ও পিতাব শুশ্রুষা কবেন, জিতেন্দ্রিয় থাকেন এবং ভ্রাতৃ-গণের উপবে স্নেহশীল হন ; সেই মান্নুষেব। স্বর্গে যাইয়া থাকেন ॥১৩॥

ভবতনন্দন! যাহাবা ধনবান, বলবান্ এবং যুবক হইয়াও জিতেন্দ্রিয় ও ধৈর্ঘ্যসম্পন্ন হন; তাহাবা স্বর্গে গমন কবেন ॥১৪॥

যাঁহাবা অপবাধীৰ উপবেও স্নেহ কবেন, কোমল ও কোমলবংসল হন

⁽२১) ভক্তবানামদাতথা পি, ভক্তপানামদত্তথা বন্ধ वर्ष।

সহস্রপরিবেন্টারস্তথৈব চ সহস্রদাঃ।
ত্রাতারশ্চ সহস্রাণাং তে নরাঃ স্বর্গ গামিনঃ ॥৯৬॥
স্বর্ণস্থ চ দাতারো গবাঞ্চ ভরতর্বভ!।
যানানাং বাহনানাঞ্চ তে নরাঃ স্বর্গ গামিনঃ ॥৯৭॥
বৈবাহিকানাং দ্রব্যাণাং প্রেয়াণাঞ্চ যুধির্চির।।
দাতারো বাসসাঞ্চৈব তে নরাঃ স্বর্গ গামিনঃ ॥৯৮॥
বিহারাবস্থোভানকূপারামসভাপ্রপাঃ।
বপ্রাণাঞ্চৈব কর্তারস্তে নরাঃ স্বর্গ গামিনঃ ॥৯৯॥
নিবেশনানাং ক্ষেত্রাণাং বসতীনাঞ্চ ভারত।।
দাতারঃ প্রাথিতাণাঞ্চ তে নরাঃ স্বর্গ গামিনঃ ॥১০০॥

ভাবতকোমুদী

সহস্রেতি। ভোক্তৃণাং সহস্রায় পরিবেষ্টারে। বিভন্সান্নাদিদাতাবং, প্রাথিনাং সহস্রায় দদতীতি তে, ত্রাতারো বক্ষকাঃ ॥>৬॥

ख्वर्राखाजि । यानानाः व्यातीनाम्, वाश्नानामयातीनाक ॥२१॥

বৈবেতি। বৈবাহিকানাং বিবাহোপবোগিনাম্, প্রেক্তাণাং দাসানাম্ ॥৯৮॥

বিহারেতি। বিহাবা বিচরণস্থানানি আবস্থাঃ সাধাবণগৃহানি উচ্চানানি কুপা আরামাঃ ক্রিমবনানি সভাঃ প্রপাঃ পানীষশালাশ্চ তেষামিতি শেষঃ। বপ্রাণাং ক্রেমিসরিৎপাবভরণার্থমৃত্তিকান্ত,পানাম্ ॥৯৯॥

ভাবতভাবদীপঃ

দাতার: পরবিবাহকর্তার: ॥৯১—৯৪॥ আরাধনেন ইতরান্ স্থশস্তি তে তথা ॥৯৫—৯৭॥
এবং দেবভাপ্রভৃতিব আবাধনায স্থ অনুভব কবেন; সেই সকল মানুষ স্বর্গে
বাইযা থাকেন ॥৯৫॥

যাহানা বহুলোককে অন্নপ্রভৃতি পবিবেশন কবেন, বহুলোককে দান কবিয়া থাকেন এবং বহুলোককে বন্ধা কবেন, তাঁহাবা স্বৰ্গবাসী হন ॥৯৬॥

ভবতশ্রেষ্ঠ ! যাহাবা স্বর্ণ, গো, যান ও বাহন দান করেন , ভাহাবা স্বর্গে গমন কবিয়া থাকেন ॥৯৭॥

যুধিষ্ঠিব! যাহাবা বিবাহেব উপযোগী জব্য, দাস ও বন্ত্র দান কবেন , সেই সকল মানুষ স্বর্গে যাইযা থাকেন ॥৯৮॥

যাঁহাব। বিচৰণস্থান, সাধাৰণেৰ গৃহ, উপৰন, কৃপ, কৃত্ৰিম বন, সভাভবন, পানীয় শালা এবং খাল পাৰ হইবাৰ বাধনিশ্মাণ কৰেন, উাহাৰা স্বৰ্গে গমন ক্ৰিয়া থাকেন ॥৯৯॥ রসানাঞ্চাথ বীজানাং ধান্সানাঞ্চ যুধিন্ঠির!।
স্বয়মুৎপাত্য দাতারঃ পুরুষাঃ স্বর্গ গামিনঃ ॥১০১॥
যিসাংস্ত স্থিন কুলে জাতা বহুপুত্রাঃ শতায়ুষঃ।
সানুক্রোশা জিতকোধাঃ পুরুষাঃ স্বর্গ গামিনঃ ॥১০২॥
এতমুক্তমমুত্রার্থং দৈবং পিত্র্যঞ্চ ভারত।।
দানধর্মঞ্চ দানস্য যৎপূর্বস্থিভিঃ কৃতম্ ॥১০৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামকুশাসন-পর্বাণি দানধর্মে স্বর্গনরকগামিবর্ণনে চতুর্বিংশোহধ্যায়ঃ ॥*॥

ভারতকৌমুদী

নিবেশনানামিতি। নিবেশনানাং বাসগৃহাণাম্, বসতীনাম্ একত্রত্ণাদিরচিতবন্ত-গৃহাণাম্॥>••॥

বসানামিতি। বসানাং ধর্জুরনির্য্যাসাদীনাম্ ॥১০১॥

যন্দিরিতি। যন্দিংস্তন্মিন্ নীচেংপি। সামূক্রোশাঃ সদয়াঃ ॥১০২॥

এতদিতি। অমূত্রার্থং পরলোকার্থং দৈবং পৈত্রাঞ্চ কর্ম, দানধর্মঞ্চ, ঋষিভিদানস্থ পূর্বাং ষদদাদিকং কৃতম্, এতং তৎ সর্বমৃক্তম্। "প্রত্যামৃত্র ভবাস্করে" স্থাদ্ধমন্তিয়াং পুণ্যশ্রেয়সী স্থক্তং বৃষঃ ইতি চামরঃ ॥১০৩।

ইতি মহামহোপাথায়-ভারতাচার্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীণভটাচার্যবিরচিতায়াং মহা-ভারতটিকাযাং ভারতকৌম্দীসমাখ্যায়ামহশাসনপর্কণি দানধর্মে চতুর্বিংশোহধ্যায়ঃ ॥*॥ ভারতভাবদীপঃ

ত্রব্যাণাং বধনকারাদীনাম, প্রেক্সাণাং দাসীদাসানাম্।।৯৮—১০২।। দানস্থ প্রত্যর্পণস্থ, দানংচ তদ্ধর্মং চেতি শোধকো ধর্মঃ। "স্থাদ্ধর্মমন্ত্রিয়া"মিত্যমরঃ। অমূতার্ধং পরলোক-ফলম্ ।।১০৩।

ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্ববিদানধর্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশোহধ্যায়ঃ ॥২৪॥

ভবতনন্দন! বাহাবা বাসগৃহ, ক্ষেত্ৰ, বসতি (বস্তি)ও প্রার্থনামুকপ দ্রব্য দান কবেন; সেই সকল মানুষ স্বর্গে যাইয়া থাকেন॥১০০॥

যুধিষ্ঠির যাঁহার। নিজেবাই বস, বীজ ও ধাস্ত উৎপাদন কবিয়া তাহা দান কবেন, তাহাবা স্বর্গে গমন কবিযা থাকেন ॥১০১॥

যে সে বংশে, উৎপন্ন হউন না কেন, পুৰুষেবা বহুপুত্ৰ ও দীৰ্ঘজীবী হইয়া তাবৎ কাল যদি দয়াশীল ও ক্ৰোধজয়ী হন, তবে তাঁহাবা স্বৰ্গে গমন কবেন ॥১০২॥

ভবতনন্দন! দানেব ধর্মা, ঋষিবা দানেব পূর্বের ভাহাব যে সকল অঙ্গ বিধান

* ' অয়োবিংশোহধ্যায়ঃ' বন্ধ বৰ্ম, ' দিবস্থিতযোহধ্যায়ঃ—নি।

পঞ্চবিংশো ২ ধ্যায়ঃ

যুধিষ্ঠির উবাচ।

ইদং মে তত্ত্বতো রাজন্। বক্তুমর্হসি ভারত।। অহিংস্যাস্থাপি কথং ব্রহ্মহত্যা বিধীয়তে ॥১॥ ভীষ্ম উবাচ।

ব্যাসমামন্ত্র্য রাজেন্দ্র। পুরা যৎ পৃষ্টবানহম্।
তত্ত্বেং সম্প্রবক্ষ্যামি তদিহৈকমনাঃ শৃণু ॥২॥
চতুর্পস্তং বসিষ্ঠস্থ, তত্ত্বমাখ্যাহি মে মুনে।।
অহিংস্যিত্বা কেনেহ ব্রক্ষহত্যা বিধীয়তে ॥৩॥
ইতি পৃষ্টো ময়া রাজন্। পরাশরশরীরজঃ।
অব্রবীন্নিপুণো ধর্মে নিঃসংশ্যমসুত্তমম্॥৪॥

ভাবতকৌমুদী

ইনমিতি। হে রাজন্। ক্রিয়শ্রেষ্ঠ। ব্রশ্নহত্যা তত্ত্বাং পাপন্ ॥১॥
দৃতপ্রামাণ্যার্থং মুনিবাক্যম্নাহর্ত্মাহ ব্যাসমিতি। আমন্ত্র আহ্ব ॥২॥
চতুর্থ ইতি। বসিষ্ঠক্ত পুত্রং শক্তিঃ, তৎপুত্রপরাশরক্তক্ত পুত্রশ্চ ব্যাস ইতি ব্যাসক্ত বসিষ্ঠাচ্চতুর্থম্ম্ ॥৩॥

ইতীতি। পরাশবস্ত শরীরঞ্জ: পুত্রো ব্যাস: ॥৪॥

কবিষাছেন, তাহা এবং পাবলৌকিক দেবকার্য্য ও পিতৃকার্য্য, এই সমস্তই বলিলাম ॥১০৩॥

---;#:---

যুধিষ্ঠিব বলিলেন—'ক্ষত্রিযশ্রেষ্ঠ ভবজনন্দন! মামুষ কোন হিংসানা কবিয়াও কিপ্রকাবে ব্রশ্নহত্যা পাপেব তুল্য পাপ কবে, ইহা আপনি আমাব নিকট যথার্থকপে বলুন'॥১॥

ভীম বলিলেন—'বাজশ্রেষ্ঠ! আমি পূর্বের বেদব্যাসকে আহ্বান কবিয়া যাহা জিজ্ঞাসা কবিয়াছিলাম; ভাহা আমি ভোমাব নিকট বলিভেছি, ভূমি সেই বিষয় একাগ্রচিত্ত হইয়া এখন প্রাবণ কব ॥২॥

মুনি ! আপনি বসিষ্ঠ হইতে চতুর্থ। অতএব যথার্থ বিষয আমার নিকট

ব্রাহ্মণং স্বযমাহুয় ভিক্ষার্থে কুশর্তিনম্।
ক্রযান্নাস্ত্রীতি ষঃ পশ্চাৎ তং বিদ্যাদ্ব্রহ্মঘাতিনম্ ॥৫॥
মধ্যস্থস্থেই বিপ্রস্থ যোহনূচানস্থ ভারত।।
রৃত্তিং হরতি তুর্ দ্বিস্তং বিদ্যাদ্ব্রহ্মঘাতিনম্ ॥৬॥
গোকুলস্থ ত্যার্ত্রস্থ জলার্থে বস্থধাধিপ!।
উৎপাদযতি যে। বিল্লং তং বিদ্যাদ্বহ্মঘাতিনম্ ॥৭॥
যঃ প্রবৃত্তাং শ্রুতিং সম্যক্ শাস্ত্রং বা মুনিভিঃ কৃতম্।
দূষযত্যনভিজ্ঞায তং বিদ্যাদ্বহ্মঘাতিনম্ ॥৮॥
আত্মজাং রূপসম্পন্নাং মহতীং সদৃশে বরে।
ন প্রয়চ্ছতি যঃ ক্যাং তং বিদ্যাদ্বহ্মবাতিনম্ ॥৯॥

ভাবতকোমূদী

ব্রান্থণমিতি। রুশা স্বল্পা বৃত্তিজ্ঞীবনোপাযোৎস্থান্তীতি তম্, বীফাদিমাদিন্ ॥৫॥
মধ্যস্থান্তি। মৃধ্যস্থ আবান: শতোশ্চ মধ্যবন্তিন,, উদাদীনস্থ বা, অন্চানস্থ সাকান্
বেদানবীতবত:। অমূপুর্বাদ্বটে: কান:। "অন্চান: প্রবচনে সাকেংবীতী গুরোম্ভ য়:"
ইত্যমর: ॥৬॥

গবিতি। গোকুলক্স গোসমূহক্স। এতেনৈকক্সা দ্বোর্ঝা বিদ্নোৎপাদনে ন ব্রশ্নহত্যা-পাপম্ অপিত্বসমিতি স্চিত্ম্ ॥१॥

ষ ইতি। প্রবৃত্তাং নিত্যম্বাচিরস্থিতাং শ্রুতিং বেদম্ ॥৮॥

বলুন; মানুষ কোন হিংসা না কবিয়াও কি প্রকাবে ব্লহত্যাপাপেব তুল্য পাপ কবে ? ॥৩॥

বাজা। আমি এই বাপ প্রশ্ন কবিলে, ধর্মনিপুণ বেদব্যাস নিঃসন্দেহে এই সর্ব্বোত্তম বাক্য বলিয়াছিলেন ॥৪॥

যে লোক, ভিক্ষা দিবাব জন্ম অত্যন্ত দবিজ ব্ৰাহ্মণকে নিজেই ডাকিয়া আনিযা পবে বলে যে, "দিবাব কিছুই নাই" সেই লোককে ব্ৰহ্মহত্যাকাৰী বলিয়া জানিবে ॥৫॥

ভবতনন্দন! যে ছবুঁদ্ধি লোক, নিজেব ও শক্রব মধ্যবর্তী বা নিরপেক্ষ বেদবিদ্ ব্রাহ্মণের রবিহবণ কবে; তাহাকে ব্রহ্মহত্যাপাপেব তুল্য পাপী বলিয়া জানিবে ॥৬॥

বাজা। যে লোক তৃষ্ণার্ত্ত গোসমূহেব জলপানে বিদ্ন উৎপাদন কবে, তাহাকে ব্রহ্মহত্যাপাপেব তুল্য পাপী বলিয়া জানিবে ॥৭॥

যে লোক না জানিয়া সনাতন বেদ বা মুনিগণকৃত শাস্ত্রেব উপবে দোষা-রোপ করে, তাহাকে ব্হুহত্যাকাবীব সমান পাপী বলিয়া জানিবে ॥৮॥ অধর্মনিরতো মৃঢ়ো মিখ্যা যো বৈ দ্বিজাতির ।
দত্যান্মর্মাতিগং শোকং তং বিতাদ্ব্রন্মঘাতিনম্ ॥১০॥
চন্মুষা বিপ্রহীনস্ত পঙ্গুলস্ত জড়স্ত বা ।
হরেত যো বৈ সর্ববস্থং তং বিতাদ্ব্রন্মঘাতিনম্ ॥১১॥
আশ্রমে বা বনে বাপি গ্রামে বা যদি বা পুরে ।
অগ্নিং সমুৎস্তজেন্মোহাত্তং বিতাদ্ব্রন্মঘাতিনম্ ॥১২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামস্কুশাসনপর্বিণি দানধর্ম্মে ব্রন্মন্নকথনে পঞ্চবিংশোহধ্যায়ঃ ॥॥।

---<u>0</u>#0---

ষড়্বিংশো২ধ্যায়ঃ

---°*°---

যুধিষ্ঠির উবাচ।

তীর্থানাং দর্শনং শ্রেয়ঃ স্নানঞ্চ ভরতর্বভ।। শ্রবণঞ্চ মহাপ্রাজ্ঞ। শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ॥১॥

ভাবতকৌমুদী

আত্মজামিতি। আত্মজাং ন পুনং পরজাম, মহতীং দশবর্ষাতীতাম্ ।।।
আধর্ষেতি। বিজ্ঞাতিয় ব্রাহ্মণের্। মর্মাতিগং ফ্রম্ববিদারকম্ ।) ।।
চক্ষ্বেতি। বিপ্রহীণশু বিরহিতক্স, পক্লশু পক্ষোঃ ॥১১॥
আশ্রম ইতি। বনে কেনচিং স্থনির্মিতে স্থবক্ষিতে চ কাননে ॥১২॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য-শ্রীহরিদাসমিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকৌম্দীসমাখ্যাযামহশাসনপর্বাণি দানধর্ষে পঞ্চবিংশোহধ্যায়ঃ ॥*॥

যে লোক ৰূপৰতী ও বৰ্দ্ধমানা আপন ক্যাকে উপযুক্ত পাত্ৰে সম্প্ৰদান না কবে, তাহাকে ব্ৰহ্মহত্যাপাপেব সমান পাপী বলিষা জানিবে ॥৯॥

পাপনিবত ও মূর্খ ষে লোক ব্রাহ্মণদিগেব অনর্থক স্থাদবিদাবক শোক উৎপাদন কবে, তাহাকে ব্রহ্মহত্যাপাপেব তুল্য পাপী বলিয়া জানিবে ॥১০॥

যে লোক অন্ধ, পঙ্গু বা জড়েব সর্বাস্থ হরণ কবে; তাহাকে ব্রহ্মহত্যাপাপী বলিযা জানিবে ॥১১॥

যে লোক মোহবশতঃ আশ্রমে, স্থবক্ষিত বনে, গ্রামে কিংবা পুবে, অগ্নিদান কবে , তাহাকে ব্রহ্মহত্যাপাপেব সমান পাপী বলিয়া জানিবে ॥১২॥

^{* &#}x27;চতুর্বিংশোহধ্যায়ঃ' বন্ধ বর্দ্ধ, 'ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ'—নি।

পৃথিব্যাং যানি তীর্থানি পুণ্যানি ভরতর্বভ!। বক্তুমুর্হসি মে তানি শ্রোতাস্মি নিয়তং প্রভো!॥২॥ ভীম্ম উবাচ।

ইমমঙ্গিরদা প্রোক্তং তীর্থবংশং মহান্তাতে !। প্রোতুমর্হদি ভদ্রং তে প্রাক্ষ্যদে ধর্মমূত্তমম্ ॥৩॥ তপোবনগতং বিপ্রমন্তিগত্য মহামূনিম্। পপ্রচ্ছাঙ্গিরদং ধীরং গৌতমঃ সংশিতত্ততঃ ॥৪॥ অস্তি মে ভগবন্ ! কশ্চিত্তীর্থেভ্যো ধর্মসংশয়ঃ। তৎ দর্ববং শ্রোভূমিছামি তম্মে শংদ মহামুনে !॥৫॥

ভাবতকোমুদী

তীর্থানামিতি।, শ্রেণো মকলজনকম্। শ্রবণং তীর্থমাহাত্ম্য ॥১॥
' পৃথিব্যামিতি। প্ণ্যানি প্ণাজনকানি। নিষতং নিশ্চিতম্ ॥২॥
ইমমিতি। তীর্থানাং বংশং সমূহম্। ভব্রং মকলং ভবিক্সতি ॥৩॥
তপ ইতি। সংশিতব্রতো দৃঢ়নিয়মঃ ॥৪॥
অস্টীতি। তীর্থেভ্যন্তীর্থানাং সম্বন্ধে। শংস ক্রহি ॥৫॥
ভাবতভাবদীপঃ

তীর্থানামিত্যধ্যায়ত্ম তাৎপর্য্যস্কলবিস্তাণাং বাহুং ধর্মসাধনং তীর্থাটনাদগুয়ান্তীতি শ্রোত্ব-মিচ্ছামি তীর্থান্ ॥>—২॥ তীর্থবংশং তীর্থসঙ্ঘম্ ॥৩—৪॥ তীর্থেভ্যঃ তীর্থাহ্যাদিশ্র পাবনানি

যুধিষ্ঠিব বলিলেন—'মহাপ্রাজ্ঞ ভবতশ্রেষ্ঠ। তীর্থদর্শন, তীর্থস্নান ও তীর্থ-মাহাত্ম্য প্রবণ, এই তিনটীই মঙ্গলজনক। অতএব আমি যথার্থভাবে, সেই তিনটীই শুনিতে ইচ্ছা করি ॥১॥

প্রভাবশালী ভবতশ্রেষ্ঠ। পৃথিবীতে যে সকল পুণ্যজনক তীর্থ আছে; সেই গুলি আপনি আমাব নিকট বলুন; আমি নিশ্চয়ই শ্রবণ কবিব' ॥২॥

ভীম বলিলেন—'মহাতেজা যুধিষ্ঠিব! অঙ্গিরা এই তীর্থসমূহেব বিষয় বলিয়াছেন। তাহা তুমি শুনিতে পাব। তোমার মঙ্গল হইবে, উত্তম ধর্মও পাইবে॥আ

একদা দৃঢ়ব্রত গৌতম, তপোবনস্থিত, বিদ্বান্ ও মহধি অঙ্গিরাব নিকটে উপস্থিত হইয়া প্রশ্ন কবিয়াছিলেন ॥৪॥

ভগবান্ তীর্থসম্বন্ধে আমাব কোন সন্দেহ আছে। স্থতবাং আমি সেই সকল শুনিতে ইচ্ছা কবি। অতএব মহর্ষি। আপনি তাহা আমাব নিকট বলুন ॥৫॥ উপস্পৃশ্য ফলং কিং স্থাত্তেরু তীর্থেরু বৈ মুনে !। প্রেত্যভাবে মহাপ্রাক্ত ! তদ্যথান্তি তথা বদ ॥৬॥ অঙ্গিরা উবাচ।

সপ্তাহং চন্দ্রভাগাং বৈ বিভস্তামূর্দ্মিমালিনীম্।
বিগাছ বৈ নিরাহারো নির্মলো মুনিবদ্ধবেৎ ॥৭॥
কাশ্মীরমশুলে নছো যাঃ পতন্তি মহাস্বনম্।
তা নদীঃ সিন্ধুমাসাছ শীলবান্ স্বর্গমাপ্ত য়াৎ ॥৮॥
পুক্রং চ প্রভাসঞ্চ নৈমিষং সাগরোদকম্।
দেবিকামিন্দুমার্গঞ্চ স্বর্ণবিন্দুং বিগাছ চ ॥৯॥
বিবোধ্যতে বিমানস্থঃ সোহস্পরোভিরভিষ্টুতঃ।
হিরণ্যবিন্দুং বিক্ষোভ্য প্রযতশ্চাভিবাছ চ ॥১০॥
কুশেশয়ঞ্চ দেবং তং ধৃযতে তক্ত কিল্লিষম্।
ইন্দ্রতোরাং সমাসাছ গন্ধমাদনসন্নিধো ॥১১॥
করতোরাং কুরঙ্গে চ ত্রিরাত্রোপোষিতো নরঃ।
অশ্বমেধমবাপ্রোভি বিগাছ প্রযতঃ শুচিঃ ॥১২॥ (কলাপকম্)

ভাৰতকৌমুদী

ন বেতি ধর্মসংশয়োহন্তি ৷৫৷ প্রেত্যভাবে জন্মান্তবে ৷৬৷ ম্নিবস্তবেং ম্নীনাং গতিং লভেডে-

মহাপ্রাজ্ঞ মুনি! সেই সকল তীর্থে স্নান কবিলে, কি ফল হয় এবং পব-লোকে যে প্রকাব ফল হয়; ভাহা আপনি বলুন'॥।।

অঙ্গিবা বলিলেন—'মানুষ উপবাসী থাকিয়া, সপ্তাহ পর্য্যন্ত চক্রভাগা ও বিভস্তা নদীতে স্নান কবিয়া মুনিব স্থায নিষ্পাপ হয় ॥৭॥

সচ্চবিত্র মানুষ, কাশ্মীবদেশে যে সকল নদী মহাশব্দে প্রবাহিত হয, সেই সকল নদী ও সিদ্ধুনদে যাইয়া, স্নান কবিষা স্বর্গলাভ কবে ॥৮॥

⁽२) (एविकाशिखमार्गक वक्र नि।

গঙ্গাদ্বারে কুশাবর্ত্তে বিল্পকে নীলপর্বতে।
তথা কনখলে স্নাত্বা ধৃতপাপাা দিবং ব্রজেৎ ॥১০॥
অপাং ব্রদ উপস্পৃষ্ঠা বাজিমেধফলং লভেৎ।
ব্রহ্মচারী জিতক্রোধঃ সত্যসন্ধন্ত্বহিংসকঃ ॥১৪॥
যত্র ভাগীরখী গঙ্গা পততে দিশমূত্তরাম্।
মহেশ্বরস্ঠা ব্রিস্থানে যো নরত্বভিষিচ্যতে।
একমাসং নিরাহারঃ স পশ্ঠতি হি দেবতাঃ ॥১৫॥
সপ্তগঙ্গে ত্রিগঙ্গে চ ইন্দ্রমার্গে চ তর্পয়ন্।
হুধাং বৈ লভতে ভোক্তুং যো নরো জায়তে পুনঃ ॥১৬॥

ভাবতকৌমূদী

গঙ্গেতি। ধৃতপাপ্যা বিনাশিতপাপ:, দিবং স্বর্গম্ ॥১৩॥
অপামিতি। অপাং ব্রদে মানসমরোবরে, উপস্পৃষ্ঠ স্বাত্বা ॥১৪॥
মত্রেতি। ত্রিস্থানে স্থানত্রমবিভক্তাযাং গলাযান্। বটুপাদঃ শ্লোকঃ ॥১৫॥
সপ্তেতি। তর্পযন্ পিতৃ,নিতি শেষঃ। স্থাম্ অমৃতত্ল্যং স্বাত্ব ॥১৬॥
ভাবতভাবদীপঃ

ভ্যর্থ: ॥१॥ নদং সিদ্ধুম্ ॥৮—১২॥ গলাবাবাদবোহত ত্রহ্মগিরৌ গোদাবর্য্যস্থপতা এব গ্রাহা:।

পুষ্ব, প্রভাস, নৈমিষ, সাগবোদক, দেবিকা, ইন্দুমার্গ ও স্বর্ণবিন্দু ভীর্থে যিনি অবগাহন করেন; তিনি বিমানে আবোহণ কবিয়া স্বর্গে যাইবাব সময়ে অন্সবাবা তাহাব স্তব কবে এবং মাহাত্ম্য জানাইতে থাকে। যিনি সংযত থাকিয়া হিবণ্যবিন্দু, কুশেশয় ও দেবতীর্থকে অভিবাদনপূর্বক অবগাহন কবেন, তাহাব সমস্ত পাপ নষ্ট হয়। মানুষ তিন দিন উপবাসী থাকিয়া, সংযত ও পবিত্র হইয়া, গন্ধমাদন পর্বতেব নিকটে ইন্দ্রতোয়া নদী ও কুবঙ্গদেশে কর-তোয়া নদীতে অবগাহন কবিয়া অশ্বমেধ যজ্ঞেব ফল লাভ কবে ॥৯—১২॥

মানুষ গঙ্গাদাব, কুশাবর্ত্ত, বিশ্বক, নীলপর্বত ও কনখলতীর্থে স্নান কবিয়া নিষ্পাপ হইযা, স্বর্গে গমন কবে ॥১৩॥

মানুষ ব্রহ্মচাবী, ক্রোধশৃষ্ঠা, সত্যপ্রতিজ্ঞ ও হিংসাবিহীন হইয়া মানস-সবোববে স্নান কবিয়া অখনেধ যজেব ফল লাভ কবে ॥১৪॥

ভগীবথানীত গঙ্গা যে স্থানে উত্তব দিকে পতিত হইতেছেন, মহাদেবেব সঙ্গিধানে সেই ত্রিধাবিভক্ত স্রোতে যে লোক দিনে উপবাসী থাকিয়া এক মাস যাবং স্থান কবে; সেই লোক সমস্ত দেবতা দেখিতে পায় ॥১৫॥

যে মানুষ সপ্তগঙ্গ, ত্রিগঙ্গ ও ইন্দ্রমার্গতীর্থে স্নান কবিযা পিতৃতর্পণ কবে,

মহাজ্রম উপস্পৃশ্য যোহগিহোত্রপরঃ শুচিঃ।
একমাসং নিরাহারঃ সিদ্ধিং মাসেন স ব্রজেৎ ॥১৭॥
মহাব্রদ উপস্পৃশ্য ভৃগুতুকে মলোলুপঃ।
ত্রিরাত্রোপোষিতো ভূম্বা মুচ্যতে ব্রহ্মহত্যযা ॥১৮॥
কন্যাকৃপ উপস্পৃশ্য বলাকাযাং ক্তোদকঃ।
দেবের লভতে কীর্ত্তিং যশসা চ বিরাজতে ॥১৯॥
দেবিকায়ামুপস্পৃশ্য তথা সুন্দরিকাব্রদে।
অখিন্যাং রূপবর্চকঃ প্রেত্য বৈ লভতে নরঃ ॥২০॥
মহাগঙ্গামুপস্পৃশ্য কৃত্তিকাঙ্গারকে তথা।
পক্ষমেকং নিরাহারঃ স্বর্গমাথোতি নির্মালঃ ॥২১॥

ভাবতকোমূদী

মহেতি। মহাপ্রমে তদাখ্যে তীর্থে, উপস্পৃষ্ঠ স্নাদা ॥১৭॥

मरहि । कृषकुरक कर्तारथा, व्यत्नानुर्भा निर्त्नाकः ॥১৮॥

কল্মেডি। কৃতমুদকম্ উদকসাধ্যং তর্পণং যেন সং॥১৯॥

দেবিকায়ামিতি। অখিন্তামখিনীনক্ষত্রে, রূপঞ্চ বর্চন্তেজন্দ তৎ স্বার্থে ক, সমাহারদ্বন্দ। প্রেড্য পরলোকে ॥২০॥

মহেতি। মহাগন্ধাং প্রাণ্যেতি শেষ:। কৃত্তিকানক্ষত্রেন যুক্তঃ অঙ্গারকো মন্ধ্ববার-স্থামিন্। মধ্যপদলোপী সমাস: ॥২১॥

ভাবতভাবদীপঃ

ভাগীরণীমাহাত্মক্ত অগ্রে স্বাভয়্রেণ বর্ণ্যমানত্বাং ॥১৩—১৪॥ ত্রিস্থানে স্বর্গমর্জ্যপাতালে ॥১৫-১৯॥
সেই মানুষ পুনর্বাব জন্মগ্রহণ কবিয়া অমৃতেব ন্যায সুস্বাত্ব থাত লাভ কবিয়া
থাকে ॥১৬॥

অগ্নিহোত্রপরায়ণ যে মানুষ, দিনে আহাব পবিত্যাগ কবিয়া পবিত্র হইষা, এক মাস যাবং প্রত্যন্ত কন্সাশ্রমতীর্থে স্নান কবে , সেই মানুষ, সেই একমাসেই সিদ্ধিলাভ কবিতে পাবে ॥১৭॥

মানুষ ত্রিবাত্ত উপবাসী থাকিযা, নির্লোভ হইয়া, ভৃগুভূঙ্গনামক মহাহ্রদে স্নান করিয়া, ত্রন্মহত্যাব পাপ হইতে মুক্ত হয ॥১৮॥

মানুষ বলাকানামক কন্তাকৃপে স্নানপূর্বক পিতৃতর্পণ কবিয়া দেবলোকে কীর্ত্তিলাভ কবে এবং যশেব গুণে শোভা পায ॥১৯॥

মানুষ, অশ্বিনী নক্ষত্রে, দেবিকানদী ও সুন্দবিকা হ্রদে স্নান কবিয়া, প্র-লোকে রূপ ও তেজ লাভ করে॥২০॥

মানুষ, দিনে নিবাহাব হইষা, একপক্ষ যাবং কিংবা কৃত্তিকানক্ষত্ৰযুক্ত মঙ্গল-বাবে মহাগঙ্গায স্নান কবিষা, নিষ্পাপ হইষা স্বৰ্গলাভ কবিষা থাকে ॥২১॥ বৈমানিক উপস্প শ্য কিঙ্কিনীকাশ্রমে তথা।
নিবাদেহপ্সরসাং দিব্যে কামচারী মহীয়তে ॥২২॥
কালিকাশ্রমমাসাগ্য বিপাশায়াং কুতোদকঃ।
ব্রহ্মচারী জিতকোধন্ত্রিরাত্রং মুচ্যতে ভবাৎ ॥২০॥
আশ্রমে কৃত্তিকানান্ত স্নাত্বা যন্তর্পয়েৎ পিতৃন্।
তোষয়িত্বা মহাদেবং নির্মালঃ স্বর্গ মাপ্নু য়াৎ ॥২৪॥
মহাপুর উপস্প শ্য ত্রিরাত্রোপোষিতঃ শুচিঃ।
ত্রসানাং স্থাবরাণাঞ্চ দ্বিপদানাং ভয়ং ত্যজেৎ ॥২৫॥
দেবদারুবনে স্নাত্বা ধৃতপাপাা কুতোদকঃ।
দেবলোকমবাপ্নোতি সপ্তরাত্রোষিতঃ শুচিঃ ॥২৬॥
শরস্তব্বে কৃশস্তব্বে দ্রোণশর্মপদে তথা।
অপাং প্রপতনাসেবী সেব্যতে সোহপ্সরোগণৈঃ ॥২৭॥

ভারতকৌমুদী

বৈমানিক ইতি। দিব্যে স্বর্গীয়ে অপ্সরসাং নিবাসে ভবনে ॥২২॥ কালিকেতি। বিপাশায়াং নত্তাম্। ভবাৎ পুনর্জ্জন্মনঃ ॥২৩॥ আশ্রম ইতি। ক্বজিকানামাশ্রমে তদাখ্যে তীর্থে ॥২৪॥ মহেতি। ত্রসানাং জঙ্গমানাম্, দিপদানাং মাহ্যাণাম্ ॥২৫॥ দেবেতি। ধৃতপাপ্যা ক্ষালিভপাপঃ, ক্বতোদকঃ ক্বভতর্পণঃ ॥২৬॥ শরেতি। অপাং জ্লানাং প্রপত্নং প্রপাত্যাসেবত ইতি সঃ ॥২৭॥

মানুষ বৈমানিকতীর্থে ও কিন্ধিনীকাশ্রমে স্নান কবিয়া মৃত্যুব পবে কাম-চাবী হইয়া, স্বর্গীয় অঞ্চরাদেব নিবাসে অবস্থান কবে ॥২২॥

মানুষ ব্ৰহ্মচারী ও ক্রোধজয়ী হইয়া কালিকাশ্রমে যাইয়া তিন দিন যাবং বিপাশা নদীতে স্নান ও তর্পণ কবিয়া পুনর্জন্ম হইতে মুক্ত হয় ॥২৩॥

যে লোক কৃত্তিকাশ্রমে স্নান ও মহাদেবেব পূজা করিয়া পিতৃলোকেব তর্পণ কবে; সে লোক নিষ্পাপ হইয়া স্বর্গলাভ করে ॥২৪॥

মানুষ, ত্রিবাত্র উপবাসী থাকিয়া, পবিত্র হইয়া, মহাপুবতীর্থে স্নান কবিয়া, স্থাবর, জঙ্গম ও দ্বিপদ জন্তব ভয় ত্যাগ কবিতে পাবে ॥২৫॥

মানুষ দেবদাক্বনতীর্থে যাইয়া সাতদিন থাকিয়া, পবিত্রভাবে স্নানও তর্পণ কবতঃ নিম্পাপ হইযা অন্তিমে স্বর্গলাভ কবিয়া থাকে ॥২৬॥

যে লোক শবস্তম্ব, কুশস্তম ও জোণশর্মতীর্থে যাইয়া জলপ্রপাতে স্নান করে, অপ্সবোগণ তাহাব সেবা কবিয়া থাকে ॥২৭॥

চিত্রকৃটে জনস্থানে তথা মন্দাকিনীজলে। বিগাহ্য বৈ নিরাহারো রাজলক্ষ্যা নিষেব্যতে ॥২৮॥ শ্যামাযাস্থাশ্রমং গড়া উষিদ্বা চাভিষিচ্যতে। একপক্ষং নিরাহারস্বস্তর্জানফলং লভেৎ ॥২৯॥ কৌশিকীং তু সমাসাগ্য বাযুভক্ষস্তলোলুপঃ। ত্রিরাত্তোপোষিতো ভূত্ব। গন্ধর্বনগরে বসেৎ।।৩০।। রম্যে চৈব উপস্পৃশ্য তথা বৈ গন্ধতারকে। একমাসং নিরাহারস্তত্তর্দ্ধানফলং লভেৎ ॥৩১॥ একবিংশতিরাত্ত্রেণ স্বর্গমারোহতে নরঃ। মতঙ্গবাপ্যাং যঃ স্নাযাদেকরাত্রেণ সিধ্যতি ॥৩২॥ বিগাহতি হানালমমন্ত্ৰকং বৈ সনাতনম। নৈমিষে স্বৰ্গতীৰ্থে চ উপস্পৃ শ্ৰ জিতেব্ৰিয়ঃ ॥৩০॥ ফলং পুরুষমেধস্য লভেন্মাসং ক্বতোদকঃ। গঙ্গাহ্রদ উপস্পা তথা চৈবোৎপলাবনে ॥৩৪॥ অশ্বমেধমবাপ্নোতি তত্র মাসং ক্তোদকঃ। भक्रायमूनरत्राखीरर्थ जथा कानक्षरत्र भिरत्रो ॥**७**८॥ দশাশ্বমেধানাপ্নোতি তত্ত্র মাসং ক্তোদকঃ। ষষ্টিব্ৰদ উপস্প ুশ্য চানদানাদ্দিশিয়তে ॥৩৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

চিত্রেভি। রাজ্বন্দ্যা নিষেব্যতে জন্মস্তরে রাজা ভবতীত্যর্থ: ॥২৮॥ শ্রামায়া ইভি। অন্তর্জানমের ফলং তৎ অণিমাদিসিন্ধিমিত্যর্থ: ॥২৯॥ কৌশিকীমিভি। সমাসাম্ভ প্রাপ্য স্নাছেভি শেষ: ॥৩০॥

রম্য ইতি। অত্ত নিরাহারত্বং দিবস এব আহারত্বয়ত্যাগস্থাশক্যত্বাৎ। ন বিছতে আলম্বো হাছাশ্রেরো যশ্মিন্ তদ্ধথা তথা, সনাভনমন্ধকং নাম তীর্থং বিগাহতি বোহবগাহতে, সোহপি ভাবতভাবদীপঃ

প্রবর্চনো: সমাহার: রূপবর্চন্তমৃ, বর্চন্তেজ: ॥२०—२।। ত্রসানাং জন্সনাম্॥२৫—-২৮॥

মানুষ উপবাসী থাকিয়া, চিত্রকূট, জলস্থান ও মন্দাকিনীব জলে অবগাহন কবিয়া জন্মান্তবে বাজলক্ষ্মী লাভ কবে ॥২৮॥

মানুষ শ্রামাব আশ্রমে যাইয়া দিনে আহাব না কবিয়া, একপক্ষ যাবং প্রত্যহ স্নান কবিলে, অন্তর্দ্ধানরূপ ফল লাভ কবে॥২৯॥

মানুষ কৌশকীতীর্থে যাইয়া তিন দিন উপবাসী থাকিযা, নির্লোভভাবে স্নান ক্রিয়া অন্তিমে গন্ধর্বনগ্রে বাস করে ॥৩০॥ দশতীর্থসহন্রাণি তিল্রঃ কোট্যস্তথা নাঃ।
সমাগচ্ছন্তি মাঘ্যান্ত প্রয়াগে ভরতর্বভ! ॥৩৭॥
মাঘমাসং প্রয়াগে ভু নিয়তঃ সংশিতব্রতঃ।
স্নাদ্বা ভু ভরতপ্রেষ্ঠ! নির্দ্রালঃ স্বর্গমাপ্লু য়াৎ ॥৩৮॥
মরুদ্রণা উপস্পৃন্য পিতৃণামাশ্রমে শুচিঃ।
বৈবস্বতন্ত্র তীর্থে চ তীর্থভূতো ভবেন্নরঃ ॥৩৯॥
তথা ব্রহ্মসরো গদ্বা ভাগীর্থ্যাং ক্তোদকঃ।
একমাসং নিরাহারঃ সোমলোকমবাপ্লু য়াৎ ॥৪০॥

ভাবতকোমুদী

একরাত্রেণ নিধ্যতীত্যম্বয়:। পুরুষমেধস্থ মঞ্জস্ম। উৎপ্লাবনে ভদাখ্যে তীর্থে। গঙ্গাষমূনয়ো: সম্বাদ্ধরূপে। বিশিশুভে অধিকফলভাগ্ভবতি ॥৩১—৩৬॥

দশেতি। কোট্যন্তীর্থানাম্। মাঘ্যাং মাঘপূর্ণিমায়াম্। তেনাত মাঘপূর্ণিমায়াং স্থানে নিরতিশয়ং পুণ্যং ভবতীতি স্থচিতম্ ॥৩৭॥

মাবেতি। নিয়তঃ সংস্তৃতিত্তঃ, সংশিতব্ৰতো দৃঢ়বন্ধচৰ্য্যাদিনিয়মঃ ॥৩৮॥
মঙ্গদিতি। মঞ্দ্গণে তদাখ্যে তীৰ্থে। তীৰ্থভূতন্তীৰ্থবং পবিত্ৰঃ ॥৩৯॥

মানুষ দিনে আহার না করিয়া একমাস যাবং বমাতীর্থ ও গন্ধতারকতীর্থে স্নান করিয়া অন্তর্জানের শক্তিরূপ কললাভ করে, এবং একুশদিন স্নান করিয়া স্বর্গে আবোহণ করিয়া থাকে। যে লোক মতঙ্গবাপীতে স্নান করে, কিংবা অনায়তস্থানে থাকিয়া সনাতন অন্ধকতীর্থে অবগাহন করে, সে লোক এক-দিনেই সিদ্ধিলাভ কবিতে, পারে। মানুষ জিতেন্দ্রিয় হইয়া একমাস যাবং নৈমিষতীর্থ ও স্বর্গতীর্থে স্নান এবং পিতৃতর্পণ করিয়া পুক্ষমেধ যজ্ঞেব ফললাভ করে। একমাস যাবং গঙ্গাহ্রদ ও উৎপলাবনে স্নান ও পিতৃত্বর্পণ করিয়া অশ্বমেধ যজ্ঞেব ফল পায়। একমাস যাবং গঙ্গা ও যমুনার সঙ্গমতীর্থে এবং কালঞ্জরপর্ব্বতে স্নান ও পিতৃত্বর্পণ করিয়া দশটী অশ্বমেধ যজ্ঞেব ফল পাইয়া থাকে। আর ষষ্টিব হ্রদে স্নান করিয়া অন্নদান অপেক্ষা অধিক ফলভাগী হয়॥৬১—৩৬॥

ভবতশ্রেষ্ঠ ৷ মাঘমাসের পূাণমাভিথিতে, প্রয়াগতীর্থে দশসহস্র প্রধান তীর্থ এবং অপব ভিন কোটি ভীর্থ আগমন কবিয়া থাকে ॥৩৭॥

অতএব ভরতশ্রেষ্ঠ। মানুষ সংযতচিত্ত, দৃঢ়ব্রত হইয়া সম্পূর্ণ মাঘমাস, প্রয়াগে স্নান কবিয়া, নিম্পাপ হইযা স্বর্গলাভ কবে ॥৩৮॥

মানুষ পবিত্র হইয়া মকতীর্থে, পিতৃলোকেব আশ্রমে এবং বৈবস্বততীর্থে স্থান করিয়া তীর্থের স্থায় পবিত্র হইয়া থাকে ॥৩৯॥ উৎপাতকে নরঃ স্নাত্বা অফাবকে ক্তোদকঃ।
দাদশাহং নিরাহারো হযমেধফলং লভেৎ ॥৪১॥
অশাপৃষ্ঠে গযায়াঞ্চ নিরবিন্দে চ পর্বতে।
তৃতীয়াং ক্রোঞ্চপতাঞ্চ বক্তনা জলম্।
কলবিঙ্ক উপস্পাশু বিভাচ্চ বক্তশো জলম্।
অগ্নেঃ পুরে নরঃ স্নাত্বা অগ্নিকভাপুরে বসেৎ ॥৪০॥
করবীরপুরে স্নাত্বা বিশালাযাং কৃতোদকঃ।
দৈবহুদ উপস্পাশু ব্রহ্মভূতো বিরাজতে ॥৪৪॥

ভাবতকোমুদী

তথেতি। ব্রহ্মনরো নাম তীর্থং গত্বা ত্বাছেতি শেষ: I8 · II উৎপাতক ইতি। উৎপাতকে অষ্টাবকে চ তীর্থে I8 ১ I

অশেতি। গ্যায়ামশ্বপৃঠে প্রেভশিলাযাং কর্ম কর্মা একাং ব্রন্ধহত্যাং বিনাশ্ত, নিরবিন্দে পর্বতে চ প্রেভপর্বতে প্রেভশিলাযাং কর্মবিধায দিতীযাং ব্রন্ধহত্যাং দ্রীকৃত্য, ক্রোঞ্পভাং বিষ্ণুপাদাদৌ চ কর্মাসুষ্ঠায ভূতীয়াং ব্রন্ধহত্যামপসার্য্য মাহুযো বিশুধাতে ॥৪২॥

কলেতি। কলবিঙ্কে স্বব্নজনত্যা দৃশ্যেংপি তীর্থে উপস্পৃষ্ঠ বছশ এব জনং বিদ্যাৎ তজ্জনক্ত তথৈব স্বভাবাৎ ॥৪৩॥

করেতি। বিশালায়াং নভাম্। ব্রহ্মভূতো ব্রহ্মণস্থল্য: সন্, ॥৪৪॥ ভাবতভাবদীপঃ

অন্তর্জানফলং গন্ধর্কাদিভোগম্।।২৯—৪১॥ গ্রাষাং গ্রান্তর্গতেহশ্বপৃঠে প্রেতশিলাযামেকাং বন্ধহত্যাং ব্যপোহ্ন, নিরবিন্দে নিশ্চিভোহবিন্দোহলাভো যত্র তন্মিন্ স্থগন্ধহীনে প্রেত-পর্বতে দ্বিতীয়াং ব্রশ্বহত্যাং নিরক্ত, ক্রৌঞ্পদীতি সর্বেবাং বিঞ্পদাদীনাম্পলক্ষণম্, তের্

মানুষ গঙ্গাব ব্ৰহ্মসবোৰৰে যাইয়া, অনাহাবে থাকিয়া, একমাস যাবৎ স্থান ও পিতৃতপূৰ্ণ কৰিয়া; চন্দ্ৰলোক লাভ কৰে ॥৪০॥

মানুষ, দ্বাদশ দিন অনাহাবে থাকিষা, উৎপাতকতীর্থেও অষ্টাবক্রতীর্থে স্থান এবং পিতৃতপূর্ণ কবিয়া, অশ্বমেধ যজ্ঞেব ফললাভ কবে ॥৪১॥

মানুষ, গয়ায় প্রেতশিলাষ বিহিতকার্য্য কবিয়া এক ব্রহ্মহত্যাব পাপ নষ্ট করে। প্রেতপর্বতে যথাবিহিত কর্ম কবিষা দ্বিতীয় ব্রহ্মহত্যার পাপ দূব কবিষা থাকে এবং বিষ্ণুপাদপ্রভৃতি স্থানে বিহিত ক্রিয়ানুষ্ঠানপূর্বক তৃতীয ব্রহ্মহত্যার পাপ প্রক্ষালন কবিয়া পবিত্র হয ॥৪২॥

মানুষ কলবিশ্বতীর্থে স্থান কবিয়া তথায় প্রচুব জলেব অবস্থিতি জানিতে পারে এবং অগ্নিপুরে স্থান কবিয়া অগ্নিক্সাপুরে বাস কবিতে সমর্থ হয়॥৪৩॥ পুনরাবর্ত্তনন্দাঞ্চ মহানন্দাঞ্চ সেব্য বৈ
নন্দনে সেব্যতে দান্তস্ত্বস্পরোভিরহিংসকঃ ॥৪৫॥
উর্বেশীং কৃত্তিকাযোগে গন্ধা চৈব সমাহিতঃ।
লোহিত্যে বিধিবৎ স্নান্ধা পুণ্ডরীকফলং লভেৎ ॥৪৬॥
রামহ্রদ উপস্পৃশ্য বিপাশায়াং কৃতোদকঃ।
দাদশাহং নিরাহারঃ কল্মষাদ্বিপ্রমূচ্যতে ॥৪৭॥
মহাহ্রদ উপস্পৃশ্য শুদ্ধেন মনসা নরঃ।
একমাসং নিরাহারো জমদগ্রিগতিং লভেৎ ॥৪৮॥
বিদ্যোল্যপা আস্থায় মাসেনৈকেন সিধ্যতি ॥৪৯॥

ভাৰতকৌমুদী

পুনরিতি। সেব্য স্থানেনাবস্থানেন চ সেবিছা। নন্দনে ইব্রুবনে, দাস্ত ইব্রিয়দ্যনযুক্তঃ ॥৪৫॥

উর্বশীমিতি। উর্বশীমূর্বশীতীর্থম্, কুভিকাষোগে কুভিকানক্ষত্রযুক্তপৌর্ণমান্তাং কার্ভিক্যামিতার্থ:। লৌহিত্যে ব্রহ্মপুত্রনদে, পুগুরীকফলং পুগুরীকাধ্যযুক্তপুণ্যম্ ॥৪৬॥

রামেতি। বিপাশায়াং নভাম্। কল্মবাৎ পূর্ব্বপাপাৎ ॥৪ १॥ মহেতি। জমদয়িগতিং মহর্ষিজমদগ্রিতুল্যাবস্থাম্ ॥৪৮॥

ভাবতভাবদীপ:

তৃতীয়াং বন্ধহত্যান্ , সক্ষান্থাং গভ এব বিশুখাতে হত্যাং নাশশ্বিত্বা পুডো ভবডি ॥৪২—৪৫॥

মানুষ বিশালানদীতে করবীবপুরে স্নান ও তপ ন করিয়া এবং দেবহুদে স্নান করিয়া ব্রহ্মাব তুল্য হইয়া শোভা পাইতে থাকে ॥৪৪॥

মানুষ জিতেন্দ্রিয় ও হিংসাশৃত্য হইয়া পুনবাবর্ত্তনন্দা ও মহানন্দাব পূজা-প্রভৃতি কবিয়া পবলোকে নন্দন বনে থাকিয়া অপ্সরাদিগেব পবিচর্য্যা লাভ করে ॥৪৫॥

মানুষ ব্রহ্মপুত্রনদে উর্বশীতীর্থে যাইয়া কৃত্রিকানক্ষত্রযুক্ত কার্ত্তিকমাসের পূর্ণিমায় সমাহিতচিত্তে যথাবিধানে স্থান করিয়া পুগুবীকযজ্ঞের ফললাভ করে ॥৪৬॥

মান্ত্র ঘাদশদিন অনাহারে থাকিয়া, বিপাশানদীব বামহ্রদে স্থান ও তর্পণ করিয়া, পূর্ব্ব পাপ হইতে মুক্ত তথ ॥৪৭॥

মানুষ একমাস যাবং দিনে আহার না কবিয়া, শুদ্ধচিতে রামহ্রদে স্থান
- ক্রিয়া, মহর্ষি জমদগ্রির তুল্য গতি লাভ করে ॥৪৮॥

নর্মদায়ায়পস্পৃষ্ঠ তথা শৃপারকোদকে।
একপক্ষং নিরাহারো রাজপুত্রো বিধীয়তে॥৫০॥
জন্মার্গে ত্রিভির্মাসেঃ সংষতঃ স্থসমাহিতঃ।
অহোরাত্রেন চৈকেন সিদ্ধিং সমধিগচ্ছতি॥৫১॥
কোকাম্থে বিগাহ্থ গছা চাঞ্জলিকাশ্রমম্।
শাকভক্ষশ্চীরবাসাঃ কুমারীবিন্দতে দশ ॥৫২॥
বৈবস্বতস্থ সদনং ন স গচ্ছেৎ কদাচন।
যস্ত কন্থাহ্রদে বাসো দেবলোকং স গচ্ছতি॥৫৩॥
প্রভাসে ছেকরাত্রেণ অমাবস্থাং সমাহিতঃ।
সিধ্যতে তু মহাবাহো। যো নরো জায়তেহমরঃ॥৫৪॥

ভাৰতকৌমুদী

বিদ্ধ্য ইতি। সন্তাপ্য উপবাসেন ক্লেশয়িত্বা, সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ ॥৪৯॥
নর্মদাযামিতি। বিধীয়তে তৎ স্থানজন্তপূণ্যেন জনান্তরে ক্রিয়তে ॥৫০॥
জন্মার্গ ইতি। সাধারণভাবেন স্থাত্বা ক্রিভির্মাসে: সংষতঃ স্থসমাহিতন্ত স্থাত্বা একেনাহোরাত্রেনৈব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥৫১॥

কোকেতি। কোকাম্থে তীর্থে। বিন্দতে লভতে ॥৫২॥ বৈবেতি। বৈবস্বতশু দমশু। কন্তাহ্রদে তীর্থে ॥৫৩॥

প্রভাদ ইতি। বো নর: সমাহিত: সন্ অমাবস্তাং তিথিং প্রাণ্য প্রভাসে তীর্থে স্বায়াদিতি শেষ:, স একরাত্ত্রেণৈব সিধ্যতে মুজ্যো: পরমমরক্ষ জাষতে ।৫৪॥

ভাবতভাবদীপঃ

উর্বশীসূর্বশীতীর্থম্,, ক্বত্তিকাবোগে কার্ত্তিকাাং পৌর্ণসাস্থাম্ ॥৪৬—৫১॥ কৃমারী: কুমারীসংজ্ঞকং

সত্যপ্রতিজ্ঞ ও হিংসাশৃত্য মানুষ বিদ্ধ্যপর্বতে যাইয়া উপবাসী থাকিযা, এক মাস যাবৎ বিনীতভাবে তপস্থা কবিয়া সিদ্ধিলাভ কবিতে পাবে ॥৪৯॥

মানুষ এক পক্ষ যাবং দিনে আহাব না কবিয়া, নর্মদানদীব শৃপারকতীর্থে স্নান কবিয়া, জন্মান্তবে বাজপুত্র হইয়া থাকে ॥৫০॥

মানুষ জমুমার্গতীর্থে তিন মাস স্নান কবিলে, আব সংযতভাবে ও একাগ্র-চিত্তে এক দিন স্নান কবিলেই সিদ্ধিলাভ কবিতে পাবে ॥৫১॥

মানুষ কোকামুখতীর্থে অঞ্জলিকাশ্রমে যাইযা শাকমাত্রভোজী ও কৌপীন-ধারী হইযা সেই স্থানে অবগাহন কবিযাদশটী কুমাবী লাভ কবিতে পাবে ॥৫২॥

কন্সাহ্রদেব ভীবে যে লোক বাস কবে, সে লোক কখনও যমালযে যায না, দেবলোকেই যাইয়া থাকে ॥৫৩॥

মহাবাহু! যে মামুষ, একাগ্রচিত্ত হইয়া অমাবস্থাতিথিতে প্রভাসতীর্থে

উজ্জানক উপস্পৃশ্য আষ্ট্রি যেণস্থ চাশ্রমে।
পিঙ্গায়াশ্চাশ্রমে স্নাত্বা সর্ব্বপাপে: প্রমূচ্যতে ॥৫৫॥
কুল্যায়াং সমূপস্পৃশ্য জপ্তা চৈবাঘমর্ষণম্।
অশ্বমেধমবাপ্নোতি ত্রিরাত্রোপোষিতো নরঃ ॥৫৬॥
পিগুারক উপস্পৃশ্য একরাত্রোষিতো নরঃ ।
অগ্রিফোমমবাপ্নোতি, প্রভাতাং শর্বরীং শুচিঃ ॥৫৭॥
তথা ব্রহ্মসরো গত্বা ধর্মারণ্যোপশোভিতম্ ।
পুগুরীকমবাপ্নোতি উপস্পৃশ্য নরঃ শুচিঃ ॥৫৮॥
মনাকপর্বতে স্নাত্বা তথা সন্ধ্যামুপাস্থ চ ।
কামং জিত্বা চ বৈ মাসং সর্বযজ্ঞফলং লভেৎ ॥৫৯॥
কালোদকং নন্দিকুগুং তথাচোত্রমানসম্ ।
অভ্যেত্য যোজনশতাদ্ জ্রণহা বিপ্রমূচ্যতে ॥৬০॥

ভারতকৌমুদী

উজ্জানক ইতি। উজ্জানকে তীর্থে আষ্টি বৈণক্ত মুনে: ॥৫৫॥
কুল্যাযামিতি। অঘনর্থাং পাপনাশকং "ঝতঞ্চ সত্যঞ্চাভিদ্যাৎ ইত্যাদি মন্ত্রন্ ॥৫৬॥
পিণ্ডেভি। প্রভাতাং শর্কবীং রাজিং প্রাপ্য তৎকাল ইত্যর্থ: ॥৫ १॥
তথেতি। পুগুরীকং পুগুরীকনামকষক্ষকলম্ ॥৫৮॥
মৈনাকেভি। মৈনাকপর্বতে তত্ততা নদীজলে ॥৫৯॥
কালোদকমিতি। অভ্যেত্য স্নাম্বেতি শেষঃ ॥৬৬॥

স্নান করে; সেই মানুষ একদিনেই সিদ্ধিলাভ করে এবং মৃত্যুব পবে দেবতা হইয়া জন্মিয়া থাকে ॥৫৪॥

মানুষ উজ্জানকভীর্থে, আষ্টি বেণ মুনিব আশ্রমে এবং পিঙ্গাব আশ্রমে স্থান কবিয়া, সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৫৫॥

মানুষ তিন দিন উপবাসী থাকিয়া কুল্যাতীর্থে স্থান ও অঘমর্যণমন্ত জপ করিয়া, অশ্বমেধ যজ্ঞেব ফললাভ কবে ॥৫৬॥

মানুষ পিণ্ডাবকতীর্থে একবাত্রি বাস কবিয়া, প্রভাতকালে পবিত্র হইয়া, স্নান কবিলে অগ্নিষ্টোম যজ্ঞেব ফললাভ করিয়া থাকে ॥৫৭॥

মান্ত্র ধর্মাবণ্যশোভিত ব্রহ্মসবোববে যাইয়া, পবিত্র হইয়া স্নান কবিয়া পুগুরীকযজ্ঞের ফললাভ কবে ॥৫৮॥

মানুষ মৈনাকপর্বতে যাইয়া কামজন্মী হইয়া একমাস যাবং স্থান ও সন্ধ্যা কবিয়া সমস্ত যজ্ঞেব ফললাভ করিতে পাবে ॥৫৯॥ নন্দীশ্বরশ্য মূর্ত্তিন্ত দৃষ্ট্রা মুচ্যেত কিল্পিবিঃ।
বর্গমার্গে নরঃ স্নাত্বা ব্রহ্মলোকং স গচ্ছতি ॥৬১॥
বিখ্যাতো হিমবান্ পুণ্যঃ শঙ্করশ্বশুরো গিরিঃ।
আকরঃ সর্ব্বরত্বানাং সিদ্ধচারণসেবিতঃ ॥৬২॥
শরীরমূৎস্থজেত্ত্র বিধিপূর্ব্বমনাশকে।
অঞ্জবং জীবিতং জ্ঞাত্বা যো বৈ বেদান্তগো দ্বিজঃ ॥৬০॥
অভ্যর্চ্চ্য দেবতাস্তত্র নমস্কৃত্য মুনীংস্তথা।
ততঃ সিদ্ধো দিবং গচ্ছেদ্ব্রক্ষলোকং সনাতনম্ ॥৬৪॥ (যুগ্মকম্)
, কামং জোধঞ্চ লোভঞ্চ যো জিত্বা তীর্থমাবসেৎ।

ভাবতকৌমুদী

ন তেন কিঞ্চিন্ন প্রাপ্তং তীর্থাভিগমনাদ্ ভবেৎ ॥৬৫॥

নন্দীতি। নন্দীখরস্থ মহাদেবস্থা। স্বর্গমার্গে তীর্থে ॥৬১॥ বিখ্যাত ইতি। শঙ্করশ্বস্তরঃ পার্ব্বত্যাঃ পিতৃত্বাৎ ॥৬২॥

শরীরমিতি। ন বিভতে নাশঃ প্রদায় বাবদ্বংসো যক্ত তশ্মিন্, তত্ত ছিমবতি, বিধিপূর্ব্বং তারকবন্ধনামোচ্চারণাদিপূর্বকম্। ততঃ শরীরোৎসর্গানস্তরম্ ॥৬৩—৬৪॥

কামনিতি। তেন কিঞ্চিল প্রাপ্তনিতি ন, অপি তু তীর্থাভিগমনাৎ সর্বমেব প্ণ্যফলং প্রাপ্তং ভবেং ॥৬৫॥

ভাবতভাবদীপঃ

তীর্থম্ ॥ ৫২ — ৬২॥ শরীরমিতি। বিধিপূর্বক্ষাত্মশ্রাদাদিকং কৃষা অনাশকে অনশনরতে কৃতে দতি বৃদ্ধিপূর্বক্ষত্রৈব শরীরমৃৎস্কেৎ তীব্ররোগান্তনভিভূতস্তাপ্যেতররণং বিধীয়তে অঞ্বমিতি বাক্যশেষাৎ, তদপি বেদা্স্তগক্ত জ্ঞাততত্বক্ত শরীরধারণে প্রয়োজনমপশ্রত এব, ইতরেষাং ছিহু মরণং রোগাদিমহানিমিত্তে সভ্যেব মহাপাতকপ্রায় ডিডার্থং বা উচিতং নাক্ত-

জ্রণহত্যাকাবী মান্ত্র্য, নিজগৃহ হইতে শত্যোজন দূববর্তী কালোদক, নন্দিকুও এবং উত্তর মানসসবোববে যাইয়া সেই জ্রণহত্যাব পাপ হইতে মুক্ত হয॥৬০॥

যে মানুষ স্বৰ্গমাৰ্গভীৰ্থে স্নান কবিষা নন্দীশ্ববিশবেৰ মূৰ্জ্তি দেখিয়া সমস্ত পাপমুক্ত হয়, সেই মানুষ ব্ৰহ্মলোকে গমন কবিতে পাৰে ॥৬১॥

শমস্ত বন্ধেব আকব, সিদ্ধচাবণসেবিত, পবিত্র ও মহাদেবেব শশুব হিমালয নামে বিখ্যাত পর্ববত আছে ॥৬২॥

বেদাস্থবিদ্ যে ব্রাহ্মণ, সেই হিমালযে যাইয়া দেবগণেব পূজা ও মুনিগণের নমস্কাব কবিয়া, জীবন অস্থায়ী জানিয়া বিনাশবিহীন সেই হিমালয়পর্বতে যথাবিধানে দেহত্যাগ কবেন, তাহাতেই তিনি সিদ্ধ হইয়া সনাতন ব্রহ্মলোকে গমন কবেন ॥৬৩—৬৪॥

যান্তগম্যানি তীর্থানি তুর্গাণি বিষমাণি চ।
মনসা তানি গম্যানি সর্বতীর্থসমীক্ষয়া ॥৬৬॥
ইদং মেধ্যমিদং পুণ্যমিদং স্বর্গ্যমনুত্তমম্।
ইদং রহস্তং দেবানামাপ্লাব্যং পাবনং তথা ॥৬৭॥
ইদং দভাদ্দ্বিজাতীনাং সাধোরাত্মহিতস্ত চ।
সূহদাঞ্চ জপেৎ কর্ণে শিক্ষস্তানুগতস্ত চ ॥৬৮॥
দত্তবান্ গৌতমস্তৈতদঙ্গিরা বৈ মহাতপাঃ।
অপ্লিরাঃ সমনুজ্ঞাতঃ কাশ্যপেন চ ধীমতা ॥৬৯॥

ভারতকৌমুদী

যানীতি। তুর্গাণি তুর্গমাণি, বিষমাণি উচ্চনীচানি। দর্বেষাং তীর্থানাং সমীক্ষন্না ফল-লাভেচ্ছন্না ॥৬৬॥

ইদমিভি। ইদং তীর্থস্নানম্, মেধাং পবিত্রম্, স্বর্গ্যং স্বর্গজনকম্। ইদং তীর্থমাহাত্মাং দেবানামপি বহস্তং গোপ্যম্ তথা পাবনমিদং তীর্থং আপ্লাব্যমবগাহ্মম্ ॥৬৭॥

ইদমিতি। ইদং তীর্থমাহাত্ম্যম্ ॥৬৮॥

দত্তবানিতি। এততীর্থমাহাম্মান্। সমস্ক্রাত: অন্ত্রুয়া কথিত: ॥৬৯॥ ভারতভাবদীপ:

খেতি ব্যাখ্যাতং প্রাণেব বনপর্বাণি ॥৬৩—৬৬॥ ইদং তীর্থসেবনং মেধ্যং যজ্ঞফলপ্রদং পুণ্যং পাপদ্বম্ অভএব স্বর্গ্যমাপ্রাব্যমাপ্রবং স্থানমিত্যর্থঃ, আভাস্থমিতি পাঠে রহস্তমাদবাচ্যং, স্বার্থে

যে লোক কাম, ক্রোধ ও লোভ জয করিয়া তীর্থে বাস কবে; সে লোক কিছু প্রাপ্ত হয় নাই এমন নহে; কিন্তু তীর্থপর্য্যটননিবন্ধন তাহাব সমস্ত পুণ্যফললাভই হইয়া থাকে ॥৬৫॥

তুর্গম ও সঙ্কটপূর্ণ বলিয়া যে সকল তীর্থে গমন কবিতে পাবা যায় না; সমস্ত তীর্থগমনেব ফললাভ কবিবাব ইচ্ছায় মনে মনে সেই সকল তীর্থে গমন কবিবে ॥৬৬॥

এই তীর্থস্নান পবিত্র, এই তীর্থস্নান পুণ্যজ্ঞনক এবং এই তীর্থস্নান সর্বশ্রেষ্ঠ স্বর্গজ্ঞনক। আব এই তীর্থসাহাম্ম্য দেবগণেব নিকটেও গোপনীয়। অতএব এই মহাপবিত্র তীর্থে সকলেবই স্ববগাহন করা উচিত ॥৬৭॥

এই তীর্থমাহাম্ম্য দ্বিজাতিগণকে, সাধুকে এবং আত্মহিতৈষীকে দান কবিবে; আব স্কুল্ণণ ও অনুগত শিশ্বেৰ কর্ণে ইহা জপ কবিবে ॥৬৮॥

মহাতপা অঙ্গিবা এই ভীর্থমাহাত্ম্য গৌতমকে বলিয়াছিলেন, জ্ঞানী কাশ্যপ আবাব পূর্বেৰ অঙ্গিবাকে ইহা কহিযাছিলেন ॥৬৯॥ মহর্ষীণামিদং জপ্যং পাবনানাং তথোত্তমম্।
জপংশ্চাভ্যুথিতঃ শশ্বনির্মালঃ স্বর্গমাপ্নু যাৎ ॥৭০॥
ইদং যশ্চাপি শৃণুযাদ্রহস্তং ত্বঙ্গিরোগতম্।
উত্তমে চ কুলে জন্ম লভেজ্জাতিঞ্চ সংস্মরেৎ ॥৭১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈঘাসিক্যামনুশাসন
পর্ববি দানধর্মে আঙ্গিরস্তার্থযাত্রাযাং ষড়্বিংশোহধ্যায়ঃ॥॥

সপ্তবিংশো>ধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ। বৃহস্পতিসমং বুদ্ধ্যা ক্ষময়া ব্রহ্মণঃ সমম্। পরাক্রমে শক্রসমমাদিত্যসমতেজসম্॥১॥

ভাবতকৌমুদী

মহবীণামিতি। অভ্যুথিতে। নিজায়া জাগরিত: শ্বনিত্যধ্ ॥१०॥
ইদমিতি। রহস্তং গোপনীয়ন্। জাতিং পূর্বজন্ম ॥१১॥
ইতি মহামহোপাখ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযামহশাসনপর্বাণি দানধর্মে বড্বিংশোহধ্যায়ঃ ॥+॥
ভারতভাবদীপঃ

ষ্মঞ্ ॥৬৭—৬৮॥ সমস্ক্রাতঃ প্রাথিতঃ কাষ্মণেন এত দিক্রাতৃকামেনেতি শেষ: ॥৬৯—৭১॥ ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্বাণি দানধর্ষে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে ষড়্বিংশোহধ্যায়: ॥২৫॥

পাবনশ্রেষ্ঠ ! এই তীর্থ মাহাম্ম্য মহর্ষিগণেবও জ্বপ্য। অতএব মানুষ প্রত্যহ নিজা হইতে উঠিয়া এই তীর্থ মাহাম্ম্য জ্বপ কবিষা নিষ্পাপ হইষা স্বর্গলাভ করে ॥৭০॥

যে মামুষ অঙ্গিবাব অভিমত গোপনীয এই তীর্থ মাহাদ্ম্য শ্রবণও করে, সেই মানুষও উত্তম বংশে জন্মলাভ কবে এবং পূর্বজন্ম স্মবণ কবিতে পাবে ॥৭১॥

পঞ্চবিংশোহধ্যায়:' বন্ধ বর্দ্ধ, ' চতু:বাইতিযোহধ্যায়:'—নি।

গাঙ্গেয়মর্জ্নেনাজো নিহতং ভূরিতেজসম্।
ভ্রাভৃতিঃ সহিতোহনৈত পর্য্যপৃচ্ছদ্ যুধিন্তিরঃ ॥২॥ (যুগ্মকম্)
শয়ানং বীরশ্যনে কালাকাজ্জিণমচ্যুতম্।
আজগ্মুর্ভরতশ্রেষ্ঠং দ্রুষ্ট্রকামা মহর্ষয়ঃ ॥৩॥
অত্রির্বসিষ্ঠোহথ ভৃত্তঃ পুলস্তাঃ পুলহঃ ক্রতুঃ।
অঙ্গিরা গোতমোহগস্তাঃ স্থমতিঃ স্বয়তাত্মবান্ ॥৪॥
বিশ্বামিত্রঃ স্থলশিরাঃ সম্বর্তঃ প্রমতিদ মঃ।
বৃহস্পত্যুশনোব্যাসাশ্চ্যবনঃ কাশ্যপো ধ্রুবঃ ॥৫॥
ভূর্বাসা জমদ্বিশ্চ মার্কণ্ডেয়োহথ গালবঃ।
ভরদ্বাজোহথ রৈভ্যশ্চ যবক্রীতস্ত্রিতস্তথা ॥৬॥

ভাবতকৌমূদী

বৃহস্পতীতি। শক্রসমমিক্রতুলাম্। গান্ধেষং ভীন্মম্॥১—২॥

শ্যানমিতি। বীরশ্যনে শর্মধ্যাযাম্, কালাকাজ্জিণং দেহত্যাগে উত্তরায়ণং প্রতীক্ষ-মাণম্, অচ্যুতম্ উদ্দেশ্যাদভ্রম্ । া

পত্রিরিতি। স্ব্যক্তঃ সর্ব্বৈরভিষত পাস্থা বৃদ্ধিরস্থান্তীতি সঃ ॥৪॥ বিখেতি। বৃহস্পতিশ্চ উপনা শুক্রশ্চ ব্যাসশ্চ তে ॥৫॥ তৃর্ব্বাসা ইতি। বৈভ্যাদীনি মৃনিনামানি ॥৬॥

ভাবতভাবদীপঃ

বৃহস্পতীত্যধ্যায় দর্বতীর্থশ্রেষ্ঠাং গঙ্গা কথিযতুং প্রবর্ত্ততে ইতোহক্তত্তীর্থান্তরং নান্তীতি স্পিষ্টবন্ ॥১॥ বদাপৃচ্ছত্তদৈবাজগ্মুরিতি দিতীযেন যত্তদোরধ্যাহারেণাদ্বয় । যত্ত প্রশ্নমাত্রেণ

বৈশম্পায়ন বলিলেন—'বৃদ্ধিতে বৃহস্পতিব তুল্য, ক্ষমায় ব্রহ্মাব সমান, পরাক্রমে ইন্দ্রের সদৃশ ও সূর্য্যেব স্থায় তেজস্বী মহাতেজা ভীম্ম, যুদ্ধে অর্জ্বনকর্ত্ত্বক আহত হইয়া পতিত ছিলেন; এই অবস্থায় যুধিষ্ঠির, ভ্রাতৃগণ ও অক্সান্তের সহিত মিলিত হইয়া তাহাব নিকট প্রশ্ন কবিতেছিলেন ॥১—২॥

দৃঢ়াধ্যবসায়ী ভবতশ্রেষ্ঠ ভীষ্ম, বীবশয্যায় শয়িত থাকিয়া উত্তবায়ণেব প্রতীক্ষা কবিতেছিলেন; এমন অবস্থায় মহর্ষিবা তাঁহাকে দেখিবাব ইচ্ছা কবিয়া আগমন কবিলেন ॥৩॥

অত্রি, বসিষ্ঠ, ভৃগু, পুলস্ত্য, পুলহ, ক্রতু, অঙ্গিবা, গৌতম, অগস্ত্য ও স্পূহণীয় বৃদ্ধি স্থমতি ॥৪॥

বিশ্বামিত্র, স্থুলশিবা, সংবর্জ, প্রমতি, দম, বৃহস্পতি, শুক্র, ব্যাস, চ্যবন, কাশ্যপ ও গ্রুব ॥৫॥ সুলাক্ষঃ শবলাক্ষণ্ট কথাে মেধাতিথিঃ কৃশঃ।
নারদঃ পর্বতশ্চৈব সুধন্বার্থেকতাে দ্বিতঃ ॥৭॥
নিতন্তুভু বনাে ধােমাঃ শতানন্দােহকৃতত্রেণঃ।
জামদগ্যস্তথা রামঃ কচন্চেত্যেবমাদযঃ।
সমাগতা মহাত্মানো ভীত্মং দ্রেষ্টুং মহর্ষয়ঃ।।৮।।
তেষাং মহাত্মনাং পূজামাগতানাং যুধিষ্ঠিবঃ।
ভাত্তিঃ সহিতশ্চক্রে যথাবদমুপূর্বশঃ।।৯।।
তে পূজিতাঃ স্থাসীনাঃ কথাশ্চকুম হর্ষয়ঃ।
ভীত্মাঞ্রিতাঃ স্থমধুরাঃ সর্বেক্রিয়মনােহরাঃ।।১।।
ভীত্মস্তেষাং কথাঃ শ্রেছা ঋষীণাং ভাবিতাক্সনাম্।
মেনে দিবিষ্ঠমাত্মানং তুষ্টা পরম্যা যুতঃ।।১১।।

ভাবতকোমূদী

শ্বনাক্ষ ইতি। পর্বত একতো দ্বিতশ্চ জ্বো মূনয় ॥ ॥
নিজ্পুরিতি। জামদগ্য ইতি রামবিশেষণম্। ষট্পাদ্য শ্লোক্য ॥ ৮॥
তেবামিতি। জহপূর্বশ উক্তেম্ পূর্বজ্ঞমেণ ॥ ॥
ত ইতি। সর্বাণি কর্ণাদীনি ইন্দ্রিষাণি মনাংসি চ হরস্তীতি তাঃ ॥ ২০॥
ভীম ইতি। ভাবিতাত্মনাং মৈত্যাদি ভাবন্যা শোধিতচিজানাম্। দিবিঠং স্বর্গস্থিতম্,
তেবামাগমনেনের তৎস্থানপাব্নাৎ ॥ ১১॥

তুর্বাসা, জমদগ্নি, মার্কণ্ডেয, গালব, ভবদ্বাজ, বৈভ্য, যবক্রীত এবং ত্রিত ॥৬॥ স্থুলাক্ষ, শবলাক্ষ, কথ, মেধাতিথি, কুশ, নাবদ, পর্বত, সুধন্বা, একত ও দ্বিত ॥৭॥

'নিতস্ত_ু, ভূবন, ধৌম্য, শতানন্দ, অকৃতব্রণ, জমদগ্নিব পুত্র বাম এবং কচ ইত্যাদি মহাত্মা মহর্ষিবা ভীত্মকে দেখিবাব জন্ম আগমন কবিলেন ॥৮॥

তখন যুধিষ্ঠিব ভ্রাতৃগণেব সহিত মিলিত হইযা যথাবিধানে ও উক্তক্রমে সেই সমাগত মহাত্মাদেব পূজা কবিলেন ॥১॥

পরে পূজিত সেই মহর্ষিবা স্থথে উপবেশন কবিয়া ভীত্মেব বিষয়ে সকল ইন্দ্রিয় ও চিত্তেব আকর্ষক অতিমধুব কথা সকল বলিলেন—॥১০॥

ভীম তপঃশোধিতচিত্ত সেই ঋষিগণেৰ কথা শুনিয়া অত্যস্ত সম্ভষ্ট হইযা, আপনাকে স্বৰ্গস্থিত বলিয়া মনে কবিলেন ॥১১॥ ততন্তে ভীম্মামন্ত্র্য পাগুবাংশ্চ মহর্ষয়ঃ।
অন্তর্জানং গতাঃ সর্বে সর্বেষামের পশুতাম্ ॥১২॥
তান্যীন্ স্থমহাভাগানন্তর্জানগতানপি।
পাগুবাস্তুষ্ট্ বুং সর্বে প্রণেমুশ্চ মুহুর্ম্মূ হুং ॥১৩॥
প্রসন্ধমনসঃ সর্বের গাঙ্গেয়ং কুরুসত্তমম্।
উপতস্থর্যথোদ্যন্তমাদিত্যং মন্ত্রকোবিদাঃ॥১৪॥
প্রভাবান্তপসন্তেষাম্বীণাং বীক্ষ্য পাগুবাঃ।
প্রকাশন্তো দিশঃ সর্বা বিশ্বয়ং পরমং যয়ৢঃ॥১৫॥
মহাভাগ্যং পরং তেষাম্বীণামকুচিন্ত্য তে।
পাগুবাঃ সহ ভীম্মেন কথাশ্চকুন্তদাশ্রেয়াঃ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। আমন্ত্র্য গমনামুমতিদানার্থং সম্বোধ্য ॥১২॥

তানিতি। হুমহাভাগান্ অণিমাজৈশ্ব্যবন্ধাদতীৰ ভাগ্যবত: ॥১॥

প্রসন্ত্রেতি। উপতস্থুকপাসাঞ্চক্রিরে, তদ্গৌরবেনৈব তেবামাগমনাৎ।।১৪।।

প্রভাবাদিতি। পাণ্ডবান্তেষামুষীণাং তপসঃ প্রভাবাৎ সর্বা দিশঃ প্রকাশস্তঃ প্রকাশমাণা বর্ত্তন্ত ইতি বীক্ষ্য প্রমং বিশ্বযং ষয়ঃ ॥১৫॥

भट्टि । यहां जागः त्यां गनकमिनादेशवर्षाम् ॥३७॥

ভাবতভাবদীপঃ

পিদ্ধানাং দর্শনং ভবতি কিমুত তদ্বর্শনাদিনেতি ভাব: ॥২—১৫॥ মহাভাগ্যং যোগৈশ্বর্যং

তাহাব পব সেই মহর্ষিবা ভীষ্ম ও পাগুবগণকে সম্বোধন কবিয়া সকলেব সমক্ষেট সকলে অন্তর্জান প্রাপ্ত হইলেন ॥১২॥

সেই মহাত্মা মহর্ষিবা অন্তর্হিত হইলেও পাগুবেবা সকলে বাব বাব তাহাদেব স্তব ও প্রণাম কবিলেন ॥১৩॥

মন্ত্রবিদ্ ব্রাহ্মণেবা যেমন উদয়মান সূর্য্যের উপাসনা কবেন; ভেমন পাগুবেবা সকলে কৌববশ্রেষ্ঠ ভীম্মের উপাসনা কবিতে লাগিলেন ॥১৪॥

দেই ঋষিগণেব তপস্থাব প্রভাবে সমস্ত দিক প্রকাশিত হইয়াছে, ইহা দেখিয়া পাণ্ডবেবা অতাস্ত বিশ্বযাপন্ন.হইলেন ॥১৫॥

পাগুবেরা সেই ঋষিগণেৰ মহামহিমাৰ বিষয় চিস্তা কবিয়া তাঁহাদেব বিষয়ে ভীম্মেৰ সহিত অনেক আলোচনা কবিলেন ॥১৬॥

⁽১৬) भारतार भन्नः देवनन्भायन खेवां । दक्ष वर्षः भि।

কথান্তে শিরসা পাদো স্পৃষ্ট্রা ভীষ্মস্থ পাণ্ডবঃ। ধর্ম্ম্যং ধর্মস্কতঃ প্রশ্নং পর্য্যপৃচ্ছদ্যুধিষ্ঠিরঃ॥১৭॥ যুধিষ্ঠির উবাচ।

কে দেশাঃ কে জনপদা আশ্রমাঃ কে চ পর্ববতাঃ। প্রকৃষ্টাঃ পুণ্যতঃ কাশ্চ জ্বেয়া নতঃ পিতামহ। ॥১৮॥ ভীম্ম উবাচ।

অত্রাপ্যদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
শিলাঞ্ছরতেঃ সংবাদং সিদ্ধস্য চ যুধিন্তির। ॥১৯॥
ইমাং কশ্চিৎ পরিক্রম্য পৃথিবীং শৈলভূষণাম্।
অসকৃদ্দ্বিপদাং শ্রেষ্ঠঃ শ্রেষ্ঠস্য গৃহমেধিনঃ ॥২০॥
শিলরত্তেগৃহং প্রাপ্তঃ স তেন বিধিনার্চিতঃ।
উবাস রক্তনীং তত্ত্র সুমুখঃ স্থপভাগৃষিঃ ॥২১॥ (যুগাকম্)

ভাবতকোমুদী

কথান্ত ইতি। ধর্ম্ম্যং ধর্মাদনপেতম্, পর্য্যপৃচ্ছদকরোৎ ॥১ १॥

क रेखि। वनत्कवानिव्हनः ज्ञानः तमः, जनगृशानिव्हनः ज्ञानक जनभनः ॥১৮॥

অত্তেতি। শিলোম্বৃত্তেঃ প্রাঞ্চকরণক্ত ত্রাহ্মণবিশেষক্ত ॥১০॥

ইমামিতি। অসক্তং পবিক্রম্যেতি সম্বন্ধ:। শৈলভূষণাং পর্বতালক্কতাম্। দ্বিপদাং মান্ন্যাণাম্। স্ব্যুখ: প্রসন্ধবদনঃ ॥২০—২১॥

ভাবতভাবদীপঃ

খেচরছান্তর্ধানশক্ত্যাদিসিদ্দিমন্ত্র্য ।।১৬—১৭। দেশাঃ ভূমিভাগাঃ, জনপদাঃ মহাজননিবাসআলোচনাব পবে পাণ্ড্রনন্দন ধর্মপুত্র যুধিষ্ঠিব মস্তকদাবা ভীম্মেব চবণযুগল
স্পর্শ কবিষা ধর্মসঙ্গত প্রশা কবিলেন ॥১৭॥

যুধিষ্ঠিব বলিলেন—'পিতামহ! কোন্ কোন্ দেশ, কোন্ কোন্ জনপদ, কোন্ কোন আশ্রম, কোন্ কোন্ পর্বত এবং কোন্ কোন্ নদী, পুণ্য অনুসাবে শ্রেষ্ঠ বলিয়া জানা যায় ॥১৮॥

ভীম বলিলেন—'যুধিষ্ঠিব! এই বিষয়েও মনস্বীবা শিলোগুরুত্তি কোন ব্রাহ্মণের এবং কোন সিদ্ধপুক্ষেব সংবাদৰূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ কবিযা থাকেন ॥১৯॥

মনুষ্যশ্রেষ্ঠ ! কোন ঋষি বহুবাব এই পর্ব্বভঙ্ষিতা পৃথিবী বিচবণ কবিযা, কোন শ্রেষ্ঠ শিলোঞ্ছবৃত্তি গৃহস্থেব গৃহে উপস্থিত হইলেন; তখন সেই গৃহস্থ যথাবিধানে অর্চনা কবিলে সেই ঋষি সুখী ও প্রসন্নবদন হইযা, সেই গৃহস্থেব গৃহেই বাত্রিতে বাস কবিলেন ॥২০—২১॥

শিলর্ভিস্ত যৎ কৃত্যং প্রাতস্তৎ কৃতবাঞ্চু চি:।
কৃতকৃত্যমুপাতিষ্ঠৎ সিদ্ধং তমতিথিং তদা ॥২২॥
তৌ সমেত্য মহাত্মানো সুখাসীনো কথাঃ শুভাঃ।
চক্রতুর্বেদসম্বদ্ধাস্তচ্ছেষকৃতলক্ষণাঃ॥২০॥
শিলর্ভিঃ কথান্তে তু সিদ্ধমামন্ত্র্য যত্নতঃ।
প্রশ্নং পপ্রচ্ছ মেধাবী যন্নাং ত্বং পরিপৃচ্চসি॥২৪॥

শিলরভিরুবাচ।

কে দেশাঃ কে জনপদাঃ কে শ্রমাঃ কে চ পর্বতাঃ। প্রকৃষ্টাঃ পুণ্যতঃ কাশ্চ জ্বেয়া নগুস্তত্বচ্যতাম্॥২৫॥ সিদ্ধ উবাচ।

তে দেশান্তে জনপদান্তেশ্রমান্তে চ পর্বতাঃ। যেষাং ভাগীরখী গঙ্গা মধ্যেনৈতি সরিদ্বরা॥২৬॥

ভাবতকৌমুদী

শিলেতি। ষৎকৃত্যং সন্ধ্যাবন্দনাদিকম্। কৃতকৃত্যং তথৈব কৃতসন্ধ্যাবন্দনাদিকম্ ॥২২॥
তাবিতি। সমেত্য মিলিতা। তচ্ছেগৈৰ্বেদান্তৈঃ কৃতানি লক্ষণানি যাসাং তাঃ বেদবিষয়।
উপনিষ্দিৰ্যান্তেত্যৰ্থঃ ॥২৩॥

শিলেতি। আমন্ত্র্য সম্বোধ্য। পপ্রচ্ছ চকার স্বং যুধিষ্টির: ॥২৪॥

ক ইতি। কে শ্রমা ইত্যাকারলোপ আর্বঃ ॥২৫॥

ত ইতি। তে দেশা: পুণাত: প্রকৃষ্টা ইতাত্ত্ব্তি:। এবমন্তরে। ষেষাং দেশাদীনাং মধোন, এতি গচ্ছতি ॥২৬॥

ভাবতভাবদীপঃ

স্থানানি, স্বাশ্রমাঃ ঋষিস্থানানি ॥১৮—২৪॥ স্বাশ্রমা ইত্যাকাবক্ত পূর্ব্বরপমার্থম্ ॥২৫॥ তে

প্রাতঃকালে যাহা কর্ত্তব্য, শিলবৃত্তি পবিত্র হইয়া তাহা কবিলেন এবং তখন সেইবপই কৃতকার্য্য সেই অতিথি সিদ্ধেব নিকট উপস্থিত হইলেন ॥২২॥

তখন সেই মহাত্মাবা ছুই জন মিলিত হইয়া সুখে উপবেশন কবিয়া বেদ ও বেদাস্তবিষয়ে মঙ্গলময় বহু আলোচনা কবিলেন ॥২৩॥

যুধিষ্ঠিব! সেইকপ আলোচনাব পবে মেধাবী শীলবৃত্তি সেই সিদ্ধপুকষকে সম্বোধন কবিয়া—"তুমি আমাকে যেকপ প্রশ্ন কবিলে, যত্নপূর্বক সেইকপ প্রশাই কবিলেন" ॥২৪॥

শিলর্ত্তি বলিলেন—'কোন্ কোন্ দেশ, কোন্ কোন্ জনপদ, কোন্ কোন্ আশ্রম, কোন্ কোন্ পর্বত এবং কোন্ কোন্ নদী পুণ্য অনুসাবে শ্রেষ্ঠ বলিয়া জানা যায, তাহা সাপনি বলুন ? ॥২৫॥ তপদা ব্রহ্মচর্য্যেণ যক্তিস্তাগেন বা পুনঃ।
গতিং তাং লভতে জন্তুর্গঙ্গাং দংদেব্য যাং লভেৎ ॥২৭॥
স্পৃষ্টানি যেষাং গাঙ্গেয়ৈস্তোযেগাঁতাণি দেহিনাম্।
গস্তানি ন পুনস্তেষাং ত্যাগঃ স্বর্গাদ্বিধীযতে ॥২৮॥
দর্বাণি যেষাং গাঙ্গেয়ৈস্তোয়েঃ কার্য্যাণি দেহিনাম্।
গাং ত্যক্তা মানবা বিপ্র! দিবি তিন্ঠন্তি তে জনাঃ॥২৯॥
পূর্বের ব্যদি কর্মাণি কৃত্বা পাপাণি যে নরাঃ।
পশ্চাদ্গঙ্গাং নিষেবন্তে তেহপি যান্ত্যুক্তমাং গতিম্॥৩০॥
স্মাতানাং শুচিভিস্তোয়ৈগাঙ্গেয়েগ প্রযতাত্মনাম্।
ব্যুষ্টিভ্রতি যা পুংসাং ন সা ক্রতুশতৈরপি॥৩১॥

ভাবতকৌমুদী

গন্ধারা মাহাত্ম্যমাহ তপসেতি। ত্যাগেন দানেন। জন্ধগান্তবং ॥২৭॥
স্পৃটানীতি। ক্সন্তানি গন্ধাযাং নিক্ষিপ্তানি বেষামন্তীনীতি শেষঃ, তেবাং পুনঃ স্বর্গান্ত্যাগঃ
পতনং, ন বিধীয়তে দেবৈঃ ॥২৮॥

সর্বাণীতি। সর্বাণি কাব্যাণি স্থানপাকাদীনি। গাং পৃথিবীম্ ॥২৯॥
পূর্ব্ব ইতি। পূর্ব্বে বাল্যে যৌবনে বা। পশ্চাৎ প্রোচে বার্দ্ধকে বা ॥৩০॥
স্থাতানামিতি। ব্যুষ্টিঃ পুণ্যসমৃদ্ধিঃ "ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধে চ ইত্যমরঃ ॥৩১॥
ভাবতভাবদীপঃ

দেশা ইভি প্রকৃষ্টা: পুণ্যভ ইভ্যন্থক: ॥২৬—২৭॥ পাত্রাণ্যস্থীনি ক্সন্তানি গদায়াম্ ॥২৮-৩৽॥

সিদ্ধপুক্ষ বলিলেন—'ভগীবখানীভা নদীশ্রেষ্ঠা গঙ্গা যে দেশপ্রভৃতিব মধ্য দিয়া গমন কবেন , সেই সকল দেশ, সেই সকল জনপদ, সেই সকল আশ্রম ও সেই সকল পর্বত পুণ্য অনুসাবে শ্রেষ্ঠ ॥২৬॥

তপস্থা, ব্ৰহ্মচৰ্য্য, যজ্ঞ বা দানদ্বাবা মানুষ যে গতিলাভ কবে, এক গঙ্গাব সেবা কবিয়াই সেই গতিলাভ কবিতে পাবে ॥২৭॥

বাঁহাদেব দেহ গঙ্গান্ধলে স্পৃষ্ট হয এবং বাঁহাদেব অস্থি গঙ্গান্ধলে নিক্ষিপ্ত হইযা থাকে; দেবভাবা স্বৰ্গ হইতে আর তাঁহাদিগকে ত্যাগ কবেন না ॥২৮॥ বাহ্মণ! বাঁহাদেব সমস্ত কার্য্যই গঙ্গান্ধলে নিষ্পন্ন হয, তাঁহাবা পৃথিবী ত্যাগ কবিষা স্বৰ্গে যাইয়া অবস্থান কবেন ॥২৯॥

যে সকল মানুষ প্রথম ব্যসে পাপকার্য্য কবিষা শেষ ব্যসে গদাব সেবা কবে, তাহাবাও উত্তম গতিলাভ কবিতে পাবে ॥৩০॥

শুদ্ধচিত্ত মনুষ্যগণ পবিত্র গঙ্গাজলে স্নান কবিলে যেকপ পূণ্যবৃদ্ধি হয, সেইবপ পূণ্যবৃদ্ধি শত যজ্জদ্বাবাও হয় না ॥৩১॥ যাবদন্ধি মনুযান্ত গঙ্গাতোয়েরু তিষ্ঠতি।
তাবদ্বর্ধসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥৩২॥
অপহত্য তমন্তীব্রং যথা ভাত্যুদয়ে রবিঃ।
তথাপহত্য পাপানং ভাতি গঙ্গাজলোক্ষিতঃ ॥৩০॥
বিসোমা ইব শর্বর্যো বিপুল্পান্তরবো যথা।
তদদেশা দিশন্চৈব হীনা গঙ্গাজলৈঃ শিবৈঃ ॥৩৪॥
বর্ণাশ্রমা যথা সর্বে ধর্মজ্ঞানবিবজ্জিতাঃ।
ক্রতবশ্চ যথা সোমান্তথা গঙ্গাং বিনা জগৎ ॥৩৫॥
যথা হীনং নভোহর্কেণ ভূঃ শৈলৈঃ থঞ্চ বায়ুনা।
তথা দেশা দিশন্চৈব গঙ্গাহীনা ন সংশ্যঃ ॥৩৬॥
ত্রিরু লোকেরু যে কেচিৎ প্রাণিনঃ সর্ব এব তে।
তর্প্যমাণাঃ পরাং তৃপ্তিং যান্তি গঙ্গাজলৈঃ শুভৈঃ ॥৩৭॥

ভাৰতকৌমুদী

যাবদিতি। বাবদ্ বংপরিমাণম্। মহীযতে ভিষ্ঠতি ॥৩২॥
অপেতি। তমোহদ্ধকাবম্। গলাজলেন উক্ষিতঃ সিক্তঃ ॥৩৩॥
বিসোমা ইতি। বিলোমাশ্চন্দ্রশৃন্তাঃ, শর্বর্যো বাত্রয়ঃ ॥৩৪॥
বর্ণেতি। ক্রতবো যজাঃ, অলোমাঃ লোমরসশৃন্তাঃ ॥৩৫॥
যথেতি। শৈলৈঃ পর্বতৈহানা ভূঃ, বাষুনা হীনং থমাকাশম্॥৩৬॥

মনুষ্যেব যে পৰিমাণ অস্থি গঙ্গাব্দলে থাকে ; তত সহস্ৰ বংসৰ সেই মানুষ স্বৰ্গে বাস কৰে ॥৩২॥

স্থ্য উদয়কালে গাঢ় অন্ধকাব নষ্ট কবিয়া যেমন প্রকাশ পান; তেমন গঙ্গাজলস্নাত মানুষ পাপ নষ্ট কবিয়া প্রকাশ পাইয়া থাকে ॥৩৩॥

চন্দ্রশৃত্য বাত্রিব ত্থায় এবং পুষ্পবিহীন বৃক্ষেব তুল্য, মঙ্গলময় গঙ্গাজলবিহীন দেশ ও দিক্ শোভা পায় না ॥৩৪॥

ধর্ম ও জ্ঞানবজ্জিত বর্ণ ও আশ্রম যেমন শোভা পায় না এবং সোমবসশৃন্ত যজ্ঞ যেমন শোভাবিহীন হয; সেইবাপ গঙ্গাবিহীন দেশ শোভাবিহীন হইয়া থাকে ॥৩৫॥

সূর্য্যশৃত্য আকাশ, পর্বতশৃত্য ভূমি এবং বায়ুশৃত্য আকাশ, যেমন শোভা পায় না; তেমন গঙ্গাশৃত্য দেশ ও দিক্ শোভা পায় না; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৬৬॥ যস্ত সূর্য্যেণ নিউপ্তং গাঙ্গেয়ং পিবতে জলম্।
গবাং নির্হারনির্ম্ম ক্রাদ্যাবকাত্তদিশিয়তে ॥৩৮॥
ইন্দুত্রতসহস্রস্ত যশ্চরেৎ কায়শোধনম্।
পিবেদ্যশ্চাপি গঙ্গান্তঃ সমৌ স্থাতাং ন বা সমৌ ॥৩৯॥
তিষ্ঠেদ্যুগসহস্রস্ত পাদেনৈকেন যঃ পুমান্।
মাসমেকন্ত গঙ্গায়াং সমৌ স্থাতাং ন বা সমৌ ॥৪০॥
লম্বেতাবাক্শিরা যস্ত যুগানামযুতং পুমান্।
তিষ্ঠেদ্যথেষ্টং যশ্চাপি গঙ্গায়াং স বিশিয়তে ॥৪১॥

ভাবতকোমুদী

ত্রিমিতি। তর্পামাণা ব্যবহারেণ তোক্সমাণাঃ ॥৩৭॥

ৰ ইতি। নিষ্টপ্ৰং সম্বপ্তম্। গবাং নিৰ্হারেভ্যো ভুক্তস্তব্যনিৰ্গমমাৰ্গেভ্যো মলমারেভ্যো নিম্ম্কাদ্নিৰ্গতাৎ, বাবকাৎ পঞ্চপিষ্টব্যভোক্তনাৎ তদ্ধপত্ৰতাৎ তদ্ধলাজলপানং বিশিয়তে অধিকপুণ্যক্তনকং ভবভি ॥৩৮॥

ইন্দিতি। যোজনং, কাষশোধনং শরীরশোধকম্, ইন্দুব্রতানাং চাদ্রায়ণব্রতানাং সহস্রং চরেৎ, ষশ্চাপি গলায়। অজ্যে জলম্ পিবেৎ, তৌজনৌ সমানপুণ্যভাগিনৌ স্যাভাম্, বা সমৌ ন স্যাভাম্। গলাজনপাতুরেবাধিক্যমিতি ভাবং ॥৩৯॥

তিষ্ঠেদিতি। তিষ্ঠেদিইদেবম্পাসীন ইতি শেষ:। ন বা সমাবিতি পূর্ববদ্ভাব: ॥৪০॥ লম্বতেতি। অবাক্শিরা অধোমস্তক:। যথেষ্টং দীর্ঘকালমিত্যর্থ: ॥৪১॥

ভাবতভাবদীপঃ

বৃষ্টি: প্ণ্যবৃদ্ধি:, "বৃষ্টি ফলে সমুদ্ধে চে"ভি মেদিনী ॥৩১—৩৭॥ গবাং নিহার আহার-নিগমনমার্গভতো নিমুক্তিং যাবকং বববিকারন্তমাৎ গাং ধবানাদয়িতা ভচ্ছরদন্তগতান্

ত্রিভ্বনের মধ্যে যে কিছু প্রাণী আছে , তাহাবা সকলেই মঙ্গলময় গদাজল ব্যবহার করিয়া প্রম তৃপ্তি লাভ করে ॥৩৭॥

যে লোক, সুর্য্যসম্ভপ্ত গঙ্গাজল পান কবে , তাহার সেই গঙ্গাজল পান, গরুব মলদারনির্গত যবপাকপূর্বক তদ্ভোজনরূপ ত্রত হইতে অধিক পুণ্য-জনক হয ॥৩৮॥

যে জন শবীবসংশোধক সহস্র চাক্রায়ণ ব্রত আচরণ করে এবং যে জন গঙ্গাজল পান করে, ভাহাদেব তুই জনই সমান হয়, অথবা সমান হয় না ॥৩৯॥

যে মানুষ ইষ্টদেবতাৰ উপাসনায় প্রবৃত্ত হইযা সহস্র যুগ পর্য্যন্ত এক পায় দাড়াইযা থাকে এবং যে মানুষ এক মাসমাত্র গঙ্গায় সেইভাবে অবস্থান কৰে, তাহাবা উভয়েই সমান অথবা সমান নহে ॥৪০॥ অগ্নো প্রান্তং প্রধৃয়েত যথা ভূলং দ্বিজোত্তম!।
তথা গঙ্গাবগাঢ়স্থ সর্বপাপং প্রধৃয়তে ॥৪২॥
ভূতানামিহ সর্বেষাং ছঃখোপহতচেতসামৃ।
গতিমন্বেযমাণানাং ন গঙ্গাসদৃশী গতিঃ ॥৪৩॥
ভবন্তি নির্বিষাং সর্পা যথা তাক্ষ্ স্থ দর্শনাৎ।
গঙ্গাযা দর্শনাভ্রন্থ সর্বেপাপৈঃ প্রমূচ্যতে ॥৪৪॥
অপ্রতিষ্ঠান্চ যে কেচিদ্ধর্মশরণান্চ যে।
তেষাং প্রতিষ্ঠা গঙ্গেহ শরণং শর্মা বর্মা চ ॥৪৫॥
প্রকৃষ্টেরগুভৈত্র স্তাননেকৈঃ পুরুষাধ্যান্।
পততো নরকে গঙ্গা সংশ্রিতান্ প্রেত্য তার্য়েৎ ॥৪৬॥

ভাৰতকৌমূদী

অগ্নাবিভি। প্রান্তং নিশিপ্তম্, প্রধ্য়েত দাহেন দুপ্যেত। গঙ্গায়ামবগাচন্ত স্নাতন্ত, প্রধ্য়তে দুপ্যতে ॥৪২॥

ভূতানামিতি। গতিং হঃধনাশোপাযম্॥৪৩॥

ভবন্তীতি। তার্ক্সতা গৰুভন্ত ॥৪৪॥

অপ্রেতি। অপ্রতিষ্ঠা আশ্রযশূক্তাঃ, অধর্মশরণাঃ পাপাশ্রযাঃ। শবণমাশ্রয়ঃ, শর্ম স্থ-জনিকা, বর্ম পাপাদ্রক্ষিকা ॥৪৫॥

প্রকৃষ্টেরিভি। অন্তভৈ: পাশৈ:। প্রেত্য পরলোকে ॥৪৬॥

ভাবতভাবদীপঃ

ষ্বান্ পক্ত্র। ভূলানো বাবকবতীত্যচ্যতে ॥৩৮॥ ইন্বতং চাক্রাষণম্ ॥७৯—৪১॥ ধৃযতে

যে মানুষ, অধোমস্তক হইয়া, দশসহস্র যুগ পর্য্যস্ত লম্বিত থাকে, (ঝুলিতে থাকে) এবং যে লোক দীর্ঘকাল গঙ্গাতীবে অবস্থান করে, সেই গঙ্গাতীবস্থ লোক, সেই লম্বিত লোক হইতে বিশেষ পুণ্যভাগী হয় ॥৪১॥

বাহ্মণশ্রেষ্ঠ ! অগ্নিতে নিক্ষিপ্ত তুলা বেমন লুপ্ত হইয়া যায়; তেমন গঙ্গা-স্নানকাবী লোকেব সমস্ত পাপ লুপ্ত হইয়া যায় ॥৪২॥

ছঃখসম্ভপ্ত সমস্ত লোক ছঃখনাশেব উপায় অন্বেষণ কবিতে লাগিলে, গঙ্গার তুল্য ছঃখনাশেব উপায় আব তাহাদেব নাই ॥৪৩॥ -

দর্শগণ যেমন গকড়েব দর্শনে বিষশৃত্য হইয়া যায়; মানুষ তেমন গঙ্গার দর্শনেই সমস্ত পাপশৃত্য হইয়া যায়॥৪৪॥

যাহাবা প্রতিষ্ঠাশৃক্ত এবং যাহাবা পাগী; এই জগতে গঙ্গাই, তাহাদেব প্রতিষ্ঠা, আশ্রয়, সুখেব হেতু ও বন্ধাব কারণ ॥৪৫॥ তে সংবিভক্তা মুনিভিন্নং দেবৈঃ সবাসবৈঃ।

যেহভিগচ্ছন্তি সততং গঙ্গাং মতিমতাং বব। ॥৪৭॥

বিনযাচারহীনাশ্চ অশিবাশ্চ নরাধমাঃ।
তে ভবন্তি শিবা বিপ্র। যে বৈ গঙ্গামুপাপ্রিতাং ॥৪৮॥

যথা হুরাণামমূতং পিতৃণাঞ্চ যথা হুধা।
সুধা যথা চ নাগানাং তথা গঙ্গাজলং নৃণাম্ ॥৪৯॥

উপাসতে যথা বালা মাতবং কুধ্যাদ্দিতাঃ।
শ্রেযস্কামান্তথা গঙ্গামুপাসন্তীহ দেহিনঃ॥৫০॥

স্বাযন্ত্রং যথাস্থানং সর্বেষাং প্রেষ্ঠমুচাতে।

স্লাতানাং সরিতাং প্রেষ্ঠা গঙ্গা তদ্বদিহোচাতে॥৫১॥

ভাৰতকোমুদী

ত ইতি। স্বাস্থেবরিশ্রস্থিতির্দেবৈঃ নৃনং নিশ্চিত্সেব তে জনাঃ মুনিভিঃ সহ সংবিভক্তা বিভজ্য মুনিগণমধ্যে স্থাপিতা ইত্যর্থ: ॥৪৭॥

विनायि । जिन्दा जमक्नमयाः । भिवा मक्नमयाः ॥॥।

যথেতি। স্বধা প্রাদেদ পুরাদিদত্তমন্নন্, "স্বধাবে পিতৃ, পামন্ন"মিতি শ্রুতে: ॥৪০॥

উপেতি। শ্রেযস্কামা মঙ্গলার্থিনঃ ॥৫०॥

স্বায়ভুবমিতি। স্বয়ভুবো বন্ধণ ইদমিতি স্বায়ভুবম্, স্থানং লোকঃ ॥৫১॥

গুৰুতর অনেক পাপগ্ৰস্ত নবাধমেবা নবকে পতিত হইতে থাকিযাও যদি গঙ্গাকে আশ্রয কবে, তাহা হইলেও গঙ্গা পবলোকে তাহাদিগকে উদ্ধাব কবেন ॥৪৬॥

জ্ঞানিশ্রেষ্ঠ। যাঁহাবা স্নান ও তর্পণাদি কবিবাব জন্ম সর্বদা গদায গমন কবেন, নিশ্চয়ই ইক্রাদি দেবতাবা তাঁহাদিগকে মুনিগণেব শ্রেণীতে বিভক্ত কবিয়া থাকেন ॥৪৭॥

ব্ৰাহ্মণ। যাহাবা গঙ্গাকে আশ্ৰয কবে, তাহাবা শিক্ষা ও সদাচাববিহীন, অমঙ্গলময়, নবাধম হইলেও মঙ্গলম্বই হইবা থাকে ॥৪৮॥

দেবগণেৰ যেমন অমৃত, পিতৃগণেৰ যেমন শ্ৰাদ্ধে পুত্ৰাদিদত্ত অন্ন এবং নাগ-দিগেৰ যেমন সুধা আদৰণীয়, তেমন মানৰগণেৰ গঙ্গাজল আদৰণীয় ॥৪৯॥

ক্ষাৰ্ত্ত বালকেবা যেমন, খাছ পাইবাৰ জন্ম মাতাৰ উপাসনা ববে , তেমন মানুষেবা মঙ্গললাভ কবিবাৰ জন্ম গঙ্গাব উপাসনা কবিষা থাকে ॥৫০॥ যথোপজীবিনাং ধেতুদে বাদীনাং ধরা স্মৃতা।
তথোপজীবিনাং গঙ্গা সর্ব্বপ্রাণভূতামিহ ॥৫২॥
দেবাঃ সোমার্কসংস্থানি যথা সত্রাদিভির্দ্মথৈঃ।
অমৃতান্যুপজীবন্তি তথা গঙ্গাজলং নরাঃ॥৫০॥
জাহুবীপুলিনোখাভিঃ সিকতাভিঃ সমৃক্ষিতম্।
আত্মানং মন্ততে লোকো দিবিষ্ঠমিব শোভিতম্॥৫৪॥
জাহুবীতীরসভূতাং মৃদং মূর্দ্ধ্য বিভর্ত্তি যঃ।
বিভর্তিরূপং সোহর্কস্ত তমোনাশায় নির্দ্মলম্॥৫৫॥
গঙ্গোদ্মিভির্থো দিশ্বঃ পুরুষং পবনো যদা।
স্পৃশতে সোহস্ত পাপ্যানং স্ত এবাপকর্ষতি॥৫৬॥

ভাবতকোমুদী

যথেতি। ধেহধে হস্তকপা কামপুরণী।।৫২॥

দেবা ইতি। দেবা বথা, সত্রং নাম যজ্ঞবিশেষঃ "সপ্তদশাববা ঋদ্ধিকামাঃ সত্রম্পাসীব-ন্নিতি" শ্রুতেঃ, তদাদিভিশ্বথৈর্বজ্ঞৈঃ, সোমার্কসংস্থানি চন্দ্রস্থানিম্পান্নানি ॥৫৩॥

জাহুৰীতি। নিকতাভিৰ্কালুকাভিঃ, সমৃক্ষিতং সিক্তম্। দিবিষ্ঠং স্বৰ্গস্থিতম্ ।৫৪॥

জাছবীতি। তমদঃ অন্ধকারত তমোঞ্জনিতপাপত চ নাশায় ॥৫৫॥

গঙ্গেতি। গঙ্গায়া উর্নিভিন্তরলৈঃ, দিখে। লিপ্তঃ ॥৫৬॥

ভাবতভাবদীপঃ

দ্বে জাযতে ভশ্মীভূযাপি ন শিশ্যতে ইত্যর্থ: ॥ ৪২ — ৫২॥ সোমসংস্থাশ্যমৃতানি দেবা উপ-জীবস্তীতি "প্রথমাং পিবতে বহিদিতীযাং পিবতে ববি"বিত্যাদিনা স্পটম্। অর্কসংস্থানীত্যপি চ্ছান্দোগ্যে বোহিতাদীনি পঞ্চামৃতাশ্যাশ্বাশ্ব উপজীবস্তীতি প্রসিদ্ধম্॥ ৫৩ — ৫৬॥ ব্যসনৈঃ

ব্রহ্মলোককে যেমন সমস্ত লোকেব মধ্যে শ্রেষ্ঠ বলা হয়; তেমন স্নান-কাবীদেব পক্ষে গঙ্গাকে নদীব শ্রেষ্ঠ বলা হইয়া থাকে ॥৫১॥

ধেরুস্বরূপা পৃথিবী যেমন উপজীবী দেবতাপ্রভৃতিব আদ্বনীয়; তেমন এই জগতে গঙ্গা উপজীবী সমস্ত প্রাণীব আদ্বণীয় ॥৫২॥

দেবগণ যেমন, সত্রপ্রভৃতি যজ্ঞদ্বাবা চন্দ্রসূর্য্যনিষ্পাদিত অমৃত উপজীব্য কবিয়া থাকেন, তেমন মনুষ্যুগণ গঙ্গান্ধল উপজীব্য কবিয়া থাকে ॥৫৩॥

মানুষ গঙ্গাপুলিনোখিত বালুকালিগু নিজদেহটীকে স্বৰ্গস্থিতেব স্থায় শোভিত মনে কবে ॥৫৪॥

যে লোক মস্তকদ্বাবা গঙ্গাতীবেৰ মৃত্তিকা ধাৰণ কৰে, সে লোক তমোনাশের নিমিত্ত, নির্মাল সূর্য্যেব রূপই ধাৰণ কৰিয়া থাকে ॥৫৫॥ वामर्रन्त्रिक्छिश्रम् नत्रम्म विनिश्वाणः ।

शक्षानर्भनका श्रीकिवामनाम्म कर्षकि ॥६१॥

इःमात्रारेवः काकत्रदेवः त्रदेवदेग्यन्ह भक्तिशाम् ।

शक्ष्मक्ष भक्षा भक्षद्वान् भूतिदेगः भित्तिक्षमान् ॥६৮॥

इःमाप्तिकः स्वक्षिविविविदेशः भिक्षिवित्र्वाम् ।

शक्षाः शाक्तमम्बाधाः मृक्षे स्वर्शास्त्रि विद्युकः ॥६॥

न मा श्रीकिक्षित्र मर्द्यकामान्त्रभामकः ।

मस्रद्रम्या भत्रा श्रीकिर्भमागः भूतिदन नृशाम् ॥५०॥

वाद्यनः कर्मादेक्र श्रं शारेभत्रिभ भूमानिह ।

वीक्षा भक्षाः कर्वाद भूकः व्यव स्म निस्न मः॥५३॥

वीक्षा भक्षाः कर्वाद भूकः व्यव स्म निस्न मः॥५३॥

ভাবতকোমুদী

ব্যসনৈরিতি। ব্যসনৈদ্রতিপানাদিভির্দোধৈঃ। ব্যসনানি তৎপাপানি।৫৭॥
হংসেতি। গঙ্গা, হংসানামারাবৈধ্ব নিভিঃ, কোকানাং চক্রবাকানাং ববৈঃ, পক্ষিণামজ্যৈঃ
রবৈশ্চ গন্ধর্কান্, পুলিনেশ্চ শিলোচ্চযান্ পর্কতান্ পশ্পর্ক, হংসাদীনাং রবৈর্গানকারিণাং
গন্ধর্কানাম্ উচ্চৈঃ পুলিনৈশ্চ পর্কতানাং সাদৃশ্রং চিবমেব দধাবিত্যর্থঃ ॥৫৮॥

হংসেতি। গ্ৰাং কুলেন সমূহেন সমাধাং সংকীর্ণাম্। বিশ্বতো লোকৈ:, গঙ্গাযা এব সৌন্দর্য্যাতিশ্যাদিতি ভাব: ॥৫॥

নেতি। দিবিষ্ঠস্ম স্বৰ্গস্থিতস্থ, উপাসতো ভূঞ্বতঃ ॥৬০॥ বাগিতি। পৃতঃ কীণপাপত্যা পৰিত্ৰঃ ॥৬১॥

যখন গঙ্গাতবঙ্গসংস্পৃষ্ট বাষ্ মাত্মকে স্পর্শ কবে, তখন সভাই সেই বাষ্ মাত্মবেব সমস্ত পাপ নষ্ট কবিযা থাকে ॥৫৬॥

মানুষ যখন দ্যুতপানাদি দোষে দৃষিত হইষা, বিনাশেব দিকে ধাবিত হয়;
তখন গঙ্গাদৰ্শনজনিত প্ৰীতি তাহাব সমস্ত দ্যুতপানাদি দোষ বিনষ্ট কবে ॥৫৭॥
গঙ্গা হংসবব, চক্ৰবাক্বব ও অন্যান্ত পক্ষীব ববদাবা গানকাবী গন্ধৰ্বগণেব

স্পদ্ধা কবেন এবং উচ্চ পুলিনদ্বাবা পর্বতগণেব স্পদ্ধা কবিষা থাকেন ॥৫৮॥ হংসপ্রভৃতি নানাবিধ বহুতব পক্ষী ও গোসমূহে ব্যাপ্ত গঙ্গাকে দেখিযা

रःमञ्जूषि नानाविध वद्याव भक्ता ७ तामगृहर व्याख गभाक ताथ्या मासूष, वर्ग ७ विद्या ७ व्या ॥ १ ॥

গঙ্গাব পুলিনে মানুষেব যে প্রম্প্রীতি হয়, সর্বকাম্যভোগী স্বর্গস্থ লোকেবও সে প্রীতি হয় না ॥৬০॥

এই জগতে মানুষ বাক্য, মন ও কশ্মজনিত পাপগ্ৰস্ত হইয়াও গঙ্গাকে দেখিয়া পবিত্ৰ হয়; এবিষয়ে আমাৰ সংশ্য নাই ॥৬১॥ সপ্তাবরান্ সপ্তপরান্ পিতৃংস্তেভ্যশ্চ যে পরে।
পুমাংস্তারযতে গঙ্গাং বীক্ষ্য স্পেষ্ট্বাবগাহ্য চ ॥৬২॥
শুকাভিলম্বিতা পীতা স্পৃষ্টা দৃষ্টাবগাহিতা।
গঙ্গা তারযতে নৃণামুভো বংশো বিশেষতঃ ॥৬০॥
দর্শনাৎ স্পর্শনাৎ পানাত্তথা গঙ্গেতি কীর্ত্তনাং।
